📖 الدر المختار (سعيد) ٥/ ٦٩٦ : وكذا في العطايا إن لم يقصد به الإضرار، وإن قصده فسوى بينهم يعطي البنت كالابن عند الثاني وعليه الفتوى ولو وهب في صحته كل المال للولد جاز وأثم.

📖 احسن الفتاوی (سعید) ۷/ ۲۵۶ :الجواب- (۱) اگر دوسروں کا اضرار مقصود ہو تو مکروہ تحریمی ہے قضاءً نافذ ہے دیانۃً واجب الرد.

(۲)اضرار مقصود نہ ہو اور کوئی وجہ ترجیح بھی نہ ہو تو مکروہ تنزیہی ہے ذکور واناث میں تسویہ مستحب ہے۔

(۳)دینداری خدمت گذاری خدمات دینیہ کا شغل یا احتیاج وغیرہ کی وجوہ کی بناء پر تفاضل مستحب ہے۔

(۴)بے دین اولاد کو بقدر قوت سے زائد نہیں دینا چاہئے انکو محروم کرنا اور زائد مال امور دینیہ میں صرف کرنا مستحب ہے۔

সন্তানদের মাঝে অসম বণ্টন

প্রশ্ন : আমরা ছয় ভাই, যথাক্রমে হাজী মোঃ কামরুল হাসান, হাজী মোঃ আমিন হাসান, হাজী মোঃ নাসিম, হাজী মোঃ শামীম, মোঃ শাকিল হোসেন, আশরাফ হোসেন ও এক বোন (মৃত)। তার একজন কন্যাসন্তান রয়েছে, নানা-নানির নিকট লালিত-পালিত হচ্ছে। পিতা জনাব হাজী মোঃ জামাল উদ্দীন ও মাতা জনাবা হাজী হোসনে আরা বেগম।

Scanned by CamScanner

আমাদের পিতা জনাব হাজী মোঃ জামাল উদ্দিন জীবিত অবস্থায় সন্তানদের মাঝে সম্পদ বণ্টন করেছেন এবং তা এভাবে যে সমস্ত সম্পদের ৯৬ ভাগ আমাদের পঞ্চম ভাই মোঃ শাকিল হোসেনের নামে আজ থেকে দেড় বছর পূর্বে আমাদের অজ্ঞাতসারে দলিল করে লিখে দেন এবং সর্বকনিষ্ঠ ভাই মোঃ আশরাফকে তার সাথে অংশীদার চুক্তিতে দিয়ে দেন। অতঃপর অবশিষ্ট চার ভাগ সম্পত্তি আমাদের জ্যেষ্ঠ চার ভাইকে এ শর্তে দিতে সম্মতি হন যে আমরা যেন পিতার নিকট এ কথা লিখিত দিই যে আমরা যেটুকু পেলাম তাতে আমরা সন্তুষ্ট, আমাদের আর কোনো দাবিদাওয়া নেই। বিষয়টি বুঝতে পেরে আমরা পিতার নিকট জানতে চাইলাম যে আপনি পিতা হয়ে এ ধরনের অসম বণ্টন কেন করলেন যে বণ্টনের মাঝে একজনকেই সব সম্পত্তির মালিক বানিয়ে দিলেন? আর অন্যদের একেবারেই যথসামাণ্য সম্পত্তি দিচ্ছেন, যা মূল সম্পত্তির তুলনায় একেবারেই নগণ্য। প্রত্যুত্তরে তিনি বলেন যে, সমস্ত সম্পদ সে শাকিল উপার্জন করেছে বিধায় তার সম্পত্তি তাকে লিখে দিলাম, অথচ এ বিষয়টি দিবালোকের ন্যায় স্পষ্ট যে সমস্ত সম্পদ অর্জন করা আমাদের সকল ভাইয়ের সম্মিলিত শ্রম, ত্যাগ ও প্রচেষ্টা ছিল। আজও তা অব্যাহত আছে। উপরন্তু শাকিলের শৈশবকাল থেকে লালন-পালন, লেখাপড়া করানো ও তাকে ব্যবসা-পদ্ধতি শেখানো আমাদের বড়দের অবদানকে অস্বীকার করার কোনো অবকাশ নেই। বিশেষভাবে উল্লেখযোগ্য যে যেহেতু সকল ভাইয়ের সম্মিলিত শ্রম ও প্রচেষ্টায় সমস্ত সম্পদ অর্জন হয়, তাই সকলের সম্মতিক্রমে সমস্ত সম্পদ পিতার নামেই ক্রয় করা হয়

এখন আমাদের জানার বিষয় হলো :

[ক] জীবিত অবস্থায় সন্তানদের মাঝে পিতার এহেন অসম বণ্টন শরীয়তসম্মত কি না?

[খ] অবশিষ্ট চার ভাগ সম্পত্তি পিতার নির্দেশনা অনুযায়ী 'না দাবি' লিখিত দিয়ে নেওয়া শরীয়তসম্মত কি না?

[গ] আমাদের পিতার এই বণ্টন যদি শরীয়তসম্মত না হয়, তাহলে পরকালে তার কী পরিণতি হতে পারে?

উত্তর : [ক, গ] কোরআন-হাদীসের আলোকে এ কথা প্রতীয়মান হয় যে পিতা তার সন্তানদের প্রতি সমান দৃষ্টিতে দেখবে, চাই সেটা সম্পদের দিক দিয়ে হোক, অথবা অন্য কোনো দিক দিয়ে হোক। প্রশ্নোক্ত পদ্ধতিতে জনাব হাজী জামালুদ্দীন সাহেবের জীবদ্দশায় তাঁর সন্তানদের ওপর এ ধরনের অসম বণ্টন যদি বিহীত কোনো কারণ ছাড়াই দুজনকে মূল সম্পত্তি থেকে ৯৬ ভাগ দিয়ে আর বাকিদের তাদের প্রাপ্য অংশ থেকে বঞ্চিত করার নিয়্যাতে শুধুমাত্র চার ভাগ দিয়ে থাকে তাহলে কার্যকর হলেও শরীয়তসম্মত না হওয়ায় তিনি অবশ্যই গোনাহগার হবেন। পক্ষান্তরে বিহীত কোনো কারণে এমনি অসম বণ্টন করে থাকলে তিনি গোনাহগার না হলেও এমন করা অনুচিত হয়েছে।

Scanned by CamScanner

[খ] প্রশ্নে উল্লিখিত চার ভাগ সম্পত্তি পিতার নির্দেশ অনুযায়ী 'না দাবি' লিখিত দিয়ে নেওয়া শরীয়তসম্মত হবে। (১৭/৯৭৩)

📖 صحيح البخارى (دار الحديث) ٢/ ٢٠٢ (٢٥٨٧) : عن عامر، قال: سمعت النعمان بن بشير رضي الله عنهما، وهو على المنبر يقول: أعطاني أبي عطية، فقالت عمرة بنت رواحة: لا أرضى حتى تشهد رسول الله صلى الله عليه وسلم، فأتى رسول الله صلى الله عليه وسلم، فقال: إني أعطيت ابني من عمرة بنت رواحة عطية، فأمرتني أن أشهدك يا رسول الله، قال: «أعطيت سائر ولدك مثل هذا؟»، قال: لا، قال: «فاتقوا الله واعدلوا بين أولادكم»، قال: فرجع فرد عطيته.

📖 اختلاف العلماء للطحاوى (دار البشائر الإسلامية) ٤/ ١٤٢ : ذكر المعلى بن منصور عن أبي يوسف لا بأس بأن يؤثر الرجل بعض ولده على بعض إذا لم يرد الإضرار وينبغي أن يسوي بينهم إذا كان يريد العدل فإن كانوا ذكورا وإناثا سوى بينهم في العطية لقول النبي صلى الله عليه وسلم أكل ولدك أعطيت مثل ما أعطيت هذا قال معلى وقال محمد ويعطي الذكر مثل حظ الأنثيين.

📖 الدر المختار (سعيد) ٥ /٦٩٦ : وفي الخانية لا بأس بتفضيل بعض الأولاد في المحبة لأنها عمل القلب، وكذا في العطايا إن لم يقصد به الإضرار، وإن قصده فسوى بينهم يعطي البنت كالابن عند الثاني وعليه الفتوى ولو وهب في صحته كل المال للولد جاز وأثم.

জীবদ্দশায় সম্পদ বণ্টনের নীতিমালা

প্রশ্ন : পিতা নিজ জীবদ্দশায় স্বীয় সম্পদ ছেলেমেয়ে ও স্ত্রীর মধ্যে বণ্টন করার ইচ্ছা করলে শরীয়ত কর্তৃক বণ্টনের ন্যায় বণ্টন করতে হবে? না অন্য কোনো পদ্ধতিতে বণ্টন করতে পারবে?

উত্তর : কোনো ব্যক্তি জীবদ্দশায় নিজ সম্পদ ছেলেমেয়ের মাঝে বণ্টন করতে ইচ্ছা করলে তাকে দান বা হেবা বলে। বিহীত কোনো কারণে সন্তান-সন্ততির মধ্যে কমবেশি দিতে পারে, ইচ্ছা করলে সবাইকে সমানও দিতে পারে অথবা শরীয়ত অনুযায়ী বণ্টনও করতে পারে। তবে সবাইকে সমান দেওয়াই উত্তম। (১৯/২৫৫)

Scanned by CamScanner

📖 البحر الرائق (دار الكتب العلمية) ٧/ ٤٩٠ : يكره تفضيل بعض الأولاد على البعض في الهبة حالة الصحة إلا لزيادة فضل له في الدين وإن وهب ماله كله الواحد جاز قضاء وهو آثم كذا في المحيط وفي فتاوى قاضي خان رجل أمر شريكه بأن يدفع إلى ولده مالا فامتنع الشريك عن الأداء كان للابن أن يخاصمه إن لم يكن على وجه الهبة وإن كان على وجهها لا لأنه في الأول وكيل عن الأب وفي الثاني لا وهي غير تامة لعدم الملك لعدم القبض وفي الخلاصة المختار التسوية بين الذكر والأنثى في الهبة ولو كان ولده فاسقا فأراد أن يصرف ماله إلى وجوه الخير ويحرمه عن الميراث هذا خير من تركه لأن فيه إعانة على المعصية ولو كان ولده فاسقا لا يعطي له أكثر من قوته.

📖 الدر المختار (سعيد) ٥/ ٦٩٦ : وكذا في العطايا إن لم يقصد به الإضرار، وإن قصده فسوى بينهم يعطي البنت كالابن عند الثاني وعليه الفتوى ولو وهب في صحته كل المال للولد جاز وأثم.

বিহীত কারণে দান করার ক্ষেত্রে বেশকম করা

প্রশ্ন : আমরা চার ভাই। বড় দুই ভাই ভিন্ন জীবন যাপন করে। আমরা ছোট দুই ভাই বাবার সাথে থাকি। আমি মাদরাসায় পড়ি। আমার আব্বা আমাদের ছোট দুই ভাইয়ের দুটি ঘর করে দিতে চায়। কিন্তু বড় দুই ভাই এতে অসম্মতি প্রকাশ করে। জানার বিষয় হলো, বাবা আমাদের জন্য ঘর করে দিতে পারবে কি?

উত্তর : শরীয়তের দৃষ্টিতে নিজের সম্পদ জীবদ্দশায় যাকে যে পরিমাণ ইচ্ছা দান করার অধিকার থাকলেও সন্তানদের মাঝে সমানহারে বণ্টন করা উত্তম। তবে বিহীত কোনো কারণে কাউকে বেশি দেওয়ারও অধিকার আছে যদি অন্য সন্তানদের ক্ষতিগ্রস্ত করার উদ্দেশ্য না থাকে। সুতরাং প্রশ্নোক্ত মাসআলায় বড় দুই ছেলেকে ক্ষতিগ্রস্ত করার উদ্দেশ্যে না হলে এবং ছোটদের অধিক প্রয়োজন থাকলে তাদেরকে ঘর নির্মাণ করে দেওয়া শরীয়ত পরিপন্থী নয়। (১৯/৭৪৫)

📖 الدر المختار (سعيد) ٥/ ٦٩ : وفي الخانية لا بأس بتفضيل بعض الأولاد في المحبة لأنها عمل القلب، وكذا في العطايا إن لم يقصد

Scanned by CamScanner

به الإضرار، وإن قصده فسوى بينهم يعطي البنت كالابن عند الثاني وعليه الفتوى.

📖 الفتاوى الهندية (زكريا) ٤/ ٤٣٧ : ولو وهب رجل شيئا لأولاده في الصحة وأراد تفضيل البعض على البعض في ذلك لا رواية لهذا في الأصل عن أصحابنا، وروي عن أبي حنيفة - رحمه الله تعالى - أنه لا بأس به إذا كان التفضيل لزيادة فضل له في الدين، وإن كانا سواء يكره وروى المعلى عن أبي يوسف - رحمه الله تعالى - أنه لا بأس به إذا لم يقصد به الإضرار، وإن قصد به الإضرار سوى بينهم يعطي الابنة مثل ما يعطي للابن وعليه الفتوى هكذا في فتاوى قاضي خان وهو المختار، كذا في الظهيرية. ولو كان الولد مشتغلا بالعلم لا بالكسب فلا بأس بأن يفضله على غيره، كذا في الملتقط.

📖 امداد الاحکام (مکتبۂ دار العلوم کراچی) ۴ / ۵۵ : الجواب- باپ کو اپنی زندگی میں اختیار ہے کہ اپنی جائداد جس بیٹے کو چاہے دے جس کو چاہے نہ دے، البتہ بلاوجہ کسی کو محروم کرنا یا کم دینا برا ہے اور اگر وجہ معقول سے ایسا کیا جائے تو کچھ مضائقہ نہیں۔

কোনো সন্তানকে বঞ্চিত করে অন্যদের পুরো সম্পদ দেওয়া

প্রশ্ন : আমাদের পরিবারে আমরা পাঁচ ভাই ও চার বোন এবং মাতা-পিতা আছে। আমার বাবার মোট আট কাঠা জমি আছে। উক্ত জমি থেকে তিনি আমাদের পাঁচ ভাইকে পাঁচ কাঠা জমি দান শর্ত লিখে দিয়েছেন এবং বাকি তিন কাঠা আমার মাকে ও বড় বোনকে দেড় কাঠা করে দান শর্ত হিসেবে লিখে দিয়েছেন। আর বাকি তিন বোনকে কোনো জায়গাজমি দেওয়া হয়নি। বড় বোনকে জমি দেওয়ার কারণ ছিল তিনি মানসিক রোগী, তাঁর স্বামী ও ছেলেমেয়ে কিছুই নেই, ইহাই তাঁর সম্বল। প্রশ্ন হলো, আমার পিতার এ বণ্টন কি শরীয়তসম্মত? এখন যদি উপরোক্ত নিয়মে বণ্টন শরীয়তসম্মত না হয়, তাহলে এখন তাঁর করণীয় কী?

উত্তর : শরীয়তের নীতিমালা অনুযায়ী মানুষ জীবদ্দশায় সম্পদ যাকে যতটুকু ইচ্ছা দান করতে পারে। তবে সন্তান-সন্ততির মধ্যে জীবদ্দশায় সম্পদ বণ্টন করতে চাইলে সবাইকে সমান হারে বণ্টন করাই শরীয়তের নির্দেশ। বিশেষ কোনো কারণ ছাড়াই ছেলেমেয়েদের মধ্যে তারতম্য করা গোনাহ। তাই প্রশ্নে বর্ণিত ব্যক্তির জন্য ছেলেদের সম্পদ দিয়ে মেয়েদেরকে বঞ্চিত করাটা সমীচীন হয়নি। তদ্রূপ তিনি মেয়েদের বাদ

Scanned by CamScanner

দিয়ে শুধুমাত্র স্ত্রী ও এক মেয়েকে দেওয়াটা শরীয়তসম্মত হয়নি। বরং আপনার পিতার জন্য খোদাপ্রদত্ত বণ্টননীতির ওপর ছেড়ে দেওয়াটাই উত্তম ছিল। (১৯/৬৬৩)

📖 البحر الرائق (دار الكتب العلمية) ٧/ ٤٩٠ : يكره تفضيل بعض الأولاد على البعض في الهبة حالة الصحة إلا لزيادة فضل له في الدين وإن وهب ماله كله الواحد جاز قضاء وهو آثم كذا في المحيط وفي فتاوى قاضي خان رجل أمر شريكه بأن يدفع إلى ولده مالا فامتنع الشريك عن الأداء كان للابن أن يخاصمه إن لم يكن على وجه الهبة وإن كان على وجهها لا لأنه في الأول وكيل عن الأب وفي الثاني لا وهي غير تامة لعدم الملك لعدم القبض وفي الخلاصة المختار التسوية بين الذكر والأنثى في الهبة ولو كان ولده فاسقا فأراد أن يصرف ماله إلى وجوه الخير ويحرمه عن الميراث هذا خير من تركه لأن فيه إعانة على المعصية ولو كان ولده فاسقا لا يعطي له أكثر من قوته.

📖 احسن الفتاوی (سعید) ۷/ ۲۵۶ :الجواب- (۱) اگر دوسروں کا اضرار مقصود ہو تو مکروہ تحریمی ہے، قضاءً نافذ ہے دیانۃً واجب الرد۔

(۲) اضرار مقصود نہ ہو اور کوئی وجہ ترجیح بھی نہ ہو تو مکروہ تنزیہی ہے، ذکور واناث میں تسویہ مستحب ہے۔

(۳) دینداری خدمت گزاری خدمات دینیہ کا شغل یا احتیاج وغیرہ وجوہ کی بناء پر تفاضل مستحب ہے۔

(۴) بے دین اولاد کو بقدر قوت سے زائد نہیں دینا چاہئے، ان کو محروم کرنا اور زائد مال امور دینیہ میں صرف کرنا مستحب ہے۔

জীবদ্দশায় হেবা করার পদ্ধতি

প্রশ্ন : আহমাদ তাঁর জীবদ্দশায় স্ত্রী, তিন কন্যা, তিনজন সৎভাই ও একজন সৎবোনের মাঝে হেবা বা দান করতে চাইলে শরীয়তের আলোকে কিভাবে দান করবেন?

উত্তর : কেউ জীবদ্দশায় কোনো সম্পত্তি ইত্যাদি সন্তানদের দিলে শরীয়তের পরিভাষায় হেবা/দান বলে গণ্য হবে। হেবা বা দান করার ক্ষেত্রে কোনো ওয়ারিশের ক্ষতির উদ্দেশ্য না থাকলে বিহীত কারণে পরিমাণে কমবেশি করার অনুমতি আছে। উল্লেখ্য,

Scanned by CamScanner

হেবা করার পর তা হেবা গ্রহীতার ভোগদখলে দিয়ে দিলে হেবা পরিপূর্ণ বলে বিবেচিত হবে, অন্যথায় নয়। (১৯/৮৪২)

📖 الدر المختار (سعيد) ٥/ ٦٩ : وفي الخانية لا بأس بتفضيل بعض الأولاد في المحبة لأنها عمل القلب، وكذا في العطايا إن لم يقصد به الإضرار، وإن قصده فسوى بينهم يعطي البنت كالابن عند الثاني وعليه الفتوى.

📖 الفتاوى الهندية (زكريا) ٤/ ٤٣٧ : ولو وهب رجل شيئا لأولاده في الصحة وأراد تفضيل البعض على البعض في ذلك لا رواية لهذا في الأصل عن أصحابنا، وروي عن أبي حنيفة - رحمه الله تعالى - أنه لا بأس به إذا كان التفضيل لزيادة فضل له في الدين، وإن كانا سواء يكره وروى المعلى عن أبي يوسف - رحمه الله تعالى - أنه لا بأس به إذا لم يقصد به الإضرار، وإن قصد به الإضرار سوى بينهم يعطي الابنة مثل ما يعطي للابن وعليه الفتوى هكذا في فتاوى قاضي خان وهو المختار، كذا في الظهيرية. ولو كان الولد مشتغلا بالعلم لا بالكسب فلا بأس بأن يفضله على غيره، كذا في الملتقط.

📖 کفایت المفتی (دار الاشاعت) ۸/ ۱۷۰ : جواب- بہتر یہ ہے کہ زید اپنے جائداد کے آٹھ حصے کر کے ہر ایک لڑکے اور لڑکی کو ایک ایک حصہ تقسیم کر کے ہر ایک کو قبضہ بھی دیدے۔

যৌক্তিক কারণে কোনো সন্তানকে সম্পত্তি বেশি লিখে দেওয়া

প্রশ্ন : যদি কোনো ব্যক্তির একাধিক সন্তান থাকে, এমতাবস্থায় কোনো এক ছেলে যদি পিতা-মাতা, ভাই-বোনের খরচ বহন করে অপর ছেলেরা খরচাদি বহন না করে তবে কি পিতা-মাতা উক্ত খরচ বহনকারী ছেলের প্রতি খুশি হয়ে কিছু জমি তার নামে লিখে দিতে পারবে?

উত্তর : একাধিক সন্তানের কোনো একজন যদি পিতা-মাতা, ভাই-বোনদের খরচ বহন করে এবং তাদের প্রয়োজনীয় খিদমাত আঞ্জাম দেয় তাহলে তার প্রতি সন্তুষ্ট হয়ে অন্য ওয়ারিশদের বঞ্চিত না করার নিয়্যাতে উক্ত সন্তানকে সম্পত্তি থেকে পরিমাণে কিছু বেশি দিলে শরয়ী দৃষ্টিকোণে তা জায়েয হবে। (১৬/৩১৭)

Scanned by CamScanner

📖 البحر الرائق (دار الكتب العلمية) ٧/ ٤٩٠ : يكره تفضيل بعض الأولاد على البعض في الهبة حالة الصحة إلا لزيادة فضل له في الدين وإن وهب ماله كله الواحد جاز قضاء وهو آثم.

📖 الفتاوى الهندية (سعيد) ٤/ ٣٩١ : ولو وهب رجل شيئا لأولاده في الصحة وأراد تفضيل البعض على البعض في ذلك لا رواية لهذا في الأصل عن أصحابنا، وروي عن أبي حنيفة - رحمه الله تعالى - أنه لا بأس به إذا كان التفضيل لزيادة فضل له في الدين.

📖 احسن الفتاوی (سعید) ۷/ ۲۵۶ : الجواب- ... ... (۳) دینداری خدمت گزاری خدمات دینیہ کا شغل یا احتیاج وغیرہ وجوہ کی بناء پر تفاضل مستحب ہے۔

ভাতিজাদের বঞ্চিত করার জন্য মেয়েদের নামে সম্পদ লিখে দেওয়া

প্রশ্ন : আমাদের এলাকায় একজন হাজী সাহেব তাঁর কোনো ছেলে নেই, মাত্র দুটি মেয়ে আছে। মেয়েদের বিবাহও হয়েছে। হাজী সাহেবের ৫০ বিঘা জমি আছে। তিনি চাচ্ছেন, তাঁর জীবিত অবস্থায় জমিগুলো মেয়েদের হেবা করতে। কারণ তিনি মনে করেন, আমি মারা গেলে আমার ভাই-ভাতিজা এ জমির ওয়ারিশ হবে। তাই তিনি একজন মৌলভী সাহেবকে জিজ্ঞেস করলে তিনি বলেন, নিজের সম্পদ জীবিত অবস্থায় যা ইচ্ছা তাই করতে পারেন। সুতরাং আপনার মেয়েদের নামে হেবা করতে পারবেন। তারপর হাজী সাহেব কিছু জমি রেখে অবশিষ্ট জমি মেয়েদের নামে হেবা করেছেন। এখন প্রশ্ন হলো, মৌলভী সাহেবের কথা সঠিক কি না? আর এ ধরনের কৌশল অবলম্বন করা বৈধ কি না? এবং ওয়ারিশদের বঞ্চিত বলে গণ্য হবে কি না?

উত্তর : কোনো ব্যক্তি তার জীবদ্দশায় নিজের সম্পদ যেমন ইচ্ছা বণ্টন করতে পারে। তাই প্রশ্নে বর্ণিত অবস্থায় মৌলভী সাহেবের কথা ঠিক আছে। তবে শরয়ী কারণ ছাড়া অন্য ওয়ারিশদের ক্ষতি করার উদ্দেশ্যে একজন বা দুজনকে সমস্ত সম্পদ দিয়ে দেওয়া এবং অন্যদের বঞ্চিত করা যদিও অবৈধ না; কিন্তু বিহীত কারণ ছাড়া অন্যদের বঞ্চিত করায় সে গোনাহগার হবে। আর যদি অন্যদের ক্ষতি পৌঁছানো উদ্দেশ্য না হয় তাহলে সে গোনাহগারও হবে না। (১৩/১২০/৫১৭৬)

📖 الدر المختار (سعيد) ٥/٦٩٦ : وفي الخانية لا بأس بتفضيل بعض الأولاد في المحبة لأنها عمل القلب، وكذا في العطايا إن لم يقصد

Scanned by CamScanner

به الإضرار، وإن قصده فسوى بينهم يعطي البنت كالابن عند الثاني وعليه الفتوى ولو وهب في صحته كل المال للولد جاز وأثم.

📖 البحر الرائق (دار الكتب العلمية) ٧/ ٤٩٠ : يكره تفضيل بعض الأولاد على البعض في الهبة حالة الصحة إلا لزيادة فضل له في الدين وإن وهب ماله كله الواحد جاز قضاء وهو آثم كذا في المحيط.

মেয়েদের নামে সম্পদ লিখে দেওয়া

প্রশ্ন : এক ব্যক্তির শুধু মেয়েসন্তান আছে, ছেলে নেই। ইসলামিক বিধান মতে তার মৃত্যুর পর ওই ব্যক্তির ভাই-ভাতিজারা ওই সম্পত্তির একটি বড় অংশ পাবে। এই ভয়ে যদি ভদ্রলোক সমস্ত সম্পত্তি মেয়েদের নামে দলিল করে দেয়। তবে শরীয়ত মোতাবেক কাজটি জায়েয কি না?

উত্তর : মানুষের মৃত্যুর পর সম্পদ বণ্টনের ইসলামী বিধানের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করা মুসলমানদের ঈমানী দায়িত্ব। শরয়ী কোনো কারণ ছাড়া সেই বণ্টন প্রত্যাখ্যানের কোনো উপায় তালাশ করা উচিত নয়। তাই প্রশ্নোক্ত ব্যক্তির জন্য ভাই ও ভাতিজাদের মাহরুম করার লক্ষ্যে মেয়েদের নামে দলিল করে দেওয়া শরীয়তের আলোকে অন্যায়। যদিও সুস্থ অবস্থায় সে মেয়েদের দলিল করে তাদের দখলে দিয়ে দিলে তারা মালিক হয়ে যাবে। (৪/২৬)

📖 الدر المختار (سعيد) ٥/ ٦٩٦ : وكذا في العطايا إن لم يقصد به الإضرار، وإن قصده فسوى بينهم يعطي البنت كالابن عند الثاني وعليه الفتوى ولو وهب في صحته كل المال للولد جاز وأثم.

📖 حاشية الطحطاوى على الدر (رشيديه) ٣ /٤٠٠ : قوله كل المال للولد أى قصد حرمان بقية الورثة كما يتفق ذلك فيمن ترك بنتا وخاف مشاركة الغاصب.

📖 امداد المفتین (دار الاشاعت) ص ۸۷۰ : ایسے نافرمان فاسق لڑکوں کو کچھ نہ دے... ...کہ ان کو میراث سے محروم کردیں لیکن اس کی صورت یہی ہو سکتی ہے کہ اپنی زندگی اور تندرستی کے زمانہ میں خود اپنے مال کو عورت وغیرہ میں حسب منشأ تقسیم کردے اور ان کو مالک بنا کر قبضہ دیدے کیونکہ اگر اپنے سامنے نہ کیا بلکہ وصیت کی یا عاق نامہ لکھکر دیا تو شرعا اس کا کچھ اعتبار نہیں ہوگا۔

Scanned by CamScanner

স্ত্রী ও কন্যার নামে সম্পত্তি লিখে দেওয়া

প্রশ্ন : আমার মাত্র একটি কন্যা আছে। এখন আমি আমার পূর্ণ সম্পত্তি আমার স্ত্রী এবং কন্যাকে রেজিস্ট্রি করে দিতে চাই। এভাবে রেজিস্ট্রি করে দেওয়ার দ্বারা তারা পূর্ণ সম্পত্তির মালিক হবে কি না? আর এ কাজ কি আমার জন্য শরীয়তসম্মত হবে?

উত্তর : যে ব্যক্তির শুধুমাত্র এক মেয়ে ও এক স্ত্রী সে তার জীবদ্দশায় তার সমস্ত সম্পদ মেয়ে এবং স্ত্রীর নামে রেজিস্ট্রি করে দিলে তারা মালিক বলে গণ্য হবে। তবে অন্য ওয়ারিশ থাকলে বিহীত কারণ ছাড়া তাদের বঞ্চিত করা গোনাহ। (১৫/৪১০)

📖 فتاوى قاضيخان (أشرفيه) ٤/٢٩٠ : رجل وهب في صحته كل المال للولد جاز في القضاء ويكون آثما فيما صنع .

📖 امدادالفتاوی (زکریا) ۳/ ۴۷۰ : الجواب- وہ عورت اختیار رکھتی ہے کہ اپنی زندگی میں بحالت صحت کل جائداد اپنی دختروں کو ہبہ کردے اور پسر کو کچھ نہ دے پسر کو کچھ دعوی نہیں پہنچتا، باقی گناہ ہونا نہ ہونا دوسری بات ہے اگر کسی وجہ شرعی مثل نافرمانی وایذاءرسانی وفسق وظلم وغیرہ پسر کو بے حق کیا ہے گناہ بھی نہ ہوگا اگر بے وجہ کیا تو گناہ ہوگا مگر حاکم دونوں صورتوں میں اس تصرف کو جائز ونافذ رکھے گا۔

একমাত্র কন্যার নামে সম্পদ লিখে দেওয়া

প্রশ্ন : আমি ঢাকার গুলশান এলাকার অধিবাসী এবং সেখানে নিজস্ব ফ্ল্যাটে আমার বসবাস। আমার একটিমাত্র কন্যাসন্তান থাকায় ইচ্ছা হলো আমার জীবদ্দশায় ফ্ল্যাটটি এককভাবে তার নামে লিখে দেওয়ার। শরীয়তের দৃষ্টিতে এর বিধান কী?

উত্তর : আপনার সম্পদ যাকে ইচ্ছা তাকে দিতে পারেন। তবে কোনো ওয়ারিশকে অকারণে মাহরুম করার ইচ্ছায় এরূপ করা গোনাহ। তাই অন্যের ক্ষতি করার ইচ্ছা না থাকলে আপনার মেয়েকে এককভাবে দেওয়াতে আপত্তি নেই। (১৯/৩৯৩)

📖 البحر الرائق (دار الكتب العلمية) ٧/ ٤٩٠ : يكره تفضيل بعض الأولاد على البعض في الهبة حالة الصحة إلا لزيادة فضل له في الدين وإن وهب ماله كله الواحد جاز قضاء وهو آثم كذا في المحيط وفي فتاوى قاضي خان رجل أمر شريكه بأن يدفع إلى ولده مالا فامتنع الشريك عن الأداء كان للابن أن يخاصمه إن لم يكن على وجه الهبة وإن كان على وجهها لا لأنه في الأول وكيل

Scanned by CamScanner

عن الأب وفي الثاني لا وهي غير تامة لعدم الملك لعدم القبض وفي الخلاصة المختار التسوية بين الذكر والأنثى في الهبة ولو كان ولده فاسقا فأراد أن يصرف ماله إلى وجوه الخير ويحرمه عن الميراث هذا خير من تركه لأن فيه إعانة على المعصية ولو كان ولده فاسقا لا يعطي له أكثر من قوته.

এক সন্তানকে সম্পদ দিয়ে অন্যদের বঞ্চিত করা

প্রশ্ন : এক ব্যক্তির ৫ জন ছেলেমেয়ে আছে। এখন সে ইচ্ছা করছে যে তার সমস্ত সম্পদ শুধু তার একজন প্রিয় সন্তানকে দিয়ে বাকি সব ছেলেমেয়েকে বঞ্চিত করবে। এ কাজটি শরীয়তসম্মত হবে কি না?

উত্তর : শরীয়তসম্মত কারণ ব্যতীত কোনো ওয়ারিশকে মিরাছ থেকে বঞ্চিত করা মারাত্মক গোনাহ বিধায় প্রশ্নোক্ত কাজটি সম্পূর্ণ গর্হিত। তার উচিত, এ ব্যাপারে বিজ্ঞ মুফতিয়ানে কেরামের নিকট সশরীরে হাজির হয়ে বিস্তারিত আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত নেওয়া। (১৮/৭১৪)

📖 خلاصة الفتاوى (أشرفيه) ٤ /٤٠٠ : ولو وهب جميع ماله لابنه جاز فى القضاء وآثم نص عن محمد رحمه الله هكذا فى العيون- ولو أعطى بعض ولده شيئا دون البعض لزيادة رشده لا بأس به وإن كان سواء لا ينبغى أن يفضل .

📖 البحر الرائق (دار الكتب العلمية) ٧/ ٤٩٠ : يكره تفضيل بعض الأولاد على البعض في الهبة حالة الصحة إلا لزيادة فضل له في الدين وإن وهب ماله كله الواحد جاز قضاء وهو آثم كذا في المحيط وفي فتاوى قاضي خان رجل أمر شريكه بأن يدفع إلى ولده مالا فامتنع الشريك عن الأداء كان للابن أن يخاصمه إن لم يكن على وجه الهبة وإن كان على وجهها لا لأنه في الأول وكيل عن الأب وفي الثاني لا وهي غير تامة لعدم الملك لعدم القبض وفي الخلاصة المختار التسوية بين الذكر والأنثى في الهبة ولو كان ولده فاسقا فأراد أن يصرف ماله إلى وجوه الخير ويحرمه عن الميراث هذا خير من تركه لأن فيه إعانة على المعصية ولو كان ولده فاسقا لا يعطي له أكثر من قوته.

Scanned by CamScanner

📖 الدر المختار (سعيد) ٥/ ٦٩ : وفي الخانية لا بأس بتفضيل بعض الأولاد في المحبة لأنها عمل القلب، وكذا في العطايا إن لم يقصد به الإضرار، وإن قصده فسوى بينهم يعطي البنت كالابن عند الثاني وعليه الفتوى.

হেবা স্বত্ব বুঝিয়ে না দিলে মালিক যেকোনো হস্তক্ষেপ করতে পারবে

প্রশ্ন : এম এ ইলিয়াছ খান নিজ অর্থ দ্বারা ৮ কাঠা জমি ক্রয় করে নিজের নামে রেজিস্ট্রি না করে দান হিসেবে তার মাতার নামে ৪ কাঠা এবং তার স্ত্রী নামে ৪ কাঠা মোট ৮ কাঠা জমি সীমানা নির্ধারণ ব্যতিরেকে তথা সম্পত্তির কে কোন দিকে নেবে, তা চিহ্নিত না করে এবং স্বত্ব বুঝিয়ে না দিয়ে এজমালিভাবে রেজিস্ট্রি করে দেন। কয়েক বছর পর মায়ের নামে রেজিস্ট্রিকৃত উক্ত ৪ কাঠা জমি মসজিদ-মাদরাসার নামে দিতে চান এবং ইলিয়াছ খান তাঁর স্ত্রীর সম্মতি না নিয়ে এককভাবে ৪ কাঠা সম্পত্তি নিজে সীমানা নির্ধারণ করে মেইন রাস্তার পার্শ্ববর্তী ৪ কাঠা জমি ২০০৩ ইং সালে মসজিদ-মাদরাসার নামে ওয়াক্ফ করে রেজিস্ট্রি করে দেন এবং সেখানে মসজিদ-মাদরাসা প্রতিষ্ঠিত হয় এবং অদ্যাবধি উক্ত মসজিদ-মাদরাসা চালু আছে। উক্ত বিবরণ অনুসারে জানার বিষয় হলো,

(ক) স্বামীর (ইলিয়াস খান) জন্য স্ত্রীর অনুমতি ব্যতীত সীমানা নির্ধারণপূর্বক সামনের (মেইন রাস্তার পার্শ্ববর্তী ৪ কাঠা জমি) মসজিদ-মাদরাসার জন্য ওয়াক্ফ করা ইসলামী শরীয়ত মোতাবেক সহীহ হয়েছে কি না?

(খ) যদি সহীহ হয়ে থাকে তাহলে মসজিদ-মাদরাসার জন্য ওয়াক্ফকৃত জমিনের কোনো অংশ স্ত্রীর জন্য ভোগ করা জায়েয হবে কি না?

(গ) এখন মসজিদ-মাদরাসা কর্তৃপক্ষ এবং দ্বিতীয় পক্ষ (স্ত্রীর) মধ্যে নতুন করে সমঝোতার ভিত্তিতে নিজেদের অংশের চৌহদ্দি তথা নিজ নিজ সাইড পূর্ণ নির্ধারণ করার সুযোগ আছে কি না? হযরত সমীপে প্রার্থনা এই যে, উল্লিখিত মাসআলাটির শরীয়তসম্মত সমাধান দিয়ে বাধিত করবেন।

উত্তর : স্বত্ব বুঝিয়ে না দেওয়ার কারণে প্রশ্নোক্ত হেবা (দান) পরিপূর্ণ হয়নি বিধায় ইলিয়াস খান কর্তৃক ক্রয়কৃত জমি তার মালিকানায় রয়ে গেছে। তার মালিক তার জমির যেকোনো অংশ ওয়াক্ফ করার অধিকার রাখে। তাই দাতা ইলিয়াস খান কর্তৃক মসজিদ-মাদরাসার জন্য সীমানা নির্ধারণ করে সামনের জমি ওয়াক্ফ করা ইসলামী শরীয়ত মোতাবেক সহীহ হয়েছে। (১৯/৭৪২/৮৪৩১)

📖 الدر المختار (سعيد) ٥/٦٩٠ : (وتتم) الهبة (بالقبض) الكامل (ولو الموهوب شاغلا لملك الواهب لا مشغولا به) والأصل أن الموهوب إن مشغولا بملك الواهب منع تمامها.

Scanned by CamScanner

📖 احسن الفتاوی (سعید) ۷ /۲۵۳ : الجواب- ہبہ بلا قبض تام نہیں ہوتا، چونکہ بیٹے نے صرف ایک ہی مکان پر قبض کیا تھا اس لئے دوسرا مکان جس میں اس کی ہمشیرہ رہتی تھی اس کا ہبہ صحیح نہیں ہوا، لہذا بیٹی کے حق میں باپ کا یہ ہبہ صحیح ونافذ ہے، البتہ اگر دونوں مکانوں پر بیٹا قابض ہو گیا تھا تو ہبہ تام ہو چکا، لہذا بیٹی کے حق میں دوسرے مکان کا ہبہ صحیح نہ ہوگا۔

(খ) মসজিদ-মাদরাসার জন্য ওয়াক্‌ফকৃত জমির কোনো অংশ দাতা ইলিয়াস খানের স্ত্রীর জন্য ভোগ করা জায়েয নেই।

📖 الدر المختار (سعید) ٤ / ٣٥١ : (فإذا تم ولزم لا يملك ولا يملك ولا يعار ولا يرهن).

📖 الفتاوى الهندية (زكريا) ٢ / ٤٢٠ : ولا تجوز إعارة الوقف والإسكان فيه، كذا في محيط السرخسي.

(গ) দাতা ইলিয়াস খানের পক্ষ থেকে মসজিদ-মাদরাসার জন্য যে সীমানা নির্ধারণ করা হয়েছিল তা-ই বহাল থাকবে, এর কোনোরূপ পরিবর্তন-পরিবর্ধনের সুযোগ নেই।

📖 الدر المختار (سعید) ٤ / ٤٣٣ : قولهم شرط الواقف كنص الشارع أي في المفهوم والدلالة، ووجوب العمل به.

📖 رد المحتار (سعید) ٤ / ٤٤٥ : على أنهم صرحوا بأن مراعاة غرض الواقفين واجبة.

📖 فتاوی محمودیہ (زکریا) ۱۵/ ۳۳۳ : متولی کو واقف کے شرائط کی پابندی لازم ہوتی ہے جب تک وہ شرائط موافق شرع ہوں اور وقف کیلئے نافع ہوں مضر نہ ہوں جو متولی شرائط وقف کے خلاف کرے وہ تولیت سے علیحدگی کا مستحق ہوتا ہے۔

পিতার মৃত্যুর আগে সন্তানরা তার সম্পদ বণ্টন করতে পারবে না

প্রশ্ন : আমরা দুই ভাই, তিন বোন, বাবা-মাসহ স্থায়ীভাবে আমেরিকায় বসবাস করি। আমি বড় ছেলে। আমার বাবা গত আট বছর পূর্বে স্ট্রোক করার মাধ্যমে শারীরিকভাবে প্যারালাইজড ও মানসিকভাবে অসুস্থ, অর্থাৎ স্মরণশক্তিতে ব্যাঘাত ঘটেছে। তিনি সুস্থ অবস্থায় ব্যাংকে নগদ অর্থ রেখে যান। আমি সেই অর্থের সাথে নিজের কিছু অর্থ মিলিয়ে ব্যবসা শুরু করি। সেই ব্যবসার সাথে আমার সম্পূর্ণ শ্রম বিনিয়োগ করি। আমার বাবা জীবিত থাকা অবস্থায় আমরা তাঁর রেখে যাওয়া অর্থ আমাদের ভাই-

Scanned by CamScanner

বোনদের মাঝে বণ্টন করতে পারব কি না? যদি পারি তাহলে লাভ-লোকসানসহ, নাকি শুধু তাঁর রেখে যাওয়া অর্থ?

উত্তর : আপনার বাবার জীবদ্দশায় তাঁর সম্পত্তি আপনাদের নিজেদের মধ্যে বণ্টন করে নিতে পারবেন না। তবে যদি তিনি আপনাদের দান করে যান, তাহলে যে হারে দান করবেন, সে অনুপাতে বণ্টন করতে হবে। (১৭/১৮/৬৯১৭)

📖 بدائع الصنائع (سعيد) ١٢٤/٦ : فيشبه القبول في باب البيع ولا يجوز القبول من غير إذن البائع ورضاه فلا يجوز القبض من غير إذن الواهب أيضا والإذن نوعان: صريح ودلالة.

أما الصريح فنحو أن يقول اقبض أو أذنت لك بالقبض أو رضيت وما يجرى هذا المجرى فيجوز قبضه سواء قبضه بحضرة الواهب أو بغير حضرته استحسانا والقياس أن لا يجوز قبضه بعد الافتراق عن المجلس وهو قول زفر - رحمه الله - لأن القبض عنده ركن بمنزلة القبول على أحد قوليه فلا يصح بعد الافتراق عن المجلس كما لا يصح القبول عنده بعد الافتراق وإن كان بإذن الواهب كالقبول في باب البيع.

(وجه) الاستحسان ما روي أن رسول الله - صلى الله عليه وسلم - حمل إليه ست بدنات فجعلن يزدلفن إليه فقام - عليه الصلاة والسلام - فنحرهن بيده الشريفة وقال من شاء فليقطع وانصرف فقد أذن لهم رسول الله - صلى الله عليه وسلم - بالقبض بعد الافتراق حيث أذن لهم بالقطع فدل على جواز القبض واعتباره بعد الافتراق ولأن الإذن بقبض الواهب صريحا بمنزلة إذن البائع بقبض المبيع وذلك يعمل بعد الافتراق كذا هذا.

(وأما) الدلالة فهي أن يقبض الموهوب له العين في المجلس ولا ينهاه الواهب فيجوز قبضه استحسانا -

ওয়াক্‌ফ করে সম্পত্তি সন্তানদের নামে হেবা করা

প্রশ্ন : আমি রবিউল ইসলাম, পিতা নুরুল ইসলাম, ফকিরাপুল, ঢাকা। আমার পিতা ৫ পুত্র, চার কন্যা, মোট ৯ সন্তান রেখে ২০০১ সালে ইন্তেকাল করেছেন। তাঁর মৃত্যুর কয়েক বছর পর আমি জানতে পারলাম যে তিনি আমাকেসহ আরো তিন পুত্র মোট চার

Scanned by CamScanner

পুত্রকে ১৫/০৫/১৯৯৭ সালে তাঁর সম্পত্তির অধিকাংশ হেবা বিল এওয়াজের মাধ্যমে দলিল করে দিয়েছেন। এতে ১ পুত্র ও ৪ কন্যাও ক্ষতিগ্রস্ত হয়েছে। হেবা করার তারিখে গ্রামের বাড়িতে রফিকুল ইসলাম নামে আমার এক ভাই পিতার কাছে ছিল। হেবা বিল এওয়াজের মাধ্যমে সে বেশি লাভবান হয়। হেবা বিল এওয়াজের যাবতীয় দলিলপত্র লেখালেখি, সাক্ষীর ব্যবস্থা করা এবং রেজিস্ট্রার সাহেবকে আনা-নেওয়াসহ হেবার আনুষঙ্গিক কাজ সম্পন্ন করার জন্য একমাত্র সেই-ই পিতাকে সাহায্য করেছে। ৯ সন্তানের মধ্যে সেই-ই উপস্থিত ছিল এবং একমাত্র সেই-ই এ ঘটনা জানত। এই হেবা বিল এওয়াজ সম্পর্কে কয়েকটি বিষয় বিশেষভাবে উল্লেখযোগ্য, যা নিম্নে বর্ণনা করছি :

(১) সর্বমোট ৩০ পৃষ্ঠার দলিলে দ্বিতীয় পৃষ্ঠায় উল্লেখ আছে যে, "১ খানা পাক কালাম কোরআন শরীফ, যা সুন্দর ও স্বচ্ছ এবং একটি সুন্দর মনোরম জায়নামায ১ ছড়া তাসবীহসহ অন্য প্রয়োজনীয় জিনিস, হাদিয়াস্বরূপ আমাকে তোমরা প্রদান করেছ, যার বিনিময় তোমাদেরকে সম্পত্তিগুলো হেবা বিল এওয়াজ করছি।"

দলিলের এ দাবি সম্পূর্ণ বানোয়াট ও মিথ্যা। কারণ আমি বা আমার অন্য ২ ভাই যাদের আমেরিকায় বসবাস তারা কেউই ওই বস্তুগুলো হাদিয়া হিসেবে প্রেরণ করেনি/প্রদান করা হয়নি এবং তৃতীয় কোনো ব্যক্তির মাধ্যমেও পিতার কাছে ওই বস্তুগুলো প্রেরণ করিনি। আর এর মাধ্যমে হেবা বিল এওয়াজের আবেদনও করা হয়নি।

(২) দলিলে তৃতীয় পৃষ্ঠায় বর্ণনা করা হয়েছে যে আমি (নুরুল ইসলাম) হেবামূলে দান করার কথা প্রকাশ করলে তোমরা সম্মতি প্রকাশ করেছ।

এ প্রেক্ষাপটে আমি বলতে চাই, দলিলের এই দাবিও সম্পূর্ণ মিথ্যা। কারণ তিনি এ ধরনের কথা আমাদের কোনো দিন বলেননি।

(৩) দলিলের দ্বিতীয় ও তৃতীয় পৃষ্ঠায় বর্ণনা হয়েছে, হেবা বিল এওয়াজ করে আমি আমার দখল ছেড়ে দিয়ে তোমাদের দখল বুঝিয়ে দিলাম এবং তোমরাও দখল বুঝে পেয়েছ।

দলিলের এই দাবিও সম্পূর্ণ মিথ্যা। কারণ আমাকে তিনি হেবা করার বিষয়ে কোনো কিছু বলেননি, এমনকি হেবা করার বছর পরও তিনি জীবিত ছিলেন। আমাকে কখনো দখলও দেননি বা আমিও কোনো দিন জমির দখল গ্রহণ করিনি। অসুস্থতার করণে বাগেরহাট হতে আমি আমার মাতা-পিতাকে আমার ঢাকার নিজ বাসায় আনিয়ে দীর্ঘদিন চিকিৎসা ও সেবা-যত্ন করেছি। তাঁদের ইন্তেকাল ঢাকায় আমার নিকটেই হয়েছে। ইন্তেকালের পূর্বে আমার কাছে কখনো হেবার কথা প্রকাশ করেননি।

(৪) সর্বমোট ৩৮ দাগে ৮ একর ৬৬ শতাংশ চার পুত্রের নামে একত্রে হেবা করেছেন, নির্দিষ্টভাবে কোন পুত্রকে কোনো দাগের জমি হেবা করলেন তা বর্ণনা করেননি। শুধুমাত্র এজমালিভাবে একত্রে উল্লেখ করেছেন।

(৫) ওই দলিলের ব্যবহৃত ২০০০ টাকা মূল্যের ৪টি স্ট্যাম্প মোট ৮০০০ টাকা স্ট্যাম্প। সরকারি ট্রেজারি খুলনা হতে ১২/০৫/১৯৯৭ তারিখে আমার নামে, অর্থাৎ খরিদদার রবিউল ইসলাম, সাকিল আরুয়াডংগা দেখানো হয়েছে। কিন্তু আমি ওই

Scanned by CamScanner

স্ট্যাম্প ক্রয় করিনি, এমনকি আমার নামে কোনো ব্যক্তিকে ক্রয় করতে আদেশ করিনি।

(৬) এই হেবা বিল এওয়াজের দলিল সম্পন্ন করার জন্য ১৫/০৫/১৯৯৭ সালে সাবরেজিস্ট্রার জাহাঙ্গীর আলম আমার পিতার বাসস্থানে উপস্থিত হয়ে সম্পন্ন করেছে। কারণ আমার পিতা ওই সময় এতই অসুস্থ ছিলেন যে তাঁর জন্য ২ কিলোমিটার দূরে রেজিস্ট্রি অফিসে যাওয়া সম্ভব ছিল না। এই অসুস্থতাই তাঁর মৃত রোগ ছিল।

(৭) সে সময় পিতার কাছে নিকটতম আত্মীয়স্বজন থাকা সত্ত্বেও অপরিচিত অনাত্মীয় অন্য গ্রামের জনৈক আঃ জলিলকে সাক্ষী রাখা হয়েছে।

(৮) ১৯৯৫ সালে, অর্থাৎ হেবা বিল এওয়াজের দলিলের ২ বছর পূর্বে আমার পিতা সুস্থাবস্থায় সকল সন্তানের সম্মুখে ১টি ১০০ টাকার স্ট্যাম্পে তাঁর সকল বিষয়-সম্পত্তি তাঁর প্রতিষ্ঠিত ইসলামপুর মাদরাসায় ওয়াক্‌ফ করেছেন হেবা বিল ওয়াজের দলিলে কোথাও ওই ওসিয়ত বাতিলের কোনো কথা উল্লেখ নেই।

অবএব মাননীয় মুফতী সাহেবের নিকট আমি জানতে চাই :

(ক) আমার পিতা ৯ সন্তানের মধ্যে ৫ সন্তানকে বঞ্চিত করে মাত্র চার সন্তানকে অধিকাংশ জমি সত্যিকারার্থে যদি হেবা করে থাকেন তাহলে এই হেবা বিল এওয়াজ শরীয়তের দৃষ্টিতে কতটুকু গ্রহণযোগ্য?

(খ) আমি ও আমার বাকি ৩ ভাই যাদের নামে হেবা বিল এওয়াজ করেছেন, আমরা ওই সমস্ত হেবাকৃত জমি দখল করে ভোগ করতে পারব কি না?

উত্তর : ওয়াক্‌ফ বিশুদ্ধ হওয়ার জন্য ওয়াক্‌ফ শব্দ জরুরি নয়, বরং দান শব্দ দ্বারা ওয়াক্‌ফ সহীহ-শুদ্ধ বলে বিবেচিত হয়। তাই আপনার পিতা যেহেতু সমস্ত সম্পত্তি তাঁর প্রতিষ্ঠিত দারুল উলূম ইসলামপুর মাদরাসায় উন্নতি প্রকল্পে দানপত্রের মাধ্যমে প্রদান করেছেন বিধায় তা ওয়াক্‌ফ হিসেবে গণ্য হবে। পরবর্তীতে তিনি ওই সমস্ত সম্পত্তি কাউকে হেবা করার অধিকার রাখেন না। পূর্ববর্তী দান ওয়াক্‌ফ হিসেবেই বহাল থাকবে। (১৬/৯৩/৬৩৯০)

📖 الفتاوى الهندية (زكريا) ٢/ ٤٦٠ : ولو قال: وهبت داري للمسجد أو أعطيتها له، صح ويكون تمليكا فيشترط التسليم، كما لو قال: وقفت هذه المائة للمسجد يصح بطريق التمليك إذا سلمه للقيم.

📖 رد المحتار (سعيد) ٤/ ٣٣٨ : ثم إن أبا يوسف يقول يصير وقفا بمجرد القول لأنه بمنزلة الإعتاق عنده، وعليه الفتوى.

📖 فيه أيضا ٤ /٣٤٩ : قوله: وجعله أبو يوسف كالإعتاق) فلذلك لم يشترط القبض والإفراز. اهـ ح: أي فيلزم عنده بمجرد القول كالإعتاق بجامع إسقاط الملك.

Scanned by CamScanner

📖 الدر المختار ٤ /٣٥١ : (فإذا تم ولزم لا يملك ولا يملك ولا يعار ولا يرهن) .

📖 الهداية ٢/ ٦٤٠ : وإذا صح الوقف لم يجز بيعه ولا تمليكه .

📖 امداد الفتاوی (زکریا) ۲/ ۵۸۶ :الجواب- گو مسماۃ نے لفظ وقف نہیں کہا مگر یہ کہنا کہ مسجد میں دیتی ہوں یا دے چکی ہوں مثبت وقف ہے... ... اور لکھوانا شرعا اثبات وقف کیلئے شرط نہیں لہذا وہ وقف صحیح اور تام ہو گیا۔

📖 فتاوی محمودیہ (ادارۂ صدیق) ۱۴/ ۲۸۴ : الجواب- وقف تام ہو جانے کے بعد اس کو منسوخ کرنے کا حق نہیں نہ اس میں کسی قسم کا مالکانہ تصرف کا حق رہا یعنی واقف نہ اس کو بیچ سکتا ہے اور نہ اس کو ہبہ کر سکتا ہے نہ وصیت کر سکتا ہے نہ رہن رکھ سکتا ہے۔

স্ত্রীর নামে জমি কিনে ঘর করে দিলে মালিকানা সাব্যস্ত হবে

প্রশ্ন : জনৈক ব্যক্তি তার স্ত্রীর নামে ১২ শতাংশ জমি ক্রয় করে এবং স্ত্রীর নামে রেজিঃ করে দেয় এবং জমির ওপর তাকে একটি বাড়ি করে দেয়। উক্ত স্ত্রীর কোনো সন্তান নেই, তবে তার স্বামী জীবিত। প্রশ্ন হলো, স্বামী এভাবে স্ত্রীর নামে জমি রেজিঃ করে দেওয়ার দ্বারা কি স্ত্রী উক্ত জমির মালিক হয়ে যাবে, না আরো কোনো শর্ত আছে?

উত্তর : প্রশ্নে বর্ণিত পদ্ধতিতে জমি ক্রয় করার সময় স্ত্রীকে মালিক বানানোর উদ্দেশ্যে স্ত্রীর নামে ক্রয় করে উক্ত জমির দখলদারিত্ব দিয়ে দিলে স্ত্রী মালিক হয়ে যাবে। উল্লেখ্য, সরকারি আইন অনুযায়ী স্ত্রীর নামে রেজিস্ট্রি করে স্ত্রীর নামে নামজারি ইত্যাদি করানো হলে আশঙ্কামুক্ত থাকা যায়। (১৮/১৯৯)

📖 الفتاوى الهندية (زكريا) ٤/ ٤٢٤ : وإن وهب له الدار والمتاع جميعا وخلى بينه وبينهما صح فيهما جميعا، هكذا في الجوهرة النيرة.

📖 الموسوعة الفقهية الكويتية ٤٢/ ١٣٣ : الأصل أن المناولة والأخذ إقباض وقبض، كذلك تكون التخلية قبضا إذا خلى الواهب بين الموهوب له والشيء الموهوب.

📖 الدر المختار (سعيد) ٥/ ٦٩٠ : (وتتم) الهبة (بالقبض) الكامل -

📖 رد المحتار(سعيد) ٥/ ٦٩٠ : (قوله: بالقبض) فيشترط القبض قبل الموت -

Scanned by CamScanner

সন্তানদের না দিয়ে স্ত্রীর নামে সম্পত্তি লিখে দেওয়া

প্রশ্ন : আমি আমার সকল সম্পত্তি আমার স্ত্রীর নামে লিখে দিতে চাচ্ছি, যাতে আমার মৃত্যুর পর আমার ছেলেমেয়ে কেউ ভোগ করতে না পারে। অর্থাৎ উক্ত সম্পত্তির পূর্ণাঙ্গ ক্ষমতা থাকবে আমার স্ত্রীর কাছে। সে যাকে ইচ্ছা তাকে দিতে পারবে। এটি করা কি আমার জন্য শরীয়ত মোতাবেক হবে?

উত্তর : জীবিত অবস্থায় অন্য ওয়ারিশদের বঞ্চিত করার উদ্দেশ্যে কোনো নির্দিষ্ট ওয়ারিশের নামে সকল সম্পত্তি লিখে দেওয়া শরীয়ত পরিপন্থী ও গোনাহের কাজ। সুতরাং আপনার জন্য সকল সম্পত্তি স্ত্রীর নামে লিখে দেওয়া বৈধ হবে না। (১৮/৩৪৬)

📖 سنن ابن ماجه (دار إحياء الكتب) ٢/ ٩٠٢ (٢٧٠٣) : عن أنس بن مالك قال: قال رسول الله صلى الله عليه وسلم: «من فر من ميراث وارثه، قطع الله ميراثه من الجنة يوم القيامة».

📖 الفتاوى الهندية (زكريا) ٤/ ٣٩١ : رجل وهب في صحته كل المال للولد جاز في القضاء ويكون آثما فيما صنع، كذا في فتاوى قاضي خان.

হেবাকৃত সম্পদ ফেরত নিয়ে অন্যকে দেওয়া

প্রশ্ন : আমি মাসুমা আক্তার, পিতা হাজী মোঃ রহমত আলী। আমরা শুধুমাত্র দুই বোন। বর্তমানে আমার দাদা হাজী আনোয়ার আলীর দুই ছেলে হাজী মোঃ রহমত আলী ও হাজী মোঃ হাবীবুর রাহমান। হাবীবুর রহমানের দুই ছেলে ও দুই মেয়ে। আমার দাদা তার দুই ছেলেকে তাঁর সম্পত্তি অলিখিতভাবে সমানভাবে ভাগ করে দেন। আমার কোনো ভাই না থাকায় আমার দাদা আমাদের সম্পত্তির অংশ হতে ভাইয়ের অংশ আমার চাচাকে লিখে দিতে চান–এ প্রসঙ্গে মাসাআলা কী?

উত্তর : পিতা জীবিত অবস্থায় নিজ সন্তানদের মাঝে সম্পদ বণ্টন করে দিলে তা হেবা/দান হিসেবে গণ্য হয়। আর দান বা হেবা করার পর তা তাদের ভোগ দখলে দিয়ে দিলে উক্ত দান বা হেবা পূর্ণ হয়ে যায়। এমতাবস্থায় দানকৃত সম্পদ ফেরত নেওয়ার অনুমতি শরীয়তে বাকি থাকে না। তাই প্রশ্নে বর্ণিত পদ্ধতিতে পিতা যদি সম্পদগুলো দুই সন্তানের ভোগদখলে ভিন্নভাবে দিয়ে থাকে, তবে দানকৃত সম্পদ ফেরত নেওয়া এবং অন্যজনকে দান করার অধিকার থাকে না। (১৮/৬৩২)

Scanned by CamScanner

📖 الفتاوى الهندية (زكريا) ٤/ ٣٨٥ : ليس له حق الرجوع بعد التسليم في ذي الرحم المحرم وفيما سوى ذلك له حق الرجوع إلا أن بعد التسليم لا ينفرد الواهب بالرجوع بل يحتاج فيه إلى القضاء أو الرضا أو قبل التسليم ينفرد الواهب.

📖 بدائع الصنائع (سعيد) ٨/ ١٣١ : الأول: صلة الرحم المحرم فلا رجوع في الهبة لذي رحم محرم من الواهب وهذا عندنا وقال الشافعي - رحمه الله - يرجع الوالد فيما يهب لولده احتج بما روينا عن النبي - عليه الصلاة والسلام - أنه قال «لا يحل لواهب أن يرجع في هبته إلا الوالد فيما يهب ولده» وهذا نص في الباب.(ولنا) ما روينا عن رسول الله - صلى الله عليه وسلم - أنه قال «الواهب أحق بهبته ما لم يثب منها» أي لم يعوض، وصلة الرحم عوض معنى؛ لأن التواصل سبب التناصر والتعاون في الدنيا فيكون وسيلة إلى استيفاء النصرة وسبب الثواب في الدار الآخرة فكان أقوى من المال، وقد روي عن رسول الله - صلى الله عليه وسلم - أنه قال «اتقوا الله وصلوا الأرحام فإنه أبقى لكم في الدنيا وخير لكم في الدار الآخرة» فدخل تحت النص وروي عن سيدنا عمر - رضي الله عنه - أنه قال: من وهب هبة لصلة رحم أو على وجه صدقة فإنه لا يرجع فيها.

📖 الدر المختار (سعيد) ٥/ ٦٩٠ : (وتتم) الهبة (بالقبض) الكامل -

📖 رد المحتار (سعيد) ٥/ ٦٩٠ : (قوله: بالقبض) فيشترط القبض قبل الموت -

এক স্ত্রীর পক্ষের সন্তানদের বঞ্চিত করা

প্রশ্ন : এক ব্যক্তি তার দুই স্ত্রীর গর্ভের যথাক্রমে দুই ছেলে, তিন মেয়ে এবং তিন ছেলে ও এক মেয়ে রেখে মারা যায়। তার জমি অল্প। মৃত্যুকালে তার পূর্ববর্তী স্ত্রীর সন্তান-সন্ততি আর্থিকভাবে সচ্ছল ছিল এবং সবাই বিবাহিত ছিল। আর দ্বিতীয় স্ত্রীর সন্তান-সন্ততি অসচ্ছল ছিল এবং অবিবাহিত ছিল, দুজন নাবালেগ ছিল। এহেন পরিস্থিতিতে সেই ব্যক্তি পূর্ববর্তীদের সচ্ছলতা এবং পরবর্তীদের দুরবস্থার প্রতি খেয়াল করে সমুদয় সম্পত্তি পরবর্তীদের নামে লিখে দিয়ে মারা যায়। এতে পূর্ববর্তীরা ক্ষিপ্ত হয়ে তার জানাযায় শরীক হওয়া থেকে বিরত থাকে। বর্তমান তারা এতে লজ্জাবোধ করে এবং

Scanned by CamScanner

বলে যে আমরা দাবি ছেড়ে দিয়েছি। প্রশ্ন হলো, তাদের দাবি ছেড়ে দেওয়ার পর কি ওই ব্যক্তি মুক্তি পাবে? বর্তমান পূর্ববর্তী ও পরবর্তী উভয় দলের করণীয় কী?

উত্তর : কোনো ব্যক্তি নিজ জীবদ্দশায় সন্তানদের মাঝে ধন-সম্পদ বণ্টন করলে তা হেবা বা দান হিসেবে গণ্য হয়। এমতাবস্থায় সব সন্তানের মাঝে বরাবর বণ্টন করতে হয়। বিহীত কারণ ছাড়া কমবেশি অথবা কিছু সন্তানকে একেবারে বঞ্চিত করা জায়েয নেই। বিহীত কারণে অথবা যাদের বঞ্চিত করবে বা কম দেবে, তাদের ক্ষতি করা উদ্দেশ্য না হলে জায়েয আছে।

সুতরাং প্রশ্নে বর্ণিত ব্যক্তি যেহেতু প্রথম স্ত্রীর সন্তানদের ক্ষতি করার উদ্দেশ্যে নয়, বরং সচ্ছলতা দেখেই তাদের বঞ্চিত করেছে। তাই আশা করা যায় সে গোনাহগার হবে না। সর্বাবস্থায় প্রথম স্ত্রীর ছেলেদের নিজ পিতার জানাযায় অংশগ্রহণ না করা উচিত হয়নি। এখন তাদের করণীয় হলো, আল্লাহ পাকের নিকট তাওবাকরত পিতা-মাতার জন্য সর্বাবস্থায় দু'আ করা এবং সবাই মিলেমিশে শরীয়ত অনুযায়ী জীবন যাপন করা। (১৮/৭৩২)

📖 الدر المختار (سعيد) ٣/ ٣٩٩ : وفي الخانية لا بأس بتفضيل بعض الأولاد في المحبة لأنها عمل القلب، وكذا في العطايا إن لم يقصد به الإضرار، وإن قصده فسوى بينهم.

📖 خلاصة الفتاوى ٤ /٤٠٠ : ولو وهب جميع ماله لابنه جاز فى القضاء وآثم نص عن محمد رحمه الله هكذا فى العيون، ولو أعطى بعض ولده شيئا دون البعض لزيادة رشده لا بأس به، وإن كا سواء لا ينبغى أن يفضل.

📖 امداد الاحکام (مکتبۂ دار العلوم کراچی) ۴ / ۵۵ : الجواب- باپ کو اپنی زندگی میں اختیار ہے کہ اپنی جائداد جس بیٹے کو چاہے دے جس کو چاہے نہ دے، البتہ بلاوجہ کسی کو محروم کرنا یا کم دینا برا ہے اور اگر وجہ معقول سے ایسا کیا جائے تو کچھ مضائقہ نہیں۔

হেবাকৃত বস্তু ফিরিয়ে নেওয়া

প্রশ্ন : আমি হাজী মোঃ ইলিয়াস সাহেব হাজী মোঃ ওয়াহাব সিকদারকে (যিনি গ্রাম সর্ম্পকে ভাই) ১০ শতাংশ জমি বাড়ি করার জন্য হেবা করি। তিনি বাড়ি না করে উক্ত ১০ শতাংশ জায়গা মসজিদের জন্য ওয়াক্ফ করেন। এরপর ৫ শতাংশ জায়গা মাটি দিয়া ভরাট করে মসজিদের বাউন্ডারির ভেতর ঢুকিয়ে নেন এবং কাঁটাতারের বেড়া দিয়ে সীমানা কায়েম করেন। বাকি ৫ শতক ডোবা জায়গা খালি পড়ে ছিল, পরবর্তীতে আমি হেবাকারী উক্ত ৫ শতাংশ জায়গা আমার জায়গার সাথে ভরাট করে মিলিয়ে নিই।

Scanned by CamScanner

এখন আমার প্রশ্ন হলো, উক্ত ১০ শতাংশ হেবাকৃত জমির ৫ শতাংশ আমি পুনরায় আমার নিজের কাজের জন্য নিতে পারব কি না?

বিঃদ্রঃ. হেবা গ্রহণকারী হাজী মোঃ ওয়াহাব সিকদার সাহেব তাঁর বক্তব্য হলো শরীয়ত মতে আপনি যদি ফিরিয়ে নিতে পারেন তাহলে আমার কোনো আপত্তি নেই। আমি আপনাকে ফেরত দিয়ে দেব।

উত্তর : শরীয়তের বিধান মতে, হেবাকৃত সম্পদ হেবাগ্রহীতার মালিকানাধীন হওয়ার পর গ্রহীতা সেখানে কোনো তাসারুফ করলে ওই সম্পদে হেবা দানকারীর কোনো হস্তক্ষেপ চলে না। সুতরাং প্রশ্নের বর্ণনা মতে উক্ত ১০ শতাংশ জমি হেবা করার পর মসজিদে ওয়াক্‌ফ করার কারণে হাজী মোঃ ওয়াহাব সিকদারের মালিকানা হতে বের হয়ে মসজিদই তার মালিক সাব্যস্ত হয়ে গেছে। অতএব উক্ত জমির কোনো অংশে হাজী মোঃ ইলিয়াস হুসেনের কোনো হস্তক্ষেপ চলবে না। (১৮/৮৯৮)

📖 الفتاوى الهندية (زكريا) ٤/ ٣٨٦ : أما العوارض المانعة من الرجوع فأنواع (منها) هلاك الموهوب؛ لأنه لا سبيل إلى الرجوع في قيمته لعدم انعقاد العقد عليها (ومنها) خروج الموهوب عن ملك الموهوب له بأي سبب كان من البيع والهبة ونحوهما-

📖 الدر المختار (سعيد) ٥/ ٦٩٠ : (وتتم) الهبة (بالقبض) الكامل -

📖 رد المحتار (سعيد) ٥/ ٦٩٠ : (قوله: بالقبض) فيشترط القبض قبل الموت -

📖 فتاوی حقانیہ (مکتبۂ سید احمد) ٦/ ٣٨١ : سوال- کیا واہب موہوب لہ سے ہبہ کی ہوئی چیز کی واپس کا مطالبہ کر سکتا ہے یا کہ نہیں؟

الجواب- واہب اور موہوب لہ کی رضامندی سے یا حاکم واپسی کا حکم کرے اور دوسرے موانع بھی موجود نہ ہوں تو رجوع جائز ہے، لیکن کراہت سے خالی نہیں، ورنہ بصورت دیگر رجوع کرنا حرام ہے۔

জীবিত অবস্থায় সম্পদ বণ্টনের নীতিমালা

প্রশ্ন : অভিভাবক [পিতা] জীবিত থাকাবস্থায় বণ্টন করতে চাইলে সম্পত্তি কিভাবে বণ্ট করতে হবে? ওয়ারিশগণ হলেন স্ত্রী, চার ছেলে ও দুই মেয়ে।

Scanned by CamScanner

উত্তর : কারো জীবদ্দশায় সন্তানদের মধ্যে সম্পদ বণ্টন করতে চাইলে তার অনুমতি আছে, তবে তা মিরাছের নিয়মে বণ্টন হবে না, বরং হেবা বা দান হিসেবে বণ্টন হবে। এ ক্ষেত্রে ছেলেমেয়েদের প্রত্যেককে সমানভাবে দিতে হবে। শরয়ী কোনো কারণ ছাড়া কমবেশি করলে গোনাহগার সাব্যস্ত হবে। তবে স্ত্রীর অংশ মিরাছের অংশের সমান দিলে কোনো বাধা নেই। (১৭/৫৫৪)

📖 صحيح مسلم (دار الغد الجديد) ١١/ ٦ (١٦٢٣) : عن النعمان بن بشير، أنه قال: إن أباه أتى به رسول الله صلى الله عليه وسلم، فقال: إني نحلت ابني هذا غلاما كان لي، فقال رسول الله صلى الله عليه وسلم: «أكل ولدك نحلته مثل هذا؟» فقال: لا، فقال رسول الله صلى الله عليه وسلم: «فارجعه.

📖 البحر الرائق (دار الكتب العلمية) ٧/ ٤٩٠ : يكره تفضيل بعض الأولاد على البعض في الهبة حالة الصحة إلا لزيادة فضل له في الدين وإن وهب ماله كله الواحد جاز قضاء وهو آثم.

বাবার সম্পদে সন্তানদের হক ও এক সন্তানের জন্য খরচ প্রসঙ্গ

প্রশ্ন : [১] বাবা জীবিত থাকাকালীন তার সম্পত্তিতে কি অন্য সন্তানদের কোনো হোক নেই?

[২] পিতা মৃত্যুর আগ পর্যন্ত তার জমিজমা নির্দিষ্ট সন্তানের জন্য কি ইচ্ছামতো খরচ করতে পারবে?

[৩] বর্তমানে আমাদের বাসার পরিস্থিতিতে আব্বার করণীয় কী? অন্য সন্তানদেরই বা করণীয় কী?

উত্তর : পিতার জীবদ্দশায় তার সম্পত্তিতে ছেলেমেয়ে কারো কোনো অধিকার থাকে না। ছেলে বালেগ হওয়ার পর তার খোরপোশ বহন করাও পিতার কর্তব্য নয়। তবে মেয়ের বিবাহ হওয়ার আগ পর্যন্ত তার যাবতীয় ব্যয় বহন করা পিতার কর্তব্য। সুতরাং আপনার বাবা তার নিজস্ব সম্পদ যেভাবে ইচ্ছা সে ভোগ ব্যয় করতে শরীয়তে কোনো বাধা নেই। উল্লেখ্য, যদি পিতা জীবদ্দশায় তার সম্পত্তি সন্তানদের প্রদান করতে চায় তাহলে ছেলেমেয়ে সকলকে সমান সমান দেওয়াই শরীয়তের বিধান। অনিবার্য কারণ ছাড়া কাউকে বেশি দেওয়া বা বঞ্চিত করা মারাত্মক গোনাহ ও অন্যায়।

Scanned by CamScanner

তবে কোনো সন্তানকে বঞ্চিত করা বা ক্ষতি করার উদ্দেশ্য না থাকলে এবং অন্য সন্তানদের ওপর সন্তুষ্ট হয়ে তার অভাব-দারিদ্র্য দূরীকরণের মানসে দেওয়া শরীয়তবিরোধী হবে না। (১৭/৬৫৮)

📖 صحيح البخارى (دار الحديث) ٢/ ٢٠٢ (٢٥٨٧) : عن عامر، قال: سمعت النعمان بن بشير رضي الله عنهما، وهو على المنبر يقول: أعطاني أبي عطية، فقالت عمرة بنت رواحة: لا أرضى حتى تشهد رسول الله صلى الله عليه وسلم، فأتى رسول الله صلى الله عليه وسلم، فقال: إني أعطيت ابني من عمرة بنت رواحة عطية، فأمرتني أن أشهدك يا رسول الله، قال: «أعطيت سائر ولدك مثل هذا؟»، قال: لا، قال: «فاتقوا الله واعدلوا بين أولادكم»، قال: فرجع فرد عطيته.

📖 البحر الرئق (دار الكتب العلمية) ٧/ ٤٩٠ : يكره تفضيل بعض الأولاد على البعض في الهبة حالة الصحة إلا لزيادة فضل له في الدين وإن وهب ماله كله لواحد جاز قضاء وهو آثم.

📖 الدر المختار (سعيد) ٥ /٦٩٦ : وفي الخانية لا بأس بتفضيل بعض الأولاد في المحبة لأنها عمل القلب، وكذا في العطايا إن لم يقصد به الإضرار، وإن قصده فسوى بينهم يعطي البنت كالابن عند الثاني وعليه الفتوى.

অবাধ্য সন্তানকে বঞ্চিত করা

প্রশ্ন : আমাদের গ্রামের একজন বিধবা মহিলার দুজন ছেলে আছে। তাদের মধ্যে একজন তার মাতার ভরণপোষণ দেয়, অপরজন দেয় না, বরং সে মাতার সাথে সর্বদা দুর্ব্যবহার করে, গালাগাল করে। তার অল্প কিছু জমি আছে। এখন সে চাচ্ছে তার অবাধ্য সন্তানকে জমি না দিয়ে বাধ্য সন্তানের নামে জমি রেজিস্ট্রি করে দিতে। প্রশ্ন হলো, শরীয়তের দৃষ্টিতে এমনটি করা বৈধ হবে কি না?

উত্তর : পিতা-মাতার জীবদ্দশায় তাদের সম্পত্তিতে ছেলেমেয়ে কারো কোনো হক বা অধিকার নেই। সুতরাং তাদের নিজস্ব সম্পদ যেভাবে ইচ্ছা সেভাবে ভোগ-ব্যয় করতে পারে, তাতে শরীয়তে কোনো বাধা নেই। তবে পিতা-মাতার জীবদ্দশায় যদি তাদের সম্পদ সন্তানদের প্রদান করতে চায় তাহলে সন্তানদের মাঝে সমান সমান করে

Scanned by CamScanner

দেওয়াই শরীয়তের বিধান। বিহীত কারণ ছাড়া কাউকে বেশি দেওয়া বা বঞ্চিত করা গোনাহ ও অন্যায়। বিহীত কারণে কমবেশি করা যায়। বিধায় প্রশ্নে উল্লিখিত মহিলার উক্ত জমি ছাড়া অন্য কোনো সম্পদ যেমন–বাড়িভিটা, অস্থাবর কোনো সম্পদ থাকলে বাধ্য ছেলের জন্য উক্ত জমি রেজিস্ট্রি করে দেওয়া বৈধ হবে। অন্য কোনো সম্পদ না থাকলে উত্তম হলো অবাধ্য ছেলেকে একেবারে বঞ্চিত না করে কিছু তার জন্য রেখে দেওয়া। (১৭/৭৪৭)

📖 صحيح البخارى (دار الحديث) ٢/ ٢٠٢ (٢٥٨٧) : عن عامر، قال: سمعت النعمان بن بشير رضي الله عنهما، وهو على المنبر يقول: أعطاني أبي عطية، فقالت عمرة بنت رواحة: لا أرضى حتى تشهد رسول الله صلى الله عليه وسلم، فأتى رسول الله صلى الله عليه وسلم، فقال: إني أعطيت ابني من عمرة بنت رواحة عطية، فأمرتني أن أشهدك يا رسول الله، قال: «أعطيت سائر ولدك مثل هذا؟»، قال: لا، قال: «فاتقوا الله واعدلوا بين أولادكم»، قال: فرجع فرد عطيته.

📖 البحر الرائق (دار الكتب العلمية) ٧/ ٤٩٠ : يكره تفضيل بعض الأولاد على البعض في الهبة حالة الصحة إلا لزيادة فضل له في الدين وإن وهب ماله كله الواحد جاز قضاء وهو آثم.

📖 الدر المختار (سعيد) ٥ /٦٩٦ : وفي الخانية لا بأس بتفضيل بعض الأولاد في المحبة لأنها عمل القلب، وكذا في العطايا إن لم يقصد به الإضرار، وإن قصده فسوى بينهم يعطي البنت كالابن عند الثاني وعليه الفتوى.

শর্ত লঙ্ঘন করার কারণে হেবা ফিরিয়ে নেওয়া

প্রশ্ন : আমার অব্বাজান একটি ছেলেকে শৈশবে পালক নিয়ে আসে। অতঃপর তাকে লালন-পালন, শিক্ষা-দীক্ষা–সব কিছু দেওয়া হয়। তারপর এ ব্যাপারে শর্ত হয়, সে পিতা-মাতার খিদমত করবে ও সংসারের খেয়াল রাখবে, তার বিনিময়ে তাকে কিছু সম্পত্তি দান করা হয়। কিন্তু দুঃখের বিষয় হলো, সে কোনো ওয়াদা ঠিক রাখেনি, যার কারণে আমার আব্বা জীবিত থাকতেই তাকে দেওয়া উক্ত দান বাতিল করে যায়। প্রশ্ন হলো, শরীয়তের দৃষ্টিতে তা বৈধ হবে কি না? এবং তার থেকে সম্পত্তি নেওয়ার কারণে আমার আব্বা গোনাহগার হবে কি না? এখন আমাদের করণীয় কী?

Scanned by CamScanner

উত্তর : কোনো ব্যক্তি আরেক ব্যক্তিকে সম্পদ হেবা করলে সম্পদটি বিনা কারণে ফিরিয়ে নেওয়া অন্যায়। তবে কোনো শর্ত সাপেক্ষে প্রদান করে থাকলে শর্ত লঙ্ঘন হওয়ার কারণে সে সম্পদ ফিরিয়ে নেওয়া শরীয়তসম্মত, বরং সে দান অকার্য বলে পরিগণিত। তাই আপনার পিতা যে শর্তে দান করেছিল তা বিদ্যমান না থাকায় ফিরিয়ে নেওয়ায় শরীয়তবিরোধী কোনো কাজ হয়নি, তাতে কোনো গোনাহ হওয়ারও কারণ নেই। (১৬/২৪১)

📖 فتاوى قاضيخان (أشرفيه) ٣/ ٢٨٢ : إذا تركت المرأة مهرها على الزوج على أن يحج بها وقبل الزوج ذلك ولم يحج بها كان المهر عليه على حاله والفتوى على هذا القول.

📖 الفتاوى الهندية (زكريا) ٤/ ٣٨٥ : ليس له حق الرجوع بعد التسليم في ذي الرحم المحرم، وفيما سوى ذلك له حق الرجوع.

📖 فتاوی حقانیہ (مکتبہ سیداحمد) ۶/ ۳۸۱ : الجواب- حنفیہ کے نزدیک اگرچہ ہبہ میں رجوع کرنا جائز ہے مگر کراہت سے خالی نہیں، لیکن جب ہبہ کو کسی شرط کے ساتھ معلق کردیا گیا تو عدم شرط کی صورت میں رجوع کرنا بلا کراہت جائز ہے۔

হেবাকৃত জমির বিক্রয় ও ফসল ভোগ করা

প্রশ্ন : ১. আমার দাদার কোনো পুত্রসন্তান নেই। দাদা আমার আব্বাকে পোষ্যপুত্র হিসেবে লালন-পালন করেছেন। দাদারা দুই ভাই। আল্লাহর মেহেরবানিতে দাদার সংসারে আব্বা বড় হয়েছেন। আব্বার বিবাহের সময় আমার নানা ভবিষ্যতের চিন্তা করে দাদা এবং দাদার ভাইদের কাছে আব্বার নামে কিছু জমি দানের আবেদন করলে ওই সময় দাদা এবং দাদার ভাইয়েরা অনেক বুঝে ও চিন্তা করে আব্বাকে কিছু জমি দান করেছেন। পরবর্তীতে দাদা কিছু জমি ফেরত নিয়ে গেছেন, আর কিছু আব্বার নামে আছে। এখন এ জমি থেকে উৎপন্ন ফসল আমরা ভোগ করছি। আব্বার নামে যে জমি আছে তার উৎপন্ন ফসল ও জমি বিক্রয় করা কি আব্বার জন্য জায়েয হবে?

২. দাদা মৃত্যুর পূর্বে অনেক দিন অসুস্থ ছিলেন। আমি দাদার পোষ্যপুত্রের ছেলে। দাদা মারা যাওয়ার আগ পর্যন্ত আমাদের সংসারেই ছিলেন। দাদা মৃত্যুর পূর্বে অনেক জমি বিক্রয় করেছেন আর কিছু জমি দাদার বাকি ছিল। ওই সময় দাদার কাছে আবেদন করলাম যে, দাদা আপনার তো এখন জমি বিক্রয় করার প্রয়োজন নেই। কেননা আপনি আল্লাহর মেহেরবানিতে আমাদের সাথে আছেন, বিশেষ করে বড় ফুফুর ছেলেমেয়েরা খুব অসুবিধায় আছে। এদের জন্য কিছু জমির ব্যবস্থা করতে পারেন। তখন আমার

Scanned by CamScanner

পরামর্শ অনুযায়ী দাদার ভাইদের এবং ফুফুদের খবর পৌঁছানো হলো। বড় ফুফু মারা যাওয়ার কারণে ফুফাতো ভাই-বোনেরা এসেছে। ছোট ফুফু হাজির থাকতে পারেননি। পরবর্তীতে ছোট ফুফু এই মজলিসের ফয়সালার কথা শুনেছেন। ওই সময় ছোট ফুফু ব্যতীত দাদার ওয়ারিশগণের সবাই ছিলেন। তখন ভাইদের কাছে পরামর্শ চাইলেন জমি কিভাবে বণ্টন করবে? দাদার যে জমি ছিল তা থেকে বাড়ি করার জন্য আমি কিছু জমির আবেদন করলাম, বিশেষ করে বাড়ির নিকটে যে জমি। দাদার ইচ্ছা মাঠে অর্থাৎ বিলে যে জমি আছে সেখান থেকে ব্যবস্থা করবে। এখন দাদাকে বোঝানো হলো, দাদা আমাদের বাড়ির জমি প্রয়োজন। কেননা বাড়ি করার মতো জমি আমরা কোথায় পাব, আব্বাকে আপনি ছোট ছেলে হিসেবে আপনার কাছে রেখেছেন, আমাদের দাদা তো আপনি। দাদা হিসেবে আপনার কাছে বাড়ির নিকট জমির আবেদন করছি। ওই মজলিসেই দাদাকে অনেক বোঝানোর পর দাদা রাজি হয়ে বাড়ির নিকটে জমি আমাদেরকে এবং বিলের জমি ফুফুদের জন্য ব্যবস্থা করলেন। আল্লাহর অশেষ মেহেরবানিতে ছোট ফুফু ব্যতীত দাদার সকল ওয়ারিশ ছিলেন ওই মজলিসে। পরের দিন দাদা ভূমি অফিসে গিয়ে আমাদেরকে এই জমি কাগজে-কলমে লেখার মাধ্যমে ব্যবস্থা করেছেন। জমি আল্লাহর অশেষ মেহেরবানিতে এখনো আছে। এখন এই জমির উৎপন্ন ফসল ও জমি বিক্রয় করা কি আব্বার জন্য জায়েয আছে?

উত্তর : শরীয়তের দৃষ্টিতে কোনো নির্দিষ্ট বস্তু হেবা করা হলে এবং তা দখলের মাধ্যমে মালিকানা প্রতিষ্ঠা হলে হেবা সম্পূর্ণ হয়ে যায়। প্রশ্নোক্ত উভয় মাসআলায় উপরোক্ত শর্তদ্বয় পাওয়া যাওয়ার কারণে যেহেতু দানকৃত সম্পত্তির ওপর আপনার আব্বাকে দেওয়া জমিতে আপনার আব্বার মালিকানা প্রতিষ্ঠিত হয়েছে এবং আপনাকে দানকৃত জমিতে আপনার মালিকানা প্রতিষ্ঠিত হয়েছে, তাই আপনাদের জন্য উক্ত জমিসমূহ থেকে উৎপন্ন ফসল ভোগ করা ও জমি বিক্রয় করা জায়েয হবে। (১৬/২৯১)

📖 الدر المختار (سعيد) ٥/ ٦٩٠ : (وتتم) الهبة (بالقبض) الكامل.

📖 رد المحتار (سعيد) ٥/ ٦٩٠ : (قوله: بالقبض) فيشترط القبض قبل الموت.

📖 الدر المختار (سعيد) ٥/ ٦٩٢ : (لا) تتم بالقبض (فيما يقسم ولو) وهبه (لشريكه) أو لأجنبي لعدم تصور القبض الكامل كما في عامة الكتب فكان هو المذهب وفي الصيرفية عن العتابي وقيل: يجوز لشريكه، وهو المختار (فإن قسمه وسلمه صح) لزوال المانع (ولو سلمه شائعا لا يملكه فلا ينفذ تصرفه فيه) فيضمنه وينفذ تصرف الواهب درر.

Scanned by CamScanner

📖 الفتاوى الهندية (زكريا) ٤/ ٣٧٧ : ولا يتم حكم الهبة إلا مقبوضة ويستوي فيه الأجنبي والولد إذا كان بالغا، هكذا في المحيط. والقبض الذي يتعلق به تمام الهبة وثبوت حكمها القبض بإذن المالك، والإذن تارة يثبت نصا وصريحا وتارة يثبت دلالة فالصريح أن يقول: اقبضه إذا كان الموهوب حاضرا في المجلس ويقول اذهب واقبضه إذا كان غائبا عن المجلس ثم إذا كان الموهوب حاضرا، وقال له الواهب: اقبضه فقبضه في المجلس أو بعد الافتراق عن المجلس صح قبضه وملكه قياسا واستحسانا، ولو نهاه عن القبض بعد الهبة لا يصح قبضه لا في المجلس ولا بعد الافتراق عن المجلس، وإن لم يأذن له بالقبض صريحا ولم ينهه عنه إن قبضه في المجلس صح قبضه استحسانا لا قياسا-

📖 عزیزالفتاوی (دارالاشاعت) ص ۶۴۳ : جو جائداد شوہر رحمت بی بی کو اپنی زندگی میں دیدی تھی اور بقاعدۂ شرعیہ رحمت بی بی اس کی مالک ہوگئی تھی اس میں سے اس کو اختیار ہے کہ جس کو چاہے دیوے اور جس کو چاہے نہ دیوے۔

পিতার ঋণ পরিশোধ করে জমি লিখে নেওয়া

প্রশ্ন : আমাদের এলাকার এক ব্যক্তি ব্যাংক থেকে ঋণ গ্রহণ করে ঋণগ্রস্ত হয়ে যায়, যার পরিমাণ ৯২০০০ টাকা। উক্ত ব্যক্তির তিন ছেলে ও চার মেয়ে। দুই ছেলে কসাই উপার্জনে সক্ষম। এক ছেলে নাবালেগ। পিতা ছেলেদের বলে, আমার উক্ত ঋণ তোমরা দুই ভাই পরিশোধ করে দাও। বড় ছেলে অস্বীকৃতি জানায়। মেজ ছেলে প্রস্তাব দেয়, কিছু জমি বিক্রি করে পরিশোধ করুন। বড় ছেলে পৃথক বসবাস করে। সে মা-বাবা, ভাই-বোনদের খোঁজখবর নেয় না। আর মেজ ছেলে খোঁজখবর নেয়, সাধ্যমতো সকলের খরচ বহন করে। এমতাবস্থায় মেজ ছেলের নিকট ঋণ পরিশোধের ব্যবস্থা না থাকায় সে পিতাকে বলল, যদি আল্লাহর রহমতে কোনো স্থান থেকে টাকার ব্যবস্থা করে দিতে পারি তবে কি আমাকে কিছু জমি লিখে দেবেন? পিতা এতে রাজি হলো। ঘটনাক্রমে এক ব্যক্তি মেজ ছেলেকে ৯৩০০০ টাকা দিয়ে বলল, আমি আপনাকে এই টাকার মালিক বানিয়ে দিলাম আপনি এটা দিয়ে ঋণ পরিশোধ করুন। ঋণ পরিশোধ করায় পিতা শর্তানুযায়ী কিছু জমি হেবাসূত্রে ছেলের নামে লিখে দিল। পরবর্তীতে মেজ ছেলে জানতে পারল, প্রদত্ত টাকা যাকাতের ছিল। এখন প্রশ্ন হলো, এ টাকা দিয়ে ঋণ পরিশোধ করায় পিতার প্রদত্ত জমি গ্রহণ করা ছেলের জন্য বৈধ হবে কি না?

Scanned by CamScanner

উত্তর : প্রশ্নের বিবরণ থেকে বোঝা যায়, মেজ ছেলে পিতার ঋণ পরিশোধে আগ্রহী অথচ অভাবগ্রস্ত এবং যাকাত গ্রহণের উপযোগী। কাজেই তাকে যাকাতের ৯৩০০০ টাকা প্রদান করায় শরয়ী দৃষ্টিকোণে সে উক্ত টাকার মালিক বলে সাব্যস্ত হয়েছে এবং জমি প্রদানের শর্তে ঋণ পরিশোধ করার পর পিতার প্রদত্ত জমি হেবা বিল এওয়াজ বলে গণ্য হয়েছে, যা বিক্রয়ের নামান্তর। পিতার বিক্রীত সম্পত্তিতে যেমন ওয়ারিশদের কোনো অধিকার থাকে না, তেমনি এতে অন্য ওয়ারিশগণ কোনো ধরনের দাবির অধিকার রাখে না। (১৬/৩১৭)

📖 الدر المختار (سعيد) ٢/ ٣٥٣ : (وكره إعطاء فقير نصابا) أو أكثر (إلا إذا كان) المدفوع إليه (مديونا أو) كان (صاحب عيال) بحيث (لو فرقه عليهم لا يخص كلا) أو لا يفضل بعد دينه (نصاب) فلا يكره فتح.

📖 رد المحتار (سعيد) ٤/ ٥٠٣ : قال: المصنف في المنح: ولما كان هذا يشمل مبادلة رجلين بمالهما بطريق التبرع أو الهبة بشرط العوض فإنه ليس ببيع ابتداء وإن كان في حكمه بقاء.

পিতার বণ্টনের সংশোধন করা

প্রশ্ন : আমার পিতা মৃত্যুকালে আমাদের মা, পাঁচ ভাই ও চার বোন রেখে যান। কিন্তু পিতার সম্পত্তি তাঁর জীবদ্দশায় ৫ ভাইয়ের মধ্যে রেজিস্ট্রি ছাড়া কমবেশি করে বণ্টন করে দখলে দিয়ে যান। ফলে তাঁর জীবদ্দশায় ভাইদের মাঝে এ বণ্টন নিয়ে দ্বন্দ্ব সৃষ্টি হয়। পিতার এ কমবেশি বণ্টনের সংশোধনের কোনো উপায় আছে?

উত্তর : জীবদ্দশায় আপন সন্তানাদির মাঝে হেবা করার ব্যাপারে শরীয়তের বিধান হলো, সবার মাঝে সমভাবে হেবা করা, শরীয়তসম্মত কারণ ছাড়া কমবেশি না করা। তা সত্ত্বেও কেউ কমবেশি করলে ওই হেবা সহীহ বলে গণ্য হলেও বিহীত কারণ ছাড়া কমবেশি করার দ্বারা পিতা গোনাহগার হবে। অতএব প্রশ্নের বর্ণনা মতে, পিতার ছেলেমেয়েদের মাঝে দেওয়া সম্পদ রেজিস্ট্রি না হলেও আপন আপন মালিকানাধীন হবে। (১৩/১০২২/৫৫৩৬)

📖 صحيح البخارى (دار الحديث) ٢/ ٢٠٢ (٢٥٨٧) : عن عامر، قال: سمعت النعمان بن بشير رضي الله عنهما، وهو على المنبر يقول: أعطاني أبي عطية، فقالت عمرة بنت رواحة: لا أرضى حتى تشهد

Scanned by CamScanner

رسول الله صلى الله عليه وسلم، فأتى رسول الله صلى الله عليه وسلم، فقال: إني أعطيت ابني من عمرة بنت رواحة عطية، فأمرتني أن أشهدك يا رسول الله، قال: «أعطيت سائر ولدك مثل هذا؟»، قال: لا، قال: «فاتقوا الله واعدلوا بين أولادكم»، قال: فرجع فرد عطيته.

📖 البحر الرائق (دار الكتب العلمية) ٧/ ٤٩٠ : يكره تفضيل بعض الأولاد على البعض في الهبة حالة الصحة إلا لزيادة فضل له في الدين وإن وهب ماله كله لواحد جاز قضاء وهو آثم كذا في المحيط وفي فتاوى قاضي خان رجل أمر شريكه بأن يدفع إلى ولده مالا فامتنع الشريك عن الأداء كان للابن أن يخاصمه إن لم يكن على وجه الهبة وإن كان على وجهها لا لأنه في الأول وكيل عن الأب وفي الثاني لا وهي غير تامة لعدم الملك لعدم القبض وفي الخلاصة المختار التسوية بين الذكر والأنثى في الهبة ولو كان ولده فاسقا فأراد أن يصرف ماله إلى وجوه الخير ويحرمه عن الميراث هذا خير من تركه لأن فيه إعانة على المعصية ولو كان ولده فاسقا لا يعطي له أكثر من قوته.

📖 الدر المختار (سعيد) ٥/ ٦٩٦ : وكذا في العطايا إن لم يقصد به الإضرار، وإن قصده فسوى بينهم يعطي البنت كالابن عند الثاني وعليه الفتوى ولو وهب في صحته كل المال للولد جاز وأثم.

📖 احسن الفتاوی (سعید) ۷/ ۲۵۶ : اگر دوسروں کا اضرار مقصود ہو تو مکروہ تحریمی ہے، قضاءً نافذ ہے دیانۃً واجب الرد—اضرار مقصود نہ ہو اور کوئی وجہ ترجیح بھی نہ ہو تو مکروہ تنزیہی ہے، ذکور و اناث میں تسویہ مستحب ہے—دینداری، خدمت گزاری، خدمات دینیہ کا شغل یا احتیاج وغیرہ وجوہ کی بناء پر تفاضل مستحب ہے۔

মেয়েদের ঠকিয়ে সম্পদের বণ্টন

প্রশ্ন : আমরা তিন ভাই ও তিন বোন। আমি পিতার সর্বকনিষ্ঠ কন্যা। আমার পিতা জীবিত আছেন। পিতা তিন ছেলের নামে একটি জায়গা কিনে বাড়ি বানিয়ে তাদের মালিক বানিয়ে বুঝিয়ে দিয়েছেন। তিন ছেলের নামে জায়গা কিনে ফ্যাক্টরি বানিয়ে তাদের মালিক বানিয়ে বুঝিয়ে দিয়েছেন। একটি ফ্যাক্টরিতে ছেলেদের সাথে তিনিও

Scanned by CamScanner

মালিক হিসেবে ব্যবসা করতে থাকেন। ব্যবসায় লোকসানের কারণে বিভিন্ন জায়গাজমি বিক্রি করতে থাকাকালে আমার পিতা আমাদের স্বার্থ রক্ষার্থে আমাদের তিন বোনের নামে কিছু জায়গা ও কিছু নগদ অর্থ দান করেন। পিতা বার্ধক্যজনিত কারণে ব্যবসা হতে অবসর গ্রহণকালে তিনি আমাদের আরো কিছু নগদ অর্থ দান করেন এবং তাঁর ব্যবসার অংশ ছেলেদের মালিক বানিয়ে বুঝিয়ে দেন। বর্তমানে আমার ভাইয়েরা তাঁদের নিজস্ব পরিশ্রমে আল্লাহর ইচ্ছায় আমার পিতার পূর্বের ফ্যাক্টরিতে উন্নতি করেছেন। আমরা তিন বোনই ভাইদের তুলনায় আর্থিকভাবে অনেক খারাপ অবস্থায় আছি। আমি পিতার এ বণ্টন কিছুতেই মেনে নিতে পারছি না। যেহেতু আমার পিতা আমাদের শরীয়তসম্মতভাবে আমাদের প্রাপ্য ৯ ভাগের তিন অংশ দেননি, তাই আমি আমার পিতাকে বলেছি যে আমি তাঁকে মাফ করিনি। এমতাবস্থায় আমি জানতে চাই :

১) পিতার এ কাজ শরীয়তের দৃষ্টিতে অন্যায় হয়েছে কি না?

২) আমাদের তিন বোনকে ঠকানোর কারণে পিতাকে মাফ না করার অধিকার আছে কি না?

উত্তর : নিজের মালিকানাধীন সম্পদ জীবদ্দশায় ইচ্ছামতো দান করতে পারে, সন্তানদের মাঝেও বেশকম করে পিতা বণ্টন করতে পারে। তবে অকারণে কোনো ওয়ারিশের ক্ষতি সাধনের উদ্দেশ্যে বেশকম করে বণ্টন করলে বণ্টন সহীহ হলেও গোনাহ হবে।

সুতরাং প্রশ্নোক্ত বণ্টনের কারণে আপনার পিতা অন্যায় কাজ করেছে বলে ফাতওয়া দেওয়ার সুযোগ নেই এবং এর ওপর আপনাদের মাফ করা না করার কোনো মানে হয় না। (১৩/৩৯২)

📖 رد المحتار (سعيد) ٦٩٦/٥ : وفي الخانية: لا بأس بتفضيل بعض الاولاد في المحبة لانها عمل القلب، وكذا في العطايا إن لم يقصد به الاضرار، وإن قصده فسوى بينهم يعطي البنت كالابن عند الثاني، وعليه الفتوى.ولو وهب في صحته كل المال للولد جاز.

📖 الفتاوى السراجية (سعيد) ص ٩٦ : وينبغى أن يعدل بين أولاده فى العطايا والعدل عند أبى يوسف أن يعطيهن على السواء، وعند محمد يعطى على سبيل التوريث للذكر مثل حظ الأنثيين، وإن كان بعض أولاده أفضل بالعلم دون الكسب لا بأس بأن يفضله على غيره، وعلى جواب المتأخرين لابأس بأن يعطى من أولاده من كان عالما متدينا ولا يعطى من كان منهم فاسقا فاجرا، مذكور فى شرح الطحاوى.

Scanned by CamScanner

📖 امداد الاحکام (مکتبۂ دار العلوم کراچی) ۴ / ۵۵ : الجواب- باپ کو اپنی زندگی میں اختیار ہے کہ اپنی جائداد جس بیٹے کو چاہے دے جس کو چاہے نہ دے، البتہ بلاوجہ کسی کو محروم کرنا یا کم دینا برا ہے اور اگر وجہ معقول سے ایسا کیا جائے تو کچھ مضائقہ نہیں۔

মুমূর্ষু রোগী কাউকে কিছু দিলে হেবা হয় না

প্রশ্ন : আমার বড় দুজন সৎ ভাইসহ আমরা ৫ ভাই, ৫ বোন। আমার পিতা মারা যায় আজ থেকে ১২ বছর পূর্বে। এর পূর্ব থেকেই সৎভাইয়েরা আমাদের এবং আমাদের পিতার সাথে হিংসাত্মক এবং শত্রুতামূলক আচরণ করত। পিতার ইন্তেকালের সময় ২-৩ জন নাবালেগ ছিল। আমার আপন ভাই-বোনদের মধ্যে আমিই ছিলাম বড়। পিতার ইন্তেকালের ১০-১৫ দিন পূর্বে মৃত্যুরোগে আক্রান্ত অবস্থায় আমাকে ডেকে একটি চাবি হাতে দিয়ে বলল যে, অমুক জায়গায় অমুক বাক্সে কিছু টাকা আছে তুমি টাকাগুলো অমুক হুজুরের কাছে রাখিও। আমার পিতা মারা যাওয়ার বেশ কিছুদিন পর আম্মার পরামর্শে হুজুরকে নিবেদন জানালাম, টাকাগুলো ব্যবসায় লাগিয়ে দেওয়ার জন্য। হুজুরও তাই করলেন। ফলে এখন মুনাফাসহ তার আসল টাকা যথেষ্ট পরিমাণ হয়ে গেছে। জানার বিষয় হলো, ওই টাকার প্রাপ্য কে? এবং যাকাতের ক্ষেত্রে তার ওপর বিধান কী?

উত্তর : ইসলামী শরীয়তের আলোকে মৃত্যুরোগে আক্রান্ত অবস্থায় কাউকে কোনো কিছু দান বা হেবা করা হলে তা গ্রহণীয় নয় বিধায় আপনার আব্বার দেওয়া টাকা দান হিসেবে সাব্যস্ত হবে না। বরং তা আপনার আব্বার মৃত্যুর পর জীবিত ওয়ারিশদের মধ্যে লভ্যাংশসহ শরীয়তের দেওয়া নীতিমালা মতে বণ্টন করে দিতে হবে। বণ্টন শেষে প্রত্যেকের অংশ নিসাব পরিমাণ হলে বালেগের যাকাত দিতে হবে, নাবালেগের নয়। (১১/৪৭২)

📖 مجلة الأحكام العدلية (کارخانه تجارتِ کتب) ۱/ ۱۶۸ : (المادة ۸۷۹)

إذا وهب أحد في مرض موته شيئا لأحد ورثته وبعد وفاته لم تجز الورثة الباقون لا تصح تلك الهبة أما لو وهب وسلم لغير الورثة فإن كان ثلث ماله مساعدا لتمام الموهوب تصح وإن لم يكن مساعدا ولم تجز الورثة الهبة تصح في المقدار المساعد ويكون الموهوب له مجبورا برد الباقي.

Scanned by CamScanner

📖 فتاوی حقانیہ (مکتبہ سیداحمد) ٦ /٣٨٤ : الجواب-یہ تقسیم میراث نہیں ہے، بلکہ یہ ہبہ ہے اور مرض الموت میں کیا گیا ہبہ کالعدم ہے جب تک کہ سب ورثاء اس پر راضی نہ ہوں اور یہاں تو ایک دوسرا مانع بھی موجود ہے کہ ایک لڑکا ان میں سے نابالغ ہے اور نابالغ رضاء کا اہل نہیں ہے اس لئے یہ تقسیم اور ہبہ درست نہیں ہے، لہذا تمام وارثوں پر ترکہ از سر نو قاعدۂ میراث سے تقسیم کیا جائے گا۔

পাগল ছেলেকে না দিয়ে তার সন্তানদের নামে সম্পত্তি লিখে দেওয়া

প্রশ্ন : এক ব্যক্তির দুই ছেলে, এক ছেলে আধা পাগল। ওই পাগল মানুষের ফুঁসলানিতে বৃদ্ধ বাবার ঘরের অনেক জিনিস দুষ্ট লোককে দিয়ে দেয়। পাগল ছেলেটার শুধু চার মেয়ে ও এক স্ত্রী আছে। পাগল ছেলের ব্যাপারে পিতার প্রবল ধারণা যে তার মৃত্যুর পর সে সম্পত্তির মালিক হলে দুষ্ট লোকে তাকে ফুঁসলিয়ে দিয়ে সম্পত্তি বিনা পয়সায় নিয়ে যাবে। এই ভয়ে পিতা পাগল ছেলেটা যতটুকু সম্পত্তি পাবে তা তার ছোট চার মেয়ের নামে কবলা করে দেয়। পাগলের স্ত্রীর নামেও কিছু দেয়। এই দেওয়া ঠিক হয়েছে কি না?

উত্তর : মালিক নিজ সম্পত্তি জীবদ্দশায় যাকে ইচ্ছা দিয়ে দিতে পারেন। তবে নির্দিষ্ট কাউকে শরীয়তসম্মত কারণ ছাড়া বঞ্চিত করার উদ্দেশ্যে জীবদ্দশায় সম্পত্তি বণ্টন করা কার্যকর হলেও তা জুলুম হবে। তবে প্রশ্নোল্লিখিত ব্যক্তির উদ্দেশ্যে যেহেতু কাউকে বঞ্চিত করা নয়, বরং পাগল ওয়ারিশের সম্পদের হেফাজত করা বিধায় পাগলের প্রাপ্য অংশ তার মেয়েদের ও স্ত্রীর নামে কবলা করাতে কোনো গোনাহ হবে না। (৭/২৪১)

📖 الفتاوى الهندية (زكريا) ٣٩٣/٤ : الموهوب له إن كان من أهل القبض فحق القبض إليه، وإن كان الموهوب له صغيرا أو مجنونا فحق القبض إلى وليه.

📖 رد المحتار (سعيد) ٦٩٦/٥ : وفي الخانية لا بأس بتفضيل بعض الأولاد في المحبة لأنها عمل القلب، وكذا في العطايا إن لم يقصد به الإضرار، وإن قصده فسوى بينهم يعطي البنت كالابن عند الثاني وعليه الفتوى ولو وهب في صحته كل المال للولد جاز وأثم.

📖 فتاوی محمودیہ (زکریا) ١٤/ ٤٤١ : الجواب-زید کو پورا اختیار ہے کہ اپنی جائداد پوتوں کو دیدے یا کسی اور کو دے لیکن اتنا خیال رہے کہ مستحق کو محروم کرنے کا قصد نہ ہو کہ یہ ظلم اور معصیت ہے۔

Scanned by CamScanner

পালক সন্তানকে সিংহ ভাগ সম্পত্তি দিয়ে দেওয়া

প্রশ্ন : জনৈক নিঃসন্তান ব্যক্তি একটি মেয়েকে পালক পালে এবং প্রাপ্তবয়স্কা হলে ওই মেয়েকে বিবাহ দেয় এবং তার সম্পত্তির অধিকাংশ ওই মেয়েকে এবং তার স্বামীকে দান করে দেয়। এদিকে ওই ব্যক্তির স্ত্রী ও ভাই-বোন আছে। জানার বিষয় হলো, ওই ব্যক্তির পালক মেয়েকে কী পরিমাণ সম্পত্তি দেওয়া জায়েয?

উত্তর : জীবদ্দশায় নিজ মালিকানাধীন সম্পদ যাকে ইচ্ছা দান করতে পারে। তবে শরীয়ত সমর্থিত কোনো কারণ ছাড়া ওয়ারিশদের বঞ্চিত করার মানসে দান করা হলে যদিও এ দান কার্যকর হয়, কিন্তু খারাপ নিয়্যাতের কারণে গোনাহগার হবে। প্রশ্নে বর্ণিত ব্যক্তি পালক মেয়ে ও তার স্বামীকে যতটুকু সম্পদ দান করে তাদের মালিকানায় দিয়ে দেবে হস্তগত হওয়ার পর মহিলা ও তার স্বামী উক্ত সম্পদের বৈধ মালিক বলে বিবেচিত হবে। (৭/৬৮৯)

📖 خلاصة الفتاوى (رشيديه) ٤/٤٠٠ : ولو وهب جميع ماله لابنه جاز فى القضاء وهو إثم نص عن محمد رح هكذا فى العيون، ولو أعطى بعض ولده شئيا دون دون البعض لزيادة رشده لابأس به، وإن كان سواء لا ينبغى أن يفضل ولو كان ولده فاسقا، فأراده أن يصرط ماله إلى وجوه الخير ويحرمه عن الميراث هذا خير من تركه؛ لأن فيه إعانة على المعصية ولو كان ولده فاسقا لايعطى له أكثر من قوته -

📖 فتاوى قاضيخان (أشرفيه) ٤/٢٩٠ : رجل وهب فى صحته كل المال للولد جاز فى القضاء و يكون آثما فيما صنع-

📖 فتاوی رحیمیہ (دار الاشاعت) ۶/ ۱۵۰ : بعض لوگ تمام عمر اطاعت خداوندی میں مشغول رہتے ہیں، لیکن موت کے وقت میراث میں وارثوں کو ضرر پہنچاتے ہیں (یعنی بلاوجہ شرعی کسی حصے سے محروم کردیتے ہیں) یا حصہ کم کردیتے ہیں ایسے شخصوں کو اللہ تعالی سیدھا دوزخ میں پہونچادیتا ہے، دوسری حدیث میں ارشاد ہے کہ جو شخص اپنے وارث کو میراث سے محروم کرے گا اللہ تعالی اسکو جنت سے محروم فرمادیں گے۔

রোগাক্রান্ত অবস্থায় দানের বিধান

প্রশ্ন : আমাদের পিতা আব্দুল করীম সাহেব মৃত্যুর প্রায় ১৩ মাস পূর্বে তাঁর ছেলেমেয়েদের একত্রে ডেকে বলেন, আমার টাকা-পয়সা লোকের কাছে আটকে আছে,

Scanned by CamScanner

আদায় করতে পারছি না। আমার নাবালেগ ছেলেদের জন্য বেশি থাকছে না। মেয়েরা! আমি তোমাদের প্রত্যেককে ছয় বিঘা জমি অথবা আড়াই লাখ করে টাকা দিচ্ছি, এ নিয়ে তোমরা সন্তুষ্ট হও। তখন ছয় বোনের এক বোন অসন্তুষ্ট প্রকাশ করেন এবং বাকিরা চুপ থাকেন। তিনি বলেন–আব্বা, শরীয়ত মতে বণ্টন করুন। প্রতিউত্তরে আব্বা বলেন, অমুক ধনী ব্যক্তি মেয়েদের এই দিয়েছে। আমি আড়াই লাখ অথবা ছয় বিঘা জমি দিচ্ছি, তোমরা এতে সন্তুষ্ট হও। আল্লাহ তোমাদের ভালো রাখবেন। এই আলোচনার পর প্রত্যেক বোন ছয় বিঘা করে জমি নিয়ে নেন। বাকি জায়গা, জমি, ঘরবাড়ি, ব্যবসা-বাণিজ্য–সবই আব্বা ওই একই সময়ে তাঁর চার ছেলেদের মধ্যে রেজিস্ট্রিমূলে বণ্টন করে দেন। বোনদের সম্পত্তি কম হয়েছে, অর্থাৎ প্রত্যেক বোনের পাওয়া প্রত্যেক ভাইয়ের পাওয়ার অর্ধেকেরও অনেক কম। আমাদের পিতা মৃত্যুর ১৩ মাস পূর্বে যখন ছেলেমেয়েদের মধ্যে সম্পত্তি বণ্টন করেন তারও আনুমানিক ১০ মাস পূর্ব থেকে হার্টের অসুখ, কিডনির অসুখ এবং ডায়াবেটিস রোগের রোগী ছিলেন। তিনি তখন মস্তিষ্কের লাইনে বা কথাবার্তা বলার ব্যাপারে সুস্থ ছিলেন। তবে তিনি দুর্বলতার কারণে স্বাভাবিকভাবে চলাফেরা করতে পারতেন না, ধরে বসানো হতো, দাঁড় করানো হতো। এভাবে আরো দুর্বল হতে হতে একসময় তিনি মারা যান।

এখন আমাদের জানার বিষয় হলো, আব্বার এই বণ্টনকৃত সম্পদ ভোগ করা ছেলেদের জন্য বৈধ হবে কি না? শরীয়তের দৃষ্টিতে আব্বার জন্য বণ্টন কাজটি কেমন ধর্তব্য হবে?

উত্তর : যেকোনো ব্যক্তির মৃত্যু যে রোগের কারণে হয়েছে তা ওই রোগের অবস্থায় ওয়ারিশদের দেওয়া সম্পত্তি শরীয়তসম্মত হয় না। তাই ওই ব্যক্তির মৃত্যুর পর সম্পত্তি শরীয়ত মোতাবেক বণ্টন হবে। আর যদি রোগের অবস্থায় বণ্টন হয়; কিন্তু মৃত্যুর কারণ ওই রোগ না হয় সে ক্ষেত্রে বণ্টন সঠিক বলা যাবে। যদি বণ্টনকৃত জায়গা দান গ্রহণকারীরা নিজ তত্ত্বাবধানে নিয়ে আসা না হয় দানকারী মৃত্যুর পর ওয়ারিশদের মধ্যে শরীয়ত মোতাবেক বণ্টন হবে। প্রশ্নে বর্ণিত যে রোগের অবস্থায় হয়েছিল মৃত্যুর কারণ এ রোগ হলে বণ্টন বাতিল হবে, নচেৎ বণ্টন ঠিক বলা হবে। তবে কোনো কোনো কিতাবে এটাও লেখা আছে যে, কোনো রোগী যদি রোগ অবস্থায় বণ্টন করে আর এক বছর অতিবাহিত হওয়ার পূর্বে মারা যায় তখন ওই বণ্টন বাতিল হবে না। তাই ওয়ারিশরা যদি রেজিস্ট্রি বণ্টন মেনে নেয় তাহলে কোনো অসুবিধা থাকে না। আর যদি না মেনে থাকে তখনও উক্ত বণ্টন সঠিক বলা যেতে পারে। তবে উত্তম হয় ওয়ারিশদের মধ্যে শরীয়তসম্মত বণ্টন করে দেওয়া। (৮/২৯০)

📖 الدر المختار (سعيد) ٣/٣٨٤ : (من غالب حالة الهلاك بمرض أو غيره بأن أضناه مرض عجز به عن إقامة مصالحه خارج البيت)

Scanned by CamScanner

هو الأصح كعجز الفقيه عن الإتيان إلى المسجد وعجز السوقي عن الإتيان إلى دكانه..

📖 رد المحتار (سعيد) ٣٨٤/٣ : وقد يوفق بين القولين، بأنه إن علم أن به مرضا مهلكا غالبا وهو يزداد إلى الموت فهو المعتبر، وإن لم يعلم أنه مهلك يعتبر العجز عن الخروج للمصالح هذا ما ظهر لي.

فإن قلت: إن مرض الموت هو الذي يتصل به الموت فما فائدة تعريفه بما ذكر.

قلت: فائدته أنه قد يطول سنة فأكثر كما يأتي فلا يسمى مرض الموت وإن اتصل به الموت. وأيضا فقد يموت المريض بسبب آخر كالقتل فلا بد من حد فاصل تبتنى عليه الأحكام.

📖 البحر الرائق (سعيد) ٤٢٩/٨ : قال - رحمه الله - (وهبته وصية) يعني حكمها حكم الوصية أي إذا وهب المريض في مرضه يكون حكمه حكم الوصية أطلق في الهبة فشمل ما إذا عادت للمريض أو لم تعد، وللأجنبي، وللوارث.

📖 البحر الرائق (سعيد) ٤٠٣/٨ : وكونه أجنبيا حتى أن الوصية للوارث لا تجوز إلا بإجازة الورثة، وأن لا يكون قاتلا، وكون الموصى به شيئا قابلا للتمليك من الغير بعقد من العقود حال حياة الموصي سواء كان موجودا في الحال أو معدوما، وأن يكون أيضا الموصى به بقدر الثلث حتى أنها لا تصح فيما زاد على الثلث كذا في النهاية، وفي العناية أيضا بطريق الإجمال، وفي الأصل، ومن شروطها كون الموصي أهلا للتبرع فلا تصح من صبي ولا عبد.

📖 الفتاوى الهندية (زكريا) ٣٧٤/٨ : ومنها أن يكون الموهوب مقبوضا حتى لا يثبت الملك للموهوب له قبل القبض وأن يكون الموهوب مقسوما إذا كان مما يحتمل القسمة.

বিভিন্ন সুযোগ-সুবিধা শুধুমাত্র এক সন্তানকে দেওয়া

প্রশ্ন : জীবিত অবস্থায় পিতা-মাতা নিজ মালিকানা সম্পত্তি অথবা টাকা-পয়সা বা স্বর্ণ-রুপা বা গাছপালা বা অন্য কোনো সম্পদ কোনো এক সন্তানকে দেওয়া এবং অন্য

Scanned by CamScanner

সন্তানকে না দেওয়া শরীয়তসম্মত কি না? অথবা কোনো সন্তানকে বেশি দেওয়া জায়েয আছে কি না?

উত্তর : পিতা-মাতা জীবদ্দশায় সন্তানদের কিছু দিলে তা হেবা তথা দান হিসেবে গণ্য হবে। সন্তানদের দানের ব্যাপারে কমবেশি করার অনুমতি থাকলেও শরীয়তসম্মত কোনো কারণ ছাড়া ছেলেমেয়ে সবাইকে সমান দেওয়াই উত্তম। বিহীত কোনো কারণ ছাড়া কমবেশি দিলে বা কাউকে বঞ্চিত করলে বা কোনো সন্তানকে কষ্ট দেওয়ার নিয়্যাতে কম দিলে বা বঞ্চিত করলে বাপ গোনাহগার হবে। শরীয়তসম্মত কারণ যথা–কোনো সন্তান গরিব, অক্ষম বা দ্বীনি শিক্ষায় ব্যস্ত ইত্যাদির কারণে সন্তানদের বেশি দেওয়া এবং সন্তান বাবার অবাধ্য বা অবৈধ কাজে লিপ্ত ইত্যাদি কারণে তাদের কম দেওয়ার অধিকার বাবার আছে। এ ক্ষেত্রে বাবা গোনাহগার হবে না। উপরোক্ত শরয়ী নীতিমালাগুলোর আলোকে প্রশ্নে বর্ণিত পদ্ধতিগুলোর শরয়ী আহকাম নির্ণয় করা সহজ। (৮/৫৭৯)

📖 رد المحتار (سعيد) ٤/٤٤٤ : ولو وهب شيئا لأولاده في الصحة، وأراد تفضيل البعض على البعض روي عن أبي حنيفة لا بأس به إذا كان التفضيل لزيادة فضل في الدين وإن كانوا سواء يكره وروى المعلى عن أبي يوسف أنه لا بأس به إذا لم يقصد الإضرار وإلا سوى بينهم وعليه الفتوى، وقال محمد: ويعطي للذكر ضعف الأنثى، وفي التتارخانية معزيا إلى تتمة الفتاوى قال: ذكر في الاستحسان في كتاب الوقف، وينبغي للرجل أن يعدل بين أولاده في العطايا والعدل في ذلك التسوية بينهم في قول أبي يوسف وقد أخذ أبو يوسف حكم وجوب التسوية من الحديث، وتبعه أعيان المجتهدين، وأوجبوا التسوية بينهم وقالوا يكون آثما في التخصيص وفي التفضيل، وليس عند المحققين من أهل المذهب فريضة شرعية في باب الوقف إلا هذه بموجب الحديث المذكور، والظاهر من حال المسلم اجتناب المكروه، فلا تنصرف الفريضة الشرعية في باب الوقف إلا إلى التسوية والعرف لا يعارض النص هذا خلاصة ما في هذه الرسالة، وذكر فيها أنه أفتى بذلك شيخ الإسلام محمد الحجازي الشافعي والشيخ سالم السنهوري المالكي والقاضي تاج الدين الحنفي وغيرهم اهـ

📖 فتاوی محمودیہ (زکریا) ۴/ ۴۴۶ : حضرت نبی کریم صلی اللہ علیہ وآلہ وسلم نے حدیث شریف میں اولاد میں مساوات کی ترغیب دی ہے کسی کو کم اور کسی کو زیادہ دینے سے منع فرمایا ہے،

Scanned by CamScanner

بایں ہمہ یہ حکم وجوبی نہیں اگر کسی کو اس کی ضروریات اور حاجت یا دینی مشغلہ یا دیگر فضائل کیوجہ سے زیادہ دیدے اور مقصود دوسرے کو نقصان پہونچانا نہ ہوتب بھی منع نہیں بلکہ جائز ہے۔

রেজিস্ট্রি করে ভোগদখলে না দেওয়া ও খরচে তারতম্যের বিধান

প্রশ্ন : ১. আমার আব্বা মৃত্যুর পূর্বে কিছু জায়গাজমি কিছু ভাইদের নামে রেজিস্ট্রি করেছেন। আবার কারো নামে দানপত্রও করেছেন। আবার কোনো ভাইয়ের নামে অল্প, কারো নামে বেশি। কিন্তু মৃত্যুর আগমুহূর্ত পর্যন্ত কারো দখলে কোনো জায়গা দেননি। এমতাবস্থায় তাঁর ইন্তেকাল হয়ে যায়। এখন আমরা ভাইগণ দানপত্র রেজিস্ট্রি হিসেবে সম্পদের মালিক হব, না সবাই পৈতৃক সম্পদ হিসেবে সমান ভাগে বণ্টন হবে?

২. এক ভাই বাপের মৃত্যুশয্যায় কিছু টাকা দিয়ে তার নামে এক কানি জমি দানপত্র লিখে নেয়। কিন্তু আব্বা মৃত্যুর আগমুহূর্ত পর্যন্ত তাকে ভোগদখল দেননি। এমতাবস্থায় ওই ভাই কি উক্ত সম্পদের মালিক হবে?

৩. এক ভাই লেখাপড়ায় ছিল তার নামে যে দানপত্র ছিল সে কি তার মালিক হবে? নাকি বাপের মৃত্যুর পর তা পৈতৃক সম্পদের আওতাভুক্ত হয়ে সমানভাগে ভাগ হবে।

৪. আব্বা কোনো ছেলের বিবাহে ২০ হাজার আবার কোনো ছেলের বিবাহে ৫০ হাজার যুগোপযোগী খরচ করেছেন। এক ভাইয়ের বিবাহে খরচের প্রয়োজন হয়নি বিধায় খরচ করেননি। এখন সবাই পৃথক সংসারে বাস করছে। যে ভাইয়ের বিবাহে খরচ করেননি তার দাবি, আমার বিবাহে খরচ করা হয়নি বিধায় আমার প্রাপ্য হিসেবে বেশি জমির ভাগ দিতে হবে। উক্ত দাবি শরীয়তে গ্রহণীয় কি না?

উত্তর : ১, ৩. হেবা বা দানপত্র পরিপূর্ণ হওয়ার জন্য শরীয়তের দৃষ্টিতে দাতা সে সম্পদ পৃথক করে গ্রহীতাদের দখলে দিয়ে দেওয়া ও গ্রহীতাদের তা বুঝে নেওয়া পূর্বশর্ত। এর পূর্বেই দাতা ইন্তেকাল করলে দানপত্র বাতিল বলে গণ্য হবে এবং সকল সম্পদ তাদের পৈতৃক সম্পদ হিসেবে বণ্টন হবে।

২. যে অসুস্থতায় মৃত্যু ঘটেছে সে অসুস্থতায় স্বীয় কোনো ওয়ারিশের নিকট জমি বিক্রি করে থাকলে অন্য ওয়ারিশদের অনুমতি সাপেক্ষে তা বৈধ হবে এবং ক্রেতা তার মালিক হয়ে যাবে। অন্যথায় তা ত্যাজ্য সম্পত্তি হিসেবে সকল ওয়ারিশের মাঝে শরয়ী বিধান অনুযায়ী বণ্টন হবে। সুতরাং প্রশ্নে বর্ণিত পদ্ধতিতে যে ভাই টাকার বিনিময়ে সম্পদ

Scanned by CamScanner

দানপত্র হিসেবে বাবা থেকে নেওয়ার দাবি করছে অন্য ওয়ারিশদের অনুমতি থাকলে সে মালিক হবে, অন্যথায় নয়।

৪. শরীয়তে পিতা-মাতার জন্য ছেলেমেয়ের বিবাহ উপলক্ষে স্থান-কাল পাত্রবিশেষ কমবেশি খরচ করার অধিকার রয়েছে। তবে বিহীত কোনো কারণ ছাড়া কম খরচ করলে পরকালে তার জবাবদিহিতা করতে হবে। কিন্তু এর ফলে যার জন্য বেশি কম খরচ করা হয়েছে বা খরচ করা হয়নি, তার জন্য ত্যাজ্য সম্পত্তিতে বেশি দাবি করার অধিকার শরীয়তে নেই। যেহেতু প্রশ্নোল্লিখিত অবস্থায় উক্ত ভাইয়ের দাবি সঠিক নয়, সেহেতু ত্যাজ্য সম্পত্তি হতে সকল ভাই সমানভাবে ভাগ পাওয়াটাই শরীয়তের বিধান। (৮/৮৫১)

📖 الدر المختار (سعيد) ٥/٦٨٨ : و) شرائط صحتها (في الموهوب أن يكون مقبوضا غير مشاع مميزا غير مشغول) كما سيتضح. (وركنها) هو (الإيجاب والقبول) كما سيجيء.

📖 فيه أيضا ٥/ ٦٩٠ : (و) تصح (بقبول) أي في حق الموهوب له أما في حق الواهب فتصح بالإيجاب وحده؛ لأنه متبرع حتى لو حلف أن يهب عبده لفلان فوهب ولم يقبل بر وبعكسه حنث بخلاف البيع -

📖 الفتاوى الهندية (زكريا) ٤/٤٠٠ : (الباب العاشر في هبة المريض). قال في الأصل: ولا تجوز هبة المريض ولا صدقته إلا مقبوضة فإذا قبضت جازت من الثلث وإذا مات الواهب قبل التسليم بطلت، يجب أن يعلم بأن هبة المريض هبة عقدا وليست بوصية واعتبارها من الثلث ما كانت؛ لأنها وصية معنى؛ لأن حق الورثة يتعلق بمال المريض وقد تبرع بالهبة فيلزم تبرعه بقدر ما جعل الشرع له وهو الثلث، وإذا كان هذا التصرف هبة عقدا شرط له سائر شرائط الهبة ومن جملة شرائطها قبض الموهوب له قبل موت الواهب، كذا في المحيط.

📖 فيه أيضا ٣/ ١٥٤ : ومن الموقوف إذا باع المريض في مرض الموت من وارثه عينا من أعيان ماله إن صح جاز بيعه وإن مات من ذلك المرض ولم تجز الورثة بطل البيع.

📖 البحر الرائق (سعيد) ٦/٦٩ : الحادي والعشرون: بيع المريض عينا من أعيان ماله لبعض ورثته موقوف على إجازة الباقي، ولو كان بمثل القيمة عنده.

Scanned by CamScanner

📖 الفتاوى الهندية (زكريا) ١٥٤/٣ : ومن الموقوف إذا باع المريض في مرض الموت من وارثه عينا من أعيان ماله إن صح جاز بيعه وإن مات من ذلك المرض ولم تجز الورثة بطل البيع.

শিশুপুত্রের নামে জমি কিনলে সে মালিক হয়ে যায়

প্রশ্ন : আমি পোরশা নিবাসী। শিশুকালে পিতা কর্তৃক একটি বাড়ির জায়গা ক্রয়সূত্রে পাই। উল্লেখ্য, বিক্রেতা আবুল কাশেম শাহের নিকট হতে ক্রয় করার সময় তিনি আমার পিতার আদেশে ও উপস্থিতিতে আমার নামে দলিল করেন। তিনি ঘরোয়া দলিলে আমার নামে লিখে দেন এবং আরএস খতিয়ানে তিনি নিজে আমার নামে রেকর্ড করে দেন। অতঃপর প্রায় ২৫-৩০ বছর পর আমার মেজ ভাই আলাউদ্দীন শাহের নামে ঘরোয়া দলিলে লিখে দেন। মেজ ভাইকে দেওয়ার প্রাক্কালে তিনি আব্বাকে বলেন যে এই জমি তো ছোট ভাইয়ের নামে দেওয়া হয়েছে এবং তার নামে রেকর্ডও করা হয়েছে। এতদসত্ত্বেও এ জমি আমি কিভাবে নিতে পারি? তখন আমার পিতা তাকে আরেকটি জায়গা দিয়ে দেন। এখন জানার বিষয় হলো, আমার ভাই আমার উক্ত জায়গার হকদার কি না?

উত্তর : পিতা কোনো পুত্রের জন্য শিশুকালে বাড়ির জায়গা ক্রয় করলে পুত্র মালিক হয়ে যায়। পিতার জন্য ওই জায়গা অন্য পুত্রকে দেওয়া শরীয়তের দৃষ্টিতে বৈধ নয়। তাই প্রশ্নে বর্ণিত জায়গার মালিক ছোট ভাই আমানতুল্লাহ শাহ হবে। পিতা ওই জায়গাটি আলাউদ্দিন শাহের নামে ঘরোয়া দলিলে লিখে দিলেও ওই জায়গার মালিক হবে না। (১৪/৩৩২/৫৬২৮)

📖 رد المحتار (سعيد) ٧٢٦/٦ : ولو اشترى لطفله ثوبا أو طعاما وأشهد أنه يرجع به عليه يرجع لو له مال وإلا لا لوجوبهما عليه حينئذ، وبمثله لو اشترى له دارا أو عبدا يرجع سواء كان له مال أو لا، وإن لم يشهد لا يرجع كذا عن أبي يوسف وهو حسن يجب حفظه. انتهى.

📖 فتاوی خلیلیہ ص ۲۶۹ : بکر نے اپنے دو پسران نابالغ کو جو مکان زمین اس کے نام سے خریدی ہے ہبہ نہیں کی بلکہ پولابت خود ان کی طرف سے ان کا ولی ہو کر خریدی ہے اس شراکا قطعی یہ حکمی ہے کہ وہ مکان نابالغاں کی ملک میں بزریہ اس

Scanned by CamScanner

بیع کے داخل ہو گیا اور اس کے ذمہ اس کی قیمت واجب ہو گئی اب اگر تسلیم کر کیا جائے کہ بکر نے وہ قیمت جو بذمہ نابالغاں تھی اپنے مال سے ادا کی ہے تو اس رقم کا ادا کرنا اس کی طرف سے تبرع ہوا ہے گھر ہبہ ہوا ہے تو محض اس کی رقم کا ہبہ بکر کی طرف سے نابالغاں کو ہوا ہے۔

হেবা পূর্ণ হওয়ার জন্য ভোগদখল শর্ত রেজিস্ট্রি নয়

প্রশ্ন : আমার মা-বাবা দুজনই মারা গেছেন। আমার বাবা জীবিত থাকাকালীন সময়ে আমার মায়ের নামে একটি জমি ক্রয় করে মালিক বানিয়ে যান। আমরা চার ভাই ও চার বোন। বাবা মারা যাওয়ার ১৭-১৮ বছরের মধ্যে আমার দুই ভাই ও তিন বোন পারিবারিক নানা কারণে মার মনে খুবই ব্যথা দিয়েছে। যার কারণে মা চায়নি বাবার দেওয়া জমির ভবিষ্যৎ মালিক তার এই সন্তানরা হোক। এ কারণে ওই সময় মা আমাদের দুই ভাইকে বলে যে আমার জমিটা তোমাদের দুই ভাইয়ের নামে লিখে নাও। আমার ভাই সরকারি বড় চাকরি করতেন, আর আমি ছিলাম বেকার। আমার ভাই মাকে ওই সময় বলেন, আমার জমির প্রয়োজন নেই, তুমি ওকেই জমিটা দিয়ে দাও। এরপর মা তার জমিটা আমার নামে রেজিস্ট্রি করে দিতে চেয়েছিল। আমি আজ, কাল করতে করতে এভাবে সময় নষ্ট হতে লাগল। আমার অবহেলার কারণে জমিটি আর আমি রেজিস্ট্রি করে নিতে পারিনি। মা অসুস্থ হয়ে হঠাৎ মারা যায়। মা মারা যাওয়ার ৭-৮ বছর পর পারিবারিক কারণে আমরা ৬-৭ ভাই-বোন বাড়িতে একত্রিত হই। সে সময় আমার বড় ভাই সবার সামনে বলেন, মা যখন জমিটা ওকে দিয়ে গেছে। মার কথা তারা মেনে নিয়েছে। ওই সময় আমার ছোট বোন উপস্থিত ছিল না। মা মারা গিয়েছে আজ ১৭-১৮ বছর। মার জমিটা আজও আমি ভোগদখল করে খাচ্ছি। কয়েক মাস আগে মার জমিটা আমি বিক্রি করতে চাইলাম। বর্তমানে ছোট ভাই মার কথা একবার মানে, একবার মানে না। বোনদের মধ্যে একজন মার কথা মানলেও আমার নামে না-দাবি দিয়ে দেবে কি না, বলতে পারি না। কয়েক মাস আগে ছোট ভাই আমাকে বলে, সব ভাই-বোন মার কথা মেনে নিয়েছে। আমিও আপনার মনে ব্যথা দিতে চাই না। আমিও মার কথা মেনে নিলাম। তবে একটি শর্তে। শর্তটা হচ্ছে, জমিটা তার কাছে বিক্রি করতে হবে। আইন মালিক, যদি মৌখিক জমি দিয়ে যায় কিন্তু রেজিস্ট্রি করে দিয়ে যেতে না পারলে দুনিয়ার আইনে মালিক হওয়া যায় না। আমার প্রশ্ন হচ্ছে :

১. জমির মালিক যদি মৌখিক জমি দিয়ে যায় দুনিয়ার আইনে মালিক না হলেও ইসলামী শরীয়াহ আইনের আলোকে জমির মালিক হয় কি না?

২. আর আমার মৃত মায়ের কথা অমান্য করে যদি আমার কোনো ভাই-বোন আমাকে এ জমি হতে বঞ্চিত করে তাহলে পরকালে আল্লাহর দরবারে দায়ী হবে কি না?

Scanned by CamScanner

উত্তর : যেহেতু মানুষের মৃত্যুর পর তার সম্পদ কোরআন-হাদীস কর্তৃক বণ্টিত, তাই নিজে বণ্টন না করাই সমীচীন। তা সত্ত্বেও যদি কেউ করতে চায় তাহলে ইসলামী শরীয়তের বিধানানুযায়ী মাতা-পিতার জন্য জীবদ্দশায় সম্পদ বণ্টনের ব্যাপারে সন্তান-সন্ততির মধ্যে সামঞ্জস্য রাখাই উচিত। বিশেষ কোনো কারণ ছাড়া কাউকে সম্পদ থেকে বঞ্চিত করা অন্যায় ও গোনাহ। তবে কাউকে বঞ্চিত করার নিয়্যাত ছাড়া বিশেষ কারণবশত কোনো ছেলেকে অগ্রাধিকার দেওয়াতে গোনাহগার হবে না। জীবদ্দশায় কোনো ছেলেকে সম্পদ দানকালে ওই সম্পদের ভোগদখল দেওয়া দান সহীহ্-শুদ্ধ হওয়ার পূর্বশর্ত বিধায় প্রশ্নকারীর মা যদি জীবদ্দশায় এ জমির ভোগদখল আপনাকে দিয়ে থাকে তাহলে সরকারি কাগজে রেজিস্ট্রি না হলেও শরয়ী দৃষ্টিকোণে আপনি উক্ত সম্পদের মালিক বলে বিবেচিত হবেন। এতে অন্য ভাই-বোনদের দাবি গ্রহণীয় হবে না। পক্ষান্তরে মা ইন্তেকালের পূর্বে যদি ভোগদখল না দিয়ে থাকে, বরং শুধু মৌখিক বলে থাকে তাহলে আপনি উক্ত জমির মালিক হবেন না। বরং উক্ত জমি মিরাছ হিসেবে সব ভাই-বোনের মধ্যে শরীয়তের দেওয়া নীতিমালা অনুযায়ী কোনো ভাইয়ের অর্ধেক হিসেবে বণ্টন করে দিতে হবে। দান যদি সহীহ হয় এবং আপনি উক্ত জমির মালিক হয়ে থাকেন তাহলে ভাই-বোনদের মাঝে যারা সরকারি আইনের আওতায় মায়ের কৃত দানকে মানবে না, তারা গোনাহগার হবে। আর যদি দান সহীহ না হওয়া অবস্থায় আপনি ভাই-বোনদের হক না দিয়ে একা ভোগ করতে চান তাহলে আপনি গোনাহগার হবেন। (১৩/২১১/৫২৩০)

📖 رد المحتار (سعيد) ٥/٧٠٩ : دفع لابنه مالا ليتصرف فيه ففعل وكثر ذلك فمات الأب إن أعطاه هبة فالكل له، وإلا فميراث.

📖 الدر المختار (سعيد) ٥/ ٦٩٠ : (وتتم) الهبة (بالقبض) الكامل -

📖 رد المحتار (سعيد) ٥/ ٦٩٠ : (قوله: بالقبض) فيشترط القبض قبل الموت -

মেয়েদেরকে কিছু দেওয়ার শর্তে ছেলেদেরকে কোনো কিছু হেবা করা

প্রশ্ন : আমার পিতা তার ছয় পুত্রের নামে একটি দোকান খরিদ করে দিয়েছে এবং এখন তার বক্তব্য ছিল যে ওই কারণে অনুরূপ মূল্যমানের সম্পদ তার মৃত্যুর পর যেন আমরা অন্য সম্পত্তি থেকে আমার পিতা-মাতা ও বোনদের হিস্যা করে দিই। এখন পিতার মৃত্যুর পর ওই দোকানের পরিবর্তে কোনো সম্পত্তি বা টাকা বা দোকানেরই অংশ তাদের মাঝে বণ্টন করে দেওয়া আমাদের কর্তব্য কি? বা ফরয কি? বণ্টন করে দিতে হলে তা ফারাইজ মতো দেব কি না?

Scanned by CamScanner

উত্তর : ছয় পুত্রের নামে খরিদ করা দোকান যদি পিতার জীবদ্দশায় তাদের দখলে দিয়ে থাকে তাহলে তারা ওই দোকানের মালিক হয়ে যাবে এবং পিতার ওসিয়ত ওয়ারিশদের জন্য যেহেতু শরীয়তের দৃষ্টিতে গ্রহণযোগ্য নয় বিধায় তা পূরণ করা জরুরি নয়। তবে বালেগ ওয়ারিশরা সর্বসম্মতিক্রমে তাদের অংশ থেকে মাতা ও বোনদের কিছু দিতে চায় তাহলে শরীয়তে অবশ্যই তার অনুমতি আছে, বরং দেওয়াটাই উত্তম।
আর যদি পিতার জীবদ্দশায় ওই দোকান ছেলেদের দখলে না দিয়ে থাকে তাহলে পিতার মৃত্যুর পর তা অন্যান্য সম্পদের সাথে শামিল হয়ে ওয়ারিশদের মাঝে ফারাইজ অনুযায়ী বণ্টন হবে। (৪/৩৬৬)

📖 الهداية (مكتبة البشرى) ٨/ ٢٦١ : قال: "ولا تجوز لوارثه" لقوله عليه الصلاة والسلام: "إن الله تعالى أعطى كل ذي حق حقه، ألا لا وصية لوارث" ولأنه يتأذى البعض بإيثار البعض ففي تجويزه قطيعة الرحم ولأنه حيف بالحديث الذي رويناه، ويعتبر كونه وارثا أو غير وارث وقت الموت لا وقت الوصية لأنه تمليك مضاف إلى ما بعد الموت، وحكمه يثبت بعد الموت. "والهبة من المريض للوارث في هذا نظير الوصية" لأنها وصية حكما حتى تنفذ من الثلث، وإقرار المريض للوارث على عكسه لأنه تصرف في الحال فيعتبر ذلك وقت الإقرار.
قال: "إلا أن تجيزها الورثة" ويروى هذا الاستثناء فيما رويناه، ولأن الامتناع لحقهم فتجوز بإجازتهم؛ ولو أجاز بعض ورد بعض تجوز على المجيز بقدر حصته لولايته عليه وبطل في حق الراد..

📖 الدر المختار (سعيد) ٥/ ٦٩٠ : (وتتم) الهبة (بالقبض) الكامل -

📖 رد المحتار (سعيد) ٥/ ٦٩٠ : (قوله: بالقبض) فيشترط القبض قبل الموت -

সেবাযত্নে খুশি হয়ে কোনো স্ত্রীকে সম্পদ লিখে দেওয়া

প্রশ্ন : আমার দুই মা। আমাদের পক্ষে আমরা দুই ভাই ও তিন বোন। আর অপর পক্ষে তারা চার ভাই ও এক বোন। আমার আব্বা অসুস্থ। আমার অপর পক্ষের ভাইয়েরা আব্বার কোনো খরচ দেয় না। আমার ভাই যাবতীয় খরচ বহন করে। আমার আব্বা তিনবার স্ট্রোক করেছেন। আমার মা প্রত্যেকবার হাসপাতাল থেকে নিয়ে অদ্যাবধি তাঁর সেবা করছেন। আমার আব্বা প্রায় ১২ বিঘা জমির মালিক। সেখান থেকে

Scanned by CamScanner

আমাদের দুই ভাইয়ের বাড়ি বানানোর জন্য ৪০ শতক জমি আমার মায়ের নামে লিখে দেন। প্রশ্ন হলো, খুশি হয়ে আমার মায়ের নামে ৪০ শতক জমি লিখে দেওয়া আমার আব্বার জন্য বৈধ হবে কি না? এবং পরকালে আমার আব্বার ওপর কোরনা ধরনের আযাব হবে কি না?

উত্তর : যদি কোনো ব্যক্তি জীবিত অবস্থায় সুস্থ শরীরে কোনো ওয়ারিশের সেবাযত্ন বা স্বভাব-চরিত্রে মুগ্ধ হয়ে তার নামে কিছু দান করে বা লিখে তার ভোগদখলে দিয়ে দেয় তাহলে শরীয়তে তার অনুমতি আছে। তবে উল্লেখযোগ্য কোনো কারণ ছাড়া অপরকে বঞ্চিত করার লক্ষ্যে একজনের নামে দান করা গোনাহ। সুতরাং আপনার পিতা যদি বাস্তবেই আপনার মায়ের সেবাযত্নে মুগ্ধ হয়ে সুস্থ শরীরে ৪০ শতক জমি দিয়ে তাঁর ভোগদখলে দিয়ে দেন তাহলে তা বৈধ বলে বিবেচিত হবে এবং পরকালে এর জন্য পাকড়াও হবেন না। (১৬/৪০৪)

📖 الدر المختار (سعيد) ٦٩٦/٤ : وفي الخانية لا بأس بتفضيل بعض الأولاد في المحبة لأنها عمل القلب، وكذا في العطايا إن لم يقصد به الإضرار، وإن قصده فسوى بينهم يعطي البنت كالابن عند الثاني وعليه الفتوى ولو وهب في صحته كل المال للولد جاز وأثم.

📖 الفتاوى الهندية (زكريا) ٣٩١/٤ : وروي عن أبي حنيفة - رحمه الله تعالى - أنه لا بأس به إذا كان التفضيل لزيادة فضل له في الدين، وإن كانا سواء يكره وروى المعلى عن أبي يوسف - رحمه الله تعالى - أنه لا بأس به إذا لم يقصد به الإضرار، وإن قصد به الإضرار سوى بينهم يعطي الابنة مثل ما يعطي للابن وعليه الفتوى هكذا في فتاوى قاضي خان وهو المختار، كذا في الظهيرية.

📖 فيه أيضا ٣٨٨/٤ : ولا يتم حكم الهبة إلا مقبوضة ويستوي فيه الأجنبي والولد إذا كان بالغا.

হেবা ফেরত নেওয়ার হুকুম

প্রশ্ন : ছেলেসন্তান বা অন্য কাউকে জায়গাজমি বা টাকা-পয়সা হেবা করার পর তা পুনরায় ফেরত নেওয়ার কোনো বিধান আছে কি না? যদি জোরপূর্বক বা ফুঁসলিয়ে ফেরত নিয়ে নেয়, তাহলে ওই সম্পদ হেবাকারীর জন্য হালাল হবে কি না?

Scanned by CamScanner

উত্তর : শরীয়তের দৃষ্টিতে কোনো বস্তু হেবা করার পর তা পুনরায় ফিরিয়ে নেওয়া মাকরূহ বা গোনাহ। স্বামী-স্ত্রী একে-অপরকে হেবা করলে অথবা স্বীয় সন্তানাদি তথা রক্তসম্পর্কীয় মাহরাম আত্মীয়কে হেবা করলে এবং তা হস্তান্তরিত হয়ে গেলে এ ক্ষেত্রে হেবা গ্রহণকারীর অসম্মতিতে জোরপূর্বক তা ফিরিয়ে নেওয়া জায়েয নেই। সুতরাং প্রশ্নে বর্ণিত অবস্থায় যদি হেবাকৃত বস্তু হস্তান্তরিত হয়ে গিয়ে থাকে, তবে হেবাকারীর জন্য তা ফিরিয়ে নিয়ে ভোগ করা হালাল হবে না। (১৬/৮৫০)

📖 الدر المختار (سعيد) ٦ / ٦٩٨ : (صح الرجوع فيها بعد القبض) أما قبله فلم تتم الهبة (مع انتفاع مانعه) الآتي (وإن كره) الرجوع (تحريما) وقيل: تنزيها نهاية (ولو مع إسقاط حقه من الرجوع) فلا يسقط بإسقاطه خانية.

📖 فيه أيضا ٥ /٧٠٤ : (والزاي الزوجية وقت الهبة فلو وهب لامرأة ثم نكحها رجع ولو وهب لامرأته لا) كعكسه.

📖 رد المحتار (سعيد) ٥ /٧٠٤ : (قوله كعكسه) أي لو وهبت لرجل ثم نكحها رجعت ولو لزوجها.

📖 الدر المختار (سعيد) ٥ /٧٠٤ : فلو وهب لذي رحم محرم منه) نسبا (ولو ذميا أو مستأمنا لا يرجع) شمني (ولو وهب لمحرم بلا رحم كأخيه رضاعا) ولو ابن عمه (ولمحرم بالمصاهرة كأمهات النساء والربائب وأخاه وهو عبد لأجنبي أو لعبد أخيه رجع ولو كانا) أي العبد ومولاه (ذا رحم محرم من الواهب فلا رجوع فيها اتفاقا على الأصح) لأن الهبة لأيهما وقعت تمنع الرجوع بحر.

অন্যায়ভাবে হেবাকৃত বস্তু ভোগদখল করা

প্রশ্ন : আমরা ১০ ভাই ও তিন বোন। আমার আব্বা বিভিন্ন সময় আমাদের মা ও বাবাজানের নিজ নামে রেজিস্ট্রিকৃত সম্পত্তি ক্রয় করতেন। বাবাজানের মৃত্যুর আনুমানিক কয়েক বছর পূর্বে আমাদের পুরাতন বাড়ির পাশাপাশি নতুন দুটি বাড়ির ব্যবস্থা করেন এবং এই দুটি বাড়ি আমাদের মেজ ও ছোট দুই বোনকে দিয়েছেন। যার বর্ণনা বাবাজানের বণ্টননামায় উল্লিখিত আছে। কিন্তু তখনো আমাদের বড় বোনের নামে সেখানে বাড়ি করা হয়নি। তাকে জমি দিতে তিনি আমাদের ভাইদের প্রতি আদেশ করেন, যা বণ্টননামায় লেখা আছে। অতএব ভাইয়েরা তাদের নামে রেজিস্ট্রি করা সম্পত্তি হতে কর্তন করে বড় বোনকেও জমির দলিল দিয়েছে। অর্থাৎ তিন বোন

Scanned by CamScanner

বণ্টননামা অনুপাতে তিনটি বাড়ি পেয়ে যায়। এর কিছুদিন পর অর্থাৎ মৃত্যুর প্রায় সাড়ে তিন বছর পূর্বে তিনি আমাদের বসতবাড়ির ব্যাপারে আমাদের সকল ভাই-বোনকে নিয়ে বৈঠক করেন। সেই বৈঠকে তিনি আমাদের সাথে বিস্তারিত আলোচনা করেন।

বণ্টননামায় লেখা আছে, বাড়ির সম্পত্তি ১০ ছেলে সমানভাবে ভোগ করবে। ওই বৈঠকে তিনি দোকানের আলোচনাও করেছিলেন। অন্যদিকে বাবার নামে বিভিন্ন জায়গায় বাজার-ভিটা আছে। বিভিন্ন জায়গা থেকে তিনি আমাদের বোনদের ভিটা না দিয়ে তারই এওয়াজ বা পরিবর্তে একই শহর একত্রে মিলিত জায়গা থেকে সুন্দর বানানো ঘরসহ তিনটি ভিটাজমি তিন বোনকে বণ্টন করে যান এবং কোন ঘর কোন বোন নেবেন তাও তিনি বণ্টননামায় ভিন্ন ভিন্ন বর্ণনা দিয়ে যান, যার বর্ণনা বণ্টননামায় আছে।

বাবা আমাদের ১০ ভাইকে লক্ষ করে বলেন, তোমরা বিভিন্ন জায়গা থেকে সমানভাবে ভাগ করে নেবে। এর পরিপ্রেক্ষিতে আমরা আমাদের এক ভাইকে এর জিম্মাদার বানিয়ে নিই। তিনিই সমস্ত ভিটাবাড়ি, দোকানপাটের সমাধান করেন। আর ভোগদখলের মাধ্যমে গ্রহীতাগণ এখন ওই মালের মালিক হয়ে আছেন।

অতএব আমার প্রশ্ন হলো, গ্রহীতাগণ ওই মালের মালিক হওয়ার পর কোনো লোভী ব্যক্তি লোভের বশীভূত হয়ে উল্লিখিত মাল থেকে দাবি করে নিজ রক্তের আত্মীয়গণের ওপর জোর করে সরকারি আদালতে মামলা করা ঠিক আছে, নাকি তার জন্য এটা জুলুম হবে?

উত্তর : শরীয়তের বিধান অনুযায়ী একাধিক ব্যক্তিকে কোনো বস্তু হেবা করলে তা পরিপূর্ণ হওয়ার জন্য হেবাকৃত বস্তুতে প্রত্যেক গ্রহীতার অংশ পৃথক করে দেওয়া জরুরি। সুতরাং প্রশ্নে উল্লিখিত বিস্তারিত বিবরণ সঠিক হয়ে থাকলে উল্লিখিত উক্তিগুলো দলিলসহ সঠিক ও শরীয়তসম্মত, অর্থাৎ বণ্টননামা মোতাবেক প্রত্যেকের অংশ নির্ধারণকরত বুঝে নেওয়ার কারণে কিছু বেশকম হওয়া সত্ত্বেও উক্ত হেবা সহীহ ও পরিপূর্ণ বলে বিবেচিত হবে এবং কোনো ওয়ারিশ তার অংশ গ্রহণ করার পর অন্যের অংশ থেকে দাবি করে আদায় করা জুলুম বলে বিবেচিত হবে। (১৫/৬১৮)

📖 الدر المختار (سعيد) ٥/٦٨٨ : و) شرائط صحتها (في الموهوب أن يكون مقبوضا غير مشاع مميزا غير مشغول) كما سيتضح.

📖 رد المحتار (سعيد) ٦/ ٤٧٩ : وفي السعدية أقول: سبق في كتاب الهبة أنه - عليه الصلاة والسلام - قال «لا تجوز الهبة إلا مقبوضة» والقبض ليس بشرط الجواز في الهبة، فليكن هنا كذلك فليتأمل اهـ

Scanned by CamScanner

📖 فيه أيضا ٥ /٦٩٢ : (قوله: فإن قسمه) أي الواهب بنفسه، أو نائبه، أو أمر الموهوب له بأن يقسم مع شريكه كل ذلك تتم به الهبة كما هو ظاهر لمن عنده أدنى فقه تأمل، رملي والتخلية: في الهبة الصحيحة قبض لا في الفاسدة جامع الفصولين.

📖 الفتاوى الهندية (زكريا) ٤/٣٧٨ : لو وهب مشاعا فيما يقسم ثم أفرزه وسلمه صح، هكذا في السراج الوهاج. ولو وهب النصف وسلم الجميع لم يجز، ولو وهب الجميع وسلم متفرقا جاز، كذا في التتارخانية. قال: ولو وهب نصف داره لرجل وسلمها إليه ثم وهب نصفها الآخر لرجل آخر لم يجز شيء من ذلك.

📖 عزیزالفتاوی(دارالاشاعت) ص۶۵۱ : الجواب-ہبہ مشاع کا شرعاً باطل اور ناجائز ہے پس اگر شوہر نے بدون تحدید اور وبدون تقسیم حصص نصف نصف ہبہ کیا ہے تو باطل ہے اور اگر تحدید و تقسیم کرکے ہبہ کیا ہے تو صحیح ہے، پھر جبکہ تحدید کرکے اور تقسیم کرکے ھبہ کیا ہے تو مساحت کرکے کسی فریق کا دوسرے فریق کے حصہ میں سے کچھ لینا اور دعوی کرنا ناجائز و باطل ہے۔

স্বেচ্ছায় হেবা করে পুনরায় দাবি

প্রশ্ন : আমাদের সম্পত্তি বণ্টনের সময় বোন তার অংশ স্বেচ্ছায় ও নিঃশর্তভাবে ভাইদের মৌখিকভাবে দিয়ে শরীয়াহ মোতাবেক ৫ ভাইদের মধ্যে বণ্টনের পর ভাইদের দীর্ঘ ৩৩-৩৪ বছর যাবৎ সম্পত্তি ভোগদখল করে আসছে। দীর্ঘ ৩৩-৩৪ বছর পর উক্ত বোন কি তার অংশ কোনো এক ভাই বা সকল ভাইয়ের নিকট হতে ফেরত চাইতে পারে কি না?

উত্তর : হেবা তথা দানপত্র মৌখিকভাবে হোক বা লিখিতভাবে, শরীয়তসম্মত পন্থায় সংঘটিত হওয়ার পর যদি গ্রহীতার ভোগদখল দিয়ে দেওয়া হয় তা পুনরায় ফেরত নেওয়ার সুযোগ থাকে না। বিশেষভাবে নিকটবর্তী আত্মীয় থেকে হেবাকৃত সম্পত্তি ফেরত নেওয়া সম্পূর্ণ নিষিদ্ধ। তাই প্রশ্নোক্ত অবস্থায় বোন ভাইদেরকে হেবাকৃত সম্পত্তি ৩৩-৩৪ বছর যাবৎ তাদের ভোগদখলে দেওয়ার পর তাদের সম্পত্তি পুনরায় ফেরত নেওয়ার কোনো সুযোগ শরীয়তে নেই। (১৫/৬৮০)

📖 الدر المختار (سعيد) ٥ /٧٠٤ : فلو وهب لذي رحم محرم منه) نسبا (ولو ذميا أو مستأمنا لا يرجع) شمني (ولو وهب لمحرم بلا رحم كأخيه رضاعا) ولو ابن عمه (ولمحرم بالمصاهرة كأمهات النساء

Scanned by CamScanner

والربائب وأخاه وهو عبد لأجنبي أو لعبد أخيه رجع ولو كانا) أي العبد ومولاه (ذا رحم محرم من الواهب فلا رجوع فيها اتفاقا على الأصح) لأن الهبة لأيهما وقعت تمنع الرجوع بحر.

📖 امداد الاحکام (مکتبۂ دار العلوم کراچی) ۴/ ۵۸ : زید نے جن رشتہ داروں کو اپنے مکانات ہبہ کئے ہیں اگر وہ ذی رحم محرم ہیں (... ...) تو اس صورت میں خود محرمیت رجوع فی الہبہ سے مانع ہے بعد تسلیم کے۔

কারো নামে জমি খরিদ করলেই মালিক হয় না

প্রশ্ন : মরহুম আলী রেজা পাটওয়ারী সাহেব জীবিত অবস্থায় সরকারি আইনে নিজের নামে জমি না রাখতে পেরে নিজ স্ত্রী ফাতেমা বেগমের নামে কিছু জমি খরিদ করেন, কিন্তু জমির আয় নিজেই ভোগ করেন। প্রশ্ন হলো, উক্ত জমির মালিক স্ত্রী ফাতেমা বেগম হবেন, না মরহুম আলী রেজা পাটোয়ারী সাহেব?

উল্লেখ্য, জনাব মরহুম আলী রাজা পাটওয়ারী সাহেবের ছয় ছেলে ও চার মেয়ে। ফাতেমা বেগম স্বামী থেকে প্রাপ্ত অংশ ও নিজের নামের ওই খরিদকৃত জমি দুই ছেলে ও দুই মেয়েকে দলিল করে দিয়ে দেন। ফাতেমা বেগমের উক্ত সম্পত্তিতে দলিল করে দেওয়ার জন্য আখিরাতে কোনো অসুবিধা হবে কি? কারণ তাঁর ওই ছেলেরা বিভিন্ন কৌশলে এহেন কাজ করেছে। ওই ছেলেমেয়েদের জন্য উক্ত জমি ভোগ করা বৈধ হবে কি না?

উত্তর : শরীয়তের দৃষ্টিতে কোনো বস্তু শুধু কারো নামে খরিদ করে সরকারি কাগজপত্রে লিপিবদ্ধ করার দ্বারা সে মালিক হয় না, যতক্ষণ পর্যন্ত মালিক বানিয়ে দিয়ে তার ভোগ দখলে না দেওয়া হয়, বরং ক্রেতাই উক্ত বস্তুর প্রকৃত মালিক হয়ে থাকে। তাই প্রশ্নে বর্ণিত অবস্থায় স্বামীর ক্রয়কৃত জমি স্ত্রী মালিক হবে না বরং স্বামীই প্রকৃত মালিক বলে বিবেচিত হবে।

পিতা-মাতা জীবদ্দশায় সন্তানদের নিজের স্থাবর-অস্থাবর সম্পদ দিতে চাইলে ছেলেমেয়ে সবাইকে সমানভাবে দেওয়া মুস্তাহাব। সংগত কারণ ছাড়া কমবেশি করা মাকরূহ। সংগত কারণ হলো যেমন আর্থিক দুর্বলতা বা দ্বীনদারি, পরহেজগারী বা মাতা-পিতার সেবা-যত্ন ইত্যাদি। এ কারণে কোনো সন্তানকে প্রাধান্য দেওয়াও জায়েয। উপরন্তু কোনো সন্তান পাপাচারী হলে তাকে বঞ্চিত করতেও আপত্তি নেই। অবশ্য অকারণে কোনো সন্তানের ব্যক্তিগত স্বার্থে আঘাত হানার নিয়্যাতে এরূপ দান করলে বড় গোনাহ হবে।

সুতরাং ফাতেমা বেগমের স্বামী কর্তৃক খরিদকৃত জমি বাস্তবে স্বামী তার ভোগদখলে না দিয়ে থাকলে ওই জমি শরয়ী দৃষ্টিকোণে স্বামীর সম্পদ বলে গণ্য হবে, ফাতেমা

Scanned by CamScanner

বেগমের দান গ্রহণযোগ্য হবে না এবং তাদের ভোগ করাও সহীহ হবে না। আর তার নিজস্ব সম্পদের দান সহীহ, তবে এ দানে তার নিয়্যাতে ভেজাল থাকলে গোনাহগার হবে। (৯/৫৭২)

📖 الدر المختار (سعيد) ٥/ ٦٩٠ : (وتتم) الهبة (بالقبض) الكامل -

📖 رد المحتار (سعيد) ٥/ ٦٩٠ : (قوله: بالقبض) فيشترط القبض قبل الموت -

📖 فيه أيضا ٤/٤٤٤ : ولو وهب شيئا لأولاده في الصحة، وأراد تفضيل البعض على البعض روي عن أبي حنيفة لا بأس به إذا كان التفضيل لزيادة فضل في الدين وإن كانوا سواء يكره وروى المعلى عن أبي يوسف أنه لا بأس به إذا لم يقصد الإضرار وإلا سوى بينهم وعليه الفتوى، وقال محمد: ويعطي للذكر ضعف الأنثى، وفي التتارخانية معزيا إلى تتمة الفتاوى قال: ذكر في الاستحسان في كتاب الوقف، وينبغي للرجل أن يعدل بين أولاده في العطايا والعدل في ذلك التسوية بينهم في قول أبي يوسف وقد أخذ أبو يوسف حكم وجوب التسوية من الحديث، وتبعه أعيان المجتهدين، وأوجبوا التسوية بينهم وقالوا يكون آثما في التخصيص وفي التفضيل، وليس عند المحققين من أهل المذهب فريضة شرعية في باب الوقف إلا هذه بموجب الحديث المذكور، والظاهر من حال المسلم اجتناب المكروه، فلا تنصرف الفريضة الشرعية في باب الوقف إلا إلى التسوية والعرف لا يعارض النص هذا خلاصة ما في هذه الرسالة، وذكر فيها أنه أفتى بذلك شيخ الإسلام محمد الحجازي الشافعي والشيخ سالم السنهوري المالكي والقاضي تاج الدين الحنفي وغيرهم اهـ

📖 امداد المفتین (دارالاشاعت) ص ۷۳۸ : سوال- زید نے کسی وجہ سے اپنے روپے سے اپنی بیوی کے نام اپنی سکونت کے لئے ایک مکان خام دوسو روپیہ میں خرید کر اس کو اپنے روپے سے پختہ تعمیر کرایا، عرصہ تین سال چار ماہ کا ہوکہ بیوی کا انتقال ہوگیا، اس مکان میں اس کے لڑکے لڑکیاں وشوہر رہتے ہیں، ایسی صورت میں وہ مکان ملک زید رہے گا یا بیوی کا ترکہ متصور ہوکر وارثان کو تقسیم ہوگا؟

الجواب- اگر فی الواقع زید یہ مکان اپنی زوجہ کی ملک نہ کیا تھا بلکہ کسی مصلحت سے کاغذات سرکاری میں اس کا نام لکھوادیا تھا تو یہ مکان زوجہ کی ملک نہیں ہوا اور بعد اس

Scanned by CamScanner

কী وفات کے اس کے وارثوں کا اس میں حق نہ ہوگا، بلکہ بدستور زید کی ملک میں رہے گا، کاغذات سرکاری میں کسی کا نام درج ہوجانے سے شرعا اس کی ملک ثابت نہیں ہوتی جب تک کہ مالک اپنی رضاء سے اس کو مالک نہ بنائے اور قبضہ نہ کرائے۔

হেবাকৃত জায়গায় ওয়ারিশদের দাবি

প্রশ্ন : এক ব্যক্তির এক স্ত্রী, পাঁচ ছেলে ও দুই মেয়ে। তার সম্পত্তি হিসেবে একটিমাত্র ঘরভিটা ছাড়া আর কিছুই ছিল না। উক্ত ব্যক্তি ওই ভিটার অর্ধেক তার এক ছেলেকে সাক্ষীগণের সামনে সকল ওয়ারিশনের সম্মতিক্রমে হেবা করে দেয়। হেবাকৃত জায়গা সম্পূর্ণ গর্ত ছিল, তাই সকলের অনুরোধে গ্রহীতা ৪০ হাজার টাকা ব্যয় করে ভরাট করে ঘর নির্মাণ করে। ঘর নির্মাণের দুই বছর পর পিতার মৃত্যু হয়। এর দুই বছর পর এক ভাইয়ের সাথে বিবাদ হওয়ার কারণে অন্য ভাইদের সাথে পরামর্শ বৈঠক হয়। উক্ত বৈঠকে দুই ভাই এক ও বোন মাতা-পিতার হেবাকৃত জায়গা আমরা দাবি করব না বলে স্ট্যাম্পে টিপসই ও দস্তখত করে দেয়। এর কিছুদিন পর আবার বিবাদ হলে ভাইগণ হেবাকৃত জায়গা হতে জায়গা পাওয়ার দাবি করে, বোন ও মাতা এখনো দাবি করছে না।
এমতাবস্থায় হেবাকৃত জায়গাসহ ভিটার বণ্টন শরীয়ত মোতাবেক কিভাবে হবে?

উত্তর : বাবা জীবদ্দশায় নিজ মালিকানাধীন সম্পদ হেবা করার অধিকার রাখে। তবে হেবাকৃত সম্পদ গ্রহণকারীর মালিকানায় হস্তান্তর করে কবজা দিয়ে দেওয়া হেবা সহীহ হওয়ার পূর্বশর্ত। হেবা শুদ্ধ ও সম্পূর্ণ হওয়ার পর তার ওপর মিরাছের হুকুম বর্তায় না। সুতরাং প্রশ্নে বর্ণিত ঘটনা সত্য হলে বাপের হেবাকৃত জায়গায় অন্য ওয়ারিশদের দাবি অগ্রহণীয় বলে বিবেচিত। অবশিষ্ট ভিটা প্রশ্নে বর্ণিত ওয়ারিশদের সত্যতা প্রমাণে শরীয়ত কর্তৃক স্ত্রী ২ আনা অবশিষ্ট অংশ ছেলেমেয়েরা সমানভাবে ভাগ করে নেবে। প্রতি ছেলে প্রতি মেয়ের দ্বিগুণ হারে বণ্টনে পাবে। (৯/৬০৯)

📖 سورة النساء الآية ١١، ١٢ : ﴿يُوصِيكُمُ اللهُ فِي أَوْلَادِكُمْ لِلذَّكَرِ مِثْلُ حَظِّ الْأُنْثَيَيْنِ فَإِنْ كُنَّ نِسَاءً فَوْقَ اثْنَتَيْنِ فَلَهُنَّ ثُلُثَا مَا تَرَكَ وَإِنْ كَانَتْ وَاحِدَةً فَلَهَا النِّصْفُ وَلِأَبَوَيْهِ لِكُلِّ وَاحِدٍ مِنْهُمَا السُّدُسُ مِمَّا تَرَكَ إِنْ كَانَ لَهُ وَلَدٌ فَإِنْ لَمْ يَكُنْ لَهُ وَلَدٌ وَوَرِثَهُ أَبَوَاهُ فَلِأُمِّهِ الثُّلُثُ فَإِنْ كَانَ لَهُ إِخْوَةٌ فَلِأُمِّهِ السُّدُسُ مِنْ بَعْدِ وَصِيَّةٍ يُوصِي بِهَا أَوْ دَيْنٍ آبَاؤُكُمْ وَأَبْنَاؤُكُمْ لَا تَدْرُونَ أَيُّهُمْ أَقْرَبُ لَكُمْ نَفْعًا فَرِيضَةً مِنَ اللهِ إِنَّ اللهَ كَانَ عَلِيمًا حَكِيمًا ۝ وَلَكُمْ نِصْفُ مَا تَرَكَ

Scanned by CamScanner

أَزْوَاجُكُمْ إِنْ لَمْ يَكُنْ لَهُنَّ وَلَدٌ فَإِنْ كَانَ لَهُنَّ وَلَدٌ فَلَكُمُ الرُّبُعُ مِمَّا تَرَكْنَ مِنْ بَعْدِ وَصِيَّةٍ يُوصِينَ بِهَا أَوْ دَيْنٍ وَلَهُنَّ الرُّبُعُ مِمَّا تَرَكْتُمْ إِنْ لَمْ يَكُنْ لَكُمْ وَلَدٌ فَإِنْ كَانَ لَكُمْ وَلَدٌ فَلَهُنَّ الثُّمُنُ مِمَّا تَرَكْتُمْ مِنْ بَعْدِ وَصِيَّةٍ تُوصُونَ بِهَا أَوْ دَيْنٍ﴾

📖 الفتاوى الهندية (زكريا) ٤ /٣٩٢ : رجل دفع إلى ابنه في صحته مالا يتصرف فيه ففعل وكثر ذلك فمات الأب إن أعطاه هبة فالكل له، وإن دفع إليه لأن يعمل فيه للأب فهو ميراث، كذا في جواهر الفتاوى.

📖 الدر المختار (سعيد) ٥/ ٦٩٦ : وكذا في العطايا إن لم يقصد به الإضرار، وإن قصده فسوى بينهم يعطي البنت كالابن عند الثاني وعليه الفتوى ولو وهب في صحته كل المال للولد جاز وأثم.

কারো নামে জমির দলিল করলেই সেই জমির মালিক হয় না

প্রশ্ন : ১) আব্বাজান হাজী আঃ মুকীত (রহ.) যশোর নতুন শহরে দুটি জমি ১৯৭৬ ইং সালে খরিদ করেন। ওই সময় এবং এখনো নিয়ম আছে, এক নামে দুটি জমি কেনা যায় না, এ জন্য আব্বা (রহ.) একটা নিজের নামে এবং দ্বিতীয়টা আমার নামে (আঃ মুজিব) খরিদ করেন। তিনি তাঁর জীবিত অবস্থায় কাউকেও বলেননি যে দ্বিতীয় জায়গাটা আমার নিজের বা আঃ মুজিবের। যখন দলিলপত্র করা হয়, তখন আমার স্বাক্ষর নেওয়া হয় এবং আমার নামেই কাগজপত্র করা হয়। তাঁর ইন্তেকালের পর আমার নামের জমিখানা গত ডিসেম্বর ২০০২ ইং মাসে আমি বিক্রি করি। (জমি দুটি খরিদ করার পর উভয় দলিলপত্র আমার কাছে থাকত।) কিন্তু আমার ভাই ও বোনেরা তা মানছে না। তারা বলছে, দুটি জমি এক নামে যখন কেনা যায়নি তখন দুটি জমির মালিক আব্বাজান। অতএব তুমি একা তোমার নামের জমি নিতে পারো না। কাগজ-কলমে দলিল যখন আমার নামে আমি যেন কাল কিয়ামতের মাঝে আল্লাহ পাকের দরবারে ধরা না পড়ি, অথবা দুনিয়াতে এর জন্য আমার ওপর কোনো মুসিবত না আসে সে জন্য আল্লাহর বিধান ও শরীয়তের সহীহ মাসআলা অনুযায়ী এখানে সমাধান কী হবে? যদি শরীয়তের মাসআলা অনুযায়ী জমি আমার হয়, তার পরও ভাই-বোনেরা না মানে এবং দাবি করে তখন আমি ওদের সাথে কী আচরণ করব?

উত্তর : শরীয়তের দৃষ্টিতে কারো নামে শুধু সম্পদ ক্রয় করে সরকারিভাবে রেজিস্ট্রি করার দ্বারা উক্ত ব্যক্তি ওই সম্পদের মালিক হয় না। বরং এ সম্পদের মালিক হওয়ার জন্য দানকারীর জীবদ্দশায় সম্পদ সম্পূর্ণভাবে রেজিস্ট্রিকৃত ব্যক্তির ভোগদখলে দিয়ে

Scanned by CamScanner

দেওয়া অত্যাবশ্যক। সুতরাং প্রশ্নে বর্ণিত সম্পদ পিতার জীবদ্দশায় যেহেতু আপনার ভোগদখলে দেয়নি তাই শরীয়তের বিধান মতে উক্ত সম্পদ আপনার পিতার জীবদ্দশায় ও তাঁর মালিকানাধীন ছিল বলে বিবেচিত হবে। সুতরাং এতে সকল ওয়ারিশ অংশীদার হবে। (৯/৬৪৭)

📖 الدر المختار (سعيد) ٥/ ٦٩٠ : (وتتم) الهبة (بالقبض) الكامل -

📖 رد المحتار (سعيد) ٥/ ٦٩٠ : (قوله: بالقبض) فيشترط القبض قبل الموت -

📖 الفتاوى الهندية (زكريا) ٤ /٣٧٤ : ومنها أن يكون الموهوب مقبوضًا حتى لايثبت الملك الموهوب له قبل القبض .

📖 امداد المفتین (دارالاشاعت) ص ۷۳۸ : سوال- زید نے کسی وجہ سے اپنے روپے سے اپنی بیوی کے نام اپنی سکونت کے لئے ایک مکان خام دوسو روپیہ میں خرید کر اس کو اپنے روپے سے پختہ تعمیر کرایا، عرصہ تین سال چار ماہ کا ہو کہ بیوی کا انتقال ہو گیا، اس مکان میں اس کے لڑکے لڑکیاں و شوہر رہتے ہیں، ایسی صورت میں وہ مکان ملک زید رہے گا یا بیوی کا ترکہ متصور ہو کر وارثان کو تقسیم ہو گا؟

الجواب- اگر فی الواقع زید یہ مکان اپنی زوجہ کی ملک نہ کیا تھا بلکہ کسی مصلحت سے کاغذات سرکاری میں اس کا نام لکھوادیا تھا تو یہ مکان زوجہ کی ملک نہیں ہوا اور بعد اس کی وفات کے اس کے وارثوں کا اس میں حق نہ ہو گا، بلکہ بدستور زید کی ملک میں رہے گا، کاغذات سرکاری میں کسی کا نام درج ہو جانے سے شرعا اس کی ملک ثابت نہیں ہوتی جب تک کہ مالک اپنی رضاء سے اس کو مالک نہ بنائے اور قبضہ نہ کرائے۔

কারো নামে জমি খরিদ করলেই মালিক হয় না

প্রশ্ন : আমার চার কানি ১৭ গণ্ড জমি ছিল। সরকার বাকি খাজনার জন্য নিলাম করে। তখন আমি আমার একমাত্র ছেলের নামে ওই জমি আমার নিজের টাকা, অর্থাৎ প্রথম ছেলের নামে সরকার থেকে নিলাম খরিদ করলাম এখন এ জমিগুলো ইসলামী দৃষ্টিতে আমার অবর্তমানে আমার ছেলেমেয়ে সকলে মিরাছ পাবে কি না?

উত্তর : ছেলে বা অন্য কারো নামে নিলাম খরিদ করার দ্বারা মালিক হয় না, মালিক হওয়ার জন্য ওই জমির মালিকানা হস্তান্তর করতে হবে। তাই প্রশ্নের বিবরণ মতে উক্ত জমির মালিক ক্রেতা নিজেই থাকবে। সে ওই জমি জীবিত অবস্থায় নিজে ব্যবহার করবে। পরে ওই জমি তার ওয়ারিশদের মধ্যে বণ্টন হবে। (২/৫৫)

Scanned by CamScanner

📖 امداد المفتین (دار الاشاعت) ص ۷۳۸ : سوال-زید نے کسی وجہ سے اپنے روپے سے اپنی بیوی کے نام اپنی سکونت کے لئے ایک مکان خام دوسو روپیہ میں خرید کر اس کو اپنے روپے سے پختہ تعمیر کرایا، عرصہ تین سال چار ماہ کا ہو کہ بیوی کا انتقال ہو گیا، اس مکان میں اس کے لڑکے لڑکیاں و شوہر رہتے ہیں، ایسی صورت میں وہ مکان ملک زید رہے گا یا بیوی کا ترکہ متصور ہو کر وارثان کو تقسیم ہو گا؟

الجواب-اگر فی الواقع زید یہ مکان اپنی زوجہ کی ملک نہ کیا تھا بلکہ کسی مصلحت سے کاغذات سرکاری میں اس کا نام لکھوا دیا تھا تو یہ مکان زوجہ کی ملک نہیں ہوا اور بعد اس کی وفات کے اس کے وارثوں کا اس میں حق نہ ہو گا، بلکہ بدستور زید کی ملک میں رہے گا، کاغذات سرکاری میں کسی کا نام درج ہو جانے سے شرعا اس کی ملک ثابت نہیں ہوتی جب تک کہ مالک اپنی رضاء سے اس کو مالک نہ بنائے اور قبضہ نہ کرائے۔

কোনো সন্তানকে তুলনামূলক সম্পদ বেশি দেওয়া

প্রশ্ন : হালিমা খাতুনের তিনজন কন্যাসন্তান রয়েছে। তার জীবদ্দশায় সম্পদ তিন কন্যার মধ্যে বণ্টন করে দিতে ইচ্ছুক। কিন্তু স্বেচ্ছায় বা কারো প্ররোচনায় কোনো কারণ ছাড়া এক কন্যাকে কিছু অংশ বেশি দিতে উদ্যত হয়েছে। এমতাবস্থায় তিন কন্যার মধ্যে সমানভাবে বণ্টন না করে কোনো একজনকে অপর দুজনের আপত্তি থাকা সত্ত্বেও বেশি দিলে আল্লাহ পাকের দরবারে হালিমা খাতুন গোনাহগার হবে কি না?

উত্তর : মৃত্যুর আগে নিজেই সম্পদের মালিক হওয়ার কারণে জীবদ্দশায় সন্তানদের মাঝে সম্পত্তি বণ্টন করে দেওয়া মিরাছের অন্তর্ভুক্ত নয়, বরং প্রকৃতপক্ষে এটা দান। তাই সন্তানদের মাঝে সম্পত্তি সমানভাবে বণ্টন করাই শরীয়তের নির্দেশ। সুতরাং সন্তানদের কারো মধ্যে প্রাধান্যতার কোনো কারণ না থাকা সত্ত্বেও অন্য সন্তানকে ক্ষতি করার উদ্দেশ্যে সমানভাবে বণ্টন না করলে গোনাহগার হবে। (৫/২৬৩/৯১৮)

📖 اختلاف العلماء للطحاوی (دار البشائر الإسلامية) ٤/ ١٤٢ : ذكر المعلى بن منصور عن أبي يوسف لا بأس بأن يؤثر الرجل بعض ولده على بعض إذا لم يرد الإضرار وينبغي أن يسوي بينهم إذا كان يريد العدل فإن كانوا ذكورا وإناثا سوى بينهم في العطية لقول النبي صلى الله عليه وسلم أكل ولدك أعطيت مثل ما أعطيت هذا قال معلى وقال محمد ويعطى الذكر مثل حظ الأنثيين.

Scanned by CamScanner

📖 الدر المختار (سعيد) ٥ /٦٩٦ : وفي الخانية لا بأس بتفضيل بعض الأولاد في المحبة لأنها عمل القلب، وكذا في العطايا إن لم يقصد به الإضرار، وإن قصده فسوى بينهم يعطي البنت كالابن عند الثاني وعليه الفتوى ولو وهب في صحته كل المال للولد جاز وأثم.

📖 احسن الفتاوی (سعید) ۷/ ۲۵۶ : الجواب- ... ... (۳) دینداری خدمت گزاری خدمات دینیہ کا شغل یا احتیاج وغیرہ وجوہ کی بناء پر تفاضل مستحب ہے۔

সন্তানের নামে নেওয়া জমির বন্ধক ও ঋণের পরিশোধ

প্রশ্ন : আমার বাবা জীবিত থাকা অবস্থায় আমার এক সৎভাইয়ের নামে একটি জমি ক্রয় করে। পরে আব্বা সাংসারিক খরচের জন্য এ জমিটা টাকার বিনিময়ে বন্ধক দেয়। পরে বাবা মারা যায়। এ অবস্থায় আমার সৎভাই পৃথক হয়ে যায়। এখন প্রশ্ন হলো, সৎভাইয়ের জমি বাবদ যে টাকা করজ আছে তা আমাদের সব ওয়ারিশের বহন করতে হবে কি না? ওয়ারিশগণের মধ্যে নাবালেগও আছে।

উত্তর : কারো নামে জমি ক্রয় করে তার দখলে দেওয়ার পর সে ওই জমির মালিক হবে। বিনা দখলে শুধুমাত্র তার নামে খরিদ করার দরুন সে ওই জমির মালিক বলে সাব্যস্ত হবে না। সুতরাং আপনার আব্বা জীবিত থাকাবস্থায় যদি ওই জমি আপনার সৎভাইয়ের দখলে দিয়ে থাকে তাহলে সে মালিক হয়ে গেছে। তবে যেহেতু আপনার আব্বাই সংসারের প্রয়োজনে কর্জ নিয়েছেন তাই আপনার আব্বার মৃত্যুর পর অবশিষ্ট সম্পত্তি বণ্টন হওয়ার পূর্বে ওই সম্পত্তি থেকেই কর্জ শোধ করে দিতে হবে। আর যদি আপনার আব্বা জীবিত অবস্থায় ওই জমি আপনার সৎভাইয়ের দখলে না দিয়ে থাকে তাহলে ওই জমি সকল ওয়ারিশের মাঝে মিরাছ হিসেবে বণ্টিত হবে এবং ঋণের টাকা সম্পত্তি বণ্টন করার পূর্বেই ওই সম্পত্তি হতে আদায় করে দেবে। (৫/৩৪৬/৯৫৭)

📖 سورة النساء الآية ١١، ١٢ : ﴿يُوصِيكُمُ اللهُ فِي أَوْلَادِكُمْ لِلذَّكَرِ مِثْلُ حَظِّ الْأُنْثَيَيْنِ فَإِنْ كُنَّ نِسَاءً فَوْقَ اثْنَتَيْنِ فَلَهُنَّ ثُلُثَا مَا تَرَكَ وَإِنْ كَانَتْ وَاحِدَةً فَلَهَا النِّصْفُ وَلِأَبَوَيْهِ لِكُلِّ وَاحِدٍ مِنْهُمَا السُّدُسُ مِمَّا تَرَكَ إِنْ كَانَ لَهُ وَلَدٌ فَإِنْ لَمْ يَكُنْ لَهُ وَلَدٌ وَوَرِثَهُ أَبَوَاهُ فَلِأُمِّهِ الثُّلُثُ فَإِنْ كَانَ لَهُ إِخْوَةٌ فَلِأُمِّهِ السُّدُسُ مِنْ بَعْدِ وَصِيَّةٍ يُوصِي بِهَا أَوْ دَيْنٍ﴾

Scanned by CamScanner

📖 خلاصة الفتاوى ٤/٣٩٠ : وفى الأصل ومن شرائط الهبة الاقران حتى لا يجوز هبة المشاع فيما يحتمل القسمة كالبيت والدار والأرض ونحوها.

📖 البناية (دار الفكر) ٩/١٩٨ : (وتصح) ش: أي الهبة م: (بالإيجاب) ش: كقوله وهبت ونحوه، هذا بمجرده في حق الواهب م: (والقبول) ش: كقوله قبلت م: (والقبض) ش: بالجر، أي وبالقبض فلا يتم في حق الموهوب له إلا بالقبول والقبض كما يأتي؛ لأنه عقد تبرع فيتم بالتبرع، ولكن لا يملكه الموهوب له إلا بالقبول والقبض.

প্রতিশ্রুতি পূরণের আগে দাতা মারা গেলে কেউ হকদার হয় না

প্রশ্ন : কবির নামক এক ছেলে তার দাদির নিকট তার ব্যবহৃত একটি কম্বল চেয়েছিল, দাদি তাকে ওই কম্বলটি দেবে বলে ওয়াদাও করেছে। কিন্তু হঠাৎ কবিরের দাদি মারা যায়। এখন কবির কি তার দাদির ত্যাজ্য সম্পদ থেকে মিরাছ বণ্টন হওয়ার পূর্বে ওই কম্বলটি নিতে পারবে?

উত্তর : হেবা সহীহ হওয়ার জন্য হেবাকৃত বস্তু হেবাগ্রহীতার হস্তগত হওয়া জরুরি। সুতরাং প্রশ্নে উল্লিখিত কবির যেহেতু দাদির মৃত্যুর পূর্বে কম্বলটি হস্তগত করেনি, তাই মৃত্যুর পর এ কম্বল বণ্টনযোগ্য সম্পদের অন্তর্ভুক্ত হবে। হ্যাঁ, সাবালক ওয়ারিশদের সম্মতিতে তা নিতে পারবে, অন্যথায় নয়। (১১/৫২৯/৩৫২৫)

📖 الدر المختار (سعيد) ٥/ ٦٩٠ : (وتتم) الهبة (بالقبض) الكامل -

📖 رد المحتار (سعيد) ٥/ ٦٩٠ : (قوله: بالقبض) فيشترط القبض قبل الموت -

Scanned by CamScanner

باب الضمانات والغرامات
পরিচ্ছেদ : দায়বদ্ধতা ও জরিমানা

রসিদ না থাকার অজুহাতে দর্জির কাপড় না দেওয়া

প্রশ্ন : আমি এক টেইলার্সে চারটি পাঞ্জাবি বানাতে দিলাম। দর্জি কাপড় গ্রহণ করার পর আমাকে একটি রসিদ দিল, যেখানে অর্ডার তারিখ ও ডেলিভারি তারিখ লেখা ছিল। দর্জি বলল, কাপড়ের জন্য আসার সময় রসিদ যেন নিয়ে আসেন। এখন নির্দিষ্ট তারিখের আগে আমার রসিদ হারিয়ে গেছে। ডেলিভারির তারিখ এলে রসিদ ছাড়া দর্জির কাছে যাওয়ায় সে বলল, রসিদ ছাড়া কাপড় দেওয়া যাবে না, অথবা তুমি আমাকে কোনো কাপড় দাওনি। এখন আমার কোনো সাক্ষী নেই। এমতাবস্থায় শরয়ী সমাধান কী জানতে চাই।

উত্তর : শুধুমাত্র রসিদ হারানোর অজুহাতে কাপড় দিতে অস্বীকার করা টেইলার্স কর্তৃপক্ষের জন্য বৈধ হবে না। রসিদের যে অংশ দর্জির কাছে থাকে তার ভিত্তিতে কাপড় নেওয়া প্রমাণিত হলে কাপড় বুঝিয়ে দিতে বাধ্য থাকবে। (১৮/৯৭৯/৭৯৬৫)

📖 رد المحتار (سعيد) ٦/ ٦٥ : لا يضمن عنده ما هلك بغير صنعه قبل العمل أو بعده؛ لأنه أمانة في يده وهو القياس. وقالا يضمن إلا من حرق غالب أو لصوص مكابرين وهو استحسان اهـ قال في الخيرية: فهذه أربعة أقوال كلها مصححة مفتى بها، وما أحسن التفصيل الأخير والأول قول أبي حنيفة - رحمه الله تعالى -. وقال بعضهم: قول أبي حنيفة قول عطاء وطاوس وهما من كبار التابعين، وقولهما قول عمر وعلي وبه يفتى احتشاما لعمر وعلي صيانة لأموال الناس، والله أعلم اهـ

📖 احسن الفتاوی (سعید) ۸/ ۵۱۴ : تضمین اجیر مشترک کی چار صورتیں ہیں:

(۴) ہلاک بفعل الاجیر نہ ہو البتہ اس سے احتراز ممکن ہو یہ صورت مختلف فیہا ہے اس میں چار اقوال ہیں (۱) امام اعظمؒ کے نزدیک ضمان واجب نہیں (۲) صاحبین کے نزدیک ضمان واجب ہے (۳) متاخرین کے نزدیک نصف قیمت واجب ہے... ...تو اتفاقا ضمان واجب نہیں ورنہ صاحبین کے قول کے مطابق ضمان واجب ہوگا اور متاخرین کی بیان کردہ تفصیل کے مطابق نصف قیمت اور پورے ضمان کا فتوی بھی دیا جاسکتا ہے۔

Scanned by CamScanner

দর্জি কাপড় হারিয়ে না দেওয়া

প্রশ্ন : টেইলার্সে কাপড় দেওয়ার পর রসিদ সংগ্রহ করে বাড়ি চলে আসি। দীর্ঘ এক মাস পর রসিদ নিয়ে যখন দর্জির কাছে গেলাম, তখন দর্জি আমাকে বলল–ভাই, এই কাপড় পাওয়া যাচ্ছে না। দর্জি কাপড়ের দামও দিতে রাজি হচ্ছে না। আর রসিদে লেখাও আছে, "বিঃদ্রঃ. এক মাস পর কাপড় হারিয়ে গেলে টেইলার্স কর্তৃপক্ষ দায়ী নয়"। এমতাবস্থায় টেইলার্স কর্তৃপক্ষ থেকে কাপড়ের দাম নিতে পারব কি না?

উত্তর : শুধুমাত্র রসিদে লিখিত 'বিঃদ্রঃ. এক মাস পর কাপড় হারিয়ে গেলে টেইলার্স কর্তৃপক্ষ দায়ী নয়' লেখার কারণে দায়িত্ব এড়ানোর সুযোগ নেই। বরং তার কাপড় ফেরত দিতে হবে বা জরিমানা দিতে হবে। (১৮/৯৭৯/৭৯৬৫)

📖 رد المحتار (سعيد) ٦/ ٦٥ : لا يضمن عنده ما هلك بغير صنعه قبل العمل أو بعده؛ لأنه أمانة في يده وهو القياس. وقالا يضمن إلا من حرق غالب أو لصوص مكابرين وهو استحسان اهـ قال في الخيرية: فهذه أربعة أقوال كلها مصححة مفتى بها، وما أحسن التفصيل الأخير والأول قول أبي حنيفة - رحمه الله تعالى -. وقال بعضهم: قول أبي حنيفة قول عطاء وطاوس وهما من كبار التابعين، وقولهما قول عمر وعلي وبه يفتى احتشاما لعمر وعلي صيانة لأموال الناس، والله أعلم اهـ

📖 الموسوعة الفقهية الكويتية ٤٣/ ٢٤ : ولو أودعها بشرط عدم ضمان الوديع إذا تعدى عليها أو فرط في حفظها، فقد قال الحنفية والشافعية لا يصح هذا الشرط، لأنهإبراء عما لم يجب، وهذا في صحيح الوديعة وفاسدها.

📖 فتاوی محمودیہ (زکریا) ٦/ ١٨٣ : امامت کی واپسی کیلئے شرط : عمرو کا مطالبہ کہ پرتا بگڑھ ہی میں مسجد بناؤ یا اسی جگہ کسی دوسرے کام میں روپیہ خرچ کرو تو امانت کا روپیہ واپس ملیگا ورنہ نہیں ناجائز اور ظلم ہے اصل مالک کو اختیار ہے کہ اپنا روپیہ جس جائز کام میں چاہے خرچ کرے۔

Scanned by CamScanner

খননকাজে অন্যের ক্ষতি হলে ক্ষতিপূরণ দিতে হবে

📖 فتاوى قاضيخان (أشرفيه) ٤/ ٢٧٧ : رجل باع أثوابًا ومات قبل استيفاء الديون ولم يدع وارثا ظاهرا فأخذ السلطان ديونه من الغرماء ثم ظهر له وارث كان على الغرماء أداء الديون إلى الوارث ثانيا؛ لأنه لما ظهر الوارث ظهر أنه لم يكن للسلطان حق الأخذ.

📖 فتاوی دار العلوم (مکتبۂ دار العلوم) ۱۲/ ۴۵۶ : الجواب- حکم یہ ہے کہ ایسا مال فقراء پر صدقہ کر دیا جاوے مسجد میں صرف نہ کیا جاوے،... ... ثواب اس کا میت کو پہونچے گا۔

বেমালুম ব্যক্তির রেখে যাওয়া রুমালের হুকুম

প্রশ্ন : আমার একটি সাদা রুমাল আছে। কয়েক দিন আগে আমার রুমালের সাথে কে যেন আরেকটি সাদা রুমাল রেখে গেছে। আমি এখন রুমালটি কী করব?

Scanned by CamScanner

উত্তর : প্রশ্নোক্ত রুমাল প্রকৃত মালিকের কাছে পৌঁছে দেওয়ার যথাসাধ্য চেষ্টা করতে হবে। প্রকৃত মালিক না আসার ব্যাপারে নিশ্চিত হয়ে গেলে উক্ত জিনিসগুলো প্রকৃত মালিকের পক্ষ থেকে কোনো গরিব-মিসকিনদের সদকা করে দেবে। নিজে গরিব হওয়া অবস্থায় উক্ত জিনিসগুলো নিজেও ভোগ করতে পারবে। পরবর্তীতে যদি মালিক এসে যায় এবং তার জিনিসের দাবি করে তাহলে তার ক্ষতিপূরণ দিতে হবে। (৫/২২০/৮৮২)

📖 الدر المختار (سعيد) ٤/٢٧٨- ٢٧٩ : (وعرف) أي نادى عليها حيث وجدها وفي الجامع (إلى أن علم أن صاحبها لا يطلبها أو أنها تفسد إن بقيت كالأطعمة) والثمار (كانت أمانة) لم تضمن بلا تعد فلو لم يشهد مع التمكن منه أو لم يعرفها ضمن إن أنكر ربها أخذه للرد وقبل الثاني قوله بيمينه وبه نأخذ حاوي، وأقره المصنف وغيره (ولو من الحرم أو قليلة أو كثيرة) فلا فرق بين مكان ومكان ولقطة ولقطة (فينتفع) الرافع (بها لو فقيرا وإلا تصدق بها على فقير ولو على أصله وفرعه وعرسه -

📖 رد المحتار (سعيد) ٤/ ٢٧٩ : (قوله: لو فقيرا) قيد به؛ لأن الغني لا يحل له الانتفاع بها إلا بطريق القرض، لكن بإذن الإمام نهر (قوله: على فقير) أي ولو ذميا لا حربيا كما في شرح السير. قال في النهر: قالوا ولا يجوز على غني ولا على طفله الفقير وعبده، ولو فعل ينبغي أن لا يتردد في ضمانه .

📖 الهداية (مكتبة البشرى) ٤/ ٣٣٩ : قال: " فإن جاء صاحبها " يعني بعد ما تصدق بها " فهو بالخيار إن شاء أمضى الصدقة " وله ثوابها لأن التصدق وإن حصل بإذن الشرع لم يحصل بإذنه فتيوقف على إجازته والملك يثبت للفقير قبل الإجازة فلا يتوقف على قيام المحل بخلاف بيع الفضولي لثبوته بعد الإجازة فيه " وإن شاء ضمن الملتقط " لأنه سلم ماله إلى غيره بغير إذنه .

ভুলে নিয়ে আসা অন্যের কলমের বিধান

প্রশ্ন : বর্তমানে আমরা সচরাচর তিন টাকা বা সাড়ে তিন টাকার যে বলপেন ব্যবহার করে থাকি কেউ হয়তো আমাকে লিখতে দিল; কিন্তু আমি ভুলে তা পকেটে রেখে দিই এবং যে দিয়েছে তাকেও ভুলে গেলাম। আবার এর বিপরীতও হয়। এভাবে যে কত

Scanned by CamScanner

কলম আমার কাছে এসেছে আর আমার কলম গেছে তার হিসাব নেই। এখন জানার বিষয় হলো, যে বলপেন আমার থেকে গেছে তার হিসাব আমি ছেড়ে দিলাম, কিন্তু যা আমার নিকট এসেছে তার কী হুকুম?

উত্তর : প্রশ্নোক্ত কলমগুলো প্রকৃত মালিকের কাছে ফিরিয়ে দেওয়ার যথাসাধ্য চেষ্টা করতে হবে। প্রকৃত মালিক না আসার ব্যাপারে নিশ্চিত হয়ে গেলে উক্ত জিনিসগুলো প্রকৃত মালিকের পক্ষ থেকে কোনো গরিব-মিসকিনদের সদকা করে দেবে। নিজে গরিব হওয়া অবস্থায় উক্ত জিনিসগুলো নিজেও ভোগ করতে পারবে। পরবর্তীতে যদি মালিক এসে যায় এবং তার জিনিসের দাবি করে তাহলে তার ক্ষতিপূরণ দিতে হবে (৫/২২০/৮৮২)

📖 الدر المختار (سعيد) ٤/٢٧٨- ٢٧٩ : (وعرف) أي نادى عليها حيث وجدها وفي الجامع (إلى أن علم أن صاحبها لا يطلبها أو أنها تفسد إن بقيت كالأطعمة) والثمار (كانت أمانة) لم تضمن بلا تعد فلو لم يشهد مع التمكن منه أو لم يعرفها ضمن إن أنكر ربها أخذه للرد وقبل الثاني قوله بيمينه وبه نأخذ حاوي، وأقره المصنف وغيره (ولو من الحرم أو قليلة أو كثيرة) فلا فرق بين مكان ومكان ولقطة ولقطة (فينتفع) الرافع (بها لو فقيرا وإلا تصدق بها على فقير ولو على أصله وفرعه وعرسه -

📖 رد المحتار (سعيد) ٤/ ٢٧٩ : (قوله: لو فقيرا) قيد به؛ لأن الغني لا يحل له الانتفاع بها إلا بطريق القرض، لكن بإذن الإمام نهر (قوله: على فقير) أي ولو ذميا لا حربيا كما في شرح السير. قال في النهر: قالوا ولا يجوز على غني ولا على طفله الفقير وعبده، ولو فعل ينبغي أن لا يتردد في ضمانه .

📖 الهداية (مكتبة البشرى) ٤/ ٣٣٩ : قال: " فإن جاء صاحبها " يعني بعد ما تصدق بها " فهو بالخيار إن شاء أمضى الصدقة " وله ثواها لأن التصدق وإن حصل بإذن الشرع لم يحصل بإذنه فتيوقف على إجازته والملك يثبت للفقير قبل الإجازة فلا يتوقف على قيام المحل بخلاف بيع الفضولي لثبوته بعد الإجازة فيه " وإن شاء ضمن الملتقط " لأنه سلم ماله إلى غيره بغير إذنه .

Scanned by CamScanner

📖 احسن الفتاوی (سعید) ٦/ ٣٩١ : الجواب- زید پر اس کا اعلان واجب ہے جب اسے یقین ہو جائے کہ اب اس کا کوئی مالک نہ آئے گا تو صدقہ کر دے، زید مسکین ہے تو خود بھی رکھ سکتا ہے۔

নিরুদ্দেশ ব্যক্তির মালামাল ভোগ করা

প্রশ্ন : এক মহিলা স্বামীসহ কোনো বাড়িতে ভাড়া থাকে। রাতে স্বামী ওই মহিলাকে গলা টিপে বা যেকোনো নিয়মে মেরে পালিয়ে যায়। পরদিন ১২টার দিকে বাড়িওয়ালা দরজা বন্ধ দেখে দরজা ভেঙে ভেতরে গিয়ে ওই মহিলাকে মৃত পায়। অতঃপর থানায় খবর দিলে পুলিশ এসে নিয়ে যায়। কিন্তু স্বামী বা স্ত্রীর কোনো ঠিকানা না থাকায় কোনো মামলা হয়নি। কিছুদিন অপেক্ষা করে বাড়িওয়ালা ওই মহিলার যাবতীয় আসবাব কোনো মাদরাসার হুজুরের কাছে পৌঁছে দেন এবং বলেন যে আপনি যা ভালো হয় করেন। মাদরাসার হুজুর প্রায় দুই বছর অপেক্ষা করে কিছু আসবাব গরিবদের বিলিয়ে দেন এবং কিছু নিজেও গরিব হিসেবে ব্যবহার করেন। প্রশ্ন হলো, উক্ত হুজুরের উক্ত মালপত্র ভোগ করা ঠিক হলো কি না?

উত্তর : প্রশ্নে বর্ণিত উভয় অবস্থায় নিরুদ্দেশ লোকের আসবাব উক্ত মাওলানা সাহেব গরিব হওয়ার শর্তে ভোগ করা সহীহ হয়েছে। অবশ্য প্রকৃত মালিক কোনো সময় হাজির হলে ওই আসবাবের ক্ষতিপূরণ দেওয়া জরুরি হবে। (৭/৭১৯/১৮২৮)

📖 فتاوى قاضيخان (أشرفيه) ٤/ ٣٥٦ : فإن تصدق ثم جاء صاحبها كان بالخيار إن شاء أجاز الصدقة ويكون الثواب له، وإن لم يجز الصدقة فإن كانت اللقطة قائمة في يد الفقير يأخذ ها من الفقير وإن لم تكن قائمة كان له الخيار إن شاء ضمن الفقير وإن شاء ضمن الملتقط وأيهما ضمن لا يرجع على صاحبها بشيء.

📖 فتح القدير (دار الفكر) ٦/ ١٢٣ – ١٢٤ : فإن جاء صاحبها (بعد التصدق فهو) بأحد خيارات ثلاث (إن شاء أمضى الصدقة وله ثوابها لأن التصدق وإن حصل بإذن الشرع لم يحصل بإذنه) أي بإذن المالك وحصول الثواب للإنسان يكون بفعل مختار له ولم يوجد ذلك قبل لحوق الإذن والرضا فبالإجازة والرضا يصير كأنه فعل بنفسه لرضاه بذلك... ...(وإن شاء ضمن الملتقط لأنه سلم ماله إلى غيره بغير إذنه) فإن قلت: لكنه بإذن الشرع وإباحة منه.

Scanned by CamScanner

قلنا: الثابت من الشارع إذنه في التصدق لا إيجابه (هذا) القدر (لا ينافي) وجوب الضمان (حقا للعبد كما في) إذنه (في تناول مال الغير عند المخمصة) والمرور في الطريق مع ثبوت الضمان، فإذا جاز أن يثبت إذنه مقيدا به كما ذكرنا وجب أن يثبت كذلك لأن الأصل ثبوت ضمان مال العبد على المتصرف فيه بغير إذنه (وإن شاء ضمن المسكين) إذا كان المدفوع إليه (هلك في يده لأنه قبض ماله بغير إذنه).

গাড়ি থেকে ভুলে অন্যের জিনিস নিয়ে চলে এলে করণীয়

প্রশ্ন : কয়েক দিন পূর্বে বাড়ি থেকে ফেরার সময় বস্তা বদল হয়ে গেছে। আমাদের বস্তায় কিছু আতপ চাল, শসা, পেঁপে, শাকসবজি ও তরকারি ছিল। তাদের বস্তায় সিদ্ধ চাল ও মুড়ি ছিল, যা আমাদের এখানে চলে এসেছে। অতঃপর আমরা বাস কাউন্টারে যোগাযোগ করে প্রকৃত মালিকের সন্ধান করেছি। কিন্তু ৮-১০ দিন হয়ে গেছে, মালিক পাওয়া যাচ্ছে না। এমতাবস্থায় আমাদের কাছে আসা বস্তার হুকুম কী?

উত্তর : প্রশ্নে বর্ণিত মালসমূহ প্রকৃত মালিকের নিকট পৌঁছিয়ে দেওয়ার জন্য সাধ্যানুযায়ী তার সন্ধান নেওয়া জরুরি। সাধ্যমতো চেষ্টা করার পরও মালিকের সন্ধান পাওয়া না গেলে উক্ত মালগুলো মালিকের পক্ষ থেকে যাকাত খাওয়ার উপযুক্ত গরিবদের সদকা করে দেবে। আর ওই ব্যক্তি নিজেই গরিব হলে উক্ত মালগুলো নিজেই খেতে পারবে। তবে মালিক ফিরে এসে তার মালের দাবি করলে ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবে। (১২/৯৫৬/৫০৮৭)

📖 البحر الرائق (سعيد) ٥/ ١٥٢ : ولم يجعل للتعريف مدة اتباعا لشمس الأئمة السرخسي فإنه بنى الحكم على غالب الرأي فيعرف القليل والكثير إلى أن يغلب على رأيه أن صاحبه لا يطلبه بعد ذلك وصححه في الهداية وقال في البزازية والجوهرة وعليه الفتوى.

📖 الدر المختار (سعيد) ٤/٢٧٨- ٢٧٩ : (وعرف) أي نادى عليها حيث وجدها وفي الجامع (إلى أن علم أن صاحبها لا يطلبها أو أنها تفسد إن بقيت كالأطعمة) والثمار (كانت أمانة) لم تضمن بلا تعد فلو لم يشهد مع التمكن منه أو لم يعرفها ضمن إن أنكر ربها أخذه للرد وقبل الثاني قوله بيمينه وبه نأخذ حاوي،

Scanned by CamScanner

وأقره المصنف وغيره (ولو من الحرم أو قليلة أو كثيرة) فلا فرق بين مكان ومكان ولقطة ولقطة (فينتفع) الرافع (بها لو فقيرا وإلا تصدق بها على فقير ولو على أصله وفرعه وعرسه -

পাখি থেকে ছিনিয়ে নেওয়া মাছের হুকুম

প্রশ্ন : কোনো ব্যক্তির পুকুর থেকে একটি পাখি মাছ নিয়ে যাওয়ার পর অপর ব্যক্তি সে পাখি থেকে মাছটি নিয়ে নিল। এখন তার জন্য মাছটি খাওয়া জায়েয হবে কি না?

উত্তর : কারো পুকুরের মাছ পাখির মুখ থেকে উদ্ধার করা গেলে ওই মাছ মালিকের নিকট পৌঁছে দেওয়া উদ্ধারকারীর ওপর জরুরি হয়ে যায়। মূল মালিকের সন্ধান না পাওয়া গেলে কোনো গরিবকে দিয়ে দায়িত্বমুক্ত হতে হয়। এরূপ অবস্থায় নিজে গরিব হলে নিজে খাওয়াও বৈধ। (৭/৬৮৩)

📖 الفتاوى الهندية (زكريا) ٢٩١/٢ : إن كان الملتقط محتاجا فله أن يصرف اللقطة إلى نفسه بعد التعريف، كذا في المحيط، وإن كان الملتقط غنيا لا يصرفها إلى نفسه بل يتصدق على أجنبي أو أبويه أو ولده أو زوجته إذا كانوا فقراء، كذا في الكافي.

অন্যের গাছের তাল কুড়িয়ে নেওয়ার হুকুম

প্রশ্ন : কোনো ব্যক্তি রাস্তার পাশে সরকারি জায়গায় অথবা বাড়ির আঙিনায় নিজ জায়গায় তালগাছ রোপণ করল। যখন ওই তালগাছ থেকে তাল পড়ে, তখন দেশের প্রচলন হিসেবে মানুষ তালগুলো নিয়ে যায়। যাতে করে অনেক সময় গাছ রোপণকারীর মনে ব্যথা আছে। তাই দেখা যায় কখনো নিষেধ করে। প্রশ্ন হলো, এ ধরনের তাল অথবা ফল ব্যবহার করার বৈধতা শরীয়তে কতটুকু?

উত্তর : শরীয়তের দৃষ্টিতে সরকারি বা মালিকানা জমিতে যে ব্যক্তি গাছ রোপণ করে সেই গাছ ও ফলের মালিক হিসেবে বিবেচিত হয়। সুতরাং বর্ণিত প্রশ্নে গাছের তাল মালিকের অনুমতি ব্যতীত অন্যের জন্য নেওয়া বা ভক্ষণ করা বৈধ হবে না। কেউ নিয়ে থাকলে যথাযথভাবে মালিকের কাছে পৌঁছে দেওয়া ওয়াজিব। (৯/৩৬৪/২৬৩৭)

Scanned by CamScanner

السنن الكبرى للبيهقي (دار الحديث) ٦/ ١٨٦ (١١٥٤٥) : عن أبي حرة الرقاشي، عن عمه، أن رسول الله صلى الله عليه وسلم قال: " لا يحل مال امرئ مسلم إلا بطيب نفس منه " -

سنن أبي داود (دار الحديث) ٤/ ٢١٣٠ (٥٠٠٣) : عن عبد الله بن السائب بن يزيد، عن أبيه، عن جده، أنه سمع رسول الله صلى الله عليه وسلم، يقول: «لا يأخذن أحدكم متاع أخيه لاعبا، ولا جادا» وقال سليمان: «لعبا ولا جدا» ومن أخذ عصا أخيه فليردها.

فتاوی محمودیہ (زکریا) ۱۲/ ۳۳۰ : الجواب-اس گرانے کی وجہ سے وہ پھل زید کی ملک سے نہیں نکلا بغیر مالک کی اجازت کے اس کا لینا اور کھانا درست نہیں ہے۔

Scanned by CamScanner

كتاب الشفعة

অধ্যায় : অগ্রক্রয়াধিকার

পাশের জমিতে শুফআর দাবি

প্রশ্ন : একজন লোকের একটি জমি, যার তিন দিকে অন্য একজন লোকের জমি বেষ্টন করে আছে। আর একদিকে শুধু দ্বিতীয় একজন লোকের জমি আছে। মাঝখানে জমির মালিক স্বীয় জমিটি বিক্রি করার ইচ্ছা করছে। এমতাবস্থায় তিন দিকের জমিওয়ালা ও একদিকের জমিওয়ালা উভয়েরই ক্রয় করার ইচ্ছা আছে। জমিটি ক্রয়ের দিক দিয়ে কাকে অগ্রাধিকার দেওয়া হবে? বিক্রেতা গোপনে একদিকের জমিওয়ালার নিকট যদি বিক্রি করে দেয়, তাহলে এর হুকুম কী?

উত্তর : প্রশ্নে বর্ণিত মাঝখানের জমিওয়ালা স্বীয় জমি বিক্রি করলে উক্ত জমি ক্রয়ের উভয়ের প্রতিবেশী (তিন পাশে বেষ্টনকারী ও একপাশে বেষ্টনকারী) সমান অধিকার থাকবে।

এমতাবস্থায় জমিওয়ালা একজনকে সম্পূর্ণ বিক্রি করে দিলে অন্যজন শুফআ দাবি করতে পারবে। এ ভিত্তিতে তারও অর্ধেক পাওয়ার অধিকার থাকবে। (৪/৪৩৬/৭৮৭)

📖 رد المحتار (سعيد) ٦/ ٢٢١ : (قوله ثم لجار ملاصق) ولو متعددا، والملاصق من جانب واحد ولو بشبر كالملاصق من ثلاثة جوانب فهما سواء أتقاني.

📖 الفتاوى الهندية (زكريا) ٥/ ١٧٨ : ولو أن رجلا اشترى دارا وهو شفيعها ثم جاءه شفيع مثله قضى القاضي بنصفها وإن جاء له شفيع آخر أولى منه فإن القاضي يقضي له بجميع الدار وإن جاء شفيع دونه فلا شفعة له هكذا في شرح الطحاوي.

Scanned by CamScanner

كتاب القضاء والشهادات
অধ্যায় : বিচার ও সাক্ষী

বিচারে অভিযুক্তের বক্তব্য ও সাক্ষীর সাক্ষ্য শোনা জরুরি

প্রশ্ন : গত ২৭-১১-৯৯ ইং রামু জামিয়াতুল উলূম মাদরাসায় এক বিচারের বৈঠক অনুষ্ঠিত হয়। যেখানে বাদী-বিবাদীর বিস্তারিত বর্ণনা পেশ করা হয়। উক্ত বর্ণনার আলোকে নিম্নলিখিত প্রশ্নসমূহের উত্তরদানে বাধিত করার দরখাস্ত রইল :

১. সমস্ত অভিযোগকারীর অভিযোগ না শুনে অভিযুক্ত ব্যক্তির ব্যাপারে নির্দোষের ফয়সালা দেওয়া ইসলামী শরীয়তের বিধান মতে জায়েয কি না?
২. বিচারক বিচারের সময় সাক্ষীর সাক্ষ্য প্রদানকালে তাকে ধমকানো শরীয়ত মতে জায়েয আছে কি না?
৩. বিচারের সময় বিচারকার্যের বিঘ্নকারী লোকদের সরিয়ে দেওয়া বিচারকের দায়িত্ব ছিল কি না?
৪. উল্লিখিত বর্ণনা মতে অভিযুক্ত ইমাম এবং মুহতামিমের ওপর শরীয়তের কী কী বিধিনিষেধ আছে? তাকে মুহতামিমের পদ হতেও বহিষ্কার করা জরুরি কি না?

উত্তর : ১. অভিযোগকারীদের অভিযোগ না শুনে অভিযুক্ত ব্যক্তির ব্যাপারে দোষের বা নির্দোষের ফয়সালা দেওয়া শরীয়তের দৃষ্টিতে জায়েয নেই। (৭/৫০০/১৭১৬)

📖 جامع الترمذي (دار الحديث) ٣/ ٣٩٩ (١٣٣١) : عن علي قال: قال لي رسول الله صلى الله عليه وسلم: «إذا تقاضى إليك رجلان، فلا تقض للأول حتى تسمع كلام الآخر، فسوف تدري كيف تقضي»، قال علي: «فما زلت قاضيا بعد».

📖 بدائع الصنائع (سعيد) ٧/ ٩ : ومنها: أن يكون القاضي فهما عند الخصومة، فيجعل فهمه وسمعه وقلبه إلى كلام الخصمين؛ لقول سيدنا عمر - رضي الله عنه - في كتاب السياسة: فافهم إذا أولي إليك؛ ولأن من الجائز أن يكون الحق مع أحد الخصمين، فإذا لم يفهم القاضي كلامهما؛ يضيع الحق، وذلك قوله - رضي الله عنه -: فإنه لا ينفع تكلم بحق لا نفاذ له.

Scanned by CamScanner

২. শরীয়ত মোতাবেক সাক্ষ্যদাতার মধ্যে শরীয়ত কর্তৃক নির্ধারিত শর্ত পাওয়া গেলে সাক্ষী দানকারীকে সাক্ষ্য দেওয়ার সময় ধমকানো জায়েয নেই।

📖 بدائع الصنائع (سعيد) ١٠/٧ : ومنها: أن لا يعبث بالشهود؛ لأن ذلك يشوش عليهم عقولهم فلا يمكنهم أداء الشهادة على وجهها.

📖 فيه أيضا ٧/ ٩ : ومنها: أن لا يكون ضجرا عند القضاء؛ إذا اجتمع عليه الأمور فضاق صدره؛ لقوله - رضي الله عنه -: إياك والضجر.

৩. বিচারের সময় বিচারকার্যে বিঘ্নকারী লোকদের সুন্দর ভাষা ও ভালো আচরণের দ্বারা সরিয়ে দেওয়া বিচারকের দায়িত্ব।

📖 العناية (دار الفكر) ٧/ ٢٧٥ : (ولا يمازحهم ولا واحدا منهم؛ لأنه يذهب بمهابة القضاء) وينبغي أن يقيم بين يديه رجلا يمنع الناس عن التقدم بين يديه في غير وقته ويمنعهم عن إساءة الأدب، ويقال له صاحب المجلس والشرط والعريف والجلواز من الجلوزة وهي المنع، ويكون معه سوط يجلس الخصمين بمقدار ذراعين من القاضي ويمنع من رفع الصوت في المجلس.

৪. অভিযুক্ত ইমাম ও মুহতামিমের ওপর আরোপিত অভিযোগ শরীয়তের নীতিমালার আলোকে যথাযথ প্রমাণিত হলে এদের তাওবা করা উচিত। তাওবা করে নেওয়ার পর অন্য কোনো ফেতনা-ফ্যাসাদের আশঙ্কা না থাকলে তাদের ইমাম ও মুহতামিম পদে বহাল রাখা যাবে। অন্যথায় কোনো সৎ ও যোগ্য ব্যক্তিকে নিয়োগ দেওয়া উচিত। তবে অভিযোগ প্রমাণিত না হওয়া অবস্থায় নিছক অভিযোগের ভিত্তিতে বহিষ্কার করা যাবে না।

📖 الدر المختار (سعيد) ٣٨٠/٤ : (وينزع) وجوبا بزازية (لو) الواقف درر فغيره بالأولى (غير مأمون) أو عاجزا أو ظهر به فسق كشرب خمر ونحوه فتح.

📖 رد المحتار (سعيد) ٣٨٠/٤ : (قوله: وينزع وجوبا) مقتضاه إثم القاضي بتركه والإثم بتولية الخائن ولا شك فيه بحر. لكن ذكر في البحر أيضا عن الخصاف أن له عزله أو إدخال غيره معه، وقد يجاب بأن المقصود رفع ضرره عن الوقف، فإذا ارتفع بضم آخر إليه حصل المقصود قال في البحر: قدمنا أنه لا يعزله القاضي بمجرد الطعن في أمانته بل بخيانة ظاهرة ببينة، وأنه إذا أخرجه وتاب وأناب أعاده.

Scanned by CamScanner

বিচারকদের প্রথম ফয়সালার বিরোধী দ্বিতীয় ফয়সালা

প্রশ্ন : আমাদের এলাকায় দুই আপন ভাই প্রায় ২০ বছর যাবৎ এক বাড়িতে বসবাস করছে। তবে প্রত্যেকের ঘর ভিন্ন ভিন্ন। এরপর তারা বাড়ি ভাগ করার উদ্যোগ নেয়। গ্রামের কিছু মাতবর ও যারা জমি মাপে তাদের মাধ্যমে বাড়ি ভাগ করা হয়। ভাগ করার পর দেখা যায়, এক ভাইয়ের অংশে অপর ভাইয়ের ঘরের কিছু অংশ পড়ে গেছে। গ্রামের মাতবররা ঘরের মালিককে বলল, তুমি এক মাসের মধ্যে তোমার ঘর তার জায়গা থেকে সরিয়ে নিয়ে যাও এবং এতে যত টাকা খরচ হবে তা তোমাকেই বহন করতে হবে। মাতবরের এই সিদ্ধান্তকে সে মেনে নিয়েছে। কিন্তু নির্ধারিত এক মাস শেষ হয়ে যাওয়ার পরও সে ঘর সরিয়ে নেয়নি। তাকে ঘর সরিয়ে নিতে বলা হলে সে বলল, আমি ঘর সরিয়ে নেব, তবে এতে যা খরচ হবে তা আমাকে দিতে হবে এবং সে নিজ গ্রামের ও পার্শ্ববর্তী গ্রামের কিছু মাতবরকে নিয়ে সালিস বসায়। মাতবররা জমির মালিককে বলল, তুমি তাকে তিন হাজার টাকা দিয়ে দাও। ওই ভাই বলল, তা কেন দেব? বিচারকরা বলল–দেখো, আমরা তো তাকে অনেকবার বলছি, কিন্তু সে তো টাকা ছাড়া ভাঙছে না। ধরে নাও, আমরা তোমার ওপর জুলুম করছি তুমি তাকে তিন হাজার টাকা দিয়ে দাও। এভাবে বিচারকগণের অনেকবার বলাতে তার অনিচ্ছা সত্ত্বেও বাধ্য হয়ে তাকে তিন হাজার টাকা দিতে হয়। কারণ যদি টাকা না দেওয়া হয় তাহলে সে ঘর সরিয়ে নেবে না। প্রশ্ন হলো :

(১) বিচারকগণ একবার ফয়সালা করার পর দ্বিতীয়বার তার বিপরীত ফয়সালা করা ঠিক হয়েছে কি না?

(২) ঘরের মালিকের জন্য উক্ত টাকা গ্রহণ করা বৈধ হবে কি না?

(৩) যে টাকা দিয়েছে সে যেকোনো মাধ্যমে তা গ্রহীতা থেকে আদায় করতে পারবে কি না?

(৪) কিছু মুফতিয়ানে কেরাম বলেছেন, যদিও ঘরের মালিকের জন্য উক্ত টাকা গ্রহণ করা বৈধ হয়নি, তথপি সে যেহেতু বিচারকদের ফয়সালার মাধ্যেমে গ্রহণ করেছে, তাই তার থেকে যেকোনো মাধ্যমে আদায় করা বৈধ হবে না। এ কথা কতটুকু সত্য?

উত্তর : ভাগাভাগির পর অন্যের জমিতে ঘর পড়ার কারণে তা সরিয়ে নেওয়া তারই নিজের দ্বায়িত্ব ছিল এবং মাতবরদের প্রথম ফয়সালা শরয়ী নীতিমালার মোতাবেক হওয়ায় তা আমলযোগ্য বলে বিবেচিত। সুতরাং মাতবরদের দ্বিতীয় ফয়সালা শরয়ী নীতিমালার বিপরীত হওয়ায় তা গ্রহণযোগ্য নয় বিধায় জমিওয়ালাকে উক্ত টাকা ফিরিয়ে দেওয়া তার জন্য জরুরি এবং স্বেচ্ছায় না দিলে যেকোনো পন্থায় তা উসুল করে নেওয়া জমিওয়ালার জন্য অন্যায় হবে না। (১০/৩৯১/৪০১৪)

📖 الفتاوى الخيرية ١/ ١٦١ : سئل فى طاحونة مشتركة بنى أحد الشريكين على جانب من سطحها علية لنفسه بإذن شريكه ثم

Scanned by CamScanner

أقتسماها بالتراضى فوقعت العلية على ما أصاب الآخر بالقسمة هل له رفعها عنه حيث لم يشترطا فى عقد القسمة للبانى حق القرار عليه أم لا ؟

أجاب- له رفعها إذ البانى مستعير لحصة شريكه للبناء، وقد علم أن للمعير أن يرجع عن العارية متى شاء وقد وقع السطح الذى بنى عليه فى قسم الآخر ولم يشترطا فى القسمة له حق القرار عليه -

📖 الفتاوى الهندية (زكريا) ٤٠١/٣ : وإذا حكما رجلا بينهما فقضى لأحدهما على صاحبه باجتهاده ثم رجع عن قضائه وقضى للآخر فإن القضاء الأول ماض والقضاء الثاني باطل.

📖 فيه أيضا ١٣٥/٥ : رجل له على آخر دين فأخذ من ماله مثل حقه قال الصدر الشهيد المختار أنه لا يصير غاصبا؛ لأنه أخذ بإذن الشرع -

সাক্ষী না থাকা অবস্থায় ফাসেকের কসম গ্রহণযোগ্য

প্রশ্ন : ১. কর্জগ্রহীতা যদি কর্জ পরিশোধ করেছে মর্মে দাবি করে এবং কর্জদাতা অস্বীকার করে, তবে সাক্ষী না থাকা অবস্থায় কর্জদাতার ওপর শপথ আসবে কি না?
২. ফাসেক ব্যক্তি, যার নিকট শপথের কোনো গুরুত্ব নেই। সে কথায় কথায় মিথ্যা শপথ করতে অভ্যস্ত, যদি তার বিপক্ষে সাক্ষী না থাকায় তার ওপর শপথ আসে তবে কি শপথের মাধ্যমে ফয়সালা হবে, না বিকল্প কোনো পন্থা অবলম্বন করা যাবে?

উত্তর : ১. ঋণগ্রহীতা যদি ঋণ পরিশোধের দাবি করে এবং ঋণদাতা অস্বীকার করে তবে ঋণগ্রহীতার পক্ষে শরয়ী সাক্ষী না থাকা অবস্থায় সে শরয়ী কাজি বা পঞ্চায়েতের মাধ্যমে ঋণদাতা থেকে শপথ নিতে পারবে। যদি ঋণদাতা শপথ না করে তখন ঋণ পরিশোধ করা হয়েছে বলে সাব্যস্ত হবে। আর যদি শপথ করে তখন ঋণ গ্রহীতার ওপর ঋণ পরিশোধের দায়িত্ব বহাল থাকবে। (৮/৯৬০/২৪১৪)

📖 الدر المختار (سعيد) ٥٥٥/٥ : (ادعى المديون الإيصال فأنكر المدعي) ذلك (ولا بينة له) على مدعاه (فطلب يمينه فقال المدعي اجعل حقي في الختم ثم استحلفني له ذلك) قنية.

Scanned by CamScanner

📖 رد المحتار (سعيد) ٥/٥٥٥ : (قوله فأنكر المدعي) أي مدعي الدين. (قوله ولا بينة له) أي لمدعي الإيصال. (قوله فطلب يمينه) أي يمين الدائن (قوله فقال المدعي) أي مدعي الدين. (قوله اجعل حقي في الختم) أي الصك، ومعناه اكتب لي الصك بالبينة ثم استحلفني مدني.

📖 امداد المفتین (دار الاشاعت) ص ۷۴۶ : الجواب- اگر مدعا علیہ سچا ہے تو اس کو قسم کھانی جائز ہے لیکن اس کے ذمہ ضروری اور واجب اس وقت تک نہیں جب تک کہ کسی حاکم مسلم کی طرف سے مرافعہ نہ ہو، مدعی از خود اس کو قسم کھانے پر مجبور نہیں کر سکتا۔

২. শরীয়তের বিধান মতে শরয়ী কাজি বা পঞ্চায়েতের সামনে ব্যাপারটি বিচারাধীন হলে বাদী সাক্ষী পেশ করবে, সাক্ষী পেশ করতে না পারলে বিবাদী কসম করবে, বিবাদী কসমের পর সিদ্ধান্ত তার পক্ষে দেওয়া হবে। বিবাদী ফাসেক হোক বা আস্থাভাজন হোক–সর্বক্ষেত্রে বিবাদীর ওপর কসম আসবে। তবে সে মিথ্যাবাদী হলে আল্লাহর কাছে অভিশপ্ত হবে।

📖 صحيح مسلم (٢٢٣) : عن علقمة بن وائل، عن أبيه، قال: جاء رجل من حضرموت ورجل من كندة إلى النبي صلى الله عليه وسلم، فقال الحضرمي: يا رسول الله، إن هذا قد غلبني على أرض لي كانت لأبي، فقال الكندي: هي أرضي في يدي أزرعها ليس له فيها حق، فقال رسول الله صلى الله عليه وسلم للحضرمي: «ألك بينة؟» قال: لا، قال: «فلك يمينه»، قال: يا رسول الله، إن الرجل فاجر لا يبالي على ما حلف عليه، وليس يتورع من شيء، فقال: «ليس لك منه إلا ذلك»، فانطلق ليحلف، فقال رسول الله صلى الله عليه وسلم لما أدبر: «أما لئن حلف على ماله ليأكله ظلما، ليلقين الله وهو عنه معرض»

📖 سنن الترمذى (دار الحديث) ٣/ ٤٠٣ (١٣٤١) : عن عمرو بن شعيب، عن أبيه، عن جده، أن النبي صلى الله عليه وسلم قال في خطبته: «البينة على المدعي، واليمين على المدعى عليه».

📖 الفقه الإسلامى وأدلته (دار الفكر) ٦/ ٥٩٩ : الأصل العام في توزيع طرق إثبات الحق بين الخصمين المتنازعين أمام القضاء: أن يطالب المدعي بالبينة أو الشهادة، ويطالب المدعى عليه باليمين

Scanned by CamScanner

عند العجز عن البينة في رأي الجمهور غير الشافعية كما تقدم، فالبينة حجة المدعي، واليمين حجة المدعى عليه، واليمين تُشرع في حق كل مدعى عليه، سواء أكان مسلماً أم كافراً، عدلاً أم فاسقاً، امرأة أم رجلاً، لقول النبي صلّى الله عليه وسلم: «البينة على المدعي، واليمين على المدعى عليه».

একজন সাক্ষী থাকাবস্থায় বিবাদী থেকে কসম নেওয়া

প্রশ্ন : আমি আবু নাছের ও কারী নজরুল ইসলাম সাহেব শুলকবহর মাদরাসার জন্য অন্যান্য বছরের মতো এ বছরও বিগত রমাজানে কাজ করেছি। আমি সে জায়গায় আগেও কাজ করেছি। তাই টাকা-পয়সার হিসাব আমার কাছে ছিল। আমরা চাই, মাদরাসায় আমাদের নামে বেশি টাকা জমা হোক, তাই আমরা খুবই মেহনত ও আনন্দের সহিত কাজ করেছি। আমি হলাম সহকারী বোর্ডিংপ্রধান, তাই আমি এবং বোর্ডিংপ্রধান এক রুমে আছি। আর সে রুমে হিসাবরক্ষক রমাজানে খানা খেতেন। একদিন হিসাবরক্ষক আমার রুমে এলেন। নিয়্যাত ছিল যে খানাও খাবে এবং বোর্ডিংপ্রধানের সাথে রসিদ বই মূলে যে হিসাব ছিল, তাও ঠিক করে নেবে। তিনি আসছিলেন খুবই পেরেশান এবং চিন্তিত অবস্থায়। কেননা তাঁর বাড়ি থেকে ফোন আসে যে তাঁর ছোট ছেলের হাত ভেঙে গেছে, তাই তিনি আগামীকাল বাড়িতে যাবেন। তখন অনেক রাত। যাহোক, তিনি বোর্ডিংপ্রধানের সাথে হিসাব করেন। পাশে ছিলাম আমি ও মাদরাসার ক্যাশিয়ার (ইউনুছ) এবং তৃতীয় আরেক ব্যক্তি। হিসাব করতে করতে হিসাবরক্ষক বলেন, তুমি এখনো টাকা-পয়সা জমা দাওনি কেন? আমি বলি, এত দিন কোনো টাকা-পয়সা সংগ্রহ হয়নি, যা যা আদায় হয়েছে এখন কি দেব? হিসাবরক্ষক বলেন, এখন সময় নেই; কিন্তু টাকাগুলো ক্যাশিয়ার সাহেবকে দিয়ে দাও, বইয়ের হিসাব পরে দিও।

তারপর আমি বলি, টাকা এখন দিয়ে রসিদ বইয়ের হিসাব পরে দিলে হবে কি? হিসাবরক্ষক বলেন, হবে। তখন আমি তাড়াতাড়ি ট্রাংক খুলে টাকা বের করে গুনে দিলাম এবং ক্যাশিয়ার আমার থেকে গুনে নিল। তাকে টাকা দিলাম ১০,০০০ টাকা, ভাংতি দিলাম না, যেহেতু স্মরণ থাকবে না, ভাংতি বইয়ের সাথে দেব। যাহোক, টাকাগুলো খুশির সাথে দিলাম, ঝামেলা থেকে রক্ষা পেলাম। কারণ মাদরাসার টাকা। আল্লাহ না করুন কিছু হলে মুসিবতে পড়ব, গরিবের ছেলে, জরিমানা দিতে পারব না। আর টাকা দেওয়ার সময় লেখা করে নিলাম না। যেহেতু,

১. হিসাবরক্ষক নিজেই অনুমতি দিলেন।

২. কয়েক দিন পরে বইয়ের হিসাব দিয়ে দেব, অল্প দিনে কি ভুলে যাবে?

Scanned by CamScanner

৩. আমি এবং বোর্ডিংপ্রধান ছেলেদের খোরাকি উসুল করে থাকি। তা থেকে মাদরাসার কাজে অনেকবার টাকা নিয়েছে। পরে ক্যাশিয়ার এবং কেরানি ঠিক করে নিত যে তারা আমাদের থেকে টাকা বুঝে পেয়েছে। আমরা পরে রসিদ বইয়ের হিসাব দিতে গেলে অসুবিধা হতো না।

৪. এত মানুষের সামনে সে কি অস্বীকার করবে?

যাহোক, কয়েক দিনের ভেতরে বইয়ের হিসাব দিতে পারলাম না, সময় পাইলাম না। যেহেতু রমাজান মাস দিনে চাঁদা করতাম সন্ধ্যায় বোর্ডিং বাজার করতাম, তারাবীর ওয়াক্ত হয়ে যেত, বাজারগুলো রেকর্ডিং করতাম। যাহোক বিভিন্ন কারণে হিসাব দিতে পারলাম না। রমাজানের পরে যখন আরো বইয়ের হিসাব দিতে যাই, কেরানি আমার থেকে টাকা চাইলে আমি বলি, কিছু টাকা এই নিন, আর বাকি ১০ হাজার আপনার অনুমতিতে আপনার সামনে ক্যাশিয়ারকে দিয়েছি না? তখন কেরানি বলেন, আমি জানি না, আমার স্মরণ নেই। তার থেকে আমাকে টাকা এনে দাও। আমি আর কী করব? ক্যাশিয়ারের কাছে গেলাম, তাঁকে বলি আপনাকে রমাজানে যে ১০,০০০ টাকা দিয়েছি তা কেরানি দিতে বলেছেন। ক্যাশিয়ার বলল, আপনি আমাকে তো কোনো টাকা দেননি। তখন আমার অবস্থা অন্য রকম হয়ে গেল, অজ্ঞান হয়ে গেলাম। তাঁকে বললাম, বোর্ডিং হুজুর জানেন, তারপর তাঁকে নিয়ে বোর্ডিংপ্রধানের কাছে এলাম, তিনিও তা অস্বীকার করলেন। তারপর আমি বলি–হুজুর, আপনারা খেয়াল করেন, আমি আপনাদের সামনেই টাকা দিয়েছি, কুল্লামা তালাকের কসম খেয়ে আমি বলতে পারব এবং কে কে ছিলেন, কে কোন জায়গায় বসেছেন, তাও আমার স্মরণ আছে। হ্যাঁ, বোর্ডিংপ্রধানের দু-এক দিন পরে স্মরণ এসেছে এবং বলেছেন নাছির ও ইউনুছকে টাকা গণনা করতে দেখেছি, ইউনুছ টাকা নিয়ে যাওয়ার সময় আমাকে বলেছে–বাবাজি, দু'আ করিও টাকা যেন হেফাজত করতে পারি। শেষ প্রান্তে এ বিচার মজলিসে এলমির কাছে দেওয়া হলো। বিচারকরা আমাকে ডেকে জিজ্ঞেস করলে আমি বিস্তারিত বলে দিলাম। তারপর বিচারকরা আমাকে বলেন, কোনো সাক্ষী দিতে পারলে নিয়ে আসো। আমি চিন্তা করলাম, এখানে মনে হয় দুজন সাক্ষী লাগবে। আমার কাছে আছে একজন (তা হলো বোর্ডিং হুজুর), আমি বলিনি। তাঁরা পুনরায় বলেন, তুমি কোনো শপথ নিতে পারবা? আমি বলি, কুল্লামা তালাকের কসম নিতেও পারব। বিচারকরা আমাকে ডেকে জিজ্ঞেস করছিলেন সাক্ষী আছে কি না? সেখানে এটা বলেছিলাম যে বোর্ডিং হুজুর জানেন। তখন তাঁরা আমার অজান্তে বোর্ডিং হুজুরকে ডেকে এ ব্যাপারে জিজ্ঞাসা করেছিলেন তিনি সেভাবে বলে দেন, যেভাবে লিখিত কাগজে স্বাক্ষর নিয়ে এই পাতায় পিন মারা হয়েছে। পরিশেষে বিচারকরা বিচার করেছেন এভাবে যে বাদী-বিবাদীকে ডেকে বিবাদীকে শপথ করান। কিন্তু যেই শপথ বিবাদীকে দেওয়ার জন্য বাদী থেকে নিলেন, অর্থাৎ কুল্লামা তালাক নিলেন না। শপথবাক্যে বাধ্য করলেন। এভাবে যে বিবাদীকে পশ্চিম দিক দাঁড় করালেন এবং কোরআন হাতে দিলেন, শপথ করতে করতে

Scanned by CamScanner

বললেন। আমি পশ্চিম দিক হয়ে কোরআন হাতে নিয়েتالله .بالله. الله আমি আবু নাছের থেকে কোনো টাকা নেইনি এবং সে সম্পর্কে আমি কিছু জানি না।

এখন মাননীয় মুফতী সাহেব হুজুরের কাছে সবিনয় প্রশ্ন হলো, বিচারকরা একজন সাক্ষী পাওয়ার পরও এ রকম বিচার করলেন এবং আমার থেকে বিবাদীকে দেওয়ার জন্য যে শপথ নিলেন, তাও দিলেন না। তাই তাঁদের বিচার শরীয়তসম্মত হলো কি না, তা জানাবেন এবং তাঁদের পদ্ধতি অনুযায়ী বিচার শরীয়তমত হয়েছে কি?

উত্তর : ইসলামী শরীয়ত লেনদেন পাওনার দাবি ইত্যাদি বিষয়ের মীমাংসার জন্য সাক্ষী হিসেবে দুজন পুরুষ অথবা একজন পুরুষ ও দুজন মহিলা নির্ধারণ করেছে। বাদী সাক্ষী পেশ করতে অক্ষম হলে বিবাদীকে আল্লাহর নামের কসম দেওয়ার কথা হাদীসে স্পষ্ট উল্লেখ আছে। তবে কসমের ব্যাপারে বাদী-বিবাদীর কথা মানা বিচারকের জন্য জরুরি নয়। তাই প্রশ্নে বর্ণিত পদ্ধতিতে যেহেতু বাদীর নিকট পূর্ণ সাক্ষী বিদ্যমান নেই, আর এক সাক্ষীতে দাবি প্রমাণিত হয় না এবং যে পদ্ধতিতে কসম দেওয়ার শর্ত আরোপ করা হয়েছে সে শর্ত মানা বিচারকের জন্য জরুরি নয়, বরং নিষেধ। তাই বিচারকের বিচার শরীয়তসম্মত হয়েছে। কিন্তু বিবাদী যদি মিথ্যা কসম করে থাকে তাহলে তার শাস্তি পরকালে ভোগ করবে। (৮/৭৮৩/২৩৫২)

📖 البناية (دار الفكر) ٩/ ١٠٦ : وما سوى ذلك من الحقوق يقبل فيها شهادة رجلين أو رجل وامرأتين، سواء كان الحق مالا أو غير مال مثل النكاح، والطلاق، والوكالة والوصية ونحو ذلك.

📖 البحر الرائق (سعيد) ٧/ ٢١٣ : والتحليف بالطلاق والعتاق والأيمان المغلظة لم يجوزه أكثر مشايخنا. اهـ. وفي الخانية، وإن أراد المدعي تحليفه بالطلاق والعتاق في ظاهر الرواية لا يجيبه القاضي إلى ذلك؛ لأن التحليف بالطلاق والعتاق حرام.

📖 الفقه الإسلامى وأدلته (دار الفكر) ٦/ ٥٢٦ : إذا أقام المدعي شاهداً، وعجز عن تقديم شاهد آخر وحلف مع شاهده، هل يقضى به بشاهده ويمينه؟

قال الحنفية : لا يقضى بالشاهد الواحد مع اليمين في شيء، لقوله تعالى: {واستشهدوا شهيدين من رجالكم، فإن لم يكونا رجلين، فرجل وامرأتان ممن ترضون من الشهداء} وقوله سبحانه: {وأشهدوا ذوي عدل منكم} طلب القرآن الكريم إشهاد رجلين أو رجل وامرأتين، فقبول الشاهد الواحد ويمين المدعي زيادة على

Scanned by CamScanner

النص، والزيادة على النص نسخ، والنسخ في القرآن الكريم لا يجوز إلا بمتواتر أو مشهور، وليس هناك واحد منهما.

📖 تكملة فتح الملهم (مكتبة دار العلوم كراتشى) ٢/ ٥٣٨ : وأما مبدأ استقلال القضاء بمعنى أن يكون القاضى مستقلا فى حكمه ولا يتأثر فى ذلك بالأمراء والحكام فإن ذلك واجب على كل حال.

আল্লাহর আইন ভঙ্গকারীর শাস্তি

প্রশ্ন : কেউ যদি আল্লাহর আইন ভঙ্গ করে (বিরোধিতা নয়) থাকে, তাহলে শরীয়তের হুকুম অনুযায়ী দুনিয়ায় তার কী কী শাস্তি হতে পারে?

উত্তর : আল্লাহপ্রদত্ত কিছু বিধান এমন রয়েছে, যাতে সীমালঙ্ঘন করলে কিংবা ভঙ্গ করলে শরীয়তের প্রমাণ সাপেক্ষে দুনিয়াতেই শাস্তি ভোগ করতে হয়। যেমন–চুরি করলে হাত কেটে দেওয়ার শাস্তির কথা রয়েছে, ব্যভিচারে লিপ্ত হলে কিংবা মাদকদ্রব্য পান করলে অথবা কারো ওপর মিথ্যারোপ করলে দোররা মারার বিধান রয়েছে। তবে উক্ত শাস্তিগুলো প্রয়োগের ভার ইসলামী হুকুমতের ইমামুল মুসলিমীনের দায়িত্বেই শরীয়ত অর্পণ করেছে। তাই প্রকৃত ইসলামী শাসন চালু না হওয়া পর্যন্ত তা প্রয়োগ করা যাবে না। (১৬/৮৫৫)

📖 الأموال لابن زنجويه (مركز الملك فيصل) ٣/ ١١٥٢ (٢١٤٣) : عن مسلم بن يسار، عن أبي عبد الله رجل من أصحاب النبي صلى الله عليه وسلم، قال مسلم: كان ابن عمر يأمرنا أن نأخذ عنه، قال: هو عالم فخذوا عنه، فسمعته يقول: " الزكاة والحدود والفيء والجمعة إلى السلطان ثم قال: أرأيتم لو أخذتم لصوصا، أكان لكم أن تقطعوا بعضهم وتدعوا بعضهم؟ قال: قلنا: لا، قال: أفرأيتم لو رفعتموهم إليهم، فقطعوا بعضهم وتركوا بعضهم، أكان عليكم منهم شيء؟ قال: قلنا: لا، أما نحن فقد قضينا ما علينا، قال: فهكذا تجري الأمور".

📖 فتح الباري (دار المعرفة) ١٢/ ١٦٣ : واحتج الطحاوي بما أورده من طريق مسلم بن يسار قال كان أبو عبد الله رجل من الصحابة

Scanned by CamScanner

يقول الزكاة والحدود والفيء والجمعة إلى السلطان قال الطحاوي لا نعلم له مخالفا من الصحابة -

📖 بدائع الصنائع (سعيد) ٧/ ٥٧ : [فصل في شرائط جواز إقامة الحدود] (فصل) : وأما شرائط جواز إقامتها فمنها ما يعم الحدود كلها، ومنها ما يخص البعض دون البعض، أما الذي يعم الحدود كلها فهو الإمامة: وهو أن يكون المقيم للحد هو الإمام أو من ولاه الإمام.

পিতার সম্পাদিত চুক্তি ওয়ারিশদের লঙ্ঘন করা

প্রশ্ন : দুই ব্যক্তির (যারা পরস্পর আত্মীয়ও বটে) মধ্যকার জায়গাজমি ও টাকা-পয়সাসংক্রান্ত একটি সালিসি বৈঠকের সিদ্ধান্ত মোতাবেক সালিসান ও সাক্ষীগণের দ্বারা যথারীতি স্বাক্ষরিত কয়েকটি শর্তযুক্ত এক চুক্তি ও অঙ্গীকারনামায় উক্ত উভয় ব্যক্তি স্বাক্ষর করে ১১/০৭/২০০০ ইং তারিখে চুক্তি ও অঙ্গীকারবদ্ধ হন। কিন্তু উক্ত সালিস বৈঠকে রেজিস্ট্রি করা হয়নি। যাহোক, বিগত ২৫/০৭/২০০০ ইং তারিখে সরকারি রেজিস্ট্রি অফিসে রেজিস্ট্রি করে এক এওয়াজ-বদল দলিল সম্পাদনপূর্বক কিছু সম্পত্তি উভয় ব্যক্তি আদান-প্রদান করে উক্ত চুক্তি ও অঙ্গীকারনামার তিনটি শর্ত পূরণ করে নিয়েছেন।

প্রশ্ন হলো, উক্ত দুই ব্যক্তির একজনের মৃত্যুর পরে তার ওয়ারিশরা উক্ত চুক্তি ও অঙ্গীকারনামাটি রেজিস্ট্রি করা হয়নি অথবা ভয়ভীতি দেখিয়ে জোরপূর্বক তাদের পিতার নিকট হতে চুক্তি ও অঙ্গীকারনামায় স্বাক্ষর নেওয়া হয়েছে অথবা মান-ইজ্জত হারানোর ভয়ে অনিচ্ছা সত্ত্বেও তাদের পিতা উক্ত চুক্তি ও অঙ্গীকারনামায় স্বাক্ষর করেছেন অথবা অন্য যেকোনো অজুহাত দেখিয়ে উক্ত চুক্তি ও অঙ্গীকারনামার সমস্ত শর্তাবলি বা কোনো শর্ত অমান্য ও লঙ্ঘন করলে ইসলামী শরীয়তের দৃষ্টিতে তা নাজায়েয ও হারাম হবে কি না?

উত্তর : দুজন ব্যক্তি পরস্পর সালিস বৈঠকে উপস্থিত হয়ে তাদের মাঝে সৃষ্ট সংকট নিরসনকল্পে চুক্তি ও অঙ্গীকারনামায় স্বাক্ষর করে যদি ঐকমত্য পোষণ করে এবং সে চুক্তিনামার শর্তগুলো শরীয়তবিরোধী না হয়। অতঃপর সে চুক্তিনামা মোতাবেক উভয় পক্ষ টাকা-পয়সা ও জায়গাজমি লেনদেন করে থাকে তাহলে পরবর্তীতে কোনো এক পক্ষের মৃত্যুর পর তার ওয়ারিশদের মধ্যে হতে কারো পক্ষে যেকোনো অজুহাত

Scanned by CamScanner

দেখিয়ে সে চুক্তিকে অমান্য করা শরীয়তসম্মত নয়। বরং উক্ত চুক্তি লঙ্ঘনকারী অবশ্যই আল্লাহর আইনে অপরাধী ও গোনাহগার হবে। (১৩/৪৪১/৫৩২৭)

📖 الهداية (مكتبة البشرى) ٥/ ٣٧٠ : ولكل واحد من المحكمين أن يرجع ما لم يحكم عليهما" لأنه مقلد من جهتهما فلا يحكم إلا برضاهما جميعا "وإذا حكم لزمهما" لصدور حكمه عن ولاية عليهما۔

📖 فيه أيضا ١٨٣/٣ : ولو كان مات الخصم ينفذ الكتاب على وارثه لقيامه مقامه.

📖 الدر المختار (سعيد) ٤٣٨/٥ : (لا) يبطل (بموت الخصم) أيا كان لقيام وارثه أو وصيه مقامه.

📖 المغني لابن قدامة (مكتبة القاهرة) ١٠/ ٩٤ : وإذا تحاكم رجلان إلى رجل حكماه بينهما ورضياه، وكان ممن يصلح للقضاء، فحكم بينهما، جاز ذلك، ونفذ حكمه عليهما. وبهذا قال أبو حنيفة.

📖 امداد الاحکام (مکتبۂ دار العلوم کراچی) ۴ /۷۰ : جبکہ فریقین رضامندی کے ساتھ کسی کو حکم تجویز کرلیں اور وہ حکم اپنا فیصلہ سنادے تو پھر کسی فریق کو رجوع کرنا تحکیم سے درست نہیں ہے اور اس فیصلہ سے رجوع کرنا ایسا ہی ہے جیسا کے قاضی کی فیصلے سے اور وہ یقیناً گنہگار ہے۔

📖 فتاوی حقانیہ (مکتبۂ سید احمد) ۵/ ۳۶۱ : جب فریقین نے خوشی سے ثالث کو فیصلے کا اختیار دیا تو ثالث کا فیصلہ اگر شرعی اصول کے منافی نہ ہو تو اسے انکار کرنا جائز نہیں بلکہ اس فیصلے کا ماننا فریقین پر لازم ہے اس لیے کہ ایسے فیصلے سے انکار ایک غیر شرعی امر ہے اور کسی غیر شرعی امر کے ارتکاب پر جرمانہ وصول کرنا جائز ہے اگرچہ اصل مذہب عدم جواز کا ہے لکن معاشرہ میں برائیوں کے انسداد کے لیے چونکہ شرعی طریقہ سے تعزیرات کا نظام مفقود ہے اور برائیوں کا انسداد ضروری ہے اس لئے گر کوئی ایسی طاقت اور قوت موجود نہ ہو جس سے جرائم کا انسداد ہو سکے اور تعزیر بالمال سے اس کا انسداد ہو سکتا ہو تو ایسی صورت میں معاشرہ کی اصلاح کی خاطر امام ابو یوسف رحمہ اللہ کے قول پر فتوی دینا زیادہ مناسب ہے۔

Scanned by CamScanner

বেদখল জমি পাইয়ে দেওয়ার জন্য তৃতীয় পক্ষকে টাকা দেওয়া

প্রশ্ন : আমার কিছু জমি অন্য ব্যক্তি জবরদখল করে আছে। জমিটি গ্রামের সালিস-মাতবরের মাধ্যমে সমাধা করে আনতে তৃতীয় পক্ষ আমার নিকট তাদের কষ্ট-পরিশ্রমের বিনিময়ে ১০ হাজার টাকা দাবি করছে। উক্ত জমিটি কোর্টে কেস করে আনতে গেলে আরো অধিক টাকা ও সময় নষ্ট করতে হবে। এমতাবস্থায় তৃতীয় পক্ষকে জমিটি আমার হস্তগত করে দেওয়ার পরিবর্তে ১০ হাজার টাকা দেওয়া জায়েয হবে কি না?

উত্তর : প্রশ্নের বর্ণনানুযায়ী তৃতীয় পক্ষের সালিস-মীমাংসা বাস্তবায়ন হলে চুক্তি মোতাবেক তাদের টাকা দেওয়া শরীয়তের দৃষ্টিতে বৈধ হবে। (১২/৭৬৬/৫০৪১)

📖 فتاوی حقانیہ (مکتبۂ سیداحمد) ۵/ ۴۵۱ : الجواب- مذکورہ قاضی شرعی قاضی نہیں کیونکہ قاضی تو حکومت کی طرف سے مقرر ہوتا ہے جب فریقین فیصلے کے لے کسی کو مقرر کریں تو وہ محکم ہوتا ہے اور تحکیم میں چونکہ فیصلے سے قبل فریقین کو رجوع کا حق حاصل ہے اس لئے ان میں سے اگر ایک فریق یا دونوں رجوع کر لیں تو یہ تحکیم فسخ ہو جا ئے گی جب تحکیم فسخ ہو جائے تو محکم اجرت کا مستحق نہیں رہتا، ان کے مابین اجارہ تحکیم پر ہوتا ہے جب فریقین رجوع کر لیں تو اجارہ بھی فسخ ہو جاتا ہے کیونکہ اجارہ محض عقد سے لازم نہیں آتا۔

ক্ষতি থেকে বাঁচার জন্য বাঁশের চারা নষ্ট করা

প্রশ্ন : আমার পাশে এক শরীকের বাঁশঝাড় আছে। আমার জমিতে মেহগনি ও কাঁঠালগাছ লাগিয়েছি। তার বাঁশের কারণে আমার গাছের চারা ও ঘরের টিনের ক্ষতি হয়। গ্রামের মাতবররা ফয়সালা দেন, যে পরিমাণ বাঁশ ঘর এবং গাছের ওপর আছে তা কেটে ফেলতে। যদি তা-ই করি, তাহলে কলহ বাড়ে। এখন আমি কী করতে পারি? আমার বুঝ মতে আমি যদি বাঁশের চারা ছোট সময় থেকে নষ্ট করে ফেলি তা করতে পারব কি না? শুনেছি, তার বাঁশের দ্বারা আমার যে পরিমাণ ক্ষতি হয়েছে, তার চার আনা পরিমাণ ক্ষতির জন্য ৭০০ রাক'আত কবুল নামাযের সাওয়াব তার আমলনামা থেকে আমার আমলনামায় দিয়ে দেবে। যদি এ কথা সঠিক হয় এবং আমি আখিরাতের নেকীর আশায় ক্ষতি মেনে নিই, এটা আমার জন্য ঠিক হবে কি না?

উত্তর : শরীয়তের পক্ষ থেকে নিজে ক্ষতি থেকে বাঁচার চেষ্টা করার অনুমতি আছে, তবে অন্যের ক্ষতি করে নয়। শরয়ী নীতির ভিত্তিতে আপনি প্রতিবেশীর বাঁশ আপনার

Scanned by CamScanner

সীমানায় না থাকার সম্ভাব্য সকল ব্যবস্থা গ্রহণ করতে পারেন। অর্থাৎ মালিককে আগা কেটে আপনার সীমানা খালি করার নির্দেশ দেওয়া ইত্যাদি। এতদসত্ত্বেও সে আপনার ক্ষতির তোয়াক্কা না করলে সে জালিম সাব্যস্ত হবে। এর জন্য আপনি আখিরাতে বিনিময় পাবেন। কিন্তু আপনার জন্য তার গাছের চারা নষ্ট করা কখনো জায়েয হবে না। (১০/৪৮৩/৩১৫৪)

📖 صحيح مسلم (دار الغد الجديد) ١٦/ ١١٦ (٢٥٨١) : عن أبي هريرة، أن رسول الله صلى الله عليه وسلم، قال: «أتدرون ما المفلس؟» قالوا: المفلس فينا من لا درهم له ولا متاع، فقال: «إن المفلس من أمتي يأتي يوم القيامة بصلاة، وصيام، وزكاة، ويأتي قد شتم هذا، وقذف هذا، وأكل مال هذا، وسفك دم هذا، وضرب هذا، فيعطى هذا من حسناته، وهذا من حسناته، فإن فنيت حسناته قبل أن يقضى ما عليه أخذ من خطاياهم فطرحت عليه، ثم طرح في النار»-

📖 مجلة الأحكام العدلية (كارخانه تجارتِ كتب) ص ٢٣١ : المادة (١١٩٦) إذا امتدت أغصان شجر بستان أحد إلى دار جاره أو بستانه فللجار أن يكلفه تفريغ هوائه بربط الأغصان وجرها إلى الوراء أو قطعها. ولكن لا تقطع الشجرة بداعي أن ظلها مضر بمزروعات بستان الجار.

📖 فتاوی حقانیہ (مکتبہ سید احمد) ۵/ ۳۷۴ : مذکورہ صورۃ میں اگر درخت کی شاخوں سے پڑوسی کے کھیت کو نقصان پہنچتا ہو تو درخت کے مالک سے مطالبہ کیا جائیگا کہ اگر شاخ کو اوپر باندھنے سے پڑوسی کے نقصان وازالہ ممکن ہو... ...تو پھر مالک کو شاخیں کاٹنے پر مجبور کیا جائے گا البتہ درخت کو جڑے کاٹنے کا مطالبہ صحیح نہیں ہے۔

মৃত ব্যক্তির অভিভাবকের জন্য মৃত্যু না হত্যা, তা নির্ণয় করার জন্য আদালতের আশ্রয় নেওয়া

প্রশ্ন : একজন মহিলা মারা যায়। তার স্বামী বলে, আত্মহত্যা করেছে; কিন্তু লোকজন বলে, হত্যা করা হয়েছে। তবে শরীরে আঘাতের চিহ্ন নেই। এ অবস্থায় শরীয়তের পদ্ধতিতে দাফন করা হয়। আজ প্রায় কয়েক মাস অতিবাহিত হয়। যত দিন যায়, এ কথা প্রবল হয়ে ওঠে যে শ্বশুরবাড়ির লোকজন দ্বারা এ ঘটনা ঘটেছে। মৃত্যু ও দাফনের পর মহিলার অভিভাবক আদালতের আশ্রয় নিতে পারবে কি না? যদি আশ্রয় নিতে

Scanned by CamScanner

পারে তাহলে মৃত মহিলাকে কবর হতে উত্তোলন করা যাবে কি না? যদি করা না যায় আইনগত কারণে বিচার পেতে পারে কি না? এমতাবস্থায় শরীয়তের নির্দেশনা জানতে চাই।

উত্তর : বর্তমানে দেশের প্রচলিত আইনে অস্বাভাবিকভাবে মৃতদেহ ময়নাতদন্তের নামে প্রশাসন কর্তৃক যে প্রহসন চালানো হয় এবং এ উদ্দেশ্যে দাফনকৃত লাশ কবর থেকে উত্তোলন করার যে নিয়ম প্রচলিত আছে, তা শরীয়তের দৃষ্টিতে সম্পূর্ণ অবৈধ। কোরআন-হাদীসে এর অবৈধতার পরিষ্কার বর্ণনা রয়েছে। মানবদেহ মরণোত্তর ও মৃত্যুর পূর্বে সর্বাবস্থায় সম্মানযোগ্য। অহেতুক অঙ্গপ্রত্যঙ্গ কাটা-ছেঁড়া করার অধিকার কারো নেই। পক্ষান্তরে এসব তথ্যের ভিত্তিতে চূড়ান্ত ফয়সালা দেওয়া অসম্ভব। এসব বিষয়ে শরয়ী সমাধানই একমাত্র ত্রুটিমুক্ত ও অনুসরণযোগ্য। এতদসত্ত্বেও মৃতের অভিভাবক হত্যার ব্যাপারে পূর্ণ নিশ্চিত হলে ন্যায়বিচারের জন্য বিচার বিভাগের শরণাপন্ন হতে পারে, গোনাহ হবে না। তবে নিজের স্বজনের মৃতদেহের যে দুরবস্থা ও লাঞ্ছনা তদন্তের নামে হবে, তাও ভেবে দেখা দরকার। (৪/১৩৯)

📖 شرح السير الكبير ١/ ١٢٨ : والآدمي محترم بعد موته على ما كان عليه في حياته. فكما يحرم التداوي بشيء من الآدمي الحي إكراما له فكذلك لا يجوز التداوي بعظم الميت. قال - صلى الله عليه وسلم -: «كسر عظم الميت ككسر عظم الحي».

📖 مجلة الأحكام العدلية (كارخانه تجارت كتب) ص ٢٧ (المادة ٩٠) : إذا اجتمع المباشر والمتسبب أضيف الحكم إلى المباشر.

Scanned by CamScanner

كتاب الصيد والذبائح
অধ্যায় : শিকার ও জবাই

باب الصيد
পরিচ্ছেদ : শিকার

মাছের পোনা ধরার হুকুম

প্রশ্ন : আমাদের দেশে দেখা যায়, নদী থেকে ছোট ছোট চিংড়ি মাছের পোনা ধরে বিক্রি করে, অথচ পোনা ধরার কারণে অন্য মাছের পোনাও নষ্ট হয়। আর এগুলো যদি বড় হতো তাহলে দেশ ও জাতির উন্নয়ন হতো। এমতাবস্থায় মাছের পোনা ধরা এবং বিক্রি করা বৈধ হবে কি না?

উত্তর : নদীর মাছ দেশ ও জাতির জন্য আল্লাহপ্রদত্ত সম্পদ। এ সম্পদ হতে যে কেউ উপকৃত হওয়ার অধিকার রাখে। তবে এমনভাবে উপকৃত হওয়া, যার দ্বারা ক্ষুদ্রতম জনগোষ্ঠী সাময়িক লাভবান হলেও অধিকাংশের বিরাট ক্ষতির সম্মুখীন হতে হয়, তা জায়েয হতে পারে না। সুতরাং চিংড়ি মাছের পোনা ধরতে গিয়ে অন্যান্য মাছের কোটি কোটি পোনা নষ্ট করে সমুদ্র ও নদীকে মৎস্যশূন্য করে দেশ ও জাতির অপূরণীয় ক্ষতি করা জায়েয হবে না। (১১/৫৭৩)

📖 الأشباه والنظائر (دار الكتب العلمية) ١/ ٧٤ : تنبيه: يتحمل الضرر الخاص؛ لأجل دفع ضرر العام. وهذا مقيد لقولهم: الضرر لا يزال بمثله.

📖 قواعد الفقه (المكتبة الأشرفية) ص ٨٨ : ١٦٥ - قاعدة الضرر الأشد يزال بالضرر الأخف (شن).

📖 الدر المختار (سعيد) ٤/ ٢٦٤ : (افترض عليه إجابته) لأن طاعة الإمام فيما ليس بمعصية فرض.

📖 رد المحتار (سعيد) ٤/ ٢٦٤ : (قوله: افترض عليه إجابته) والأصل فيه قوله تعالى {وأولي الأمر منكم} [النساء:٥٩] وقال - صلى الله عليه وسلم - «اسمعوا وأطيعوا ولو أمر عليكم عبد حبشي أجدع» وروي «مجدع» وعن ابن عمر أنه - عليه الصلاة والسلام

Scanned by CamScanner

- قال «عليكم بالسمع والطاعة لكل من يؤمر عليكم ما لم يأمركم بمنكر» ففي المنكر لا سمع ولا طاعة.

📖 احسن الفتاوی (سعید) ۸/ ۹۵ : حکومت کے قانون کے خلاف ورزی ملک کا نقصان اور عزت کا خطرہ ہے اس لئے ناجائز ہے ایسے مال کی خرید وفروخت اور اس میں تعاون کرنا بھی ناجائز ہے، مگر اس کے منافع حرام نہیں، لہذا اس کے ہاں کھانے میں کوئی گناہ نہیں۔

পিঞ্জিরাবদ্ধ করে পাখি পোষা

প্রশ্ন : পিঞ্জিরায় আবদ্ধ রেখে পাখি পোষা জায়েয আছে কি না? শরীয়তের আলোকে জানালে উপকৃত হব।

উত্তর : আহারের সঠিক ব্যবস্থা করা এবং কোনো কষ্ট না দেওয়ার শর্তে পিঞ্জিরায় আবদ্ধ রেখে পাখি পোষা জায়েয হবে। (১৪/৭৯৪/৫৮১৮)

📖 آپ کے مسائل اور ان کا حل (امدادیہ) ۴/ ۴۵۴ : ج: جائز ہے، بشرطیکہ بند رکھنے کے علاوہ اس کو کوئی ایذا اور تکلیف نہ پہنچائے اور اس کی خوراک کا خیال رکھے۔

বিড়াল পোষার হুকুম

প্রশ্ন : বিড়াল পোষার বিষয়ে ইসলামের আদেশ বা নিষেধ, এমন কোনো বর্ণনা আছে কি না?

উত্তর : শরীয়তের দৃষ্টিতের বিড়াল পোষা জায়েয আছে। হযরত আবু হুরাইরা (রা.) এর আমল এবং রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর সমর্থন এর স্পষ্ট দলিল (১৮/৬৭০/৭৭৯০)

📖 سنن الترمذی (دار الحدیث) ۵/ ۵۰۰ (۳۸۴۰) : عن عبد الله بن رافع، قال: قلت لأبي هريرة، لم كنيت أبا هريرة؟ قال أما تفرق مني؟ قلت: بلى والله إني لأهابك. قال: «كنت أرعى غنم أهلي، فكانت لي هريرة صغيرة فكنت أضعها بالليل في شجرة، فإذا كان النهار ذهبت بها معي فلعبت بها فكنوني أبا هريرة»: «هذا حديث حسن غريب».

Scanned by CamScanner

📖 حیات الحیوان ۳ /۴۷۲ : ابن المنذر نے فرمایا ہے کہ تمام علماء بلی کہ پالنے کی اجازت دیتے ہیں۔

অ্যাকুয়ারিয়ামে মাছ আবদ্ধ রাখার হুকুম

প্রশ্ন : অ্যাকুয়ারিয়ামের ভেতর মাছ আটকে রাখলে তার স্বাধীনতা হরণ হবে কি না? এবং এভাবে আটকে রাখা বৈধ হবে কি না?

উত্তর : জল, স্থল ও আকাশে বিচরণকারী প্রাণীকে স্বাধীনভাবে চলতে দেওয়াই উত্তম। একান্ত প্রয়োজনে নির্দিষ্ট এঙ্গেলে তার খাওয়াদাওয়া সরবরাহ ও চাহিদা পূরণের শর্তে আবদ্ধ করা যেতে পারে। প্রশ্নোক্ত অ্যাকুয়ারিয়ামে প্রাণী আবদ্ধ করে ঘরে ও অফিসের সৌন্দর্য বৃদ্ধি নিষ্প্রয়োজন ও অনর্থক। এটি অপচয়ের অন্তর্ভুক্ত বিধায় এসব প্রথা প্রশংসনীয় নয়, বরং বর্জনীয়। (১৫/২০৯/৬০৩০)

📖 رد المحتار (سعيد) ٦/ ٤٠١ : (قوله وأما للاستئناس فمباح) قال في المجتبى رامزا: لا بأس بحبس الطيور والدجاج في بيته، ولكن يعلفها وهو خير من إرسالها في السكك اهوفي القنية رامزا: حبس بلبلا في القفص وعلفها لا يجوز اهـ

أقول: لكن في فتاوى العلامة قارئ الهداية: سئل هل يجوز حبس الطيور المفردة وهل يجوز عتقها، وهل في ذلك ثواب، وهل يجوز قتل الوطاويط لتلويثها حصر المسجد بخرئها الفاحش؟ فأجاب: يجوز حبسها للاستئناس بها، وأما إعتاقها فليس فيه ثواب، وقتل المؤذي منها ومن الدواب جائز اهـ قلت: ولعل الكراهة في الحبس في القفص، لأنه سجن وتعذيب دون غيره كما يؤخذ من مجموع ما ذكرنا وبه يحصل التوفيق.

📖 مجموعۃ الفتاوی (سعید) ۲/ ۲۰۱ : سوال-شوق کے طریقے سے اگر کوئی جانور چرندیا پرند پالا گیا ہو تو اس میں کوئی گناہ ہے یا نہیں اگر ہے تو اس کا کفارہ کیا ہے اور شکار کے بارے میں کیا حکم ہے ؟

جواب-شوق کے طریقے سے جانور پالنا درست ہے بشرطیکہ ان کو تکلیف نہ دے، مجتبی شرح مختصر قدوری میں ہے لا باس بحبس الطیور والدجاج فی بیتہ و لکن یعلفھا، چڑیوں اور مرغیوں کو گھر میں پالنا جائز ہے لیکن ان کو خوراک دیتے رہنا چاہئے۔

📖 نظام الفتاوی ۱/ ۳۹۷

Scanned by CamScanner

উপার্জনের জন্য চিড়িয়াখানা বানানো

প্রশ্ন : বর্তমান বিশ্বে পশুপাখি প্রদর্শনীর নামে চিড়িয়াখানা বানিয়ে টিকিট বিক্রি করা হয়। শরীয়তে এমন ক্রয়-বিক্রয় বৈধ কি না?

উত্তর : পশুপাখি প্রদর্শনীর বিনিময় গ্রহণ করা নাজায়েয। তাই পশুপাখিকে কেন্দ্র করে চিড়িয়াখানার টিকিটের বিনিময় নেওয়া জায়েয হবে না। তবে চিড়িয়াখানার ভেতর মনোরম পরিবেশে কিছু সময় স্বস্তি বা আরাম অর্জনের জন্য টিকিটের মাধ্যমে বিনিময় গ্রহণ করা বৈধ। সুতরাং চিড়িয়াখানার ভেতর পশুপাখি ছাড়া যদি মনোরম পরিবেশের ব্যবস্থা থাকে তাহলে প্রশ্নে বর্ণিতাবস্থায় টিকিটের ক্রয়-বিক্রয় বৈধ হবে, অন্যথায় বৈধ হবে না। (১৯/২১২/৮০৭৯)

📖 الدر المختار (سعيد) ٦ /٣٤ : (و) تصح (إجارة الدابة للركوب والحمل والثوب للبس لا) تصح إجارة الدابة (ليجنبها) أي ليجعلها جنيبة بين يديه (ولا يركبها ولا) تصح إجارتها أيضا (ل) أجل أن (يربطها على باب داره ليراها الناس) فيقولوا له فرس (أو) لأجل أن (يزين بيته) أو حانوته (بالثوب) لما قدمنا أن هذه منفعة غير مقصودة من العين، وإن فسدت فلا أجر.

📖 البحر الرائق (سعيد) ٨/ ١٠ : واعلم أن الأرض لا ينحصر استئجارها للزراعة للبناء والغرس كما يوهمه المتون فقد صرح في الهداية بأن الأرض تستأجر للزراعة وغيرها وقال في غاية البيان أراد بغير الزراعة البناء والغرس وطبخ الآجر والخزف ونحو ذلك من سائر الانتفاعات بالأرض اهـ فإذا عرفت ذلك ظهر لك صحة الإجارات الواقعة في زماننا من أنه تستأجر الأرض مقيلا ومراحا قاصدين بذلك إلزام الأجرة بالتمكن منها مطلقا سواء شملها الماء وأمكن زراعتها أو لا ولا شك في صحته لأنه لم يستأجرها للزراعة بخصوصها حتى يكون عدم ريها فسخا.

শিয়ালের আক্রমণ থেকে রক্ষা পেতে কুকুর পালা

প্রশ্ন : গ্রামাঞ্চলে হাঁস-মুরগির ওপরে শিয়ালের আক্রমণ থেকে রক্ষা পেতে অনেকে কুকুর পালে। কুকুর ক্রয়ের মাধ্যমে সংগ্রহ করা হয় না এবং ঘরের মধ্যে রেখেও

Scanned by CamScanner

পালিত হয় না, বরং বাড়ির পরিবেশের ভেতর বড় হয়, রাত্রিকালে বাইরে অবস্থান করে। এ ক্ষেত্রে শরয়ী বিধান জানতে আগ্রহী।

উত্তর : প্রাণীর মধ্যে কুকুর খুবই অপরিচ্ছন্ন জন্তু। কুকুর অবস্থান করে এমন জায়গায় রহমতের ফেরেস্তা প্রবেশ করে না। কোনো মুসলমান কুকুরকে ভালোবাসতে ও কুকুরের সহাবস্থান করতে পারে না। এতদসত্ত্বেও প্রয়োজন মেটানোর বিকল্প কোনো ব্যবস্থা না থাকলে নিরুপায় অবস্থায় বাড়িঘর-ক্ষেত, ফসল ও অন্যান্য প্রাণিসম্পদের হেফাজতের জন্য কুকুর রাখা ও পালনের বৈধতা আছে। সুতরাং প্রশ্নে বর্ণিত অবস্থায় কুকুর পালা ও রাখার অনুমতি আছে। তবে যথাসম্ভব ঘরের বাইরে রেখে প্রয়োজন পূরণ করা আবশ্যক। (৭/৮০৬)

📖 صحيح البخارى (دار الحديث) ٢/ ٣٨٨ (٣٢٢٥) : عن عبيد الله بن عبد الله، أنه سمع ابن عباس رضي الله عنهما، يقول: سمعت أبا طلحة، يقول: سمعت رسول الله صلى الله عليه وسلم يقول: «لا تدخل الملائكة بيتا فيه كلب، ولا صورة تماثيل».

📖 صحيح مسلم (دار الغد الجديد) ١٠/ ٢٠٩ (١٥٧٤) : يحدث عن النبي صلى الله عليه وسلم قال: «من اتخذ كلبا، إلا كلب زرع، أو غنم، أو صيد، ينقص من أجره كل يوم قيراط».

📖 اسلامی فقہ ۲/ ۳۸۷ : شوق و تفریح کیلئے کتا پالنا حرام ہے، البتہ اگر کھیتی مکان یا جانور کی حفاظت یا شکار کیلئے پالا جائے تو جائز ہے نبی ﷺ نے اس کے اجازت دی ہے مگر حتی المکان گھر کے اندر نہ جانے دینا چاہئے الا یہ کہ چوری کا خوف ہو تو کوئی حرج نہیں۔

অন্যের পুকুর থেকে ছুটে আসা মাছের হুকুম

প্রশ্ন : আমার একটা পুকুর আছে। বর্ষার সময় বৃষ্টির পানিতে পুকুরের পাড় ডুবে যায়। ওই পুকুরের সাথে আরো তিন-চারটা পুকুর আছে। আমার পুকুরে কোনো মাছ ছাড়া হয়নি। বৃষ্টির পানিতে পুকুরপাড় ডুবে অন্য পুকুরের মাছ আমার পুকুরে চলে এসেছে। এখন প্রশ্ন হলো, ওই মাছ আমার পুকুর থেকে ধরে খেতে পারব কি না? উল্লেখ্য, এগুলো চাষের মাছ নয় বরং কুদরতীভাবে হয়ে থাকে।

উত্তর : প্রশ্নে বর্ণিত আপনার পুকুরটা যদি মাছ চাষাবাদের জন্য খননকৃত হয়ে থাকে অথবা মাছ ভেতরে প্রবেশের পর যদি সংরক্ষণ করে থাকেন, তাহলে সেখান থেকে আপনার মাছ ধরে খাওয়ার ব্যাপারে শরীয়তে বাধা নেই। (১৫/৩৩/৫৯৩৭)

Scanned by CamScanner

رد المحتار (سعيد) ٥/ ٦١ : والحاصل كما في الفتح أنه دخل السمك في حظيرة: فإما أن يعدها لذلك أو لا ففي الأول يملكه، وليس لأحد أخذه ثم إن أمكن أخذه بلا حيلة جاز بيعه؛ لأنه مملوك مقدور التسليم وإلا لم يجز لعدم القدرة على التسليم. وفي الثاني لا يملكه فلا يجوز بيعه لعدم الملك إلا أن يسد الحظيرة إذا دخل فحينئذ يملكه.

الفتاوى الهندية (زكريا) ٣ /١١٣ : بيع السمك في البحر أو البئر لا يجوز فإن كانت له حظيرة فدخلها السمك فإما أن يكون أعدها لذلك أو لا فإن كان أعدها لذلك فما دخلها ملكه وليس لأحد أن يأخذه ثم إن كان يؤخذ بغير حيلة اصطياد جاز بيعه وإن لم يكن يؤخذ إلا بحيلة لا يجوز بيعه فإن لم يكن أعدها لذلك لا يملك ما يدخل فيها فلا يجوز بيعه إلا أن يسد الحظيرة وإذا دخل فحينئذ يملكه ثم ينظر إن كان يؤخذ بلا حيلة جاز بيعه وإلا لا يجوز ولو لم يعدها لذلك ولكن أخذه ثم أرسله في الحظيرة ملكه فإن كان يؤخذ بلا حيلة جاز بيعه أو بحيلة لم يجز كذا في فتح القدير.

امداد الاحکام (مکتبۂ دارالعلوم کراچی) ۴ /۲۱۵ : الجواب-اگر تالاب مچھلی ہی کے جمع کرنے اور پرورش کرنے کے لئے بنایا گیا ہے تو اس میں جس قدر مچھلیاں ہوں خواہ خرید کر چھوڑی ہوں یا خود آگئی ہوں سب مالک تالاب کی مملوک ہیں، دوسروں کو ان کا شکار جائز نہیں ہے، اس لئے دوسروں کے روکنے کا بھی حق ہے اور اگر اس غرض کے لئے نہیں بنایا گیا تو جو مچھلیاں خرید کر یا پکڑ کر اس میں چھوڑی جائیں وہ اور ان کی نسل مملوک ہیں خواہ مدخل کو بند کرے یا نہ کرے اور جو از خود داخل ہو وہ مملوک نہیں ہیں مگر جبکہ داخل ہونے کے بعد مدخل کو بند کر دیا جائے تو وہ بھی مملوک ہو جائیں گی اور شکار سے روکنے کا حق مملوک میں ہے نہ کہ غیر مملوک میں۔

পুকুরপাড় থেকে ওপরে উঠে আসা কৈ মাছ ধরা

প্রশ্ন : এক ব্যক্তির একটি পুকুর আছে। তার পাশে আর কোনো পুকুর নেই। নববৃষ্টির পানিতে তার পুকুরের সীমানার বাইরে কিছু কৈ মাছ পাওয়া গেল। প্রশ্ন হলো,

Scanned by CamScanner

পুকুরওয়ালা উক্ত মাছগুলোর দাবি করতে পারবে কি না? অপরের জন্য তা ধরা জায়েয হবে কি না?

উত্তর : যে মাছ পুকুরে কেউ চাষ করে উৎপন্ন করে তা পুকুরের বাইরে পাওয়া গেলেও মালিককে ফিরিয়ে দিতে হবে। পক্ষান্তরে যে মাছ স্বাভাবিক উৎপন্ন হয় যেমন-কৈ ইত্যাদি তা পুকুরের ভেতর থাকলে মালিকের অধিকারে থাকবে বাইরে পাওয়া গেলে তা মালিক দাবি করতে পারে না, যে পায় সে-ই এর মালিক বিবেচিত হয়। (৯/৩৬৪/২৬৩৭)

📖 امداد الفتاوی (زکریا) ۳/ ۴۹ : تیسری صورت یہ کہ ان دونوں صورتوں میں سے کوئی صورت نہیں ہوئی بلکہ قدرتی طور پر مچھلیاں پیدا ہو گئیں یا آ گئیں نہ ان کے جمع کرنیکا کوئی اہتمام کیا گیا اور نہ ان کے منع یعنی روک دینے کا کوئی انتظام کیا اس کا حکم یہ ہے کہ وہ قبل پکڑنے کسی کی ملک نہ ہو گی۔

📖 حلال و حرام ص ۳۶۰ : چوتھی صورت جس میں آدمی مچھلی کا مالک نہیں ہوتا ہے کہ کسی کا تالاب ہو اس میں از خود مچھلیاں آجائیں اس کی سعی و کوشش کو اس میں کوئی دخل نہ ہو یہاں محض یہ بات کہ تالاب اس کی زمین میں واقع ہے کو اس بات کیلئے کافی نہیں سمجھا گیا ہے کہ اس زمین کا مالک ان بچوں اور انڈوں کا بھی مالک ہو بلکہ جو بھی اس بچہ یا انڈا کو اٹھالے وہی اس کا مالک ہے، إذا فرخ طير فی أرض رجل فهو لمن أخذه وكذا إذا باض فيها۔

Scanned by CamScanner

باب الذبائح
পরিচ্ছেদ : জবাই

জবাইয়ে অংশগ্রহণকারী কসাই, ও বিসমিল্লাহ বলতে হবে

প্রশ্ন : বাংলাদেশের বিভিন্ন স্থানে গরু বা ছাগল জবাই করার একটি পদ্ধতি চালু আছে। তা হলো এই যে কোনো আলেম বা মহল্লার ইমাম দ্বারা গরু জবাই করানো হয়। আলেম সাহেব যখন গরু জবাই করেন তখন বিসমিল্লাহ বলেই জবাই করেন। কিন্তু জবাই অর্ধেক হতেই বা রগ এখনো সম্পূর্ণ কাটেনি, এমতাবস্থায় কসাই বাকি অংশটুকু কেটে দেয়। এমতাবস্থায় কসাইয়ের জন্য বিসমিল্লাহ বলা জরুরি কি না?

উত্তর : জন্তু জবাইকারী সবার জন্য বিসমিল্লাহ পড়া জরুরি বিধায় প্রশ্নোক্ত অবস্থায় কসাইয়ের জন্যও বিসমিল্লাহ পড়া জরুরি। অন্যথায় জন্তু হালাল হবে না। (১৯/৬৮৮)

📖 البحر الرائق (سعيد) ٨/ ١٦٩ : وفي خزانة الفقه رجلان ذبحا صيدا وسمى أحدهما وترك الآخر التسمية لم يحرم أكله، وفي الذخيرة واليناسيع ولو ذبح شاة فسمى، ثم ذبح أخرى فظن أن التسمية الأولى تجزيه عنها لم تؤكل.

📖 الفتاوى الهندية (زكريا) ٥/ ٣٠٤ : رجل أراد أن يضحي فوضع صاحب الشاة يده على السكين مع يد القصاب حتى تعاونا على الذبح قال الشيخ الإمام: يجب على كل واحد منهما التسمية حتى لو ترك أحدهما التسمية لا يجوز، كذا في الظهيرية والله أعلم.

📖 فتاوی محمودیہ (زکریا) ١٧ / ٢٤٤ : الجواب-حامداومصلیا، جس جانور کو دو شخص مل کر ذبح کریں یا کچھ حصہ ایک نے ذبح کیا پھر باقی حصہ دوسرے نے ذبح کردیا اور دونوں نے بسم اللہ پڑھی ہے تو ذبح درست ہوگیا۔

জবাইয়ে অংশগ্রহণকারী সকলকেই বিসমিল্লাহ পড়তে হবে

প্রশ্ন : যদি কোনো ব্যক্তি কোরবানীর পশু জবাই করার সময় তার সাথে অন্য কেউ ছুরি ধরে তবে কি উভয়ের বিসমিল্লাহ পড়তে হবে?

Scanned by CamScanner

উত্তর : ছুরি যারা ধরবে সকলকেই বিসমিল্লাহ বলতে হয়। অন্যথায় জবাই শুদ্ধ হবে না। (১১/৫৪৩/৩৪৪৪)

📖 فتاوى قاضيخان بهامش الهندية (زكريا) ٣٥٥/٣ : رجل أراد أن يضحى فوضع صاحب الشاة مع يد القصاب فى الذبح وأعانه على الذبح حتى صار ذابحا مع القصاب، قال الشيخ الإمام رحمه الله تعالى يجب على كل واحد منهما التسمية حتى لو ترك أحدهما التسمية لا تحل الذبيحة -

একাকী কোনো প্রাণী জবাই করা

প্রশ্ন : অনেক সময় দেখা যায়, মুরগি বিক্রেতা মুরগির গলা ভাঁজ করে একাই জবাই করে। অনেকে ছাগলকে পায়ের নিচে চেপে ধরে একাই জবাই করে। পশু জবাই করার উল্লিখিত পদ্ধতি শরীয়তসম্মত কি না? এবং এ অবস্থায় এগুলোর গোশত হালাল হবে কি না?

উত্তর : প্রশ্নে বর্ণিত পদ্ধতিতে পশুপাখি জবাই করা এবং খাওয়া জায়েয, তবে অযথা পশু পাখিকে কষ্ট দেওয়া মাকরূহ। (১৭/৮২৯/৭৩৪১)

📖 صحيح مسلم (دار الغد الجديد) ١٣/ ١٠٧ (١٩٦٦) : عن أنس، قال: «ضحى النبي صلى الله عليه وسلم بكبشين أملحين أقرنين، ذبحهما بيده، وسمى وكبر، ووضع رجله على صفاحهما».

📖 الدر المختار (سعيد) ٦/ ٢٩٥ : (و) حل الذبح (بكل ما أفرى الأوداج) أراد بالأوداج كل الأربعة تغليبا (وأنهر الدم) أي أساله.

📖 کفایت المفتی (امدادیہ) ۸/ ۲۸۰ : الجواب- قربانی کے جانور کو ایسی طرح ذبح کرنا چاہئے کہ اسے غیر ضروری تکلیف اور ایذاء نہ ہو حدیث میں ہے ولیحد أحدکم شفرته ولیرح ذبیحته کوئی ایسی حرکت جو جانور کو غیر ضروری ایذاء پہچائے مکروہ ہے جگہ بھی پاک ہونی چاہئے ناپاک اور پلید جگہ پر ذبح کرنا بہتر نہیں۔

Scanned by CamScanner

জবাই শুদ্ধ হওয়ার জন্য কয়টি রগ কাটতে হবে

প্রশ্ন : বেহেশতী জেওর কিতাবে আছে, জবাই করার সময় পশু বা হাস-মুরগি ইত্যাদির চারটি রগ কাটতে হবে, তিনটি কাটলেও জায়েয। এর কম হলে তা হত্যার মধ্যে শামিল হবে। মাসআলাটি সহীহ কি না? সহীহ হলে মূল কিতাবের উদ্ধৃতি লিখে দিলে উপকৃত হব।

উত্তর : ফিকাহবিদদের ঐকমত্যে জবাই করার সময় পশুর চারটি রগই কাটতে হবে। হ্যাঁ, যদি চার রগের মধ্য হতে যেকোনো তিনটি রগ কাটা হয় তাহলেও সে পশু হালাল এবং তা খাওয়াও বৈধ বলে বিবেচিত হবে। এর কম কাটলে তা খাওয়া বৈধ হবে না বিধায় প্রশ্নে বর্ণিত বেহেস্তি জেওরের মাসআলা সঠিক। আর জবাইসংক্রান্ত বিষয়ে হাঁস, মুরগি, পাখি ইত্যাদির মধ্যে একই হুকুম প্রযোজ্য হবে। (১২/২৩৮/৩৮৮৮)

📖 فتاوى قاضيخان (أشرفيه) ٤/ ٣٤٢ : الأصل فى اعتبار الذكاة قوله تعالى إلا ماذكيتم، ومحل الذكاة فى المقدور ذبحه أهليا كان أو وحشيا الحلق كله لقوله عليه السلام الذكاة ما بين اللبة والجبين، الذكاة الكاملة قطع الأوداج الأربعة وهى الحلقوم والمريئ والعرقان اللذان بينهما الحلقوم والمريئ؛ لأن المقصد تسييل الدم والرطوبات النجسة وذاك يحصل بما قلنا فان قطع ثلثة منها حل فى قول أبى حنيفةؒ أى ثلاث كان.

📖 الدر المختار (سعيد) ٦/ ٢٩٤ : (و) ذكاة (الاختيار) (ذبح بين الحلق واللبة) بالفتح: المنحر من الصدر (وعروقه الحلقوم) كله وسطه أو أعلاه أو أسفله: وهو مجرى النفس على الصحيح (والمريء) هو مجرى الطعام والشراب (والودجان) مجرى الدم (وحل) المذبوح (بقطع أي ثلاث منها) إذ للأكثر حكم الكل.

📖 امدادالفتاوی (زکریا) ۳/ ۵۳۷ : عروق ذبح ایک حلقوم ہے یعنی سانس آنے جانے کی راہ جس کو نرخرا کہتے ہیں، دوسری مری یعنی طعام وشراب کی راہ، تیسرے چوتھے ودجین یعنی دونوں شہ رگ جو حلقوم اور مری کے چپ وراست ہیں... ...اگر کل عروق قطع نہ ہو تو تین کا کٹ جانا کافی ہے۔

Scanned by CamScanner

জবাই শুদ্ধ হওয়ার জন্য ওজু শর্ত নয়

وسواء كانت الثانية مثل الأولى في القيمة أو فوقها أو دونها لما قلنا، غير أنها إن كانت دونها في القيمة يجب عليه أن يتصدق بفضل ما بين القيمتين؛ لأنه بقيت له هذه الزيادة سالمة من الأضحية -

📖 البحر الرائق (سعيد) ٨/٣٢٩ : ولو باع أضحية واشترى بثمنها غيرها فإن كان الثاني أنقص من الأول تصدق بالفضل -

📖 فتاوی حقانیہ (مکتبۂ سیداحمد) ۶/ ۴۷۳ : اگر قربانی کرنے والا غنی ہو اور اس پر قربانی واجب ہو تو ایسی حالت میں خریدنے سے جانور متعین نہیں ہوتا اس لئے اس حال میں تبدیلی مرخص ہے لیکن اگر قربانی نفلی ہو جو کہ خریدنے سے واجب ہو جاتی ہے پھر اس میں تبدیلی مرخص نہیں یہی وجہ ہے کہ جہاں کہیں ایسی صورت میں زائد رقم بچے تو اس کا تصدق کیا جائیگا۔

📖 کفایت المفتی (دارالاشاعت) ۸/ ۱۹۹ : قربانی کے جانور کو فروخت نہ کرنا چاہئے تھا، اگر فروخت کرکے دوسرا کم قیمت کا خریدا تو جو نفع حاصل ہوا ہے اسے بھی خیرات کردے۔

Scanned by CamScanner

কম টাকায় পশু কিনে মক্কেলের বেঁচে যাওয়া টাকা দিয়ে অন্যের কোরবানী করা

প্রশ্ন : জনৈক আলেম হজে যাওয়ার পূর্বে তার একজন আলেম ভাগিনাকে ৩০ হাজার টাকা দিয়ে সাতজনের নামে একটি গরু ক্রয় করে কোরবানী দেওয়ার দায়িত্ব অর্পণ করেন। নামগুলো মামা নিজেই লিখে দিয়ে গেছেন। কিন্তু ভাগিনা মামার আদেশ অমান্য করে এবং ১৭ হাজার টাকা দিয়ে একটি গরু কিনে ওই সাতজনের নামে কোরবানী করে এবং ১২ হাজার টাকার আরেকটি গরু কিনে অন্য সাতজনের নামে কোরবানী করে। শরীয়তের দৃষ্টিতে এ আলেম ভাগিনা ও তার কৃত কোরবানীর কী হুকুম হবে? এবং মামা তাঁর আদেশমতো কোরবানী হয়নি বলে সে টাকা দাবি করলে ভাগিনার ওপর ওই টাকা সব ফেরত দিতে হবে? নাকি শুধু ১২ হাজার টাকা ফেরত দিতে হবে?

উত্তর : প্রশ্নে বর্ণিত অবস্থায় মামার পক্ষ থেকে নির্ধারণকৃত সাতজনের কোরবানী আদায় হয়ে যাবে। তবে মামার বাকি টাকা মামাকে ফেরত দিতে হবে। উপরন্তু ভাগিনার পক্ষ হতে নির্ধারিত সাতজনের কোরবানীও সহীহ হয়ে যাবে। তবে টাকা ভাগিনার দিতে হবে। এহেন কাজ করায় ভাগিনার ওপর তওবা ও ইস্তেগফার করা আবশ্যক। (১৮/৪৫২/৭৬৩৭)

📖 تنقيح الفتاوى الحامدية (دار المعرفة) ١/ ٣٤٤ : (سئل) في الوكيل في الشراء إذا خالف أمر الموكل فهل يقع الشراء للوكيل؟

(الجواب) : نعم في البزازية الوكيل بشراء شيء بعينه إذا خالف يقع الملك له اهالوكيل بالبيع إذا خالف لا يقع له بل يقع موقوفا على إجازة المالك والوكيل بالشراء إذا خالف يقع له ولا تعمل فيه إجازة المجيز من أوائل وكالة القاعدية -

📖 الموسوعة الفقهية الكويتية ٨٩/٤٥ : الوكيل يضمن ما تحت يده من مال لموكله إذا تعدى أو فرط. فإن كان المال مثليا كان الوكيل ضامنا مثله، وإن كان قيميا ضمن قيمته، وكذلك لو كان مثليا وتعذر الحصول على المثل فإنه يضمن قيمته.

📖 الدر المختار (سعيد) ٣٣١/٦ : (كما) يصح (لو ضحى بشاة الغصب) إن ضمنه قيمتها حية؛ كما إذا باعها وكذا لو أتلفها ضمن لصاحبها قيمتها هداية لظهور أنه ملكها بالضمان من وقت الغصب -

Scanned by CamScanner

📖 فيه أيضا ٣٣١/٦ : وإن ضمنه قيمتها حية تجزئ عن الذابح لأنه ملكها بالضمان من وقت الغصب بطريق الاستناد فصار ذابحا شاة هي ملكه فتجزيه ولكنه يأثم لأن ابتداء فعله وقع محظورا فيلزمه التوبة والاستغفار اهـ أقول: ولا يخالف هذا ما مر عن الأشباه والزيلعي من أنه إن ضمنه وقعت عن الذابح وإلا فعن المالك لأن ذاك فيما إذا أعدها صاحبها للأضحية فيكون الذابح مأذونا دلالة ـ

১০ দিন কম এক বছরের ছাগল দ্বারা কোরবানী করা

প্রশ্ন : একটি ছাগলের বয়স ১১ মাস ২০ দিন। এ ছাগলটি দেখতে মনে হয় এর বয়স এক বছর। জানার বিষয় হলো, এর দ্বারা কোরবানী করা যাবে কি না?

উত্তর : ছাগল দ্বারা কোরবানী সহীহ হওয়ার জন্য ছাগলের বয়স চন্দ্রবর্ষ হিসেবে পরিপূর্ণ এক বছর হওয়া শর্ত বিধায় প্রশ্নে বর্ণিত ছাগল দেখতে বড় দেখা গেলেও বছর পূর্ণ হওয়ার পূর্বে তা দ্বারা কোরবানী সহীহ হবে না। (১৮/২৭৯/৭৫৮৩)

📖 بدائع الصنائع (سعيد) ٥/ ٧٠ : وأما سنه فلا يجوز شيء مما ذكرنا من الإبل والبقر والغنم من الأضحية إلا الثني من كل جنس إلا الجذع من الضأن خاصة إذا كان عظيما؛ لما روي عن رسول الله - صلى الله عليه وسلم - أنه قال «ضحوا بالثنايا إلا أن يعز على أحدكم فيذبح الجذع في الضأن» ـ

📖 رد المحتار (سعيد) ٣/ ٤٩٧ : وأهل الشرع إنما يتعارفون الأشهر والسنين بالأهلة، فإذا أطلقوا السنة انصرفوا إلى ذلك ما لم يصرحوا بخلافه فتح ـ

📖 امداد الفتاوی (زکریا) ۳/ ۵۶۸ : سوال- کیا فرماتے ہیں علماء دین ومفتیان شرع متین اس مسئلہ میں کہ قربانی کا جانور مثلاً بکرا اگر پورا سال ہونے میں ایک آدھ روز کم ہو اس کی قربانی ہو سکتی ہے یا نہیں؟... ...

الجواب- نہیں ہو گی۔

Scanned by CamScanner

মহিষ ও বলদ দ্বারা কোরবানী করা বৈধ

প্রশ্ন : আমাদের এলাকার বেশিসংখ্যক লোক লা-মাযহাবী। কিছুদিন পূর্বে তাদের এক মাহফিলে তাদের একজন প্রখ্যাত আলেম তাঁর বক্তব্যে এ কথা বলেন যে মহিষ দ্বারা কোরবানী করা বৈধ নয় এবং দ্বিতীয় আরেকজন এ কথা বলেন যে বলদ দ্বারা কোরবানী বৈধ নয়, কারণ তার মাঝে ত্রুটি রয়েছে। তাঁদের এ বক্তব্যের কারণে সমাজের মধ্যে গভীর গোলযোগ সৃষ্টি হয়েছে। জানার বিষয় হলো, মাসআলাগুলো কি সঠিক?

উত্তর : এ দেশে বর্তমানে যারা লা-মাযহাবী রয়েছে তারা পথভ্রষ্ট। শরীয়ত কোরবানীর পশু নির্ধারণের ক্ষেত্রে এ মূলনীতি নির্ধারণ করেছে যে উট, গরু, ছাগল ও অন্যান্য এজাতীয় গবাদি পশুর (চাই নর হোক বা মাদি) দ্বারা কোরবানী করা বৈধ। মহিষ গরু জাতীয় গবাদি পশুর অন্তর্ভুক্ত, তাই মহিষ দ্বারা কোরবানী করা বৈধ। তেমনিভাবে বলদ দ্বারাও কোরবানী বৈধ। শুধু বৈধই নয়, বরং উত্তম। কোরবানীর ক্ষেত্রে এমন ত্রুটি নিষিদ্ধ, যা পশুর গোশত ও চর্বি কমিয়ে দেয় এবং স্বাভাবিক চলাফেরায় বিঘ্ন হয়। আর নপুংসক পশুর গোশত ও চর্বি কমে না, বরং বাড়ে এবং মোটাতাজা হয়, তার গোশত চর্বিযুক্ত ও মজাদার হয়, তাই নপুংসক হওয়া কোরবানী নিষিদ্ধ হওয়ার মতো ত্রুটি নয়। উপরন্তু নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) নপুংসক জন্তু দ্বারা কোরবানী করেছেন, যা হাদীস শরীফে বর্ণিত আছে। সুতরাং উল্লিখিত বর্ণনা দ্বারা প্রতীয়মান হয় যে প্রশ্নোক্ত তথাকথিত লা-মাযহাবী আলেমদ্বয়ের বক্তব্য সঠিক নয়। (১৭/৩৮/৬৯২৪)

📖 سنن أبي داود (دار الحديث) ٣/ ١٤١٩ (٢٧٩٥) : عن جابر بن عبد الله، قال: ذبح النبي صلى الله عليه وسلم يوم الذبح كبشين أقرنين أملحين موجأين، الحديث -

📖 بدائع الصنائع (سعيد) ٥/ ٦٩ : أما جنسه فهو أن يكون من الأجناس الثلاثة الغنم أو الإبل أو البقر، ويدخل في كل جنس نوعه والذكر والأنثى منه والخصي والفحل لانطلاق اسم الجنس على ذلك، والمعز نوع من الغنم، والجاموس نوع من البقر بدليل أنه يضم ذلك إلى الغنم والبقر في باب الزكاة -

📖 فتاوی محمودیہ (زکریا) ۴/ ۳۰۸ : سوال- بھینس کی قربانی شرعاً جائز ہے یا نہیں؟ اگر ہے تو اس میں کتنے حصہ دار شریک ہو سکتے ہیں؟
الجواب- جائز ہے، اس میں سات حصہ دار شریک ہو سکتے ہیں اس کا حکم گائے کی طرح ہے۔

📖 کفایت المفتی (دار الاشاعت) ۸/ ۱۹۴ : خص بکرے مینڈھے، بیل کی قربانی جائز ہے، اس میں کسی قسم کی کراہت نہیں۔

Scanned by CamScanner

অংশীদারদের কারো টাকা সুদের হলে কোরবানী হবে না

প্রশ্ন : আমরা সাতজন মিলে একটি গরুতে শরীকে কোরবানী করি। তন্মধ্যে একজন ব্যক্তির টাকা সম্পূর্ণ সুদের টাকা ছিল। জনৈক মৌলভী সাহেব বললেন, একজনের টাকা সুদের হওয়ায় কারো কোরবানী হয়নি। অন্য একজন মাওলানা সাহেব বললেন, সকলের কোরবানী হয়ে যাবে। জানার বিষয় হলো, তাঁদের কার কথাটি সঠিক?

উত্তর : কেউ যদি সুদি টাকা দ্বারা কোরবানীতে শরীক হয়, শরীকদের মধ্যে কারো কোরবানী সহীহ হবে না, পুনরায় কোরবানী করতে হবে। কোরবানীর সময় অতিবাহিত হয়ে গেলে প্রত্যেকে কোরবানীর উপযুক্ত একটি ছাগল বা তার সমপরিমাণ মূল্য সদকা করে দেবে। (১৭/৮৭৪/৭৩৭৫)

📖 الدر المختار (سعيد) ٦/ ٣٢٦ : (وإن) (مات أحد السبعة) المشتركين في البدنة (وقال الورثة اذبحوا عنه وعنكم) (صح) عن الكل استحسانا لقصد القربة من الكل، ولو ذبحوها بلا إذن الورثة لم يجزهم لأن بعضها لم يقع قربة (وإن) (كان شريك الستة نصرانيا أو مريدا اللحم) (لم يجز عن واحد) منهم لأن الإراقة لا تتجزأ هداية لما مر.قوله وإن كان شريك الستة نصرانيا إلخ) وكذا إذا كان عبدا أو مدبرا يريد الأضحية لأن نيته باطلة لأنه ليس من أهل هذه القربة فكان نصيبه لحما فمنع الجواز أصلا بدائع.

📖 بدائع الصنائع (سعيد) ٥/ ٦٥ : ولو كان موسرا في جميع الوقت فلم يضح حتى مضى الوقت ثم صار فقيرا صار قيمة شاة صالحة للأضحية دينا في ذمته يتصدق بها متى وجدها؛ لأن الوجوب قد تأكد عليه بآخر الوقت فلا يسقط بفقره بعد ذلك۔

📖 احسن الفتاوی (سعید) ۷/ ۵۰۳ : سوال- ایک گائے میں بنک یا انشورنس کا ملازم یا کوئی بھی، ایسا شخص شریک ہوا کہ جس کی کل یا اکثر آمدن حرام ہے، اس کی شرکت سے دوسرے شرکاء کی قربانی پر کوئی اثر پڑیگا یا نہیں؟

الجواب- اس صورت میں کسی کی قربانی بھی صحیح نہیں ہوئی، قال العلامة الحصكفی رح : (وإن) (مات أحد السبعة) المشتركين في البدنة (وقال الورثة اذبحوا عنه وعنكم) (صح) عن الكل استحسانا لقصد القربة من الكل، ولو ذبحوها بلا إذن الورثة لم يجزهم لأن بعضها لم

Scanned by CamScanner

يقع قربة (وإن) (كان شريك الستة نصرانيا أو مريدا اللحم) (لم يجز عن واحد) منهم لأن الإراقة لا تتجزأ هداية.

وقال العلامة ابن عابدين رح: (قوله وإن كان شريك الستة نصرانيا إلخ) وكذا إذا كان عبدا أو مدبرا يريد الأضحية لأن نيته باطلة لأنه ليس من أهل هذه القربة فكان نصيبه لحما فمنع الجواز أصلا بدائع.

সুদি প্রতিষ্ঠানের চাকরিজীবীর সাথে কোরবানী দেওয়া

প্রশ্ন : ব্যাংক বা ইনস্যুরেন্স কোম্পানিতে চাকরি করে বা করেছে–এরূপ ব্যক্তির সাথে কোরবানী করা যাবে কি না?

উত্তর : ব্যাংক বা ইনস্যুরেন্স কোম্পানিতে চাকরিরত ব্যক্তিদের অন্য কোনো হালাল উপার্জন থাকলে তাদের সাথে কোরবানী করাতে কোনো বিধিনিষেধ নেই। পক্ষান্তরে যাদের অন্য কোনো হালাল উপার্জন নেই তারা যদি ঋণের টাকা দিয়ে করে, তাও আপত্তিকর হবে না। অন্যথায় তাদের সাথে কোরবানী না করাই শ্রেয়। (১৭/৯৬৭)

📖 الفتاوى الهندية (زكريا) ٥/ ٣٠٤ : أو كان شريك السبع من يريد اللحم أو كان نصرانيا ونحو ذلك لا يجوز للآخرين أيضا كذا في السراجية.

📖 الدر المختار (سعيد) ٦/ ٣٢٦ : (وإن) (كان شريك الستة نصرانيا أو مريدا اللحم) (لم يجز عن واحد) منهم لأن الإراقة لا تتجزأ هداية لما مر.

📖 کفایت المفتی (دار الاشاعت) ۸/ ۱۹۰ : جواب- سود خوار کیساتھ قربانی میں شریک نہیں ہونا چاہئے۔

বৈধ-অবৈধ টাকার সমন্বয়ে কোরবানী করা

প্রশ্ন : এক ব্যক্তি হারাম পাঁচ হাজার ও হালাল পাঁচ হাজার টাকা মিলিয়ে কোরবানী করল, তার কোরবানী হয়েছে কি না?

Scanned by CamScanner

উত্তর : কোরবানী একটি গুরত্বপূর্ণ ইবাদত। সুতরাং তা হালাল টাকা দ্বারা করা অপরিহার্য বিধায় প্রশ্নের বর্ণনা মতে পাঁচ হাজার হারাম টাকা যোগ করার কারণে তার কোরবানী সহীহ হয়নি। (১৬/৭৩৪/৬৭৭৬)

📖 الفتاوى الهندية (زكريا) ٥/٤٢٠ : أهدى إلى رجل شيئا أو أضافه إن كان غالب ماله من الحلال فلا بأس إلا أن يعلم بأنه حرام، فإن كان الغالب هو الحرام ينبغي أن لا يقبل الهدية، ولا يأكل الطعام إلا أن يخبره بأنه حلال ورثته أو استقرضته من رجل، كذا في الينابيع.

📖 الأشباه والنظائر (دار الكتب العلمية) ١/ ٩٣ : القاعدة الثانية: إذا اجتمع الحلال والحرام غلب الحرام -

📖 احسن الفتاوی (سعید) ۷/ ۵۰۳ : سوال- ایک گائے میں بنک یا انشورنس کا ملازم یا کوئی بھی، ایسا شخص شریک ہوا کہ جس کی کل یا اکثر آمدن حرام ہے، اس کی شرکت سے دوسرے شرکاء کی قربانی پر کوئی اثر پڑیگا یا نہیں؟

الجواب- اس صورت میں کسی کی قربانی بھی صحیح نہیں ہوئی، قال العلامة الحصكفي رح: (وإن) (مات أحد السبعة) المشتركين في البدنة (وقال الورثة اذبحوا عنه وعنكم) (صح) عن الكل استحسانا لقصد القربة من الكل، ولو ذبحوها بلا إذن الورثة لم يجزهم لأن بعضها لم يقع قربة (وإن) (كان شريك الستة نصرانيا أو مريدا اللحم) (لم يجز عن واحد) منهم لأن الإراقة لا تتجزأ هداية.

وقال العلامة ابن عابدين رح: (قوله وإن كان شريك الستة نصرانيا إلخ) وكذا إذا كان عبدا أو مدبرا يريد الأضحية لأن نيته باطلة لأنه ليس من أهل هذه القربة فكان نصيبه لحما فمنع الجواز أصلا بدائع.

সুদের ওপর ঋণ নিয়ে কোরবানী করা

প্রশ্ন : কেউ যদি সুদি ঋণ নিয়ে কোরবানী করে তাহলে তার কোরবানী হবে কি না?

উত্তর : শরীয়তের পরিভাষায় সুদ এক জঘন্যতম অপরাধ। সুদি লেনদেনকারী আল্লাহ ও রাসূলের অভিশপ্ত। তাই কোরবানীর জন্য সুদের ওপর টাকা নেওয়া মারাত্মক

Scanned by CamScanner

গোনাহ বিধায় এমন গর্হিত কাজ থেকে বেঁচে থাকা প্রত্যেক মুসলমানের জন্য জরুরি। তবে কেউ যদি সুদবিহীন ঋণ নিয়ে কোরবানী করে এবং সুদি টাকার মাধ্যমে তা পরিশোধ করে তার কোরবানী সহীহ হবে। (১৬/৮১০/৬৭৭০)

📖 الفتاوى الهندية (زكريا) ٣/ ٢٠٤ : قال محمد - رحمه الله تعالى - في كتاب الصرف إن أبا حنيفة - رحمه الله تعالى - كان يكره كل قرض جر منفعة قال الكرخي هذا إذا كانت المنفعة مشروطة في العقد بأن أقرض غلة ليرد عليه صحاحا أو ما أشبه ذلك فإن لم تكن المنفعة مشروطة في العقد فأعطاه المستقرض أجود مما عليه -

📖 کفایت المفتی (دار الاشاعت) ٦/ ١٠٨ : سود پر روپیہ قرض لینا جائز نہیں، الا یہ کہ اضطراری حالت ہو جائے۔

সুদভিত্তিক এনজিওতে চাকুরীজীবির টাকায় কোরবানী

প্রশ্ন : আমাদের এলাকায় একজন লোক সুদভিত্তিক এনজিওতে চাকরি করে। তার কাজ হলো, সংস্থার তরফ থেকে সুদি লোন দেওয়া ও তা উসুল করা। তার বেতনের টাকা দ্বারা তার পিতা নিজের নামে বা অন্য কারো নামে অথবা ছেলের অনুমতিতে ছেলের নামে অপর লোকদের সাথে অংশীদারির ভিত্তিতে কোরবানী দিয়ে থাকে। উল্লেখ্য যে সে অবিবাহিত এবং তার পিতার সংসারেই রয়েছে। এখন জানার বিষয় হলো, তার কোরবানী সহীহ হবে কি না?

উত্তর : কোরবানীতে হারাম টাকা ব্যবহার করা নাজায়েয। ওই ধরনের টাকা দ্বারা কৃত কোরবানী সহীহ হয় না। এর দ্বারা অন্য শরীকদের কোরবানীও সহীহ হয় না।
সুতরাং প্রশ্নে বর্ণিত ব্যক্তির আয়ের অন্য কোনো হালাল উৎস না থাকলে তার কোরবানী এবং শরীকদের কোরবানী সহীহ হবে না। (৯/৮১৪/২৮৮৭)

📖 الفتاوى الهندية (زكريا) ٥/٣٠٤ : أو كان شريك السبع من يريد اللحم أو كان نصرانيا ونحو ذلك لا يجوز للآخرين أيضا كذا في السراجية.

📖 رد المحتار (سعيد) ٦/٣٢٦ : (قوله وإن كان شريك الستة نصرانيا إلخ) وكذا إذا كان عبدا أو مدبرا يريد الأضحية لأن نيته باطلة لأنه ليس من أهل هذه القربة فكان نصيبه لحما فمنع الجواز أصلا -

Scanned by CamScanner

📖 احسن الفتاوی (سعید) ۷/ ۵۰۳ : سوال- ایک گائے میں بنک یا انشورنس کا ملازم یا کوئی بھی، ایسا شخص شریک ہوا کہ جس کی کل یا اکثر آمدن حرام ہے، اس کی شرکت سے دوسرے شرکاء کی قربانی پر کوئی اثر پڑیگا یا نہیں؟

الجواب- اس صورت میں کسی کی قربانی بھی صحیح نہیں ہوئی، قال العلامة الحصكفي رح: (وإن) (مات أحد السبعة) المشتركين في البدنة (وقال الورثة اذبحوا عنه وعنكم) (صح) عن الكل استحسانا لقصد القربة من الكل، ولو ذبحوها بلا إذن الورثة لم يجزهم لأن بعضها لم يقع قربة (وإن) (كان شريك الستة نصرانيا أو مريدا اللحم) (لم يجز عن واحد) منهم لأن الإراقة لا تتجزأ هداية.

وقال العلامة ابن عابدين رح: (قوله وإن كان شريك الستة نصرانيا إلخ) وكذا إذا كان عبدا أو مدبرا يريد الأضحية لأن نيته باطلة لأنه ليس من أهل هذه القربة فكان نصيبه لحما فمنع الجواز أصلا بدائع.

ব্যাংকে চাকরিকারীর সাথে কোরবানী করা

প্রশ্ন : এক ব্যক্তি ব্যাংকে চাকরি করে। তার সাথে আমরা প্রতি বছরই যৌথ কোরবানী করে থাকি। বর্তমানে ব্যাংকে লোক নিয়োগ করা হবে এবং উক্ত ব্যক্তির পরামর্শক্রমে আমরা কিছু লোক ব্যাংকে চাকরির জন্য দরখাস্তও করেছি। আমাদের আদায়কৃত কোরবানী বৈধ হয়েছে কি না? এবং ব্যাংকে চাকরি করা জায়েয আছে কি না?

উত্তর : সুদের কাজে যেকোনোভাবে জড়িত হওয়া নাজায়েয ও বড় অপরাধ। সুদি ব্যাংকে চাকরি করলে কোনো না কোনো প্রকারে সুদের কাজে জড়িত হতে হয় বিধায় তথায় চাকরি করাও নাজায়েয। অবশ্য অজানাবস্থায় যে ব্যাংকে চাকরি নিয়েছে তার জীবন চলার অন্য কোনো ব্যবস্থা না হওয়া পর্যন্ত তাওবা করে ওই চাকরিতে থাকার অনুমতি দেওয়া হয় মাত্র। এমন ব্যক্তি নাজায়েয উপায়ে উপার্জিত টাকা দিয়েই কোরবানী করলে শরীকদারদের কারো কোরবানী সহীহ হবে না। কারো নিকট থেকে কর্জ নিয়ে ওই টাকা দ্বারা কোরবানী করলে সহীহ হবে। কোনো মুসলমানের জন্য জেনেশুনে সুদি প্রতিষ্ঠানে চাকরির আবেদন করা নাজায়েয। ভবিষ্যতে কোরবানী করার সময় ভালো করে যাচাই করে শরীক নেবেন। (৬/৯/১০৪৯)

Scanned by CamScanner

📖 احسن الفتاوی (سعید) ۷/ ۵۰۳ : سوال-ایک گائے میں بنک یا انشورنس کا ملازم یا کوئی بھی، ایسا شخص شریک ہوا کہ جس کی کل یا اکثر آمدن حرام ہے، اس کی شرکت سے دوسرے شرکاء کی قربانی پر کوئی اثر پڑیگا یا نہیں؟

الجواب- اس صورت میں کسی کی قربانی بھی صحیح نہیں ہوئی، قال العلامة الحصكفی رح: (وإن) (مات أحد السبعة) المشتركين في البدنة (وقال الورثة اذبحوا عنه وعنكم) (صح) عن الكل استحسانا لقصد القربة من الكل، ولو ذبحوها بلا إذن الورثة لم يجزهم لأن بعضها لم يقع قربة (وإن) (كان شريك الستة نصرانيا أو مريدا اللحم) (لم يجز عن واحد) منهم لأن الإراقة لا تتجزأ هداية.

وقال العلامة ابن عابدين رح: (قوله وإن كان شريك الستة نصرانيا إلخ) وكذا إذا كان عبدا أو مدبرا يريد الأضحية لأن نيته باطلة لأنه ليس من أهل هذه القربة فكان نصيبه لحما فمنع الجواز أصلا بدائع.

📖 فتاوی رحیمیہ (دار الاشاعت) ۲/ ۱۹۴ : جب بینک میں تمام معاملہ سودی لین دین کا ہے تو پھر ملازمت کو قبول کرنے کی شرعا اجازت نہیں ہے۔ حدیث شریف میں ہے عن جابرؓ قال لعن رسول اللہ ﷺ اکل الربوا وموکلہ وکاتبہ وشاھدیہ، وقال ھم سواء. ... ...اس سے ثابت ہوا کہ گناہوں کے کام میں امداد اکرنا اور اس میں کسی قسم کا حصہ لینا جائز نہیں گناہ ہے، حق تعالی فرماتے ہیں ولا تعاونوا علی الاثم والعدوان۔

ধনী হয়েও যাকাত গ্রহণকারী ও রিলিফ গ্রহণকারীর সাথে কোরবানী করা

প্রশ্ন :

১. যে সকল ব্যক্তি সরকারি রিলিফ নেয় তাদের সঙ্গে কোরবানী সহীহ কি না?
২. যারা সুদের লেনদেন করে তাদের সঙ্গে কোরবানী সহীহ কি না?
৩. যে সকল ধনী ব্যক্তির যাকাত দেওয়া ফরয তারা যদি অন্যের যাকাত নেয়, তাদের সাথে যারা যাকাত নেয় না উভয়ের একসঙ্গে কোরবানী সহীহ কি না?

উত্তর : প্রশ্নে উল্লিখিত ব্যক্তিবর্গের কর্মকাণ্ড যদিও গর্হিত তবে হালাল মাল দিয়ে কোরবানী করে থাকলে তাদের সঙ্গে মিলে যারা কোরবানী করবে তাদের কোরবানী সহীহ বলে বিবেচিত হবে। (১১/৫৪৩/৩৪৪৪)

Scanned by CamScanner

📖 الفتاوى الهندية (زكريا) ٥/٢٩١ : فالتضحية نوعان واجب وتطوع. والواجب منها أنواع: منها ما يجب على الغني والفقير، ومنها ما يجب على الفقير دون الغني، ومنها ما يجب على الغني دون الفقير. أما الذي يجب على الغني والفقير فالمنذور به بأن قال: لله علي أن أضحي شاة أو بدنة أو هذه الشاة أو هذه البدنة، وكذلك لو قال ذلك وهو معسر، ثم أيسر في أيام النحر فعليه أن يضحي شاتين؛ لأنه لم يكن وقت النذر أضحية واجبة عليه فلا يحتمل الإخبار فيحمل على الحقيقة الشرعية، فوجب عليه أضحية بنذره وأخرى بإيجاب الشرع. وأما التطوع: فأضحية المسافر والفقير الذي لم يوجد منه النذر بالتضحية ولا شراء الأضحية لانعدام سبب الوجوب وشرطه، وأما الذي يجب على الفقير دون الغني فالمشترى للأضحية إذا كان المشتري فقيرا، بأن اشترى فقير شاة ينوي أن يضحي بها۔

📖 فيه أيضا ٥/ ٣٤٣ : آكل الربا وكاسب الحرام أهدى إليه أو أضافه وغالب ماله حرام لا يقبل، ولا يأكل ما لم يخبره أن ذلك المال أصله حلال ورثه أو استقرضه، وإن كان غالب ماله حلالا لا بأس بقبول هديته والأكل منها۔

📖 آپ کے مسائل اوران کا حل ۴/ ۱۸۲ : سوال-اگر کوئی شخص زکوۃ تو ادا نہیں کرتا لیکن قربانی کرتا ہے تو اس کی قربانی قبول ہوگی یا نہیں؟

جواب-اگر خلوص سے قربانی کرے تو قربانی کا ثواب ہوگا اور زکوۃ نہ دینے کا وبال الگ ہوگا اور اگر محض گوشت کھانے یا لوگوں کے طعنہ سے بچنے کے لئے قربانی کرتا ہے تو ظاہر ہے کہ ثواب بھی نہیں ہوگا بلکہ مخلوق یا دکھلاوے کے لئے عمل کرنے کی وجہ سے مزید عذاب ہوگا۔

এক শিং ভাঙা জন্তুর কোরবানী

প্রশ্ন : সাত শরীক মিলে একটি গরু কোরবানী করা হয়েছে। গরুটির বিবরণ : তার দুটি শিংয়ের মধ্যে ডান পাশের শিংটি সম্পূর্ণ অক্ষত, যার দৈর্ঘ্য সাত ইঞ্চি, কিন্তু বাঁ পাশের শিংটির ওপরের খোপটি পুরো উপড়ে গেছে এবং ভেতরের মগজ মূলটাও ভেঙে দেড় ইঞ্চি পরিমাণ অবশিষ্ট আছে। গরুটি দিয়ে কোরবানী করা সহীহ হয়েছে কি না? এবং

Scanned by CamScanner

শিং ভাঙার হিসাব ওপরের খোপ থেকে, না ভেতরের মূল অংশ মগজের ভিত্তিতে না উভয়ের ভিত্তিতে?

উত্তর : যে জন্তুর জন্মগতভাবে শিং নেই তা দ্বারা কোরবানী সহীহ হয় এবং যে জানোয়ারের শিং আছে কিন্তু শুধুমাত্র ওপরে খোল উঠে গেছে তা দিয়েও কোরবানী সহীহ-শুদ্ধ হবে। পক্ষান্তরে যে জানোয়ারের শিং এবং খোল এবং ভেতরের অংশসহ একেবারে গোড়া থেকে উঠে গেছে ওই জানোয়ার দ্বারা কোরবানী সহীহ-শুদ্ধ হবে না, অন্যথায় কোরবানী সহীহ হবে। তাই প্রশ্নে বর্ণিত গরু দ্বারা সকলের কোরবানী সহীহ-শুদ্ধ হবে। (১৬/২৩৪/৬৪৯২)

📖 سنن أبي داود (دار الحديث) ٣/ ١٢٢٤ (٢٨٠٥) : عن علي، أن النبي صلى الله عليه وسلم «نهى أن يضحى بعضباء الأذن والقرن» -

📖 إعلاء السنن (إدارة القرآن) ١٧/ ٢٤٠ : والعضب فى القرن أن يكون مستأصلاً من أصله بدليل أن علياً ؓ أفتى السائل لجواز مكسورة القرن مطلقاً من غير تفصيل- ويحمل ذلك على ما بقى أصله بدليل ما روى عن عتبة بن عبد السلمى أن النبى صلى الله عليه وسلم نهى عن المستأصلة التى استوصل قرنها من أصله،... ... فتحصل من ذلك جواز التضحية بما قطع أقل من نصف أذنها، ومكسورة القرن غير مستأصلتها وعدم جواز ما قطع النصف من أذنها أو اكثر من ذلك، وما استوصل قرنها من أصله -

📖 رد المحتار (سعيد) ٦/٣٢٣ : (قوله ويضحي بالجماء) هي التي لا قرن لها خلقة وكذا العظماء التي ذهب بعض قرنها بالكسر أو غيره، فإن بلغ الكسر إلى المخ لم يجز قهستاني، وفي البدائع إن بلغ الكسر المشاش لا يجزئ والمشاش رءوس العظام مثل الركبتين والمرفقين -

গরিবের কেনা পশুতে অন্যকে শরীক করা

প্রশ্ন : গরিব ব্যক্তি এককভাবে কোরবানীর জন্য একটি গরু ক্রয় করেছিল। পরে ওই গরুর মধ্যে আরো ছয়জনকে শরীক করে–এমতাবস্থায় তাদের কোরবানী হবে কি না?

Scanned by CamScanner

উত্তর : গরিব ব্যক্তি এককভাবে কোরবানীর জন্য গরু ক্রয় করলে পরে ওই গরুর মধ্যে আর কাউকে শরীক করতে পারবে না। তা সত্ত্বেও যদি অন্যকে শরীক করে তাহলে ওই শরীকদের কোরবানী সহীহ হয়ে যাবে।

তবে গরিব ব্যক্তির ওপর অংশীদারদের থেকে নেওয়া সম্পূর্ণ টাকা সদকা করা ওয়াজিব। (১৬/৮২০/৬৮০০)

📖 الفتاوى الهندية (زكريا) ٥/٣٠٤ : وإن كان فقيرا معسرا فقد أوجب بالشراء فلا يجوز أن يشرك فيها، وكذا لو أشرك فيها ستة بعد ما أوجبها لنفسه لم يسعه؛ لأنه أوجبها كلها لله تعالى، وإن أشرك جاز، ويضمن ستة أسباعها-

📖 مسائل عیدین وقربانی ص ۱۲۴ : اگر وہ کسی کو شریک کرے تو شریک ہونے والے شخص کی قربانی صحیح ہو جائیگا۔

সম্মিলিতভাবে মৃতের নামে করা কোরবানীর গোশত বণ্টন-পদ্ধতি

প্রশ্ন : আমরা পাঁচ ভাই মিলে সমানহারে চাঁদা দিয়ে একটি গরু খরিদ করলাম। এতে আমাদের পাঁচ ভাইয়ের নামসহ আমাদের মৃত মা-বাবার নামেও কোরবানী করলাম। মা-বাবা কোরবানীর অসিয়ত করে যাননি। পরে গোশত সমানভাবে পাঁচ ভাগ করে নিয়ে গেলাম। এটা বৈধ হলো কি না?

জনৈক আলেম বললেন, গোশতকে প্রথমে সাত ভাগ করে পাঁচ ভাই পাঁচ অংশ নিয়ে নেবে। তারপর বাকি দুই অংশকে পুনরায় পাঁচ ভাইয়ের মাঝে বণ্টন করতে হবে। উল্লেখ্য, বাকি অংশ বণ্টনের জন্য একজনকে ওলী বা অভিভাবক বানাতে হবে। প্রশ্ন হলো, উক্ত আলেমের কথা সঠিক কি না?

উত্তর : আপনাদের গোশত বণ্টন-পদ্ধতি শুদ্ধ হয়েছে। উক্ত আলেমের উক্তি সঠিক নয়। (১৫/৮৫৬/৬৩২৫)

📖 فتاوى قاضيخان بهامش الهندية (زكريا) ٣/ ٣٥٢ : ولو ضحى عن ميت من مال نفسه بغير أمر الميت جاز وله أن يتناول منه ولا تلزمه أن يتصدق به؛ لأنها لم تصر ملكا للميت -

📖 رد المحتار (سعيد) ٦/ ٣٢٦ : من ضحى عن الميت يصنع كما يصنع في أضحية نفسه من التصدق والأكل والأجر للميت والملك للذابح. قال الصدر: والمختار أنه إن بأمر الميت لا يأكل منها وإلا يأكل بزازية -

Scanned by CamScanner

📖 کفایت المفتی (دار الاشاعت) ۸ /۲۰۵ : میت کی طرف سے قربانی کئے ہوئے جانور کا حکم زندہ کی طرف سے قربانی کئے ہوئے جانور کے حکم کے مساوی ہے۔

কুকুরের দুধে লালিত-পালিত বকরির কোরবানী ও গোশতের হুকুম

প্রশ্ন : আমার একটি বকরি বাচ্চা প্রসবের পর মারা যায় এবং বকরির বাচ্চাগুলো কুকুরের দুধ খেয়ে লালিত-পালিত হতে থাকে। আমার প্রশ্ন হলো,

ক) কুকুরের দুধ খেয়ে লালিত-পালিত হওয়া উক্ত বকরিগুলো দ্বারা আমি কোরবানী দিতে পারব কি না?

খ) আর যদি তা দ্বারা আমি কোরবানী দিই তাহলে কোরবানী আদায় হবে কি না?

গ) এবং কোরবানী দেওয়ার পর সেগুলোর গোশত খাওয়া যাবে কি না?

উত্তর : কুকুরের দুধ নাপাক। নাপাক খাদ্য দ্বারা লালিত-পালিত জন্তুর কোরবানী করা অবৈধ নয় বিধায় প্রশ্নোল্লিখিত বকরি দ্বারা কোরবানী করা বৈধ হবে, কোরবানী ওয়াজিব হোক বা নফল। তবে জবাই করা পর্যন্ত হারাম ও নাপাক খাদ্য খেতে থাকলে, অর্থাৎ জবাই করার পূর্বেও কোনো ভালো খাদ্য না খেলে তার গোশত খাওয়া মাকরূহ বলে বিবেচিত হবে। হ্যাঁ, জবাইয়ের কিছুদিন পূর্ব থেকে হালাল খাদ্য খেলে তার গোশত খাওয়াতে কোনো অসুবিধা নেই। (১৫/৮৩১/৬৩০৪)

📖 البحر الرائق (سعيد) ۱۸۲/۸ : ولهذا يحل أكل جذع تغذى بلبن الخنزير لأن لحمه لا يتغير وما تغذى به يصير مستهلكا لا يبقى له أثر۔

📖 امداد الفتاوی (زکریا) ۳/ ۵۴۰ : سوال- بکری کا بچہ جس نے سور کے دودھ سے پرورش پائی ہو حلال ہے یا نہیں اور اس کی قربانی جائز ہے یا نہیں؟

الجواب- فی الدر المختار كما حل أكل جدي غذي بلبن خنزير لأن لحمه لا يتغير، وما غذي به يصير مستهلكا لا يبقى له أثر. وأن ابن المبارك قال: معناه إذا اعتلف أياما بعد ذلك كالجلالة، وفي شرح الوهبانية أنه يحل إذا ذبح بعد أيام وإلا لا. ان روایات سے معلوم ہوا کہ وہ بچہ حلال ہے لیکن کئی روز تک اس کو دوسرا چارہ دینا چاہئے اس طرح قربانی بھی درست ہے۔

📖 کفایت المفتی ۹/ ۱۳۴

Scanned by CamScanner

কোরবানীর সাথে সাথে আকীকার নিয়্যাত

প্রশ্ন : একটি ছাগলের মধ্যে কিংবা গরুর এক-সপ্তমাংশের মধ্যে কোরবানীর সাথে সাথে আকীকার নিয়্যাত করা হলে উভয়টি আদায় হবে কি না? এবং উক্ত মাসআলায় ধনী ও গরিব ব্যক্তির মধ্যে কোনো পার্থক্য আছে কি না?

উত্তর : শরয়ী দৃষ্টিকোণে একই বকরি বা গরুর এক ভাগে একাধিক নিয়্যাত যেমন–কোরবানী ও আকীকার নিয়্যাত করার অবকাশ থাকে না বিধায় প্রশ্নের বর্ণনা মতে ওই ব্যক্তির কোরবানী ও আকীকা কোনোটাই আদায় হবে না। এতে ধনী-গরিবের মাঝে কোনো পার্থক্য নেই। (১৫/৮৭৪/৬৩১১)

📖 بدائع الصنائع (سعيد) ٥/ ٧١ :ولا شك في جواز بدنة أو بقرة عن أقل من سبعة بأن اشترك اثنان أو ثلاثة أو أربعة أو خمسة أو ستة في بدنة أو بقرة؛ لأنه لما جاز السبع فالزيادة أولى، وسواء اتفقت الأنصباء في القدر أو اختلفت؛ بأن يكون لأحدهم النصف وللآخر الثلث ولآخر السدس بعد أن لا ينقص عن السبع -

📖 الفتاوى الهندية (زكريا) ٥/ ٣٠٤ : يجب أن يعلم أن الشاة لا تجزئ إلا عن واحد، وإن كانت عظيمة، والبقر والبعير يجزي عن سبعة إذا كانوا يريدون به وجه الله تعالى، والتقدير بالسبع يمنع الزيادة، ولا يمنع النقصان -

📖 البحر الرائق (سعيد) ٨/ ١٧٤ : وقوله "شاة، أو سبع بدنة" بيان للقدر الواجب والقياس أن لا يجوز إلا البدنة كلها إلا عن واحد لأن الإراقة قربة لا تتجزأ إلا أنا تركناه بالأثر وهو ما روي عن جابر - رضي الله تعالى عنه - قال «نحرنا مع رسول الله - صلى الله عليه وسلم - البقرة عن سبعة والبدنة عن سبعة» ولا نص في الشاة فبقي على أصل القياس وتجوز عن ستة، أو خمسة، أو أربعة، أو ثلاثة ذكره في الأصل لأنه لما جاز عن سبعة فما دونها أولى، ولا يجوز عن ثمانية لعدم النقل فيه وكذا إذا كان نصيب أحدهم أقل من سبع بدنة -

📖 کفایت المفتی (دار الاشاعت) ٨/ ٢٤٠ : گائے میں عقیقہ کی نیت سے کئی آدمی شریک ہو سکتے ہیں بشرطیکہ تمام شرکاء کی نیت قربانی یا عقیقہ کی ہو بعض شرکاء قربانی کی

Scanned by CamScanner

নিয়ত সে اور بعض عقیقہ کی نیت سے گائے میں شریک ہو سکتے ہیں، دوسری شرط یہ بھی ہے کہ کسی شریک کا حصہ ۱/۷ سے کم نہ ہو۔

সম্মিলিতভাবে গরুর সপ্তমাংশ (রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর নামে কোরবানী করা

প্রশ্ন : যদি ছয়জন ব্যক্তি একটি গরুর মধ্যে প্রতিজন এক অংশ করে মোট ছয় অংশে কোরবানী করে ও সপ্তমাংশে সবাই সম্মত হয়ে সমানহারে টাকা দিয়ে যেকোনো একজনকে মালিক বানানোবিহীন রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর নামে করে তাহলে ছয়জনের কোরবানী সহীহ হবে কি না?

উত্তর : প্রশ্নে বর্ণিত পদ্ধতিতে একটি গরুতে ছয়জনের প্রত্যেকেই পূর্ণ অংশ কোরবানী করে সপ্তমাংশ সকলের পক্ষ হতে নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর নামে কোরবানী দিলে সব কোরবানী শরীয়তের আলোকে শুদ্ধ হবে। (১৫/৯৭৪)

📖 البحر الرائق (سعيد) ٨ /١٧٧ : (وإن مات أحد السبعة، وقال الورثة: اذبحوا عنه وعنكم صح، وإن كان شريك الستة نصرانيا) أومريد اللحم لم تجز عن واحد منهم، ووجه الفرق أن البقرة تجوز عن سبعة بشرط قصد الكل القربة، واختلاف الجهات فيما لا يضر كالقران والمتعة والأضحية لإتحاد المقصود وهو القربة وقد وجد هذا الشرط في الوجه الأول لأن الأضحية من الغير عرفت قربة لأنه - صلى الله عليه وسلم - ضحى عن أمته ولم توجد القربة في الوجه الثاني لأن النصراني ليس من أهلها-

📖 الدر المحتار (سعيد) ٦/ ٣٢٦ : (وإن) (مات أحد السبعة) المشتركين في البدنة (وقال الورثة اذبحوا عنه وعنكم) (صح) عن الكل استحسانا لقصد القربة من الكل-

📖 فتاوی محمودیہ (زکریا) ۴/ ۲۸۸ : سوال-اگر چند شخص ملکر ساتواں حصہ رسول اکرم صلی اللہ علیہ وسلم کا کریں تو کرنا درست ہے یا نہیں؟ یا ایک ہی شخص اس حصہ کی قیمت ادا کرے تب درست ہے؟

الجواب-ایک شخص قیمت ادا کردے تب بھی درست ہے سب شرکاء مل کر کریں تب بھی درست ہے۔

Scanned by CamScanner

সপ্তমাংশ রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর নামে কোরবানী করা

প্রশ্ন : আমাদের গ্রামে একটি মাসআলা নিয়ে দুই আলেমের মধ্যে মতানৈক্য হয়েছে, ফলে এলাকায় তুমুল ঝগড়া হয়েছে। বিষয় হলো, আমাদের দুই ভাই মিলে কোরবানী করে তিন অংশ করে, আর সপ্তম অংশ রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর নামে দিয়ে থাকি। এই নিয়মকে এক আলেম বলেন, সহীহ হবে। দলিল হিসেবে পেশ করেন হেদায়ার এক মাসআলা যে, যদি কোনো অংশীদার মারা যান তাহলে ওয়ারিশগণের অনুমতি নিয়ে মরহুমের নামে কোরবানী দিতে পারবে। দ্বিতীয় আলেম সাহেব বলেন, এ নিয়ম সহীহ নয়, যদি সহীহ করতে হয়, তাহলে সপ্তম অংশকে একজনের মালিকানায় নিয়ে আসতে হবে। কেননা এক অংশকে দুজনে মিলে কোরবানী দিতে পারে না। এখন জানার বিষয় হলো, এর সমাধান কী হবে?

উত্তর : বড় জন্তু তথা গরু-মহিষ ও উটের এক অংশে দুজন মিলে কোরবানী দিতে পারে না কথাটি সহীহ। কিন্তু প্রশ্নে উল্লিখিত পদ্ধতিটি বিহিত কারণে ওই কথার আওতাবহির্ভূত মর্মে ফিকাহবিদগণ স্পষ্ট মত ব্যক্ত করেছেন। সুতরাং দুই ভাই মিলে একটি গরু কিনে সপ্তম অংশ রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর জন্য ঈসালে সাওয়াবের নিয়্যাত করতে পারবে–এমতাবস্থায় একজনকে ওই অংশের মালিক বানানো শর্ত নয়। (৯/৮১২/২৮৮০)

📖 البحر الرائق (سعيد) ١٧٧/٨ : ولو اشترك اثنان في بقرة، أو بعير لا يجوز في الأضحية لأنه يكون لواحد منهم ثلاثة أسهم ونصف، والنصف لا يجوز في الأضحية والأصح أنه يجوز لأن النصف يصير قربة بطريق التبع لغيره.

📖 امداد الفتاوی (زکریا) ۳/ ۵۷۳ – ۵۷۴ : میں نے گذشتہ سال زبانی فتوی دیا تھا کہ جس طرح اپنی طرف سے قربانی کرنے میں ایک حصہ دو شخص کی طرف سے جائز نہیں، اسی طرح غیر کی طرف سے تبرعا نفل قربانی کرنے میں خواہ زندہ کی طرف سے یا میت کی طرف سے، ایک حصہ دو شخص کی طرف سے جائز نہیں، مگر روایات سے اس کے خلاف ثابت ہوا اس لئے میں اس سے رجوع کر کے اب فتوی دیتا ہوں کہ جو قربانی دوسرے کی طرف سے تبرعا کیجاوے چونکہ وہ ملک ذابح کی ہوتی ہے اور صرف اس دوسرے کو ثواب پہنچتا ہے اس لئے ایک حصہ کی طرف سے بھی ہو سکتا ہے، جیسے مسلم میں ہے کہ اپنی طرف سے ایک حصہ قربانی کر کے متعدد کو ثواب پہنچانا جائز ہے، بس یہ بھی ویسا ہی ہے،

Scanned by CamScanner

وقد صح أن رسول الله ﷺ ضحى بكبشين أحدهما عن نفسه والآخر عمن لم يذبح من أمته، وإن كان منهم قدمات قبل أن يذبح- قلت : وقد دل الحديث على جواز التضحية عن الحى تبرعا وعلى جواز الصحة الواحدة عن الكثيرين-

📖 فتاوی محمودیہ (زکریا) ۴/ ۲۸۸ : سوال-اگرچند شخص ملکر ساتواں حصہ رسول اکرم صلی اللہ علیہ وسلم کا کریں تو کرنا درست ہے یا نہیں؟ یاایک ہی شخص اس حصہ کی قیمت ادا کرے تب درست ہے؟

الجواب- ایک شخص قیمت ادا کردے تب بھی درست ہے سب شرکاء مل کر کریں تب بھی درست ہے۔

📖 فیہ ایضا ۱۴/ ۳۳۹-۳۳۶ : سوال-قربانی کے جانور میں کتنے حصہ کر سکتے ہیں۔ قربانی کے جانور میں آپ صلی اللہ علیہ وسلم کا حصہ رکھنا کیسا ہے؟ واجب ہے یا سنت ہے؟ اور اس کا طریقہ کیا ہے؟ مثلاً جیسے کہ چھ آدمیوں نے ملکر ایک گائے خریدی اس میں ہر ایک نے اپنا ایک ایک حصہ پہلے متعین کرلیا اب رہا ایک حصہ تو ان چھ ساتھیوں کی جانب سے آنحضور ﷺ کا حصہ مشترکہ ہے تو کیا اس طرح ایک حصہ میں سب کا شریک ہونا جائز ہے؟... ...

الجواب- (دار العلوم سابقہ) قربانی کے بڑے جانور گائے اونٹ میں سات آدمی شریک ہو سکتے ہیں اور اس سے زائد کی اجازت نہیں ہے حضرت نبی کریم ﷺ کی طرف سے حصہ کرنا مستحب اور بڑے اجر و ثواب کی بات ہے اور بہتر طریقہ یہ ہے کہ ایک آدمی مستقلا حصہ اس مقصد کے واسطے لے، لیکن اگر ایسا نہ ہو سکے تو چھ آدمی ملکر مشترکہ طور پر ایک حصہ لیں یہ بھی درست ہے۔... ... ...

(جدید) الجواب: ... ... جس بڑے جانور میں چھ آدمی شریک ہیں وہاں کسی کا حصہ ساتویں حصہ سے کم نہیں سب کا زائد ہے پھر ساتویں حصہ کو سب نے ملکر حضور ﷺ کی طرف سے ایصال ثواب کے طور پر کردیا تب بھی کسی کا حصہ ساتویں حصہ سے کم نہیں ہوا بلکہ چھ آدمیوں کا ایک ایک حصہ پورا پورا ہوا، ایک حصہ میں سب شریک رہے اور اس ایک حصہ سے واجب ادا کرنا مقصود نہیں بلکہ ثواب پہونچانا مقصود ہے تو شرعا اس میں کوئی حرج نہیں ہے۔

📖 فتاوی رحیمیہ (دار الاشاعت) ۲/ ۹۰ : وإن مات أحد السبعة المشتركين فى البدنة ... ... روایت مذکورہ فقہیہ سے استحسانا جائز معلوم ہوتا ہے کیونکہ جب ساتواں حصہ دار فوت ہو گیا تو اس کا حصہ اس کے ورثاء کی طرف منتقل ہو گیا اور اس حصہ

Scanned by CamScanner

کے ورثاء مالک بن گئے اور انہوں نے اس ساتویں حصہ کے مالک ہونے کی حیثیت سے قربانی کی اجازت دیدی تو سب کی قربانی درست ہوگی اسی طرح صورت مسئولہ میں چھ ساتھیوں نے ساتواں حصہ خرید کر حضور ﷺ کے لئے کردیا تو درست ہونا چاہیے۔ دوسرے علماء سے بھی دریافت کرلیا جائے۔

যৌথভাবে এক অংশ নবীজি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর নামে কোরবানী করা

প্রশ্ন : আমাদের এলাকায় দুই ব্যক্তি মিলে একটি গরু কোরবানী দেয়। একজন তিন নাম, অপরজন তিন নাম। মোট ছয় নাম। বাকি এক নাম তারা দুজন মিলে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর নামে দেয়। এভাবে কোরবানী করা সহীহ হবে কি না?

উত্তর : প্রশ্নে বর্ণিত পন্থায় উভয় ব্যক্তির কোরবানী পরিপূর্ণ সহীহ হবে। (১৪/৬৩৪/৫৭৫৬)

📖 بدائع الصنائع (سعيد) ٥/ ٧١ : ولا شك في جواز بدنة أو بقرة عن أقل من سبعة بأن اشترك اثنان أو ثلاثة أو أربعة أو خمسة أو ستة في بدنة أو بقرة؛ لأنه لما جاز السبع فالزيادة أولى، وسواء اتفقت الأنصباء في القدر أو اختلفت؛ بأن يكون لأحدهم النصف وللآخر الثلث ولآخر السدس بعد أن لا ينقص عن السبع.

📖 الدر المختار (سعيد) ٦/٣٢٦ : (وإن) (مات أحد السبعة) المشتركين في البدنة (وقال الورثة اذبحوا عنه وعنكم) (صح) عن الكل استحسانا لقصد القربة من الكل.

📖 فتاوی محمودیہ (زکریا) ۴/ ۲۸۸ : سوال-اگرچند شخص ملکر ساتواں حصہ رسول اکرم صلی اللہ علیہ وسلم کا کریں تو کرنا درست ہے یا نہیں؟ یا ایک ہی شخص اس حصہ کی قیمت ادا کرے تب درست ہے؟

الجواب-ایک شخص قیمت ادا کردے تب بھی درست ہے سب شرکاء مل کر کریں تب بھی درست ہے۔

📖 فیہ ایضا ۱۴/ ۳۳۹ : جس بڑے جانور میں چھ آدمی شریک ہیں وہاں کسی کا حصہ ساتویں حصہ سے کم نہیں سب کا زائد ہے پھر ساتویں حصہ کو سب نے ملکر حضور ﷺ کی طرف سے ایصال ثواب کے طور پر کردیا تب بھی کسی کا حصہ ساتویں حصہ سے کم نہیں ہوا بلکہ چھ

Scanned by CamScanner

آدمیوں کاایک ایک حصہ پوراپوراہواہو،ایک حصہ میں سب شریک رہےاوراس ایک حصہ سے واجب ادا کرنا مقصود نہیں بلکہ ثواب پہونچانا مقصود ہے تو شرعا اس میں کوئی حرج نہیں ہے۔

নবীজির নামে দেওয়া সপ্তম অংশের গোশত বণ্টন-পদ্ধতি

প্রশ্ন : দুই শরীক সমান টাকা দিয়ে কোরবানীর গরু খরিদ করে উভয়জন নিজেদের নামে ছয় ভাগ রাখে এবং অবশিষ্ট সপ্তম ভাগ রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর নামে কোরবানী দেয়। গোশত উভয় পক্ষ সমানহারে বণ্টন করে নেয়। এমতাবস্থায় কোরবানী শুদ্ধ হবে কি না?

উত্তর : একটি অংশে একাধিক লোক শরীক হলে সাধারণভাবে নফল কোরবানী করা সহীহ নয়, কিন্তু প্রশ্নোক্ত পদ্ধতিতে বিশেষ কারণে সহীহ বলা যায়। সর্বাবস্থায় পূর্ণ এক অংশ দ্বারা নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর নামে কোরবানী করা উত্তম। নফল কোরবানীর গোশত কোরবানীদাতা নিজে এবং ধনী সবাই খেতে পারবে। (৮/১৫৮/২০৩)

📖 البحر الرائق (سعيد) ٨/ ١٧٧ : ولو اشترك اثنان في بقرة، أو بعير لا يجوز في الأضحية لأنه يكون لواحد منهم ثلاثة أسهم ونصف، والنصف لا يجوز في الأضحية والأصح أنه يجوز لأن النصف يصير قربة بطريق التبع لغيره.

📖 الدر المختار مع الرد (سعيد) ٦/ ٣٢٦ :(وإن) (مات أحد السبعة) المشتركين في البدنة (وقال الورثة اذبحوا عنه وعنكم) (صح) عن الكل استحسانا لقصد القربة من الكل

📖 فتاوی رحیمیہ (دارالاشاعت) ٢/ ٩٠ : جواب : (وإن) (مات أحد السبعة) المشتركين في البدنة (وقال الورثة اذبحوا عنه وعنكم) (صح) عن الكل استحسانا لقصد القربة من الكل (الشامی)روایت مذکورہ فقہیہ سے استحسانا جائز معلوم ہوتاہے۔

📖 فتاوی محمودیہ (زکریا) ١٤/ ٣٣٩ : جس بڑے جانور میں چھ آدمی شریک ہیں وہاں کسی کا حصہ ساتویں حصہ سے کم نہیں سب کا زائد ہے پھر ساتویں حصہ کو سب نے ملکر حضور ﷺ کی طرف سے ایصال ثواب کے طور پر کردیاتب بھی کسی کا حصہ ساتویں حصہ سے کم نہیں ہوابلکہ چھ آدمیوں کاایک ایک حصہ پوراپوراہواہو،ایک حصہ میں سب شریک

Scanned by CamScanner

রহে اور اس ایک حصہ سے واجب ادا کرنا مقصود نہیں بلکہ ثواب پہونچانا مقصود ہے تو شرعااس میں کوئی حرج نہیں ہے۔

কয়েকজন মিলে একটি বকরি রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর নামে কোরবানী করা

প্রশ্ন : কয়েকজন মিলে একটি বকরি রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর নামে কোরবানী দিলে তাদের কোরবানী সহীহ হবে কি না? উল্লেখ্য, তাদের ওপর কোরবানী ওয়াজিব নয়।

উত্তর : কয়েকজন মিলে একটি বকরি খরিদ করে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর নামে কোরবানী করার ব্যাপারে মুফতিয়ানে কিরামের দ্বিমত থাকলেও নির্ভরযোগ্য মত হলো একজনকে সবাই মিলে মালিক বানিয়ে দেবে এবং সে টাকা দিয়ে বকরি খরিদ করে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর নামে কোরবানী করবে। যারা টাকা দিয়েছে সবাই সাওয়াব পাবে। এ পদ্ধতি অবলম্বনে কারো দ্বিমত থাকে না বিধায় এ পদ্ধতিটিই উত্তম এবং শ্রেয়। (১৪/৮৭৩/৫৭৭৫)

📖 رد المحتار (سعيد) ٦/ ٣٣٥ : (قوله وعن ميت) أي لو ضحى عن ميت وارثه بأمره ألزمه بالتصدق بها وعدم الأكل منها، وإن تبرع بها عنه له الأكل لأنه يقع على ملك الذابح والثواب للميت، ولهذا لو كان على الذابح واحدة سقطت عنه أضحيته كما في الأجناس. قال الشرنبلالي: لكن في سقوط الأضحية عنه تأمل اهـ أقول: صرح في فتح القدير في الحج عن الغير بلا أمر أنه يقع عن الفاعل فيسقط به الفرض عنه وللآخر الثواب فراجعه

📖 امداد المفتين (دار الاشاعت) ص ۷۹۴ : سوال-زید عمر و خالد تینوں بھائیوں نے چار چار روپیہ کرکے دیااور مجموعہ بارہ روپیہ سے ایک بکری خریدی اور اس مشترکہ بکری کو اپنے والد مرحوم کی جانب سے قربانی کی تو یہ قربانی شرعا صحیح ہوئی یا نہیں؟

الجواب-اس صورت میں قربانی صحیح نہیں ہوئی، صحت کی صورت یہ تھی دو بھائی اپنا اپنا حصہ تیسرے بھائی کو ہبہ کرکے اس کی ملک بنادیتے اور وہ تیسرا صرف اپنی طرف سے قربانی کرکے ایصال ثواب کرنا۔

Scanned by CamScanner

৭০ জন মিলে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর নামে একটি গরু কোরবানী করা

প্রশ্ন : ৭০ জন মিলে কি রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর নামে একটি গরু কোরবানী করতে পারে?

উত্তর : কোরবানীর ব্যাপারে শরীয়তের নীতিমালা অনুযায়ী কোরবানীদাতাদের কারো অংশ উট ও গরুর মধ্যে এক-সপ্তমাংশের কম হলে কোরবানী সহীহ হয় না বিধায় সাতজনের বেশি একই জন্তুর মধ্যে শরীক হতে পারবে না। তবে মৃত ব্যক্তির পক্ষে নফল কোরবানীতে সাতজনের অধিক লোক শরীক হওয়ার ব্যাপারে যদিও মুফতিয়ানে কিরামের মতানৈক্য রয়েছে, কিন্তু নির্ভরযোগ্য মতানুযায়ী তা নাজায়েয। হ্যাঁ, যদি রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর জন্য কোরবানী করার আগ্রহী ব্যক্তিবর্গ সম্মিলিতভাবে কোরবানী করার ইচ্ছা করে, তাহলে তার উত্তম পন্থা হবে–৭০ জনের দেওয়া টাকাগুলো একত্রিত করে সবাই মিলে নির্ধারিত সাতজন অথবা যেকোনো একজনকে উক্ত টাকার মালিক বানিয়ে দেবে এবং ওই ব্যক্তি উক্ত টাকা দিয়ে গরু খরিদ করে রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর নামে কোরবানী দেবে। এতে কোরবানীও সহীহ হবে এবং সবাই সাওয়াবের অংশীদার হবে। এ পদ্ধতি অবলম্বন করা হলে সন্দেহের কোনো অবকাশ থাকে না। (৯/৯০/২৫২৬)

📖 بدائع الصنائع (سعيد) ٥/٧٠ : ولا يجوز بعير واحد ولا بقرة واحدة عن أكثر من سبعة ويجوز ذلك عن سبعة أو أقل من ذلك، وهذا قول عامة العلماء.

📖 الدر المختار مع الرد (سعيد) ٦/٣١٥ : (أو سبع بدنة) هي الإبل والبقر؛ سميت به لضخامتها، ولو لأحدهم أقل من سبع لم يجز عن أحد، وتجزي عما دون سبعة بالأولى-

📖 امداد المفتین (دار الاشاعت) ص ۷۹۴ : الجواب-اس صورت میں قربانی صحیح نہیں ہوئی صحت کی صورت یہ تھی دو بھائی اپنا اپنا حصہ تیسرے بھائی کو ہبہ کر کے اس کی ملک بنادیتے اور وہ تیسرا صرف اپنی طرف سے قربانی کر کے ایصال ثواب کرنا۔

Scanned by CamScanner

২০-৩০ জন মিলে নবীজি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর নামে কোরবানী

প্রশ্ন : আমাদের এলাকায় একটি প্রথা চালু আছে যে কোরবানীর সময় ২০-৩০ জন মিলে একটি গরু খরিদ করে রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর নামে কোরবানী করে। অতঃপর তারা সবাই মিলে ওই গরুর গোশত ভাগ-বাটোয়ারা করে নিয়ে যায়। জানার বিষয় হলো, রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর নামে দেওয়া এ কোরবানী জায়েয কি না?

উত্তর : কোরবানীর বড় পশুকে ছয়জন অংশীদার নিজ নিজ অংশ পরিপূর্ণ হওয়ার পর অবশিষ্ট একটি অংশ সবার সম্মতিতে সবার পক্ষ হতে নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর নামে নফল কোরবানী করা জায়েয কি না–এ ব্যাপারে উলামায়ে কেরামদের জায়েয ও নাজায়েয উভয় ধরনের মতামত পাওয়া যায়। উভয় পক্ষের দলিল-প্রমাণও কিতাবে বিদ্যমান এবং আমাদের দেশে উভয় মতামতের ওপর আমল চলে আসছে। কিন্তু প্রশ্নে বর্ণিত পদ্ধতিতে সাতজনের অধিক ব্যক্তি একটি গরু নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর নামে কোরবানী করা শরীয়তের মৌলিক দলিল প্রমাণের ভিত্তিতে নাজায়েয বোঝা যায়। শুধুমাত্র ফাতওয়ায়ে নিযামিয়ার শ্রদ্ধেয় লেখক জায়েয বলে মত প্রকাশ করেছেন। বাকি অন্য আকাবীরগণ জায়েয বলে ফাতওয়া দেননি। তবে প্রশ্নে বর্ণিত পদ্ধতিতে যদি সবাই মিলে সাতজন বা সাতজনের কম ব্যক্তিকে উক্ত গরুর মালিক বানিয়ে দেওয়ার পর তারা নবী করীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর নামে কোরবানী করে তাহলে এতে কারো দ্বিমত নেই। তবে এতে তাদের নিজ ওয়াজিব কোরবানী আদায় হবে না। তার জন্য ভিন্ন ভিন্ন কোরবানী করতে হবে। (৭/৫১৬/১৭৪৭)

📖 بدائع الصنائع (سعيد) ٧٠/٥ : ولا يجوز بعير واحد ولا بقرة واحدة عن أكثر من سبعة ويجوز ذلك عن سبعة أو أقل من ذلك، وهذا قول عامة العلماء.

📖 خلاصة الفتاوى (رشيديه) ٣٢٢/٤ : سئل نصير رح عن رجل ضحى عن الميت قال الجر له والملك لهذا وقال محمد بن سلمه رح مثل ذلك وقال محمد بن مقاتل مثل ذلك وابو مطيع بمثله.

📖 الدر المختار مع الرد (سعيد) ٣١٥/٦ : (أو سبع بدنة) هي الإبل والبقر؛ سميت به لضخامتها، ولو لأحدهم أقل من سبع لم يجز عن أحد، وتجزي عما دون سبعة بالأولى.

📖 آپ کے مسائل اور ان کا حل ۴/ ۱۹۴ : سوال- بالفرض چند آدمیوں مثلاً ۸-۶ نے مل کر ایک بکرا خریدا جس میں سب برابر کے شریک ہیں۔ ایام النحر میں سب کے بالاتفاق اس بکرے کو متجانب حضور ﷺ پاک قربانی کیا تو یہ قربانی صحیح اور درست ہوگی یا نہیں؟

Scanned by CamScanner

جواب-یہ درست نہیں ہوگی البتہ اگر کوئی ایک شخص پورا حصہ کی اکرم صلی اللہ علیہ وسلم کی جانب سے قربانی کرے تو صحیح ہوگا کیونکہ یہ نفلی قربانی برائے ایصال ثواب نبی اکرم صلی اللہ علیہ وسلم ہے اصل قربانی تو قربانی کرنے والے کی طرف سے ہے اور ظاہر ہے کہ قربانی کا ایک حصہ ایک ہی آدمی کی جانب سے ہو سکتا ہے جب کہ مذکورہ صورت ایک حصہ کئی آدمیوں کی جانب سے ہے۔

কোরবানীর পশু একটি বিক্রি করে আরেকটি কেনা

প্রশ্ন : এক ব্যক্তি তার ভাইকে ৩০০০ টাকা দিয়েছে তাদের মৃত পিতার নামে কোরবানী করার জন্য। ভাই ২০০০ টাকা দিয়ে একটি খাসি ক্রয় করেছে এবং ফোনের মাধ্যমে বাকি ১০০০ নিজে ব্যবহার করার অনুমতি নিয়ে নেয়। কিন্তু কোরবানী আসার আগেই সে ওই টাকার সাথে আরো ১০০০ টাকা যোগ করে একটি গরুর ভাগে যোগ দেয় সেই মৃত পিতার নামে কোরবানীর জন্য। এখন চাচ্ছে যে শুধু গরুই কোরবানী করবে এবং ছাগল বিক্রি করে টাকা নিজে ভোগ করবে। জানার বিষয় হলো, এ সুযোগ তার আছে কি না?

উত্তর : প্রশ্নোক্ত অবস্থায় ছাগল বিক্রি করে টাকা নিজে ভোগ করা আর নিজের টাকা দিয়ে একটি গরুর সাত ভাগের এক ভাগ মৃত পিতার নামে কোরবানীর জন্য ক্রয় করা জায়েয নেই। তবে ওই ভাইয়ের পক্ষ থেকে পুনরায় অনুমতিপ্রাপ্ত হওয়ার পর জায়েয হবে। (১৪/১১৭/৫৫৩২)

📖 الفتاوى الهندية (زكريا) ٥/ ٣٠٦ : ولو وكله بأن يشتري له بقرة سوداء للأضحية فاشترى بلقاء وهي التي اجتمع فيها السواد والبياض لزم الآمر، وإن وكله بأن يشتري له كبشا أقرن أعين للأضحية فاشترى كبشا أجم ليس أعين لا يلزم الآمر؛ لأن هذا مما يرغب فيه الناس للأضحية فخالف ما أمر به... ... وإن وكل إنسانا بأن يشتري له ضأنا فاشترى معزا أو كان على العكس لا يلزم الآمر، كذا في المحيط.

Scanned by CamScanner

চারজনের একটি গরু কোরবানী দেওয়া

প্রশ্ন : কোরবানীর জন্য এক গরুর মধ্যে চারজন মিলে টাকা ও গোশতের অংশ সমানভাবে ভাগ করে নিলে কোরবানী সহীহ হবে কি না?

উত্তর : গরু কোরবানীর ক্ষেত্রে শরীয়ত কর্তৃক নির্দেশিত নীতিমালা তথা একটি গরুতে উর্ধ্বে সাতজন অংশীদার হয়ে কোরবানী করতে পারবে। তবে কারো অংশ সপ্তমাংশের কম না হতে হবে। সুতরাং প্রশ্নোক্ত পন্থায় চারজন মিলেও কোরবানী করতে পারবে। (১৪/৭০৮/৫৭৬৮)

📖 خلاصة الفتاوى (رشيديه) ٤/ ٣١٥ : والبقر والبعير يجزى عن سبعة إذا كانوا يريدون بها وجه الله تعالى اتحدت جهة القربة أو اختلفت كالأضحية والقران والمتعة، والتقدير بالسبع يمنع الزيادة كما يمنع النقصان حتى لو كانت الشركاء فى البدنه أو البقرة ثمانية لم يجزهم ولو كانوا اقل من ثمانية إلا أن نصيب أحد منهم أقل من السّبع لا يجوز-

📖 فتاوی محمودیہ (زکریا) ۱۴/ ۳۳۹ : جس بڑے جانور میں چھ آدمی شریک ہیں وہاں کسی کا حصہ ساتویں حصہ سے کم نہیں سب کا زائد ہے پھر ساتویں حصہ کو سب نے ملکر حضور ﷺ کی طرف سے ایصال ثواب کے طور پر کردیا تب بھی کسی کا حصہ ساتویں حصہ سے کم نہیں ہوا بلکہ چھ آدمیوں کا ایک ایک حصہ پورا پورا ہوا، ایک حصہ میں سب شریک رہے اور اس ایک حصہ سے واجب ادا کرنا مقصود نہیں بلکہ ثواب پہونچانا مقصود ہے تو شرعاً اس میں کوئی حرج نہیں ہے۔

দুজনে মিলে এক-সপ্তমাংশের কোরবানী দেওয়া

প্রশ্ন : কোরবানীর গরুর সপ্তম অংশ আমরা দুজন মিলে দিই, অর্থাৎ আমাদের দুজনের টাকা দিয়ে এই ভাগটিতে কোরবানীর জন্য অংশগ্রহণ করি এবং যেকোনো একজনের পক্ষ থেকে আদায় হোক, তাও নিয়্যাত করেছি। জনৈক আলেম বলেছেন, কোরবানী হয়নি, যেহেতু এখানে আটজন হয়েছে। জানার বিষয় হলো, আমাদের কোরবানী হয়েছে কি না?

উত্তর : জনৈক আলেমের কথা সঠিক। সপ্তমাংশে দুই শরীক হওয়ায় বাকি ছয়জনের কোরবানীও নষ্ট হয়ে গেছে। সুতরাং সবার জন্য একটি করে ছাগলের মূল্য সদকা করে দিতে হবে। ভবিষ্যতে দুজন মিলে এক অংশ করতে ইচ্ছা করলে এক ভাই অপর

Scanned by CamScanner

ভাইকে নিজের অর্ধেক টাকার মালিক বানিয়ে দেবে এবং অপর ভাই উক্ত এক অংশ নিজের পক্ষ থেকে করলে সহীহ হবে। (৯/৩২৮)

📖 البحر الرائق (سعيد) ١٧٤/٨ : ولا يجوز عن ثمانية لعدم النقل فيه وكذا إذا كان نصيب أحدهم أقل من سبع بدنة لا يجوز عن الكل لأنه بعضه إذا خرج عن كونه قربة خرج كله.

📖 الهداية (دار إحياء التراث) ٤/ ٣٥٨ : "ولو لم يضح حتى مضت أيام النحر إن كان أوجب على نفسه أو كان فقيرا وقد اشترى الأضحية تصدق بها حية وإن كان غنيا تصدق بقيمة شاة اشترى أو لم يشتر" لأنها واجبة على الغني.

📖 امداد المفتین (دار الاشاعت) ص ۷۹۴ : سوال- (۱) زید عمر و خالد تینوں بھائیوں نے چار چار روپیہ کر کے دیا اور مجموعہ بارہ روپیہ سے ایک بکری خریدی اور اس مشترکہ بکری کو اپنے والد مرحوم کی جانب سے قربانی کی تو یہ قربانی شرعاً صحیح ہوئی یا نہیں؟

الجواب- (۱) اس صورت میں قربانی صحیح نہیں ہوئی، صحت کی صورت یہ تھی کے دو بھائی اپنا اپنا حصہ تیسرے بھائی کو ہبہ کر کے اس کی ملک بنا دیتے اور وہ تیسرا صرف اپنی طرف سے قربانی کر کے ایصال ثواب کرتا۔

তিনজন মিলে এক নামে বা মৃত পিতার নামে কোরবানী করা

প্রশ্ন : ক) আমরা তিন ভাই। কারো কোরবানী করার মতো সামর্থ্য নেই। আমাদের বাবা নেই। এখন যদি আমরা তিন ভাই সমান টাকা দিয়ে আমাদের বাবার নামে কোরবানী করি এবং এক ভাগ গোশত পুনরায় আমরা বাড়িতে এনে সমানভাবে তিন ভাগ করি, এমতাবস্থায় আমাদের কোরবানী হবে কি না? মূল পশুতে সাত ভাগের বেশি হয় না, বরং মূল পশুর সাত ভাগের এক ভাগ পুনরায় আমরা তিন ভাগ করি।

খ) আমরা তিন ভাই। কারো কোরবানী করার মতো সামর্থ্য নেই। এখন আমরা তিন ভাই মিলে এক শরীকে কোরবানী করি, গোশত তিন ভাগ করি। আমাদের কোরবানী হবে কি না?

উত্তর : তিনজন একসাথে এক ভাগে শরীক হয়ে কোরবানী করা সহীহ হয় না বিধায় তিন ছেলে এক ভাগে শরীক হয়ে বাপের জন্য কোরবানী করা সহীহ হবে না। তবে এক ভাইকে মালিক বানিয়ে দিলে সে পিতার নামে করতে পারবে।

অনুরূপ তিন ভাই মিলে এক ভাগে শরীক হয়ে নাম এক ভাইয়ের ব্যবহার করার মর্ম যদি এই হয় যে বাকি দুই ভাই কোরবানী করার জন্য ওই টাকা নিঃশর্ত দান করেছে

Scanned by CamScanner

এবং ওই ভাই নিজ টাকা ও ভাইদের দেওয়া স্বীয় মালিকানাধীন টাকা দিয়ে কোরবানী করেছে তাহলে কোরবানী সহীহ হবে। ভাগের মধ্যে প্রত্যেকের মালিকানা আছে মনে করলে কোরবানী হবে না। (১০/৯৮৭/৩৪২০)

📖 امداد المفتین (دار الاشاعت) ص ۷۹۴ : سوال- (۱) زید عمرو خالد تینوں بھائیوں نے چار چار روپیہ کر کے دیا اور مجموعہ بارہ روپیہ سے ایک بکری خریدی اور اس مشترکہ بکری کو اپنے والد مرحوم کی جانب سے قربانی کی تو یہ قربانی شرعاً صحیح ہوئی یا نہیں؟

الجواب- (۱) اس صورت میں قربانی صحیح نہیں ہوئی، صحت کی صورت یہ تھی کے دو بھائی اپنا اپنا حصہ تیسرے بھائی کو ہبہ کر کے اس کی ملک بنا دیتے اور وہ تیسرا صرف اپنی طرف سے قربانی کر کے ایصال ثواب کرتا۔

চুক্তি করে ৯ জনের একটি গরুতে শরীক হওয়া

প্রশ্ন : ৯ জন ব্যক্তি একটি গরু বা মহিষ দিয়ে কোরবানী করল এবং বৈধ হওয়ার জন্য এ পদ্ধতি অবলম্বন করল যে পাঁচজন নিজস্ব টাকা দিয়ে ওই জন্তুর মধ্যে শরীক হলো। আর বাকি চারজনের মধ্যে চুক্তি হলো যে দুজন নিজ টাকা অন্য দুই ব্যক্তিকে মালিক বানিয়ে দেবে। দুজন ওই জন্তুর মধ্যে শরীক হবে। তাহলে শরীক মোট সাতজন হবে। উল্লেখ্য, তাদের চারজনের মধ্যে পরস্পরে এ শর্ত থাকে যে কোরবানী করার পর প্রত্যেকের টাকার অংশ হিসেবে গোশত বণ্টন হবে। প্রশ্ন হলো, এমতাবস্থায় এ কোরবানী সহীহ হবে কি না?

উত্তর : গরু-মহিষে সাতের অধিক ব্যক্তি শরীক হয়ে কোরবানী করতে পারে না। প্রশ্নোক্ত অবস্থায় যে দুই ব্যক্তি অপর দুজনকে টাকা দিয়েছে ওই দেওয়া হেবা হবে। যাদের নামে কোরবানী করা হয়েছে তাদের পক্ষ থেকে কোরবানী সহীহ এবং টাকা হেবাকারীদের গোশত দেওয়ার শর্ত বাতিল বলে গণ্য হবে। অতএব টাকার বিনিময়ে গোশতের দাবি সহীহ হবে না। (৮/৮২২/৩৩৫৯)

📖 الفتاوى الهندية (زكريا) ٤/٣٩٦ : إذا وهب هبة وشرط فيها شرطا فاسدا فالهبة جائزة والشرط باطل -

Scanned by CamScanner

দুজনে মিলে তিনটি ছাগলের কোরবানী দেওয়া

প্রশ্ন : দুই ভাই মিলে তিনটি ছাগল খরিদ করে। দুই ভাই পৃথক পৃথক দুটি এবং তৃতীয় ছাগল অর্ধেক অর্ধেক মূল্য দিয়ে ক্রয় করল। দুই ভাই দুই ছাগল নিজ নিজ কোরবানীতে এবং তৃতীয় ছাগল দুজনে মৃত বাপের জন্য নফল কোরবানী হিসেবে করল। এখন প্রশ্ন হলো, তৃতীয় ছাগলের কোরবানী সহীহ হয়েছে কি না?

উত্তর : দুরস্ত হয়নি। (৭/৫৯৪/১৭৭১)

📖 فتاوى قاضيخان (أشرفيه) ٤ /٣٣١ : الشاة فى الأضحية لا تجوز إلا عن واحد-

তিনজন মিলে এক অংশের মৃত পিতার নামে কোরবানী করা

প্রশ্ন : ক. তিন ভাই তিন গরুর মধ্যে এক এক অংশ কোরবানীর জন্য নিল। আবার তিন ভাই একত্রিত টাকা দিয়ে তিন গরুর যেকোনো এক গরুর মধ্যে মৃত পিতার জন্য এক অংশ নিল, তা সহীহ হবে কি না?

খ. সপ্তমাংশে ছয়জন অংশীদার হলে তা জায়েয বলে কিতাবে উল্লেখ আছে। এখন প্রশ্ন হলো, উক্ত গরুতে চার ভাই এবং অপর এক গরুর অংশীদার এক ভাই মোট পাঁচ ভাই মিলে যদি ওই সপ্তমাংশ পিতার জন্য কোরবানী করে তা সহীহ হবে কি না।

উত্তর : ক. সহীহ হবে না। (৭/৫৯৪/১৭৭১)

📖 الدر المختار مع الرد (سعيد) ٦/٣١٥ : (أو سبع بدنة) هي الإبل والبقر؛ سميت به لضخامتها، ولو لأحدهم أقل من سبع لم يجز عن أحد، وتجزي عما دون سبعة بالأولى-

খ. সপ্তমাংশে শরীক হয়ে কোরবানী সহীহ হওয়ার জন্য অংশীদারদের উক্ত গরুতে শরীক থাকা জরুরি, অন্যথায় সহীহ হবে না।

📖 فتاوى قاضيخان (أشرفيه) ٤/٣٣٢ : بدنة بين اثنين ضحيا بها فإن كان لأحدهما سبع أو سبعان والباقى للآخر جاز، وإن كان بينهما نصفان اختلفوا فيه قال بعضهم لا يجوز؛ لأن لكل واحد منهما ثلاثة أسباعه ونصف سبع ونصف السبع لا يجوز فيه الأضحية،

Scanned by CamScanner

فإن صار ذلك القدر لحما صار الباقي لحما، وقال بعضهم جاز ذلك وبه أخذ الفقيه أبو الليثؒ؛ لأن نصف السبع وإن كان لا يجوز أضحية مقصودة يجوز تبعا لثلاثة أسباع فيجعل تبعا وإن كان لا يجوز مقصودا عند الإنفراد -

মৃত পিতার নামে কোরবানী করলে নিজে দায়িত্বমুক্ত হবে কি?

প্রশ্ন : যদি কোনো ধনী ব্যক্তি নিজের নামে কোরবানী না করে তার মৃত পিতার নামে কোরবানী করে তাহলে সে দায়িত্বমুক্ত হবে কি না?

উত্তর : যার ওপর কোরবানী ওয়াজিব সে যদি কোরবানীর নিয়্যাতে পশু ক্রয় করে মৃত ব্যক্তির উদ্দেশ্যে কোরবানী করলে সে তার ওয়াজিব কোরবানী থেকে দায়িত্বমুক্ত হয়ে যাবে। তবে মৃত ব্যক্তি সাওয়াব পাবে কি না, এ ব্যাপারে উলামায়ে কেরামের মতপার্থক্য রয়েছে। কারো মতে, সাওয়াব পাবে আর কারো মতে, পাবে না। আর যদি মৃত ব্যক্তির পক্ষ থেকে কোরবানী করার নিয়্যাতে পশু ক্রয় করে এবং ওই নিয়্যাতের ওপর অটল থাকে তাহলে কোরবানী মৃত ব্যক্তির পক্ষ থেকে গণ্য হবে এবং সে সাওয়াবও পাবে। কিন্তু কোরবানীদাতার ওয়াজিব কোরবানী আদায় হবে না, ভিন্নভাবে কোরবানী করতে হবে। আর যদি কোনো গরিব ব্যক্তি মৃত ব্যক্তির পক্ষ থেকে কোরবানী করে তাহলে এ কোরবানী মৃত ব্যক্তির পক্ষ থেকে গণ্য হবে এবং সে সাওয়াবও পাবে। (১৩/৫৩৬/৫৩১৮)

📖 رد المحتار (سعيد) ٦/ ٣٣٥ : لو ضحى عن ميت وارثه بأمره ألزمه بالتصدق بها وعدم الأكل منها، وإن تبرع بها عنه له الأكل لأنه يقع على ملك الذابح والثواب للميت، ولهذا لو كان على الذابح واحدة سقطت عنه أضحيته كما في الأجناس. قال الشرنبلالي: لكن في سقوط الأضحية عنه تأمل اهـ أقول: صرح في فتح القدير في الحج عن الغير بلا أمر أنه يقع عن الفاعل فيسقط به الفرض عنه وللآخر الثواب -

📖 فتاوی محمودیہ (زکریا) ۸/ ۲۱۸ : اگر قربانی اپنی طرف سے کر رہا ہے اور میت کو محض ثواب پہونچانا مقصود ہے تو فریضہ اس سے ساقط ہو جائیگا۔ دوسری قربانی کی ضرورت نہیں بشرطیکہ نفل کی نیت نہ ہو۔ وإن تبرع بها عنه له الأكل؛ لأنه يقع على ملك الذابح والثواب للميت ولهذا لو كان على الذابح واحدة

Scanned by CamScanner

سقطت عنه أضحيته۔ اور اگر قربانی اپنی طرف سے نہیں کر رہا ہے بلکہ میت کی طرف سے ہی نفلا کر رہا ہے تو دوسری قربانی کرنا ہوگی کیونکہ ایک قربانی دو کی طرف سے کافی نہیں ہوگی۔

📖 کفایت المفتی (دار الاشاعت) ۸/ ۲۰۵ : جس شخص نے اپنے مال سے میت کی جانب سے قربانی کی ہے، اگر اس پر بھی قربانی واجب تھی تو یہ قربانی اس کی اپنی طرف سے ہو جائے گی، اور میت کو قربانی کا ثواب نہ ہے گا، اور اس پر قربانی واجب نہ تھی یا اپنی قربانی جدا کر سکا تھا تو میت کی طرف سے قربانی درست ہو جائے گی یعنی میت کو قربانی کا ثواب مل جائے گا۔

গোশতের উদ্দেশ্যে কোরবানী ও কোনো একজনের নিয়্যাতে ত্রুটি

প্রশ্ন : ক. লোক দেখানো বা গোশত খাওয়ার উদ্দেশ্যে কোরবানী করলে দায়িত্বমুক্ত হবে? নাকি সময় থাকলে আবার কোরবানী করা ওয়াজিব?

খ. সাত শরীকের মধ্য হতে যেকোনো একজনের নিয়্যাতে ত্রুটি থাকলে সবার কোরবানী ফাসেদ হয়ে গেলে সবার ওপর কি আবার কোরবানী করা ওয়াজিব?

উত্তর : ক, খ. লোক দেখানোর উদ্দেশ্যে কোরবানী করলে সাওয়াব না হলেও সে দায়িত্বমুক্ত হয়ে যাবে। তবে গোশত খাওয়ার উদ্দেশ্যে বা সাত শরীকের কারো শুধু গোশত খাওয়ার নিয়্যাত থাকলে কারো কোরবানী শুদ্ধ হবে না। সময় থাকলে আবার কোরবানী করতে হবে। অন্যথায় একটি মধ্যম ধরনের বকরি বা তার সমমূল্য সদকা করা ওয়াজিব। (১৩/৫৩৬/৫৩১৮)

📖 رد المحتار (سعيد) ٦/ ٣١٣ : (قوله إذ لا ثواب بدونها) أي بدون النية لأن ثواب الأعمال بالنيات أو بدون صحتها، إذ لو خالطها رياء مثلا فلا ثواب أيضا وإن سقط الواجب، لأن الثواب مفرع على القبول وبعد جواز الفعل لا يلزم حصول القبول -

📖 الدر المختار (سعيد) ٦/ ٣٢٦ : (وإن) (كان شريك الستة نصرانيا أو مريدا اللحم) (لم يجز عن واحد) منهم لأن الإراقة لا تتجزأ -

📖 الفتاوى الهندية (زكريا) ٥/٣٠٤ : أو كان شريك السبع من يريد اللحم أو كان نصرانيا ونحو ذلك لا يجوز للآخرين أيضا كذا في السراجية.

Scanned by CamScanner

কোনো একজনের গোশত উদ্দেশ্যে হলে কারো কোরবানী হবে না

প্রশ্ন : শরীকি কোরবানীর মাঝে কেউ যদি শুধু গোশত খাওয়ার নিয়্যাতে কোরবানী করে তাহলে তার এবং সকল শরীকের কোরবানী হবে।

উত্তর : শুধুমাত্র গোশত খাওয়ার নিয়্যাতে কোরবানীদাতার সাথে মিলে কোরবানী করলে তা সহীহ হবে না। (১১/৫৪৩/৩৪৪৪)

📖 بدائع الصنائع (سعيد) ٥/٧١ : حتى لو اشترك سبعة في بعير أو بقرة كلهم يريدون القربة؛ الأضحية أو غيرها من وجوه القرب إلا واحد منهم يريد اللحم - لا يجزي واحدا منهم من الأضحية ولا من غيرها من وجوه القرب عندنا-

গরুতে সাতের অধিক অংশীদার ও বেজোড় সংখ্যার হুকুম

প্রশ্ন : গরু বা মহিষ এজাতীয় প্রাণীর মধ্যে সাতের অধিক অংশীদার মিলে কোরবানী দিলে কোরবানী সহীহ হবে কি না? অনুরূপভাবে দুই-চার বা ছয় ভাগে কোরবানী দিলে তার হুকুম কী? অর্থাৎ বেজোড় সংখ্যা হওয়া জরুরি কি না?

উত্তর : শরীয়তের দৃষ্টিতে একটি গরু, মহিষ বা উটে ঊর্ধ্বে সাত অংশীদার মিলে কোরবানী করতে পারবে। এর চেয়ে বেশি অংশীদার হলে কারো কোরবানী সহীহ হবে না। সাতের নিচে দুই-চার বা ছয় ভাগেও কোরবানী দিতে পারবে। এতে বেজোড় হওয়াও জরুরি নয়। (১৩/৬০০)

📖 بدائع الصنائع (سعيد) ٥/ ٧٠ : ولا يجوز بعير واحد ولا بقرة واحدة عن أكثر من سبعة ويجوز ذلك عن سبعة أو أقل من ذلك، وهذا قول عامة العلماء.

📖 الفتاوى الهندية (زكريا) ٥/ ٣٠٤ : والبقر والبعير يجزي عن سبعة إذا كانوا يريدون به وجه الله تعالى، والتقدير بالسبع يمنع الزيادة، ولا يمنع النقصان، كذا في الخلاصة.

খ) যদি মান্নত হয়ে থাকে তাহলে আমি উক্ত গরুর গোশত খেতে পারব কি না?

গ) এক মুফতি সাহেব আহসানুল ফাতাওয়ার বরাত দিয়ে বলেছেন, আমি গোশত খেতে পারব।

এখন আমি শরীয়তের সঠিক সমাধান জানতে চাই।

Scanned by CamScanner

উত্তর : আপনার উক্ত কথার দ্বারা কোরবানীর মান্নত হয়ে গেছে। তবে গোশত খাওয়া না খাওয়ার ব্যাপারে মুফতিয়ানে কেরামের মতানৈক্য রয়েছে। আহসানুল ফাতাওয়ায় গোশত খাওয়া জায়েয বলা হলেও অন্যান্য মুফতিয়ানে কেরাম যেমন থানভী (রহ.) 'ইমদাদুল ফাতাওয়া'য় নাযায়েয বলেছেন। তাই মান্নতের কোরবানীর গোশত নিজে ও ধনী লোকজন না খেয়ে গরিবদের মাঝে সদকা করে দেওয়া আবশ্যক। (১৭/৬৬৭/৭২২৯)

📖 الدر المختار (سعيد) ٣/ ٧٣٩- ٧٤٠ : ولو قال إن برئت من مرضي هذا ذبحت شاة أو علي شاة أذبحها فبرئ لا يلزمه شيء) لأن الذبح ليس من جنسه فرض بل واجب كالأضحية (فلا يصح) (إلا إذا زاد وأتصدق بلحمها فيلزمه) لأن الصدقة من جنسها فرض -

📖 البحر الرائق (دار الكتب العلمية) ٨/ ٣٢٨ : والظاهر من قوله "وأطعموا" وجوب الإطعام والمدعى استحبابه فليتأمل في الجواب، وإذا لم تكن واجبة، وإنما وجبت بالنذر فليس لصاحبها أن يأكل منها شيئا ولا أن يطعم غيره من الأغنياء -

📖 آپ کے مسائل اور ان کا حل (امدادیہ) ۴/ ۱۳۴ : سوال- میری والدہ صاحبہ نے میری نوکری کے سلسلہ میں منت مانی تھی کہ اگر میرے بیٹے کو مطلوبہ جگہ نوکری مل گئی تو میں اللہ کے نام پر قربانی کرونگی بحمداللہ نوکری مل گئی خدا کا شکر ہے، لیکن کافی عرصہ گزر گیا ابھی تک منت پوری نہیں کی اس میں سستی اور دیر ضرور ہوئی لیکن اس میں ہماری نیت میں فتور نہیں صرف یہ مطلوب ہے کہ اس کا طریقہ کار کیا ہو جو صحیح اور عین اسلامی ہو اس میں اختلاف رائے یہ ہے کہ جس جانور کی قربانی کی جائے اس کا گوشت رشتہ دار و گھر کے اقرباء کے لئے جائز ہے یا یہ پورا کا پورا غریب و مساکین یا کسی دار العلوم مدرسہ میں دیدینا چاہیے؟

جواب- آپ کے والدہ کے ذمہ قربانی کے دنوں میں قربانی کرنا واجب ہے اور اس گوشت کا فقراء پر تقسیم کرنا لازم ہے منت کی چیز غنی اور مالدار لوگ نہیں کھا سکے جس طرح کہ زکوۃ اور صدقۂ فطر مالداروں کے لئے حلال نہیں۔

📖 بہشتی زیور ۳/ ۲۴۳ : کسی نے کہا اگر میرا بھائی اچھا ہو جاوے تو ایک بکری ذبح کرونگی یا یوں کہا ایک بکری کا گوشت خیرات کرونگی تو منت ہو گئی اگر یوں کہا کہ قربانی کروں گی تو قربانی کے دنوں میں ذبح کرنا چاہیے اور دونوں صورتوں میں اس کا گوشت فقیروں کے سواء اور کسی کو دینا اور خود کھانا درست نہیں جتنا خود کھاوے یا امیروں کو دیدے اتنا پھر خیرات کرنا پڑیگا۔

Scanned by CamScanner

"গাভিটি সুস্থ হলে কোরবানী করব"

প্রশ্ন : এক ব্যক্তি মান্নত করল, আমার গাভিটি সুস্থ হলে কোরবানী করব। এর দ্বারা কি তার ওয়াজিব কোরবানী আদায় হবে। এর গোশত কি সে নিজে খেতে পারবে? যদি লোকটি একেবারেই গরিব হয় তবে গোশত খেতে পারবে কি না? তার বালেগ সন্তানাদিকে সে গোশত দিলে তারা যদি তাদের পিতা-মাতাকে খাওয়াতে চায়, তবে তা পারবে কি না?

উত্তর : কোরবানীর দিন তথা ১০ তারিখের পূর্বে মান্নত করে থাকলে উক্ত গাভি দ্বারা ওয়াজিব কোরবানী আদায় হবে না। এমতাবস্থায় ধনী হলে তার ওপর দুটি যথাক্রমে মান্নত ও ওয়াজিব কোরবানী করতে হবে। মান্নত কোরবানীর গোশত নিজে-ছেলেমেয়ে-ধনী কেউ খেতে পারবে না। বরং গরিবদের মাঝে বণ্টন করে দিতে হবে, চাই মান্নতকারী ধনী হোক বা গরিব হোক। আর মান্নতকারী যদি গরিব হয় তাহলে তার শুধু একটি কোরবানী দিতে হবে, যা শুধু মান্নত পূরণের লক্ষ্যে হবে এবং উক্ত গোশত মান্নতকারী ও তার ছেলেমেয়ে কেউ খেতে পারবে না। (৯/২৫৫/২৫৪৯)

📖 رد المحتار (سعيد) ٦/٣٢٠ : ولو نذر أن يضحي شاة وذلك في أيام النحر وهو موسر فعليه أن يضحي بشاتين عندنا شاة بالنذر وشاة بإيجاب الشرع ابتداء إلا إذا عني به الإخبار عن الواجب عليه فلا يلزمه إلا واحدة، ولو قبل أيام النحر لزمه شاتان بلا خلاف لأن الصيغة لا تحتمل الإخبار عن الواجب إذ لا وجوب قبل الوقت -

📖 فيه أيضا ٦/٣٢٧ : (قوله ويأكل من لحم الأضحية إلخ) هذا في الأضحية الواجبة والسنة سواء إذا لم تكن واجبة بالنذر، وإن وجبت به فلا يأكل منها شيئا ولا يطعم غنيا سواء كان الناذر غنيا أو فقيرا لأن سبيلها التصدق وليس للمتصدق ذلك، ولو أكل فعليه قيمة ما أكل -

📖 وفيه أيضا ٢/٣٤٦ : فلا يدفع إلى ولده من الزنا ولا من نفاه كما سيأتي، وكذا كل صدقة واجبة كالفطرة والنذر والكفارات-

Scanned by CamScanner

গৃহপালিত জন্তু দ্বারা কোরবানী করার নিয়্যাত করা

প্রশ্ন : জনৈক গরিব ব্যক্তি একটি ছাগল পালে। বড় হলে সেটিকে কোরবানী করার নিয়্যাত করে। তার আর্থিক সংকটের কারণে নিয়্যাত পরিবর্তন করে ফেলে এবং বিক্রি করার চেষ্টা করে। শেষ পর্যন্ত কোনো কারণবশত বিক্রি হয়নি। ছাগলটি কোরবানীর দিনগুলো অতিবাহিত হওয়ার পর মরে যাওয়ার উপক্রম হয় ফলে জবাই করে ফেলে। জানার বিষয় হলো, উক্ত গোশত ঐ ব্যক্তি খেতে পারবে কিনা?

উত্তর : গরিব ব্যক্তি কোরবানীর দিন সমূহে কোরবানীর নিয়তে জন্তু খরীদ করলে অথবা গৃহপালিত জন্তু দ্বারা কোরবানীর মান্নত করলেই উক্ত জন্তু দ্বারা কোরবানী ওয়াজিব হয়ে যায়। তবে নিজ গৃহপালিত জন্তু দ্বারা শুধু কোরবানীর নিয়্যাত করলে তা ওয়াজিব হয় না। প্রশ্নে বর্ণিত গৃহপালিত ছাগল দিয়ে যদি কোরবানী করার মান্নত করে না থাকে, বরং শুধু কোরবানী করার নিয়্যাত করা হয়ে থাকে তাহলে উক্ত ছাগল দিয়ে কোরবানী করা জরুরি ছিল না। ব্যক্তিমালিকানা হিসেবে সে ছাগলের গোশত খাওয়া ও তা বিক্রি করা এবং পরিবর্তন করা সবই জায়েয। (৮/৭৩৩/২৩৪৪)

📖 رد المحتار (سعيد) ٦/٣٢١ : (قوله شراها لها) فلو كانت في ملكه فنوى أن يضحي بها أو اشتراها ولم ينو الأضحية وقت الشراء ثم نوى بعد ذلك لا يجب، لأن النية لم تقارن الشراء فلا تعتبر بدائع -

📖 فتاوی رحیمیہ (دار الاشاعت) ۲/ ۸۳ : سوال-ایک غریب شخص کے پاس (جو مالک نصاب نہیں ہے) پالا ہوا بکرا ہے عید ہونے سے گھر ہی میں قربانی کرنے کا ارادہ تھا۔ مگر ناتندرستی کی وجہ سے بکرا بیچنا چاہتا ہے تو فروخت کر سکتا ہے یا نہیں؟ کسی کا کہنا ہے کہ غریب جب قربانی کی نیت کر لیتا ہے تو وہ اس جانور کو بیچ نہیں سکتا اس کی قربانی کرنا لازم ہو جاتا ہے کیا یہ صحیح ہے؟

الجواب- بکرے کا مالک غریب ہو یا امیر جب وہ نیت کرتا ہے کہ اس بکرے کی قربانی کروں گا تو اس سے اس پر قربانی لازم نہیں ہو جاتی، بدلنا چاہے تو بدل سکتا ہے اور فروخت کرنا چاہے تو فروخت بھی کر سکتا ہے شامی وغیرہ میں ہے فلو كانت فی ملكه فنوى أن يضحى بها ... ... لا يجب، یعنی جس کی ملکیت میں پہلے ہی سے جانور ہو تو اس کی قربانی کی نیت کر لینے سے اس کی قربانی لازم نہیں ہوتی۔

Scanned by CamScanner

ওয়াজিব কোরবানীর নিয়্যাতে 'গরুটি সুস্থ হলে কোরবানী করব' বলা

প্রশ্ন : রশি আটকে যাওয়ায় একটি গরুর সমস্ত শরীর ফুলে যায়। তখন গরুর মালিকের ছেলে বলে যে আব্বা আপনি এ কথা বলেন, যদি গরুটি ভালো হয়ে যায় তাহলে কোরবানী দেব। মালিক তাই বলে ওয়াজিব কোরবানীর নিয়্যাত করে। কারণ আগে থেকেই তার ওপর কোরবানী ওয়াজিব ছিল এবং সে উক্ত গরুটি দিয়েই যেকোনো এক বছরের কোরবানী সমাপন করবে বলে মনস্থ করে। প্রশ্ন হলো, উক্ত গরুটি কোরবানী করার পর গোশত খাওয়া বৈধ, নাকি গরিবদের মাঝে তা বিলিয়ে দিতে হবে?

উত্তর : প্রশ্নে বর্ণিত অবস্থায় গরুটি মান্নত কোরবানীর জন্য নির্ধারিত হয়েছে, তাই উক্ত গরু দ্বারা ওয়াজিব কোরবানী আদায় হবে না। বরং গরুটি কোরবানী করে তার সম্পূর্ণ গোশত গরিব-মিসকিনদের সদকা করে দিতে হবে। তার গোশত মালিক নিজেও খেতে পারবে না এবং ধনীদেরকেও খাওয়াতে পারবে না। (৮/৫৫০/২২৬১)

📖 بدائع الصنائع (سعيد) ٥/ ٦٣ : ولو قال ذلك قبل أيام النحر يلزمه التضحية بشاتين بلا خلاف؛ لأن الصيغة لا تحتمل الإخبار عن الواجب إذ لا وجوب قبل الوقت، والإخبار عن الواجب - ولا واجب - يكون كذبا فتعين الإنشاء مرادا بها.

📖 رد المحتار ٦/٣٢٧ : (قوله ويأكل من لحم الأضحية إلخ) هذا في الأضحية الواجبة والسنة سواء إذا لم تكن واجبة بالنذر، وإن وجبت به فلا يأكل منها شيئا ولا يطعم غنيا سواء كان الناذر غنيا أو فقيرا لأن سبيلها التصدق وليس للمتصدق ذلك، ولو أكل فعليه قيمة ما أكل.

ওয়াজিব-নফলের সাথে মান্নতের সংমিশ্রণ

প্রশ্ন : একটি গরু সাতজনে কোরবানী করে তবে কেউ ওয়াজিব, কেউ মান্নত, কেউ নফল ইত্যাদির কোরবানী দেয়। কিন্তু একজন আলেম বলেছেন, ওয়াজিব-নফল অসিয়তের সাথে মান্নতের নিয়্যাত থাকলে কারো কোরবানী হবে না। কথাটি কতটুকু সঠিক?

উত্তর : প্রত্যেক শরীক একমাত্র আল্লাহ পাকের সন্তুষ্টি অর্জনের জন্যই কোরবানীতে অংশ নিলে কারো কোরবানীতে কোনো রকম ত্রুটি হয় না বিধায় ওয়াজিব-নফল

Scanned by CamScanner

অসিয়তের সাথে মান্নতের অংশ থাকলে ওই কোরবানীতে কোনো রকম ত্রুটি হবে না। সুতরাং সকলের কোরবানী আদায় হয়ে যাবে। (১৪/৯৪৩/৫৭৯৪)

📖 فتاوی حقانیہ (مکتبہ سید احمد) ۶/ ۴۶۹ : سوال-اگر قربانی کے شرکاء کی نیت قربت کی حیثیت مختلف ہو مثلا بعض نے وجوب اور بعض نے نفل کی نیت کی ہو تو کیا اس سے قربانی متاثر ہو گی یا نہیں؟

الجواب-شریعت مقدسہ نے قربانی کے جانور (گائے، بھینس وغیرہ) میں شرکت کو جائز قرار دیا ہے بشرطیکہ سب کی نیت حق تعالی کا قرب حاصل کرنا ہو، اگرچہ مختلف انواع کی قربات ہوں، لہذا متنفلین وواجبین کی قربانی صحیح ہے۔

মান্নতের পশুর বাচ্চা ও তার থেকে উপকৃত হওয়ার হুকুম

প্রশ্ন : কয়েক বছর আগে আমার একটি গরু অসুস্থ হয়ে গেলে আমি ওই সময় মান্নত করেছিলাম যে আল্লাহ যদি এটাকে বাঁচান তাহলে কোরবানী দেব। সেটা আমার দরিদ্রতার কারণে দিতে পারিনি। এখন তার বাচ্চাও কয়েকটি হয়ে গেছে। উল্লেখ্য যে, কোরবানীর নিয়্যাত করার সময় মনে মনে ছিল কোরবানী পর্যন্ত তার থেকে উপকৃত হব, হাল-চাষ করা ইত্যাদি। এখন জানার বিষয় হলো,

ক) যদি আমার ওপর কোরবানী ওয়াজিব হয়ে থাকে তাহলে শুধু ওই গরুটিই, না তার বাচ্চাসহ? এ বিষয়ে আমাদের এলাকার দুজন আলেমকে জিজ্ঞেস করলে একজন বললেন, সবগুলোই কোরবানী করতে হবে। অপরজন আমার দরিদ্রতার দিকে লক্ষ রেখে বলেন, যেটার নিয়্যাত করেছিলেন, শুধু সেটা দিলেই হবে।

খ) যদি আরেকটি গরু কিনে কোরবানী করি তাহলে জায়েয হবে কি না?

উত্তর : শরীয়তের দৃষ্টিতে কোনো জন্তু কোরবানী করার মান্নত করলে তা কোরবানীর জন্য নির্দিষ্ট হয়ে যায়। এমতাবস্থায় ওই জন্তু থেকে উপকৃত হওয়া মান্নতকারীর জন্য বৈধ নয়। সুতরাং কোরবানীর দিন চলে যাওয়ার কারণে প্রশ্নে বর্ণিত গরু এবং বাচ্চাসহ জীবিত সদকা করা জরুরি। আর ওই গরু থেকে যে পরিমাণ উপকৃত হয়েছে ওই পরিমাণ অর্থও সদকা করা জরুরি। এত দিন উক্ত জন্তু থেকে উপকৃত হওয়া গোনাহের কারণ ছিল বিধায় খাঁটি মনে তাওবা করে নেবে। (১২/২২৭/৩৮৭০)

📖 الفتاوى الهندية (زكريا) ٥/٣٠١ : هذا في المعسر الذي وجب بإيجابه، أما في الموسر فلا يلزمه ذبح الولد يوم الأضحى، فإن ذبح الولد يوم الأضحى قبل الأم أو بعدها جاز، ولو لم يذبحه وتصدق به حيا جاز في أيام الأضاحي، وفي المنتقى لو تصدق بالولد حيا في أيام

Scanned by CamScanner

النحر فعليه أن يتصدق بقيمته، وإن باع الولد في أيام الأضحى يتصدق بثمنه، فإن لم يبعه ولم يذبحه حتى مضت أيام النحر فعليه أن يتصدق بالولد حيا۔

📖 رد المحتار (سعيد) ٦/ ٣٢١ : (ولو) (تركت التضحية ومضت أيامها) (تصدق بها حية ناذر) فاعل تصدق (لمعينة) ولو فقيرا، ولو ذبحها تصدق بلحمها، ولو نقصها تصدق بقيمة النقصان أيضا ولا يأكل الناذر منها؛ فإن أكل تصدق بقيمة ما أكل ۔

📖 بدائع الصنائع (سعيد) ٥/٦٨ : فإن كان أوجب التضحية على نفسه بشاة بعينها فلم يضحها حتى مضت أيام النحر يتصدق بعينها حية؛ لأن الأصل في الأموال التقرب بالتصدق بها ۔

📖 الفتاوى الهندية (زكريا) ٥/٢٩٦ : ولو لم يضح حتى مضت أيام النحر فقد فاته الذبح فإن كان أوجب على نفسه شاة بعينها بأن قال: لله علي أن أضحي بهذه الشاة سواء كان الموجب فقيرا أو غنيا، أو كان المضحي فقيرا وقد اشترى شاة بنية الأضحية فلم يفعل حتى مضت أيام النحر تصدق بها حية ۔

📖 فتاوی دارالعلوم (مکتبۂ دارالعلوم) ۱۲/ ۹۹ : سوال- گائے منذورہ سے بچہ پیدا ہوا، اس کا کیا حکم ہے؟

الجواب- وہ بچہ بھی بحکم اس گائے منذورہ کے ہے۔

📖 فتاوی حقانیہ (مکتبۂ سیداحمد) ۵/ ۴۴ : جب کسی جانور کو نذر کیا جائے تو یہ حکم اس کے جملہ اجزاء کو شامل ہوتا ہے بچہ بھی اس کا ایک جزو ہے اس لئے گائے کی طرح بچہ بھی واجب التصدق ہوگا۔

গাভিটি কোরবানী করব বলার হুকুম

প্রশ্ন : এক ব্যক্তির একটা গাভি ছিল। সে লোকদের কাছে বলতে লাগল, গাভিটি কয়েকবার বাচ্চা দেওয়ার পর কোরবানী করব। গাভিটি ছয়-সাতবার বাচ্চা দিয়েছে। ঘটনাক্রমে এবার ঈদের চার মাস আগে বাচ্চা দিয়েছে। সে একজন হুজুরকে বলল, আমি এখন কী করব। হুজুর তাকে দুটি পদ্ধতি বলেছেন :

১) বাচ্চা রেখে গাভিটি এই ঈদে কোরবানী দিতে পারবে।

২) বাচ্চা যখন দুখ খাওয়া ছেড়ে দেবে গাভিটি বিক্রি করে সে টাকা এবং তার সাথে আরো টাকা মিলিয়ে আগামী বছর একটা গরু কোরবানী দেবে।

Scanned by CamScanner

জানার বিষয় হলো, উভয় পদ্ধতি সহীহ কি না?

উত্তর : মান্নত উদ্দেশ্য না হলে শুধুমাত্র কোরবানীর ইচ্ছা করার দ্বারা কোরবানী ওয়াজিব হয় না বিধায় গাভিটি কোরবানী করা জরুরি নয়। (১৭/৫৩৩/৭১৩০)

📖 بدائع الصنائع (سعيد) ٥/ ٦٢ : ولو كان في ملك إنسان شاة فنوى أن يضحي بها أو اشترى شاة ولم ينو الأضحية وقت الشراء ثم نوى بعد ذلك أن يضحي بها لا يجب عليه سواء كان غنيا أو فقيرا -

📖 الفتاوى الهندية (زكريا) ٦٦/٢ : رجل قال: إن برئت من مرضي هذا ذبحت شاة فبريء لا يلزمه شيء إلا أن يقول: إن برئت فلله علي أن أذبح شاة -

অসহায় হলেও মান্নত পুরা করতে হবে

প্রশ্ন : কোরবানী ওয়াজিব নয়, এমন কোনো ব্যক্তি যদি তার গরু অসুস্থ হওয়ার দরুন এ বলে মান্নত করে যে গরুটা যদি সুস্থ হয়ে যায় তাহলে তা কোরবানী করে নিজের আত্মীয়-স্বজনকে নিয়ে ভক্ষণ করবে। অতঃপর গরুটা সুস্থ হয়। কিন্তু সে কোরবানী না করে গরুটা বিক্রি করে দেয়। তার বিক্রয়কৃত টাকা নিজে খরচ করে ফেলে। আজ ১০ বছর অতিক্রান্ত হলো, কিন্তু সে হতদরিদ্র হওয়ার কারণে দেওয়ার মতো কিছুই নেই। যদি দিতে হয় জমি বিক্রি করে দিতে হবে। তার পরও কি তার কোনো কিছু দেওয়া আবশ্যক?

উত্তর : প্রশ্নে বর্ণিত অবস্থায় ওই ব্যক্তির ওপর জন্তুটির পূর্ণ মূল্য সদকা করা ওয়াজিব হবে। তাই অবিলম্বে যেকোনো মূল্যে অর্থ সংগ্রহ করে তা গরিবদের মধ্যে বণ্টন করে গোনাহমুক্ত হতে হবে। (১২/৩৪৪/৩৯৩১)

📖 بدائع الصنائع (سعيد) ٥/ ٩٠ : أما أصل الحكم فالناذر لا يخلو من أن يكون نذر وسمى، أو نذر ولم يسم، فإن نذر وسمى فحكمه وجوب الوفاء بما سمى، بالكتاب العزيز والسنة والإجماع والمعقول.

📖 الدر المختار (سعيد) ٣٢٠/٦ : (ولو) (تركت التضحية ومضت أيامها) (تصدق بها حية ناذر) فاعل تصدق (لمعينة) ولو فقيرا، ولو ذبحهاتصدق بلحمها، ولو نقصها تصدق بقيمة النقصان أيضا ولا يأكل الناذر منها؛ فإن أكل تصدق بقيمة ما أكل -

Scanned by CamScanner

📖 الهداية (دار إحياء التراث) ٢/ ٣٢١ : "وإن علق النذر بشرط فوجد الشرط فعليه الوفاء بنفس النذر"۔

📖 آپ کے مسائل اور ان کا حل (امدادیہ) ٣/ ٤١٨ : جواب-نذر اور منت اپنے ذمہ کسی چیز کے لازم کرنے کا نام ہے مثلاً کوئی شخص منت مان لے کہ میرا فلان کام ہو جائے تو میں اتنا صدقہ کروں گا کام ہونے پر منت مانی ہوئے چیز واجب ہو جاتی ہے۔

নির্দিষ্ট পশু কোরবানী করার নিয়্যাত করলেই মান্নত হয় না

প্রশ্ন : আমি একজন গরিব মানুষ। আমার আম্মা আমাকে বহুদিন আগে একটি ছাগল দিয়েছিলেন। বলেছিলেন, এটা দ্বারা আয় করবে, বিক্রি করবে না। কিন্তু আমি সেটা নিয়ে নিয়্যাত করেছিলাম, কিছু বাচ্চা দেওয়ার পর কোরবানী করে দেব। ঘটনাচক্রে ছাগলটা কিছু বাচ্চা দেওয়ার পর মারা গেল। জানার বিষয় হলো, আরেকটি ছাগল কিনে কোরবানী দিতে হবে কি না?

উত্তর : শরীয়তের আলোকে কোরবানী ওয়াজিব না হলে শুধুমাত্র অন্তরে নিয়্যাত করার কারণে কোরবানী ওয়াজিব হয় না। সুতরাং আপনাকে আরেকটি ছাগল কিনে কোরবানী দিতে হবে না। (১২/২৭৩)

📖 مبسوط السرخسى (دار المعرفة) ١٢/ ١٣ : وأما الفقير فليس عليه أضحية شرعا، وإنما لزمه بالتزامه في هذا المحل بعينه؛ ولهذا لو هلكت لم يلزمه شيء آخر.

📖 الفتاوى الهندية (زكريا) ٥/ ٢٩١ : ولو ملك إنسان شاة فنوى أن يضحي بها، أو اشترى شاة ولم ينو الأضحية وقت الشراء ثم نوى بعد ذلك أن يضحي بها لا تجب عليه سواء كان غنيا أو فقيرا.

📖 احسن الفتاوی (سعید) ٧/ ٥٠٤ : سوال- جانور گم ہو جائے تو دوسرے قربانی کا کیا حکم؟

الجواب- غنی پر دوسرے جانور کی قربانی واجب ہے قیمت میں برابری ضروری نہیں، فقیر پر کچھ بھی واجب نہیں۔

Scanned by CamScanner

শুধু নিয়্যাতের দ্বারা কোরবানী ওয়াজিব হয় না

প্রশ্ন : আমার একটি গরু আছে। ওই গরু দ্বারা আমি গত বছর কোরবানী করার নিয়্যাত করেছি। কিন্তু কোরবানীর সময় গরুর বয়স দুই বছর না হওয়ায় আমি অন্য গরু দ্বারা কোরবানী করি। প্রশ্ন হলো, উক্ত গরু এখন দুই বছরের বয়স হয়ে গেছে। এ গরু দ্বারা আগামী বছর কোরবানী করতে হবে কি না বা উক্ত গরুর হুকুম কী? উক্ত গরু দ্বারা যদি আমি আগামী বছর কোরবানী করি তাহলে আমার ওয়াজিব কোরবানী আদায় হবে, নাকি অন্য গরু ইত্যাদি দ্বারা ওয়াজিব কোরবানী আদায় করতে হবে?

উত্তর : মান্নত না করলে শুধুমাত্র নিয়্যাতের দ্বারা কোরবানী ওয়াজিব হয় না। তাই প্রশ্নে বর্ণিত নির্দিষ্ট গরু দ্বারা কোরবানী করা জরুরি নয়। আগামী বছর এ গরু দ্বারা বা অন্য কোনো গরু দ্বারা কোরবানী করলেও ওয়াজিব কোরবানী আদায় হয়ে যাবে। (১৩/২৩১/৫১৯৩)

📖 الفتاوى السراجية (سعيد) صـ ٨٨ : رجل له شاة فنوى أن يضحى بها لم يجب بخلاف ما إذا اشتراها بنية الأضحية حيث يجب -

📖 الفتاوى الهندية (زكريا) ٥/ ٢٩٤ : إذا اشترى شاة ليضحي بها وأضمر نية التضحية عند الشراء تصير أضحية كما نوى. فإن سافر قبل أيام النحر باعها وسقطت عنه الأضحية بالمسافرة، وأما الثاني إذا اشترى شاة بغير نية الأضحية، ثم نوى الأضحية بعد الشراء لم يذكر هذا في ظاهر الرواية، وروى الحسن عن أبي حنيفة - رحمه الله تعالى - أنها لا تصير أضحية حتى لو باعها يجوز بيعها وبه نأخذ-

📖 فيه أيضا ٥/٢٩٤ : رجل اشترى شاة للأضحية وأوجبها بلسانه، ثم اشترى أخرى جاز له بيع الأولى في قول أبي حنيفة ومحمد - رحمهما الله تعالى --

📖 احسن الفتاوی (سعید) ۷/ ۴۸۸ : سوال- کسی نے قربانی کی غرض سے بکرا پالا یا خریدا اسکو تبدیل کر سکتا ہے یا نہیں؟

الجواب- بکرا گھر کا پالتو ہو یا خریدنے کے بعد قربانی کی نیت کی ہو تو اس کا بدلنا بہر حال جائز ہے اور قربانی کی نیت سے خریدا ہو تو اس میں تین روایات ہیں :

۱- غنی اور فقیر دونوں کیلئے موجب نہیں لہذا دونوں کے لئے بدلنا جائز ہے۔

۲- دونوں کے لئے موجب ہے غنی پر بقدر مالیت اور فقیر پر اسی جانور کی قربانی واجب ہے۔

Scanned by CamScanner

৩- غنی کے لئے موجب نہیں فقیر کیلئے موجب ہے لہذا غنی کیلئے بدلنا مطلقا جائز ہے اور فقیر کیلئے مطلقاً ناجائز۔

📖 فتاوی محمودیہ ۱۴/ ۳۳۴ : اگر محض نیت کی تھی نذر نہیں مانی تھی تو اس سے اس پر اس مخصوص گائے کی قربانی لازم نہیں ہوئی اس کو اختیار ہے چاہے قربانی کرے یا نہ کرے اور اب کرے یا پھر بعد میں کرے یا بعد قربانی صدقہ کردے یا جو دل چاہے کرے۔

কোরবানীর নিয়্যাত আর মান্নত এক নয়

প্রশ্ন : আমার একটি পালিত গাভি ছিল। আমি মনে মনে বলেছিলাম, এ গাভি বৃদ্ধ হওয়া পর্যন্ত যা কিছু এর থেকে হবে আমি ভোগ করব। অতঃপর বৃদ্ধ হলে কোরবানী করব। তাই আমি উক্ত গাভিটিকে এ বছর কোরবানী করার নিয়্যাত করি। কিন্তু গাভির পেটে ৯ মাসের বাচ্চা থাকায় এ বছর কোরবানী করিনি। এখন জানার বিষয়, উক্ত গাভিটিকে আগামী বছর কোরবানী করা জায়েয হবে, নাকি সদকা করতে হবে? এবং এই গাভির গোশত খাওয়া আমার জন্য জায়েয হবে কি না? এবং এ গাভির দুধ খাওয়া জায়েয হবে কি না? উক্ত গাভির বাচ্চাকে কী করা হবে? কোরবানী করতে হবে কি না? কোরবানী করলে উক্ত বাচ্চার গোশত খাওয়া ঠিক হবে কি না?

উত্তর : নিয়্যাত করা আর মান্নত করা এক কথা নয়। যেহেতু আপনার ওই গাভি কোরবানী করার নিয়্যাত ছিল মান্নত ছিল না, তাই পরের বছর কোরবানী করা এবং দুধ ও গোশত খাওয়া সবই জায়েয হবে এবং উক্ত গাভির বাচ্চাকে কোরবানী করতে হবে না। (১১/২৮৮/৩৫৪০)

📖 الدر المختار (سعيد) ٦/٣٢١ : (قوله شراها لها) فلو كانت في ملكه فنوى أن يضحي بها أو اشتراها ولم ينو الأضحية وقت الشراء ثم نوى بعد ذلك لا يجب، لأن النية لم تقارن الشراء فلا تعتبر بدائع -

📖 فتاوی محمودیہ (زکریا) ۱۴/ ۳۳۴ :الجواب- اگر محض نیت کی تھی نذر نہیں مانی تھی تو اس سے اس پر اس مخصوص گائے کی قربانی لازم نہیں ہوئی اس کو اختیار ہے چاہے قربانی کرے یا نہ کرے اور اب کرے یا پھر بعد میں کرے یا بعد قربانی صدقہ کردے یا جو دل چاہے کرے۔

Scanned by CamScanner

পেটের বাচ্চা রেখে গাভি কোরবানী করার মান্নত

প্রশ্ন : এক ব্যক্তির গাভি অসুস্থ হওয়ার কারণে মান্নত করল যে যদি আমার গাভি সুস্থ হয়ে যায় তবে তার যা বাচ্চা হবে তা রেখে গাভি আল্লাহর ওয়াস্তে কোরবানী দেব। উক্ত কথা দ্বারা মান্নত সহীহ হবে কি না? এবং উক্ত গাভির দ্বারা কোনো ফায়দা হাসিল করা বৈধ হবে কি না?

উত্তর : প্রশ্নে বর্ণিত কথা দ্বারা মান্নত সহীহ হবে। তবে গাভির দ্বারা কোনো প্রকার উপকৃত হওয়া এবং তার বাচ্চা রেখে দেওয়া জায়েয হবে না। বরং বাচ্চাগুলো আল্লাহর ওয়াস্তে কোরবানী বা সদকা করে দিতে হবে, অন্যথায় গোনাহগার হবে। (৯/৮৩০/২৮৪৪)

📖 بدائع الصنائع (سعيد) ٥/ ٧٨ : فإن ولدت الأضحية ولدا يذبح ولدها مع الأم كذا ذكر في الأصل.

📖 وقال أيضا: وإن باعه يتصدق بثمنه؛ لأن الأم تعينت للأضحية، والولد يحدث على وصف الأم في الصفات الشرعية فيسري إلى الولد كالرق والحرية، ومن المشايخ من قال هذا في الأضحية الموجبة بالنذر.

📖 فتح القدير ٥/٤٩٣ : لأن الأصل أن ما يجوز إيراد العقد عليه بانفراده يجوز استثناؤه من العقد، وبيع قفيز من صبرة جائز فكذا استثناؤه، بخلاف استثناء الحمل وأطراف الحيوان؛ لأنه لا يجوز بيعه، فكذا استثناؤه.

📖 الدر المختار مع الرد (سعيد) ٣/٧٣٥ : (ومن نذر نذرا مطلقا أو معلقا بشرط وكان من جنسه واجب) أي فرض كما سيصرح به تبعا للبحر والدرر (وهو عبادة مقصودة) خرج الوضوء وتكفين الميت (ووجد الشرط) المعلق به (لزم الناذر) لحديث «من نذر وسمى فعليه الوفاء بما سمى» (كصوم وصلاة وصدقة) ووقف (واعتكاف).

📖 فتاوى دار العلوم (مكتبۂ دار العلوم) ١٢/ ١١٦ : الجواب: انتفاع از حيوان منذوره درست نيست و بچہ اش بحكم ام باشد، كما فى الشامى لأن الأم تعينت للأضحية، ولد يحدث على صفات الأم الشرعية، ومن المشايخ من قال هذا فى الأضحية الموجبة بالنذر أو ما فى معناه كشراء الفقير والافلا۔

Scanned by CamScanner

'হারানো ছাগলটি পেলে কোরবানী করব' বললে মান্নত হবে

প্রশ্ন : এক ব্যক্তির একটি ছাগল হারিয়ে গেলে সে মুখে বলে যে, আমি যদি ছাগলটা পাই তাহলে তা কোরবানী করব। পরবর্তীতে ছাগলটা পায়। কিন্তু কোরবানীর সময় আসার কিছুদিন পূর্বে ছাগলটা এমন অসুস্থ হয়ে যায়, যার দ্বারা কোরবানী করা জায়েয হয় না। পরবর্তীতে লোকটি ওই ছাগলটা বিক্রি করে তার সমপরিমাণ টাকা দিয়ে অন্য একটি ছাগল কোরবানী করে। বাস্তবে তার ওপর কোরবানী ওয়াজিব ছিল না। এখন কথা হলো, উক্ত কথার দ্বারা কি মান্নত হবে? যদি হয় তবে কি তার জন্য পরিবর্তন করা জায়েয হয়েছে, নাকি তার জন্য উচিত ছিল ছাগল ভালো হওয়া পর্যন্ত কোরবানী না করা? যদি মান্নত না হয় তাহলে এর সমাধান কী?

উত্তর : প্রশ্নোক্ত ব্যক্তির উক্ত বাক্য দ্বারা মান্নত হয়েছে। অসুস্থতার কারণে তা বিক্রয় করে এর মূল্য দ্বারা অন্য ছাগল ক্রয় করে কোরবানী করার দ্বারা দায়মুক্ত হয়ে গেছে। (৮/১৬১/২০৪৭)

📖 رد المحتار (سعيد) ٣/ ٧٣٥ : (قوله ومن نذر نذرا مطلقا) أي غير معلق بشرط مثل لله علي صوم سنة فتح، وأفاد أنه يلزمه ولو لم يقصدهفي أضحية. البدائع: لو نذر أن يضحي شاة، وذلك في أيام النحر، وهو موسر فعليه أن يضحي بشاتين عندنا شاة للنذر وشاة بإيجاب الشرع ابتداء إلا إذا عنى به الإخبار عن الواجب عليه، فلا يلزمه إلا واحدة، ولو قبل أيام النحر لزمه شاتان، بلا خلاف لأن الصيغة لا تحتمل الإخبار عن الواجب إذ لا وجوب قبل الوقت، وكذا لو كان معسرا ثم أيسر في أيام النحر لزمه شاتان.

📖 خلاصة الفتاوى (رشيديه) ٤/ ٣١٩ : وفى الأصل : اشترى أضحية ثم باعها جاز فى ظاهر الرواية ولو اشترى مثلها وضحى بها إن كانت الثانى مثل الأولى أو خيرا منها جاز ولا يلزمه شيء اٰخر وإن كان دون الأولى تصدق بفضل القيمتين -

📖 امداد الفتاوی (زکریا) ۲ / ۵۵۸ :سوال-ایک شخص کے پاس ایک بکری تھی وہ بیمار ہوگئی اس نے زبان سے کہا کہ اگر یہ بکری اچھی ہو جائے گی تو قربانی کروں گا پھر وہ اچھی ہوگئی تو اس کو قربانی کرنا ضروری ہے یعنی یہ کہنا کہ یااللہ اگر اچھی ہو جائے تو قربانی کروں گا نذر ہے اور اگر نذر ہو اور اس کو بیچ کر ڈالے تو اب اس کی قیمت کو کیا کرے؟

الجواب- حکم قیاس کا یہ ہے کہ بدون لفظ علیّ یا مایفید معناہ نذر نہ ہوگی، بلکہ وعدہ ہے اور استحسان کا حکم یہ ہے کہ تب بھی نذر ہو جاوے گی، ردالمحتار جلد ۳ صفحہ ۱۰۷، پس صورت

Scanned by CamScanner

مسئولہ میں بحکم استحسان نذر ہو جاوے وھو احوط، ایک بحث تو یہ تھی، دوسری بحث یہ ہے کہ قربانی سے مراد اگر مطلق ذبح ہے تب تو کسی زمان کی قید نہ ہوگی اور اگر تضحیہ مراد ہے تو ایام نحر کی قید ہوگی،... ... اگر تضحیہ مراد لیا ہے اور پھر بیچکر اسے تو اگر کسی خاص سال کی قید لگائی تھی تو اس کی قیمت کا تصدق کرے اور اگر تضحیہ میں کسی سال کی قید نہ لگائی تھی تو ایام میں اس کی قیمت کی بکری خرید کر قربانی کرے وکل ھذا ظاھر من القواعد۔

শর্ত পূরণ না হলে মান্নত পুরা করতে হয় না

প্রশ্ন : জনৈক ব্যক্তি নির্দিষ্ট একটি গরু মান্নত করেছে যে আমার এই গরুটির অসুখ ভালো হলে আগামী বছর আমি তা দিয়ে কোরবানী দেব। কিন্তু গরুটির এমন অসুখ হলো যে আগামী বছর বাঁচবে কি না, তাতেই সন্দেহ দেখা দিল। তখন সে গরুটিকে কোনো লিল্লাহ বোর্ডিংয়ে গরিব-মিসকিনদের উদ্দেশ্যে দিয়ে দিলে মান্নত আদায় হবে কি না? তা না হলে কী করবে? এবং এ গরুর গোশত ধনী ব্যক্তি খেতে পারবে কি না?

উত্তর : কোনো শর্তের সাথে সম্পৃক্ত করে মান্নত করা হলে ওই শর্ত পাওয়া গেলে মান্নত পুরা করা ওয়াজিব। প্রশ্নোক্ত গরুর অসুখ ভালো হওয়ার শর্তে ওই গরুটি কোরবানী করা ওয়াজিব। অবশ্য কোরবানী পর্যন্ত না বাঁচার আশঙ্কায় বর্তমানে কোনো লিল্লাহ বোর্ডিংয়ে দিয়ে দিলেও আদায় হয়ে যাবে। মান্নতকৃত জিনিস মান্নতকারী ও ধনী ব্যক্তি কারো জন্যই বৈধ হবে না। (৬/৩২৭/১২১৭)

📖 بدائع الصنائع (سعيد) ٦٦/٥ : إذا كان عينها بالنذر بأن قال لله تعالى علي أن أضحي بهذه الشاة - وهو موسر أو معسر - فهلكت أو ضاعت أنه تسقط عنه التضحية بسبب النذر؛ لأن المنذور به معين لإقامة الواجب -

📖 رد المحتار (سعيد) ٣٢٥/٦ : أن المنذورة لو هلكت أو ضاعت تسقط التضحية بسبب النذر -

📖 فيه أيضا ٣٢٧/٦ : ولا يطعم غنيا سواء كان الناذر غنيا أو فقيرا لأن سبيلها التصدق -

Scanned by CamScanner

একই পশুতে কোরবানী ও আকীকার মান্নত

প্রশ্ন : কোনো ব্যক্তি যদি মান্নত করে যে আমার গরুটি সুস্থ হলে তার চার ভাগ দ্বারা কোরবানী ও তিন ভাগ দ্বারা আকীকা করব। এ কথা বলার দ্বারা তার মান্নত সহীহ হবে কি না? এবং কোরবানী ও আকীকা আদায় হবে কি না?

উত্তর : উক্ত ব্যক্তির মান্নত সহীহ হবে এবং কোরবানী ও আকীকা আদায় হবে। (১৯/৭৪৪/৮৪২১)

📖 آپ کے مسائل اور ان کا حل (امدادیہ) ۴/ ۱۴۶ : سوال- کیا عید قربانی پر قربانی کے ساتھ عقیقہ بچوں کا بھی کیا جاسکتا ہے یا نہیں؟ مثلاً ایک گائے لے کر ایک حصہ قربانی اور چھ حصے چار بچوں (دو لڑکے دو لڑکیوں) کا عقیقہ ہو سکتا ہے؟

جواب- قربانی کے جانور میں عقیقے کے حصے رکھے جاسکتے ہیں۔

Scanned by CamScanner

متفرقات الأضحية

পরিচ্ছেদ : কোরবানীর বিবিধ বিধান

জিলহজের চাঁদ দেখার পর চুল-নখ কাটা থেকে বিরত থাকা

প্রশ্ন : আমরা জানি, জিলহজের চাঁদ দেখার পর থেকে কোরবানী করা পর্যন্ত যে কোরবানী করার ইচ্ছা করবে সে নখ-চুল ইত্যাদি কাটা থেকে বিরত থাকা মুস্তাহাব। কিন্তু আমাদের এলাকার একজন মুফতী সাহেব বলেছেন, যে কোরবানী করতে সক্ষম নয় তার জন্যও এ আমল মুস্তাহাব। জানার বিষয় হলো, ওই মুফতী সাহেবের কথা সঠিক কি না?

উত্তর : যারা কোরবানী করার ইচ্ছা করবে তাদের জন্য জিলহজ মাসের প্রথম থেকে নখ-চুল ইত্যাদি কাটা থেকে বিরত থাকা মুস্তাহাব, অন্যদের জন্য নয়। তবে কোরবানী করতে অক্ষম ব্যক্তি ঈদের পর নখ-চুল ইত্যাদি কাটলে তার জন্য পূর্ণ একটি কোরবানীর সাওয়াবের কথা হাদীস দ্বারা প্রমাণিত। (১৯/৫৪০/৮২৫৪)

📖 صحيح مسلم (دار الغد الجديد) ١٣/ ١٢٤ (١٩٧٧) : عن أم سلمة، أن النبي صلى الله عليه وسلم قال: «إذا رأيتم هلال ذي الحجة، وأراد أحدكم أن يضحي، فليمسك عن شعره وأظفاره» -

📖 سنن أبي داود (دار الحديث) ٣/ ١٢١٧ (٢٧٨٩) : عن عبد الله بن عمرو بن العاص، أن النبي صلى الله عليه وسلم قال: «أمرت بيوم الأضحى عيدا جعله الله عز وجل لهذه الأمة». قال الرجل: أرأيت إن لم أجد إلا أضحية أنثى أفأضحي بها؟ قال: «لا، ولكن تأخذ من شعرك وأظفارك وتقص شاربك وتحلق عانتك، فتلك تمام أضحيتك عند الله عز وجل» -

📖 احسن الفتاوی (سعید) ۷/ ۴۹۶ : الجواب- یہ استحباب صرف قربانی کرنے والے کے ساتھ خاص ہے وہ بھی اس شرط سے کہ زیر ناف اور بغلوں کی صفائی اور ناخن کاٹے ہوئے چالیس روز نہ گزرے ہوں اگر چالیس روز گزر گئے ہیں تو امور مذکورہ کی صفائی واجب ہے۔

📖 فتاوی دار العلوم (مکتبۂ دار العلوم) ۵/ ۲۰۰ : حاصل یہ ہے کہ جو شخص قربانی کا ارادہ رکھتا ہے اس کے لئے یہ مستحب ہے کہ بعد نماز بقر عید کے قربانی کر کے ناخن اور بال کتروائے اور حجامت بنوائے اور جو شخص قربانی کا ارادہ نہ رکھتا ہو تو اس کے لئے یہ مستحب نہیں ہے وہ نماز سے پہلے بھی حجامت بنوا سکتا ہے۔

Scanned by CamScanner

কোরবানীর দিন হাঁস-মুরগি জবাই করা বৈধ

প্রশ্ন : কোরবানীর দিনে হাঁস-মুরগি জবাই করাকে অনেকেই নাজায়েয মনে করে থাকে, এ ব্যাপারে শরীয়তের বিধান কী?

উত্তর : কোরবানীর দিনসমূহে গোশত খাওয়ার জন্য হাঁস-মুরগি জবাই করা জায়েয। তবে কোরবানীর নিয়্যাতে জবাই করা মাকরূহে তাহরীমি তথা নাজায়েয। (১৮/৪৯৮/৭৬৯০)

📖 رد المحتار (سعيد) ٣١٣/٦ : (قوله فيكره ذبح دجاجة وديك إلخ) أي بنية الأضحية والكراهة تحريمية كما يدل عليه التعليل ط، وهذا فيمن لا أضحية عليه وإلا فالأمر أظهر.

📖 احسن الفتاوی (سعید) ۷/ ۴۸۵ : سوال-ایک شخص کہتا ہے کہ قربانی کی نیت سے اگر مرغی ذبح کردی جائے تو واجب قربانی ادا ہو جائے گیا اور استدلال میں تحبیر الی الجمعہ پر ثواب والی حدیث پیش کرتا ہے کیا اس کا یہ کہنا درست ہے؟
الجواب-مرغی ذبح کرنے سے واجب قربانی ادا نہیں ہوگی جس شخص پر قربانی واجب نہیں وہ اگر قربانی کی نیت سے مرغی ذبح کرے تو بھی مکروہ تحریمی ہے۔

গরুর সাথে আসা ফ্রি খাসির হুকুম

প্রশ্ন : ছয়জন লোক মিলে কোরবানী দেওয়ার জন্য একটি গরু ক্রয় করল। তন্মধ্যে দুজন গরিব, যাদের ওপর কোরবানী ওয়াজিব নয়, আর বাকি চারজন ধনী। এদিকে বিক্রেতা পূর্ব ঘোষণা অনুযায়ী গরুর সাথে একটি খাসি ফ্রি দেয়। এখন জানার বিষয় হলো, এ ক্ষেত্রে উক্ত ব্যক্তিবর্গের জন্য গরু ও খাসি উভয়টি কোরবানী দিতে হবে? নাকি যেকোনো একটি দিলেই চলবে?

উত্তর : প্রশ্নোক্ত অবস্থায় উক্ত ছয় ব্যক্তির জন্য গরু এবং খাসি উভয়টি কোরবানী দিতে হবে না। বরং শুধু গরু দ্বারা কোরবানী দিলেই চলবে। আর খাসিটি জবাই করে তারা গোশত বণ্টন করে নিয়ে যাবে অথবা তা বিক্রি করে তার মূল্য বণ্টন করে নিয়ে যাবে। (১৮/২১৫/৭৫৩১)

📖 الهداية (مكتبة تهانوى) ٣/ ٧٥ : قال: "ويجوز للمشتري أن يزيد للبائع في الثمن ويجوز للبائع أن يزيد للمشتري في المبيع، ويجوز أن

Scanned by CamScanner

يحط من الثمن ويتعلق الاستحقاق بجميع ذلك" فالزيادة والحط يلتحقان بأصل العقد عندنا-

📖 الدر المختار (سعيد) ٣١٣/٦ : وقيل لا تلزم المحرم سراج (موسر) يسار الفطرة (عن نفسه لا عن طفله) على الظاهر، بخلاف الفطرة (شاة) بالرفع بدل من ضمير تجب أو فاعله (أو سبع بدنة) هي الإبل والبقر-

📖 البحر الرائق (سعيد) ٨/ ١٧٥ : ولو اشترى شاتين للأضحية فضاعت إحداهما فضحى بالثانية، ثم وجدها في أيام النحر فلا شيء عليه لأنه لم يتعين أحدهما وأيهما ضحى بها فهي المعينة.

📖 امدادالفتاوی (زکریا) ۳/ ۲۲ : سوال: بعد سوداخریدنے کے جو بائع بچوں یا بڑوں کو کچھ دیدیتا ہے جس کو رونگا کہتے ہیں وہ مطلقاً ناجائز ہے یا بلا اجبار درست ہے؟

الجواب-یہ زیادۃ فی المبیع ہے، اور حسب تصریح فقہاء مباح ہے، بشرط تراضی۔

কোনো অংশীদারের বাড়ি থেকে গরু চুরি হলে করণীয়

প্রশ্ন : ছয়জন ব্যক্তি মিলে কোরবানীর জন্য একটি গরুর দাম নির্ধারণ করে। উল্লেখ্য যে, উক্ত গরুর মালিকও ওই ছয়জনের একজন। অতঃপর গরুর মালিক তার শরীকদের কাছে বায়না দাবি করে, কিন্তু তার শরীকরা মালিককে বায়না হস্তান্তর করেনি। অতঃপর মালিক তার শরীকদের বলল, আমি শুধু গরুকে আজকের খাবার দেব, তারপর খাবার দেওয়ার দায়িত্ব তোমাদের এমতাবস্থায় উক্ত গরুটি মালিকের বাড়িতেই ছিল। ঘটনাক্রমে গরুটি মালিকের বাড়ি থেকে চুরি হয়ে যায়। এখন ওই ক্রেতা শরীকরা কি বিক্রেতাকে টাকা পরিশোধ করতে হবে?

উত্তর : যথাযথ হেফাজত সত্ত্বেও যদি গরুটি চুরি হয়ে যায়, তবে তার মূল্য সে প্রাপ্য হবে। অপর শরীকগণ নিজ অংশ পরিমাণ আদায় করতে বাধ্য থাকবে। আর যদি গাফিলতির দরুন চুরি হয় তবে মূল্য পরিশোধ করতে হবে না। (১৯/৫১৮/৮২৮৩)

📖 الدر المختار (سعيد) ٥١١/٤ : كل ما دل على معنى بعت واشتريت نحو: (قد فعلت ونعم وهات الثمن) وهو لك أو عبدك أو فداك أو خذه (قبول)

Scanned by CamScanner

📖 رد المحتار (سعيد) ٤/ ٥١١ : (قوله: قبول) خبر قوله وكل وظاهره أنه قبول سواء كان من البائع أو المشتري وأنه لا يكون إيجابا مع أنه يكون من البائع فقط كما نبه عليه بقوله لكن في الولوالجية، ويكون إيجابا أيضا -

📖 فيه أيضا ٤/ ٥٦٢ : وحاصله: أن التخلية قبض حكما لو مع القدرة عليه بلا كلفة لكن ذلك يختلف بحسب حال المبيع، ففي نحو حنطة في بيت مثلا فدفع المفتاح إذا أمكنه الفتح بلا كلفة قبض، وفي نحو دار فالقدرة على إغلاقها قبض أي بأن يكون في البلد فيما يظهر، وفي نحو بقر في مرعى فكونه بحيث يرى ويشار إليه قبض -

📖 الدر المختار (سعيد) ٤/٣١٩-٣٢٠ : (وهو) أن الشريك (أمين في المال فيقبل قوله) بيمينه (في) مقدار الربح والخسران والضياع و (الدفع لشريكه ولو) ادعاه (بعد موته) كما في البحر مستدلا بما في وكالة الولوالجيةكل من حكى أمرا لا يملك استئنافه، إن فيه إيجاب الضمان على الغير لا يصدق وإن فيه نفي الضمان عن نفسه صدق انتهى فليحفظ هذا الضابط. (ويضمن بالتعدي) وهذا حكم الأمانات.

📖 الفتاوى الهندية (زكريا) ٣/١٦ : وأجمعوا على أن التخلية في البيع الجائز تكون قبضا وفي البيع الفاسد روايتان والصحيح أنها قبض كذا في فتاوى قاضي خان والتخلية في بيت البائع صحيحة عند محمد - رحمه الله تعالى - خلافا لأبي يوسف - رحمه الله تعالى - رجل باع خلا في دن في بيته فخلى بينه وبين المشتري فختم المشتري على الدن وتركه في بيت البائع فهلك بعد ذلك فإنه يهلك من مال المشتري في قول محمد وعليه الفتوى هكذا في الصغرى.

📖 بدائع الصنائع (سعيد) ٥/ ٢٣٩ : فأما إذا هلك كله بعد القبض، فإن هلك بآفة سماوية، أو بفعل المبيع أو بفعل المشتري لا ينفسخ البيع، والهلاك على المشتري، وعليه الثمن؛ لأن البيع تقرر بقبض المبيع، فتقرر الثمن، وكذلك إن هلك بفعل أجنبي لما قلنا، ويرجع المشتري على الأجنبي بضمانه -

Scanned by CamScanner

মেয়ের পক্ষের দেওয়া পশু দ্বারা কোরবানী করা

প্রশ্ন : আমাদের এলাকায় একটি প্রথা আছে, মেয়েকে বিবাহ দিলে কোরবানীর সময় মেয়ের বাপের বাড়ি থেকে গরু দিতে হয়। জানার বিষয় হলো, উক্ত গরু দ্বারা কোরবানী দেওয়া সহীহ হবে কি না?

উত্তর : প্রশ্নে বর্ণিত □রুর মালিক যে হবে তার পক্ষ থেকে কোরবানী হবে। গোশত মেয়ের শ্বশুরালয় খাবে বা খাওয়াবে। তবে শর্ত হলো, এ ধরনের আদান-প্রদান স্বেচ্ছায় হতে হবে এবং কোনো রকম রুসম বা প্রথা হিসেবে নয়। (১৯/৫৫০/৮২৭৫)

📖 السنن الكبرى للبيهقي (دار الحديث) ٦/ ١٨٦ (١١٥٤٥) : عن أبي حرة الرقاشي، عن عمه، أن رسول الله صلى الله عليه وسلم قال: " لا يحل مال امرئ مسلم إلا بطيب نفس منه " -

📖 مجلة الأحكام العدلية (كارخانه تجارتِ كتب) ص ١٦٥ (المادة ٨٦٠) : يلزم في الهبة رضاء الواهب فلا تصح الهبة التي وقعت بالجبر والإكراه.

খাজনা না দিলে পশুর মধ্যে ইজারাদারদের অংশীদারিত্ব

প্রশ্ন : কোরবানীর পশু কিনতে গেলে বাজারের ইজারাদারগণ বলে থাকে, যদি কেউ পশু ক্রয়ের পর বাজারের নির্ধারিত খাজনা না দিয়ে চলে যায়, তবে আমরা তার কোরবানীর পশুতে শরীক আছি–কথাটি সঠিক কি না?

উত্তর : ইজারাদাতাদের প্রশ্নোক্ত কথাটি ভিত্তিহীন। কোরবানীর পশুতে তাদের কোনো অংশীদারিত্ব নেই। (৯/৪৮৮)

📖 آپ کے مسائل اوران کا حل (امدادیہ) ٦/ ١٩٣ : سوال- محصول چنگی لینا یا دینا کیسا ہے؟ اگر کوئی شخص مال چپا کر لے گیا تو اس کے لئے وہ مال کیسا ہے؟ اور کیا چنگی ٹھیکدار کو اس کی شکایت لگانا چاہئے؟

الجواب- محصول چنگی شرعاً جائز نہیں، اگر مال وآبرو کا خطرہ نہ ہو تو نہ دی جائے۔

Scanned by CamScanner

হাটের হাসিলের হুকুম ও কে আদায় করবে

প্রশ্ন : আমাদের দেশে কোরবানীর ঈদের সময় হাট থেকে পশু ক্রয় করার পর ক্রেতার ওপর পশুর দাম হিসেবে একটি অংক নির্ধারণ করা হয়, যাকে আমাদের পরিভাষায় হাসিল বলে। শরয়ী দৃষ্টিতে হাসিলের হুকুম কী? তা কে আদায় করবে? এবং উক্ত মাসআলার ফিকহী ভিত্তি কী?

উত্তর : ব্যবসায়ীগণ কর্তৃপক্ষ হতে জমি লিজ নিয়ে পশুর হাট বসানোর পর জমির ভাড়া হিসেবে ক্রেতা বা বিক্রেতা হতে যে টাকা উসুল করে তাকে দেশীয় পরিভাষায় হাসিল বলা হয়, এতে শরয়ী দৃষ্টিকোণে কোনো বাধা নেই। তবে হাসিল কোন পক্ষ আদায় করবে তা দেশীয় আইন ও প্রচলিত নিয়ম-নীতির ওপর নির্ভর করে। (১৯/৮৮৫/৮৪২২)

📖 الفتاوى الهندية (زكريا) ٤/٤٢٥ : وإذا استأجر دارا وقبضها ثم آجرها فإنه يجوز إن آجرها بمثل ما استأجرها أو أقل، وإن آجرها بأكثر مما استأجرها فهي جائزة أيضا إلا إنه إن كانت الأجرة الثانية من جنس الأجرة الأولى فإن الزيادة لا تطيب له ويتصدق بها، وإن كانت من خلاف جنسها طابت له الزيادة ولو زاد في الدار زيادة كما لو وتد فيها وتدا أو حفر فيها بئرا أو طينا أو أصلح أبوابها أو شيئا من حوائطها طابت له الزيادة.

📖 شرح المجلة للأتاسى (رشيديه) ١/١٠١ : ولا يتوهم من هذه المادة قصر العمل بالعرف فى الامور التجارية على ما يجرى بين التجار فقط بل المراد أن كل عمل هو من نوع التجار إذا سكت فيه عن قيد فالمرجع فى ذلك، العرف الجارى بين التجار ... ... وهذه الأمور من عاداتهم -

📖 کفایت المفتی (دار الاشاعت) ۷/ ۳۳۱ : جواب- کسی دکان، مکان، زمین کو اجارہ پر لے کر کرایہ پر دینا اگر باذن مالک ہو تو جائز ہے۔

হাসিল আদায় করা কোরবানী সহীহ হওয়ার জন্য শর্ত নয়

প্রশ্ন : আমাদের কোরবানীর জন্য চিরাং বাজার গরুর হাট থেকে একটি ষাঁড় ক্রয় করা হয়েছিল। সাধারণত বাজার কর্তৃপক্ষকে হাসিল বাবদ কিছু টাকা দিতে হয়। কিন্তু আমরা হাসিল না করেই বাজার কর্তৃপক্ষের অগোচরে গরুটি বাড়িতে নিয়ে আসি।

Scanned by CamScanner

আমাদের মহল্লার ইমাম সাহেব বলেন, হাসিল আদায় করা ব্যতীত ক্রয়কৃত গরু দ্বারা কোরবানী হবে না। জানার বিষয় হলো, হাসিল আদায় না করার কারণে আমাদের কোরবানী সহীহ হয়েছে কি না?

উত্তর : বর্তমানে গরু-ছাগলের হাট ইজারা ডাক নিয়ে বসানো হয়ে থাকে। হাট ইজারাদার পশু বিক্রেতা থেকে শত বা হাজারে নির্দিষ্ট পরিমাণে ভাড়া আদায় করার অধিকার রাখার কথা থাকলেও কত সময় পরিমাণ হাট ব্যবহার করলে কত টাকা দিতে হবে–এ বিষয়টি অস্পষ্ট থাকায় ইজারা চুক্তি ফাসেদ বলে গণ্য হবে। তা সত্ত্বেও বর্তমান নীতি ও প্রথার কারণে তা আদায় করা অবৈধ হবে না। সর্বাবস্থায় ক্রেতার ওপর হাসিল নামে যা ধর্তব্য হয় তা আদায় না করলে সে গোনাহগার হবে। তবে কেউ হাসিল না দিলেও কোরবানী সহীহ হবে। সুতরাং প্রশ্নে বর্ণিত ব্যক্তির কোরবানী সহীহ বলে গণ্য হবে। উক্ত ইমাম সাহেবের উক্তি সহীহ নয়। (১৭/৫৭৩/৭০০১)

📖 البحر الرائق (سعيد) ٧/ ٣٠٠ : ولا بد فيه من بيان الوقت كذا في الهداية وصرح في تحفة الفقهاء بأنه من نوع الاستئجار على العمل لكن لا بد فيه من بيان الوقت واختاره في غاية البيان وأشار بقوله على صبغ الثوب إلى أنه لا بد أن يعين الثوب الذي يصبغ ولون الصبغ بأنه أحمر أو نحوه وقدر الصبغ إذا كان مما يختلف وأشار بقوله وخياطته إلى أنه لا بد أن يكون الثوب معلوما ولهذا قال في المحيط لو استأجره لقصر عشرة أثواب ولم يرها فالإجارة فاسدة وإن سمي جنسها لأنه يختلف بغلظه ورقته واعلم أن استئجار الدابة للركوب لا بد فيه من بيان الوقت أو الموضع حتى لو خلا عنهما فهي فاسدة ذكره البزازي في فتاويه وبه يعلم فساد إجارة دواب العلافين الواقعة في زماننا لعدم بيان الوقت والموضع -

📖 الدر المختار (ايچ ايم سعيد) ٦/ ٥ : وشرطها كون الأجرة والمنفعة معلومتين؛ لأن جهالتهما تفضي إلى المنازعة.

📖 امداد الفتاوی (زکریا) ۳/ ۴۴۵ : زید کو یہ دیکھنا چاہئے کہ میرے ذمہ کتنا کرایہ واجب ہے اس قدر داموں کا ایک ٹکٹ اسی ریلوے کا خرید کر اس ٹکٹ کو ضائع کردے اس سے کام نہ لے حق واجب کمپنی کا ادا ہو جاوے گا۔

📖 فتاوی محمودیہ (زکریا) ۴/ ۱۸۵ : ریل اور ڈاک کا محصول تو دیدیا جائے اور چنگی ظلماً لی جاتی ہے اس سے حتی الوسع بچے لیکن دفع ظلم اور حفظ عزت کے لئے جائز ہے۔

Scanned by CamScanner

বর্গা ভাগের পশু দিয়ে কোরবানী দেওয়া

প্রশ্ন : আমাদের দেশে যে গরু-ছাগল বর্গা দেওয়ার প্রচলন আছে, এটা জায়েয আছে কি না? যদি নাজায়েয হয় তাহলে জায়েয হওয়ার কোনো পদ্ধতি থাকলে বর্ণনা করলে ভালো হয় এবং ওই বর্গা ভাগের ছাগল দিয়ে কোরবানী আকীকা মান্নত আদায় করা যাবে কি না?

উত্তর : দেশে প্রচলিত গরু-ছাগলের বর্গাসমূহ শরীয়তসম্মত নয়। প্রচলিত শরীয়ত সমর্থিত পন্থায় গরু-ছাগল বর্গা না দিয়ে নিম্নে বর্ণিত পদ্ধতিতে দেওয়া যেতে পারে। যথা : বর্গাদাতা উক্ত গরু-ছাগলের মূল্য নির্ধারণ করে বর্গাগ্রহীতাকে তার অর্ধাংশে বা একাংশে মূল্যের বিনিময়ে শরীক করে নেবে। অতঃপর ওই গরুর মুনাফা নির্ধারিত হারে উভয়ে বণ্টন করে নেবে। আর বর্গাদাতা বর্গায় প্রদত্ত গরু-ছাগল দিয়ে কোরবানী, আকীকা, মান্নত ইত্যাদি আদায় করতে পারবে। কিন্তু বর্গাগ্রহীতা ওই বর্গাকৃত গরু-ছাগলের দিয়ে কোরবানী, আকীকা, মান্নত ইত্যাদি আদায় করতে পারবে না। (১০/২৯৫/৩১১৬)

📖 الفتاوى الهندية (زكريا) ٢/ ٣٣٥ : في القنية وعلى هذا إذا دفع البقرة إلى إنسان بالعلف ليكون الحادث بينهما نصفين فما حدث فهو لصاحب البقرة ولذلك الرجل مثل العلف الذي علفها وأجر مثله فيما قام عليها وعلى هذا إذا دفع دجاجة إلى رجل بالعلف ليكون البيض بينهما نصفين، والحيلة في ذلك أن يبيع نصف البقرة من ذلك الرجل ونصف الدجاجة ونصف بذر الفليق بثمن معلوم حتى تصير البقرة وأجناسها مشتركة بينهما فيكون الحادث منها على الشركة -

📖 فتاوی محمودیہ (زکریا) ۱۲/۴۰۵ : الجواب-حامداومصلیا، یہ صورت جائز نہیں، گائے کی قیمت متعین کرکے مثلاً دس روپیہ اس کا نصف حصہ پانچ روپیہ میں فروخت کردیا جائے اور پھر وہ پانچ روپیہ معاف کردیا جائے، پالنے والے سے نہ لیا جائے اور وہ پرورش کرتا رہے، اس صورت میں وہ نصف کا شریک رہیگا، دودھ اور بچے اور خود یہ گائے سب نصفا نصف رہے گی، اس طرح درست ہے، فتاوی عالمگیری اور شامی میں جواز کی یہی صورت لکھی ہے۔

Scanned by CamScanner

মান্নতের গাভির গর্ভপাত করানো

প্রশ্ন : আমি একটি গর্ভবতী গাভি ক্রয় করেছি এবং এ গরু দিয়ে কোরবানী করার মান্নত করেছি। গাভিটির গর্ভের বয়স এখনো চার মাস পূর্ণ হয়নি। কোরবানীর সময় আসতে আসতে চার মাস পূর্ণ হবে। গর্ভাবস্থায় যদি তাকে জবাই করে কোরবানী দেওয়া হয় তাহলে তার গোশত খেতে ইচ্ছা করবে না। প্রশ্ন হলো, এ দিক বিবেচনা করে গর্ভের বয়স চার মাস পূর্ণ হওয়ার পূর্বে গাভিটির পেটের বাচ্চা অপসারণ করা যাবে কি না?

উত্তর : প্রশ্নোক্ত অবস্থায় গাভির পেটের বাচ্চা যদি জন্মের নিকটবর্তী না হয় তা দিয়ে কোরবানী করা নিঃসন্দেহে বৈধ। এর গোশতও হালাল এবং তাতে স্বাস্থ্যগত কোনো সমস্যা নেই বিধায় খেতে ইচ্ছা না হওয়ার কোনো কারণ নেই। তবে মান্নতের হওয়ার কারণে উক্ত গরুর গোশত সদকা করা ওয়াজিব। কারো খেতে ইচ্ছা হবে না সেদিক বিবেচনা করে তার পেটের বাচ্চা অপসারণ করতে গাভির অস্বাভাবিক কষ্ট হওয়া স্বাভাবিক। আর বিনা প্রয়োজনে জন্তুকে কষ্ট দেওয়া নিষেধ। তাই উল্লেখিত কারণে পেটের বাচ্চা অপসারণের অনুমতি দেওয়া যায় না। (১৮/৪৫৪/৭৬৬৮)

📖 سنن النسائى (دار الحديث) ٤/ ١٩٧ (٤٤٤٨) : عن عمرو بن الشريد قال: سمعت الشريد يقول: سمعت رسول الله صلى الله عليه وسلم يقول: " من قتل عصفورا عبثا عج إلى الله عز وجل يوم القيامة يقول: يا رب، إن فلانا قتلني عبثا، ولم يقتلني لمنفعة "-

📖 رد المحتار (سعيد) ٦/ ٣٢٧ : (قوله ويأكل من لحم الأضحية إلخ) هذا في الأضحية الواجبة والسنة سواء إذا لم تكن واجبة بالنذر، وإن وجبت به فلا يأكل منها شيئا ولا يطعم غنيا سواء كان الناذر غنيا أو فقيرا لأن سبيلها التصدق وليس للمتصدق ذلك، ولو أكل فعليه قيمة ما أكل زيلعي،

📖 الفتاوى الهندية (زكريا) ٥/ ٢٨٧ : شاة أو بقرة أشرفت على الولادة قالوا يكره ذبحها؛ لأن فيه تضييع الولد، وهذا قول أبي حنيفة - رحمه الله تعالى - لأن عنده الجنين لا يتذكى بذكاة الأم، كذا في فتاوى قاضي خان.

Scanned by CamScanner

ইঞ্জেকশনের মাধ্যমে গবাদি পশুর প্রজনন ও তার কোরবানী

প্রশ্ন : বর্তমানে আমাদের দেশে ইঞ্জেকশনের মাধ্যমে গরু-ছাগলের যে প্রজনন হচ্ছে তা শরীয়তসম্মত কি না? এবং তা দ্বারা যে বাচ্চা হয় তা কোরবানী করা বৈধ কি না?

উত্তর : ইঞ্জেকশনের মাধ্যমে গরু-ছাগলের যে প্রজনন হচ্ছে তা বৈজ্ঞানিকদের একটি নতুন আবিষ্কৃত পদ্ধতি। গাভির মধ্যে ইঞ্জেকশনের মাধ্যমে যদি গরুর বাচ্চা জন্ম হয় তার দ্বারা কোরবানী করা জায়েয হবে। (৩/২০৪)

📖 الفقه الإسلامى وأدلته ٣/ ٥٥٩ : التلقيح الصناعي: هو استدخال المني لرحم المرأة بدون جماع. فإن كان بماء الرجل لزوجته، جاز شرعاً، إذ لا محذور فيه، بل قد يندب إذا كان هناك ما نع شرعي من الاتصال الجنسي. وأما إن كان بماء رجل أجنبي عن المرأة، لا زواج بينهما، فهو حرام؛ لأنه بمعنى الزنا الذي هو إلقاء ماء رجل في رحم امرأة، ليس بينهما زوجية. ويعد هذا العمل أيضا منافياً للمستوى الإنساني، ومضارعاً للتلقيح في دائرة النبات والحيوان.

Scanned by CamScanner

باب العقيقة

পরিচ্ছেদ : আকীকা

আকীকার সুন্নাত তরীকা ও গোশতের হুকুম

প্রশ্ন : আকীকা করার সুন্নাত তরীকা কী? পশুর গোশত আত্মীয়-স্বজন, পাড়া-প্রতিবেশীর মাঝে বণ্টন করে দেবে, নাকি রান্না করে সবাইকে খাওয়ানো যাবে?

উত্তর : আকীকার নিয়ম হলো, জন্মের সপ্তম বা ১৪তম বা ২১তম দিনে ছেলে হলে দুটি ছাগল জবাই করবে, আর মেয়ে হলে একটি জবাই করবে। অথবা ছেলের জন্য গরুর দুই অংশ এবং মেয়ের জন্য এক অংশ নেবে। আকীকার গোশত নিজেরাও খেতে পারে এবং পাড়া-প্রতিবেশীদের মাঝে কাঁচা বা রান্না করে বণ্টন করে দিতে পারে। (১৩/১৭৭)

📖 سنن أبي داود (٢٨٣٤) : عن أم كرز الكعبية، قالت: سمعت رسول الله صلى الله عليه وسلم يقول: «عن الغلام شاتان مكافئتان، وعن الجارية شاة» قال أبو داود: سمعت أحمد قال: مكافئتان: «أي مستويتان أو مقاربتان» -

📖 فيه أيضا (٢٨٣٨) : عن سمرة بن جندب، أن رسول الله صلى الله عليه وسلم قال: «كل غلام رهينة بعقيقته تذبح عنه يوم سابعه ويحلق ويسمى» قال أبو داود: «ويسمى» -

📖 تحفة المودود بأحكام المولود (مكتبة دار البيان) ص ٦٢ : قال أبو داود في كتاب المسائل سمعت أبا عبد الله يقول العقيقة تذبح يوم السابع وقال صالح بن أحمد قال أبي في العقيقة تذبح يوم السابع فإن لم يفعل ففي أربع عشرة فإن لم يفعل ففي إحدى وعشرين وقال الميموني قلت لأبي عبد الله متى يعق عنه قال أما عائشة فتقول سبعة أيام وأربعة عشرة ولأحد وعشرين وقال أبو طالب قال أحمد تذبح العقيقة لأحد وعشرين يوما انتهى -

📖 رد المحتار (سعيد) ٦/ ٣٣٦ : يستحب لمن ولد له ولد أن يسميه يوم أسبوعه ويحلق رأسه ويتصدق عند الأئمة الثلاثة بزنة شعره فضة أو ذهبا ثم يعق عند الحلق عقيقة إباحة على ما في الجامع المحبوبي، أو تطوعا على ما في شرح الطحاوي، وهي شاة تصلح للأضحية

Scanned by CamScanner

تذبح للذكر والأنثى سواء فرق لحمها نيئا أو طبخه بحموضة أو بدونها مع كسر عظمها أو لا واتخاذ دعوة أو لا، وبه قال مالك. وسنها الشافعي وأحمد سنة مؤكدة شاتان عن الغلام وشاة عن الجارية غرر الأفكار ملخصا، والله تعالى أعلم.

📖 بہشتی زیور ۳/ ۲۳۷ : عقیقہ کا گوشت چاہے کچا تقسیم کرے چاہے پکا کر کے بانٹے چاہے دعوت کر کے کھلادے سب درست ہے۔

গরুর কিছু অংশ আকীকা আর কিছু অংশ বিক্রি করার নিয়্যাত

প্রশ্ন : কোরবানীর তিন দিন পর বছরের অন্যান্য দিনে গরুর সাত ভাগের এক-দুই ভাগ দিয়ে আকীকা আদায় করলে আকীকা আদায় হবে কি না? বাকি অংশ বাজারে বিক্রয় করা যাবে কি?

উত্তর : গরুর সাত ভাগের এক ভাগ দ্বারা আকীকা শুদ্ধ হবে। বাকি অংশ বিক্রির নিয়্যাত করলে আকীকা সহীহ হবে না। (১৯/৭৪৪)

📖 بدائع الصنائع (سعيد) ٥ /٧١- ٧٢ : لو اشترك سبعة في بعير أو بقرة كلهم يريدون القربة؛ الأضحية أو غيرها من وجوه القرب إلا واحد منهم يريد اللحم - لا يجزي واحدا منهم من الأضحية ولا من غيرها من وجوه القرب عندنا، وعنده يجزي. (وجه) قوله أن الفعل إنما يصير قربة من كل واحد بنيته لا بنية صاحبه، فعدم النية من أحدهم لا يقدح في قربة الباقين. (ولنا) أن الجهات - وإن اختلفت صورة - فهي في المعنى واحد؛ لأن المقصود من الكل التقرب إلى الله - عز شأنه .

এক গরু দিয়ে আট অংশের আকীকা

প্রশ্ন : দুই ভাইয়ের একজনের দুই মেয়ে ও এক ছেলে আর অন্যজনের দুই ছেলে। এখন উভয়ের সন্তানাদির আকীকা একটি গরুতে করতে চায়, তা শরীয়তসম্মত হবে কি না?

Scanned by CamScanner

উত্তর : গরুর অংশ দিয়ে আকীকা করার ক্ষেত্রে যদিও ছেলের পক্ষ থেকে দুই অংশ দেওয়া উত্তম, তবে এক অংশ দিয়েও সুন্নাত আদায় হয়ে যাবে। তাই আপনাদের পাঁচ সন্তানের আকীকা একটি গরু দিয়ে আদায় করলে সহীহ হয়ে যাবে। এ ক্ষেত্রে বরাবর পাঁচ ভাগে টাকা জমা করতে পারেন, অথবা যেকোনো দুই ছেলের প্রতিজনের জন্য দুই অংশ করে বাকিদের এক অংশ করে মোট সাত ভাগ টাকা জমা করতে পারেন। (১৮/৭৪৭)

📖 رد المحتار (سعيد) ٦ /٣٣٦ : وهي شاة تصلح للأضحية تذبح للذكر والأنثى سواء فرق لحمها نيئا أو طبخه بحموضة أو بدونها مع كسر عظمها أو لا واتخاذ دعوة أو لا، وبه قال مالك. وسنها الشافعي وأحمد سنة مؤكدة شاتان عن الغلام وشاة عن الجارية غرر الأفكار ملخصا، والله تعالى أعلم.

📖 فتاوی رحیمیہ (دارالاشاعت) ۲ /۹۴ : الجواب-حیثیت ہو تو لڑکے کیلئے دو بکرے دو بھڑے دو دنبے یا قربانی کی گائے یا اونٹ یا بھینس یا کڑے میں دو حصے افضل ہیں ورنہ ایک بکرا بھیڑ یا بڑے جانور میں سے ایک حصہ بھی کافی ہے اس سے عقیقہ ہو جاتا ہے۔

একটি গরুর এক অংশ কোরবানী আর ছয় অংশ আকীকার

প্রশ্ন : আমার সন্তান ৫ জন। ৪ মেয়ে ও ১ ছেলে। তাদের এখনো আকীকা দেওয়া হয়নি বিধায় আকীকার লক্ষ্যে চার মেয়ের নামে চার অংশ, ছেলের নামে দুই অংশ ও আমার নামে ওয়াজিব কোরবানী আদায়ের লক্ষ্যে এক অংশ হিসেবে একটি গরু কোরবানী করতে চাই। এ পদ্ধতি সহীহ হবে কি না?

উত্তর : যে সমস্ত জন্তু সাত অংশে কোরবানী দেওয়া যায় ওই সমস্ত জন্তুকে এক ব্যক্তির পক্ষ থেকে কোরবানী, আকীকাসহ অন্যান্য নিয়্যাত করা শরীয়তসম্মত, তবে শর্ত হলো যেকোনো অংশ সপ্তমাংশ থেকে কম না হতে হবে বিধায় প্রশ্নোক্ত পদ্ধতিতে একসাথে কোরবানী ও আকীকা করা যাবে। (১৫/৬০৭/৬১৫২)

📖 بدائع الصنائع (سعيد) ٥/ ٧٢ : (ولنا) أن الجهات - وإن اختلفت صورة - فهي في المعنى واحد؛ لأن المقصود من الكل التقرب إلى الله - عز شأنه - وكذلك إن أراد بعضهم العقيقة عن ولد ولد له من قبل؛ لأن ذلك جهة التقرب إلى الله تعالى - عز شأنه - بالشكر على ما أنعم عليه من الولد.

Scanned by CamScanner

📖 آپ کے مسائل اور ان کا حل (امدادیہ) ۴/ ۲۲۸ : جواب-قربانی کے جانور میں عقیقہ کے حصے رکھے جاسکتے ہیں۔

একটি গরু দ্বারা কয়জনের আকীকা করা যায়

প্রশ্ন : একটি গরুর মধ্যে কতজনের আকীকা করা যায়? ছেলেসন্তান হলে কতজনের আর মেয়েসন্তান হলে কতজনের?

উত্তর : একটি গরু দ্বারা একাধিক সন্তানের আকীকা করা বৈধ। তবে ছেলের জন্য দুই অংশ অথবা দুটি বকরি দেওয়া উত্তম। (১৫/৬৯১)

📖 امداد الاحکام (مکتبۂ دار العلوم کراچی) ۴/ ۲۲۸ : بکری میں تو ایک (بچہ سے زائد بچوں) کا عقیقہ نہیں ہو سکتا اور گائے بیل میں سات بچوں تک کا ہو سکتا ہے خواہ سب ایک ہی شخص کے ہوں یا مختلف لوگوں کے، اور اک ساتھ پیدا ہوئے ہوں یا آگے پیچھے کیونکہ تاریخ کا لحاظ مستحب ہے ضروری نہیں۔

একটি গরু দ্বারা একজনের আকীকাও দেওয়া যায়

প্রশ্ন : এক গরুতে কয়জনের আকীকা করা যাবে? জানালে উপকৃত হব।

উত্তর : এক গরুতে সাত অংশ হয়। এ অনুসারে সাত আকীকায় সাত ভাগ করা যায় এবং একজনের জন্যও করা যায়। (১৩/১৭৭)

📖 المعجم الصغير (المكتب الإسلامي) ۱/ ۱۵۰ (۲۲۹) : عن أنس بن مالك قال: قال رسول الله صلى الله عليه وآله وسلم: «من ولد له غلام فليعق عنه من الإبل أو البقر أو الغنم».

📖 إعلاء السنن (إدارة القرآن) ۱۷/ ۱۱۷ : قوله : "من ولد له غلام فليعق عنه من الإبل أو البقر أو الغنم، دليل على جواز العقيقة ببقرة كاملة أو ببدنة كذلك.

📖 امداد الاحکام (مکتبۂ دار العلوم کراچی) ۴/ ۳۲۸ : بکری میں تو ایک سے زائد بچوں کا عقیقہ نہیں ہو سکتا اور گائے بیل میں سات بچوں تک کا ہو سکتا ہے خواہ سب

Scanned by CamScanner

ایک ہی شخص کے ہوں یا مختلف لوگوں کا، اور ایک ساتھ پیدا ہوئے ہوں یا آگے پیچھے کیونکہ تاریخ کا لحاظ مستحب ہے ضروری نہیں۔

আকীকার জন্য দেওয়া পশুর বাচ্চা হলে করণীয়

প্রশ্ন : দুই বছর পূর্বে আমার একটি মেয়েসন্তান হয়। তার আকীকা করার জন্য নানার বাড়ি থেকে একটা ছাগল দেয়। কিছুদিন পর ওই ছাগল দুটি বাচ্চা দেয়। এখন আমি মেয়ের আকীকা করতে চাই। বর্তমানে আমার তিনটি ছাগল দ্বারা আকীকা দেওয়া জরুরি কি না?

উত্তর : সন্তান জন্মগ্রহণ করার ৭ম দিনে/১৪তম দিনে/২১তম দিনে তার মা-বাপের জন্য নিজের মাল দ্বারা আকীকা করা মুস্তাহাব মাত্র। এরপর আকীকা করা জায়েয, তবে মুস্তাহাব বলা যাবে না। ছেলেসন্তানের নানা-নানি স্বেচ্ছায় আকীকার জন্য ছাগল দান করলে তা দিয়েও আকীকা করা যায়। যেহেতু প্রশ্নের বর্ণনা মতে, সন্তানের নানা আকীকার জন্য ছাগল দান করেছে তাই উক্ত ছাগলের দুই বাচ্চা যদি এক বছর বয়সের হয় তাহলে সবগুলো দিয়ে আকীকা করে নেওয়া ভালো, তবে জরুরি নয়। একটি দিয়ে করলেও জায়েয হবে। (৯/৬০২/২৭৭০)

📖 سنن أبي داود (دار الحديث) ٣/ ١٢٣٩ (٢٨٤١) : عن ابن عباس، «أن رسول الله صلى الله عليه وسلم عق عن الحسن، والحسين كبشا كبشا».

📖 فتاوی محمودیہ (زکریا) ٨/ ٢٢٥ : قربانی واجب ہے عقیقہ مباح ہے اور بہت سے بہت مستحب ہے وہ بھی جبکہ بنیت عبادت کیا جائے دیگر ائمہ کے نزدیک بھی مستحب ہے پس حنفیہ کے نزدیک تو کسی حال میں قربانی کے مثل نہیں اور دوسرے ائمہ کے نزدیک بھی نہیں کیونکہ واجب اور مستحب میں تفاوت عظیم ہے۔

📖 فتاوی حقانیہ (مکتبۂ سید احمد) ٦/ ٤٨٦ : بچے کا نان ونفقہ والدین میں سے جس کے ذمے واجب ہو تو استطاعت ہونے کی صورت میں بچے کا عقیقہ کرنا بھی اسی پر لازم ہے استطاعت نہ ہونے کی صورت میں کسی کے ذمے لازم نہیں۔

Scanned by CamScanner

গরু দিয়ে আকীকা করা বৈধ

প্রশ্ন : আমাদের এলাকায় এক মৌলভী সাহেব বলেছেন, গরু দ্বারা আকীকা করা যায় না। করলে আদায় হবে না, বরং ছাগল দ্বারা আকীকা করতে হবে। মৌলভী সাহেবের কথাটি কতটুকু শুদ্ধ?

উত্তর : ছাগল দ্বারা যেমন আকীকা করার কথা সুস্পষ্ট হাদীসে বিদ্যমান, তেমনিভাবে গরু দ্বারা আকীকা করলেও আদায় হয়ে যাবে বলে হাদীস দ্বারা প্রমাণিত। তা ছাড়া চার মাযহাবের কোনো ফকীহ ও মুফতী এতে দ্বিমত পোষণ করেননি। বিধায় প্রশ্নে বর্ণিত মৌলভী সাহেবের কথা ভিত্তিহীন। (১৫/৮৪৫/৬২৯৫)

📖 الفتاوى الهندية (زكريا) ٥/ ٣٠٤ : ولو أرادوا القربة - الأضحية أو غيرها من القرب - أجزأهم سواء كانت القربة واجبة أو تطوعا أو وجب على البعض دون البعض، وسواء اتفقت جهات القربة أو اختلفت بأن أراد بعضهم الأضحية وبعضهم جزاء الصيد وبعضهم هدي الإحصار وبعضهم كفارة عن شيء أصابه في إحرامه وبعضهم هدي التطوع وبعضهم دم المتعة أو القران وهذا قول أصحابنا الثلاثة رحمهم الله تعالى، وكذلك إن أراد بعضهم العقيقة عن ولد ولد له من قبل.

📖 امداد الاحکام (مکتبۂ دار العلوم کراچی) ۴/ ۲۳۳ : عقیقہ میں بجائے بکریوں یا بکروں کے گائے کرنے یا گائے میں حصہ لینے سے بھی سنت عقیقہ ادا ہو جاویگی۔

মৃত ব্যক্তির আকীকা দেওয়া

প্রশ্ন : মৃত ব্যক্তির আকীকা দেওয়া জায়েয আছে কি না?

উত্তর : আকীকা জীবিত ব্যক্তির জন্য মুস্তাহাব। মৃত ব্যক্তি আকীকা করা মুস্তাহাবের অন্তর্ভুক্ত নয় বিধায় তাতে আকীকার সাওয়াব পাওয়া যাবে না। (১৯/৭৯৫)

📖 رد المحتار (سعيد) ٦/ ٣٣٦ : يستحب لمن ولد له ولد أن يسميه يوم أسبوعه ويحلق رأسه ويتصدق عند الأئمة الثلاثة بزنة شعره فضة أو ذهبا ثم يعق عند الحلق عقيقة إباحة على ما في الجامع المحبوبي،

Scanned by CamScanner

أو تطوعا على ما في شرح الطحاوي، وهي شاة تصلح للأضحية تذبح للذكر والأنثى سواء فرق لحمها نيئا أو طبخه بحموضة أو بدونها مع كسر عظمها أو لا واتخاذ دعوة أو لا، وبه قال مالك. وسنها الشافعي وأحمد سنة مؤكدة شاتان عن الغلام وشاة عن الجارية غرر الأفكار ملخصا، والله تعالى أعلم.

📖 فيض البارى (دار الكتب العلمية) ٥/٦٤٨ : وحاصله: أن الغلامَ إذا لم يعق عنه، فمات لم يشفعْ لوالديه. ثم إن الترمذي أجاز بها إلى يوم إحدى وعشرين. قلتُ: بل يجوز إلى أن يموت، لما رأيت في بعض الروايات أنَّ النبيَّ صلى الله عليه وسلّم عق عن نفسه بنفسه. والسر في العقيقة أنَّ الله أعطاكم نفسًا، فقربوا له أنتم أيضًا بنفس، وهو السر في الأضحية. ولذا اشترطت سلامة الأعضاء في الموضعين، غير أن الأضحية سنوية، وتلك عمرية.

📖 فيه أيضا ٥/٦٤٦ : وذهب أبو حنيفة إلى أنها ليست فرضًا، ولا سنة. وقد قيل: إن تحصيلَ مذهبه أنها عنده تطوع. وسببُ اختلافهم تعارض مفهوم الآثار في هذا الباب. وذلك أن ظاهر حديث سَمُرة، وهو قول النبيِّ عليه الصلاة والسلام: "كل غلام مرتهن بعقيقته، تُذبح عنه يوم سابعه، ويُماط عنه الأذى"، يقتضي الوجوبَ وظاهر قوله عليه الصلاة والسلام، وقد سئل عن العقيقة: فقال: "لا أحبُّ العقوق، ومن ولد له ولدٌ فأحبَّ أنْ ينسَك عن ولده فليفعل"، يقتضي الندبَ، أو الإباحة، فمن فهمَ منه الندب قال: العقيقة سنة، ومن فهم الإباحة قال: ليست بسنة، ولا فرض.

📖 احسن الفتاوی (سعید) ۷ / ۶ ۵۳ : انتقال کے بعد عقیقہ نہیں؛ کیونکہ عقیقہ ردّبلاء کیلئے ہوتا ہے۔

📖 فتاوی حقانیہ (مکتبہ سیداحمد) ۶/ ۴۸۶ : الجواب-بچے کی پیدائش پر عقیقہ کرنا مستحب ہے لیکن یہ استحباب صرف زندہ بچے تک محدود ہے مردہ بچے کے عقیقہ کا استحباب ثابت نہیں۔

Scanned by CamScanner

একই জন্তু দ্বারা আকীকা ও ঈসালে সাওয়াব

প্রশ্ন : আকীকা ও ঈসালে সাওয়াব এক গরুতে করা যাবে কি না?

উত্তর : আকীকার জন্য গরু-ছাগল কিনে ওই গোশত দিয়ে দান-সদকা করার মাধ্যমে ঈসালে সাওয়াব করা যেতে পারে। (১৫/৬৯১)

📖 فتاوی رحیمیہ (دار الاشاعت) ٦ / ١٧٢ : عقیقہ کا گوشت بلا کسی عوض مفت کھلانا چاہئے شادی کی تقریب میں چونکہ کھانا کھلا کر چڑھاوا لیا جاتا ہے اس لئے عوض اور بدلہ کا شبہ ہوتا ہے لہذا بچنا چاہئے ہاں ناشتہ وغیرہ کی دعوت میں جس میں چڑھاوا لینے کا دستور نہیں ہے کھلانے میں کوئی مضائقہ نہیں ہے۔

আকীকার পশুর কিছু অংশ বিক্রি করা

প্রশ্ন : আকীকার পশুর কিছু অংশ যেমন–সাতের এক বিক্রি করা যাবে কি না?

উত্তর : আকীকার জন্তুর হুকুম কোরবানীর জন্তুর মতো। সুতরাং কোরবানীর জন্তুর মতো আকীকার বড় জন্তুর কিছু অংশ বিক্রি করা জায়েয হবে না। (৫/৩৯৯/৯৯৬)

📖 الفقه الإسلامی وأدلته (دار الفكر) ٤/ ٢٨٧ : حكم لحمها وجلدها: حكم اللحم كالضحايا، يؤكل من لحمها، ويتصدق منه، ولا يباع شيء منها. ويسن طبخها، ويأكل منها أهل البيت وغيرهم في بيوتهم.

📖 الدر المختار (سعيد) ٦/ ٣٢٦ : (وإن) (كان شريك الستة نصرانيا أو مريدا اللحم) (لم يجز عن واحد) منهم لأن الإراقة لا تتجزأ هداية لما مر.

📖 حاشية الطحطاوی علی الدر (رشيديه) ٤/ ١٦٦ : ولا يشارك المضحی فيما يحتمل الشركة من لا يريد القربة رأسا فإن شارك لم تجز عن الأضحية وكذا فی سائر القرب إذا شارك المتقرب من لا يريد القربة لم يجز عن القربة.

Scanned by CamScanner

একটি গরু দিয়ে সাতজন মেয়ে বা একজন মেয়ে ও তিনজন ছেলের আকীকা

বিঃদ্রঃ. প্রশ্নোল্লিখিত বিষয় দুটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ও বিশদ বিবরণের দাবি রাখে বিধায় এ সম্পর্কে বিস্তারিত জানার জন্য এ বিষয়গুলোর ওপর নির্ভরযোগ্য লিখিত কিছু কিতাব দেখে নেওয়ার পরামর্শ দেওয়া হলো :

১) তাফসীরে মাআরিফুল কোরআন, বাংলা ১০৯২-১০৯৬
২) নারী স্বাধীনতা ও পর্দা, মূল : মুফতী তকী উসমানী
৩) ইসলামে নারীর অধিকার ও মর্যাদা, আল্লামা নুরুল ইসলাম ওলীপুরী
৪) ইভ টিজিং, আল্লামা নূরুল ইসলাম ওলীপুরী।

📖 سورة الأحزاب الآية ٥٩ : ﴿يَاأَيُّهَا النَّبِيُّ قُلْ لِأَزْوَاجِكَ وَبَنَاتِكَ وَنِسَاءِ الْمُؤْمِنِينَ يُدْنِينَ عَلَيْهِنَّ مِنْ جَلَابِيبِهِنَّ ذٰلِكَ أَدْنَى أَنْ يُعْرَفْنَ فَلَا يُؤْذَيْنَ﴾

📖 أحكام القرآن للمفتى شفيع رح (إدارة القرآن) ٣/ ٤٠٣ : تاريخ نزول الحجاب : ... ... قال ابن كثير فى تفسيره : وكان وقت نزولها في صبيحة عرس رسول الله صلى الله عليه وسلم بزينب بنت جحش، التي تولى الله تعالى تزويجها بنفسه، وكان ذلك في ذي القعدة من السنة الخامسة، في قول قتادة والواقدي وغيرهما. ... ... وفى الروح :

Scanned by CamScanner

ونزل الحجاب على ما أخرج ابن سعد عن أنس رضى الله عنه سنة خمس من الهجرة.... ... وفى الاستيعاب للإمام الحافظ ابن عبد البر : تزوجها رسول الله ﷺ سنة خمس من الهجرة.

পর্দানশিন নারীকে সেকেলে-আনসোশ্যাল বলা

প্রশ্ন : ইসলামী শরীয়তে মেয়েদের জন্য পর্দা করা ফরয। এটা জেনেও যদি কোনো মেয়ে অপর কোনো ধার্মিক-পরহেজগার নারীকে সেকেলে, আনসোশ্যাল ইত্যাদি বলে বুঝিয়ে-ফুঁসলিয়ে বেপর্দা বা বেপরোয়া চলাফেরা করার আদেশ দেয় এবং তাকে ধর্মবিমুখ করে তোলে, তাহলে উক্ত আদেশদাতা মহিলার ঈমান থাকবে কি না? তাকে মুসলমান বলা যাবে কি না? স্বামীর সাথে তার বিবাহ বিচ্ছিন্ন হয়ে যাবে কি না?

উত্তর : পর্দা শরীয়তের একটা বিধান, তা জেনেও কোনো মহিলা পর্দানশিল নারীকে পর্দার করার কারণে সেকেলে বা আনসোশ্যাল বলে ধর্মবিমুখ করতে চায় যদি তা দ্বারা পর্দার বিরোধিতা বা পর্দাকে তুচ্ছ মনে করা অথবা ইসলামের বিধান অমান্য করা উদ্দেশ্য হয় তাহলে তা কুফুরীর অন্তর্ভুক্ত হবে। এমন মহিলার তাওবা করে ঈমান ও বিবাহ নবায়ন করা আবশ্যক। আর যদি মূর্খতা বা অজ্ঞতাবশত এ ধরনের উক্তি করে থাকে তাহলে তা কুফুরীর অন্তর্ভুক্ত না হলেও এ ধরনের উক্তি মারাত্মক গোনাহ, যা থেকে তাওবা করা জরুরি। (১৭/৪৯২/৭১৪৮)

📖 البحر الرائق (سعيد) ٥/ ١٢٥ : والحاصل أن من تكلم بكلمة الكفر هازلا أو لاعبا كفر عند الكل ولا اعتبار باعتقاده كما صرح به قاضي خان في فتاويه ومن تكلم بها مخطئا أو مكرها لا يكفر عند الكل ومن تكلم بها عالما عامدا كفر عند الكل ومن تكلم بها اختيارا جاهلا بأنها كفر ففيه اختلاف والذي تحرر أنه لا يفتى بتكفير مسلم أمكن حمل كلامه على محمل حسن أو كان في كفره اختلاف ولو رواية ضعيفة.

📖 رد المحتار (سعيد) ٤/ ٢٢٢ : وكذا مخالفة أو إنكار ما أجمع عليه بعد العلم به لأن ذلك دليل على أن التصديق مفقود،... قلت: ويظهر من هذا أن ما كان دليل الاستخفاف يكفر به، وإن لم يقصد الاستخفاف.

Scanned by CamScanner

📖 فتاوی حقانیہ (مکتبہ سید احمد) ۱/ ۱۳۸ : الجواب-اللہ تعالی نے اسلام کو قیامت تک آنے والے لوگوں کیلئے ایک مکمل ضابطۂ حیات، امن وسلامتی کا نظام ٹھہرایا ہے، لہذا اس کو "فرسودہ نظام کہنا" شریعت کا استہزاء ہے اور بقائمی ہوش وحواس شریعت مقدسہ سے استہزاء کرنے سے مسلمان کافر ہو جاتا ہے۔

পর্দার বিধান এবং হজে ও অন্য সময় মেয়েদের মুখ খোলা রাখার হুকুম

প্রশ্ন : মহিলাদের পর্দার বিধান কী? হজে মহিলাদের মুখ দেখানো জায়েয কেন? এবং বাকি সময় নাজায়েয কেন?

উত্তর : পর্দা আল্লাহ তা'আলার অকাট্য বিধান। কোরআন-হাদীসের বিধান মতে মহিলারা সর্বদা নিজ ঘরে অবস্থান করবে। যে কারণে পর্দা ফরয করা হয়েছে তা চেহারাতেও সর্বাধিক বিদ্যমান বিধায় হজসহ সর্বাবস্থায় মহিলাদের চেহারার পর্দা করা ওয়াজিব। বেগানা পুরুষের সামনে তা খোলার অনুমতি নেই। তবে হজের সময় এহরাম অবস্থায় এমনভাবে পর্দা করবে, যেন চেহারায় কাপড় স্পর্শ না করে, এর জন্য এক ধরনের টুপি বা জালি পাওয়া যায় তা ব্যবহার করা যাবে। (১৯/৬৯৮/৮৪০৪)

📖 سورة الأحزاب الآية ٣٣ : ﴿وَقَرْنَ فِي بُيُوتِكُنَّ وَلَا تَبَرَّجْنَ تَبَرُّجَ الْجَاهِلِيَّةِ الْأُولَى﴾

📖 سورة الأحزاب الآية ٥٩ : ﴿يَاأَيُّهَا النَّبِيُّ قُلْ لِأَزْوَاجِكَ وَبَنَاتِكَ وَنِسَاءِ الْمُؤْمِنِينَ يُدْنِينَ عَلَيْهِنَّ مِنْ جَلَابِيبِهِنَّ ذَلِكَ أَدْنَى أَنْ يُعْرَفْنَ فَلَا يُؤْذَيْنَ﴾

📖 صحيح البخاری (دار الحديث) ۱/ ۲۱۹ (۸٦۷) : عن عائشة، قالت: «إن كان رسول الله صلى الله عليه وسلم ليصلي الصبح، فينصرف النساء متلفعات بمروطهن، ما يعرفن من الغلس»

📖 فيه أيضا ۱/ ۲٤٦ (۹۸۰) : عن حفصة بنت سيرين، قالت: كنا نمنع جوارينا أن يخرجن يوم العيد، فجاءت امرأة، فنزلت قصر بني خلف، فأتيتها، فحدثت أن زوج أختها غزا مع النبي صلى الله عليه وسلم ثنتي عشرة غزوة، فكانت أختها معه في ست غزوات، فقالت: فكنا نقوم على المرضى، ونداوي الكلمى، فقالت: يا رسول الله، أعلى إحدانا بأس إذا لم يكن لها جلباب أن لا تخرج؟ فقال: «لتلبسها صاحبتها من جلبابها، فليشهدن الخير ودعوة المؤمنين».

Scanned by CamScanner

📖 سورة النور الآية ٣١ : ﴿وَلَا يُبْدِينَ زِينَتَهُنَّ إِلَّا لِبُعُولَتِهِنَّ أَوْ آبَائِهِنَّ أَوْ آبَاءِ بُعُولَتِهِنَّ أَوْ أَبْنَائِهِنَّ أَوْ أَبْنَاءِ بُعُولَتِهِنَّ أَوْ إِخْوَانِهِنَّ أَوْ بَنِي إِخْوَانِهِنَّ أَوْ بَنِي أَخَوَاتِهِنَّ أَوْ نِسَائِهِنَّ أَوْ مَا مَلَكَتْ أَيْمَانُهُنَّ أَوِ التَّابِعِينَ غَيْرِ أُولِي الْإِرْبَةِ مِنَ الرِّجَالِ أَوِ الطِّفْلِ الَّذِينَ لَمْ يَظْهَرُوا عَلَى عَوْرَاتِ النِّسَاءِ وَلَا يَضْرِبْنَ بِأَرْجُلِهِنَّ لِيُعْلَمَ مَا يُخْفِينَ مِنْ زِينَتِهِنَّ﴾

📖 تكملة فتح الملهم (مكتبة دار العلوم كراتشى) ٤/ ٢٦٦ : وأما مذاهب الفقهاء فى جواز النظر إلى وجه المرأة وكفيها، فقد أجمع الفقهاء على عدم الجواز إذا كان بقصد التلذذ اوكان هناك خوف فتنة تدعو الى الاختلاء بها، ولاخلاف فى حرمة النظر إلى وجه المرأة وكفيها فى هذه الحالة .

📖 بدائع الصنائع (سعيد) ٦/ ٤٩٥ : وأما الذي يعرف التمييز بين العورة وغيرها وقرب من الحلم فلا ينبغي لها أن تبدي زينتها له ألا ترى أن مثل هذا الصبي أمر بالاستئذان في بعض الأوقات بقوله تبارك وتعالى {والذين لم يبلغوا الحلم منكم ثلاث مرات} [النور: ٥٨] إلا إذا لم يكونا من أهل الشهوة بأن كانا شيخين كبيرين لعدم احتمال حدوث الشهوة فيهما.

📖 الدر المختار (سعيد) ٦/ ٣٧٠ : (فإن خاف الشهوة) أو شك (امتنع نظره إلى وجهها) فحل النظر مقيد بعدم الشهوة وإلا فحرام وهذا في زمانهم، وأما في زماننا فمنع من الشابة قهستاني وغيره (إلا) النظر لا المس (لحاجة) كقاض وشاهد يحكم (ويشهد عليها).

📖 فيه أيضا ١/ ٤٠٦ : (وتمنع) المرأة الشابة (من كشف الوجه بين رجال) لا لأنه عورة بل (لخوف الفتنة) كمسه.

চেহারা না ঢাকলে পর্দা হবে কি

প্রশ্ন : মহিলাদের চেহারা না ঢাকলেও পর্দা হয়ে যাবে কি না?

উত্তর : মানুষের সৌন্দর্যের মূল কেন্দ্র হচ্ছে চেহারা। তাই চেহারা ঢাকার প্রয়োজনও বেশি। চেহারা খোলা রেখে পর্দা পালনের দাবি হাস্যকর। (১৮/২৩৫/৭৫৩২)

Scanned by CamScanner

📖 سنن أبي داود (دار الحديث) ٢/ ٧٩١ (١٨٣٣) : عن عائشة، قالت: «كان الركبان يمرون بنا ونحن مع رسول الله صلى الله عليه وسلم محرمات، فإذا حاذوا بنا سدلت إحدانا جلبابها من رأسها على وجهها فإذا جاوزونا كشفناه»

📖 فيه أيضا ٣/ ١٠٧٦ (٢٤٨٨) : عن عبد الخبير بن ثابت بن قيس بن شماس، عن أبيه، عن جده، قال: جاءت امرأة إلى النبي صلى الله عليه وسلم يقال لها أم خلاد وهي منتقبة، تسأل عن ابنها، وهو مقتول، فقال لها بعض أصحاب النبي صلى الله عليه وسلم: جئت تسألين عن ابنك وأنت منتقبة؟ فقالت: إن أرزأ ابني فلن أرزأ حيائي، فقال رسول الله صلى الله عليه وسلم: «ابنك له أجر شهيدين»، قالت: ولم ذاك يا رسول الله؟ قال: «لأنه قتله أهل الكتاب».

📖 تكملة فتح الملهم (مكتبة دار العلوم كراتشى) ٤/ ٢٦٩ : فالحاصل ان المرأة مامورة فى القرآن الكريم بأن تستر فى بيتها ولا تخرج إلا لحاجة ثم إن خرجت لحاجة فهى مأمورة بستر الوجه بإدناء الجلباب أو البرقع وبأن لا تستر عن وجهها، نعم تستثنى منه حالتان : الأولى حالة الحاجة إلى إبداء الوجه بأن يلحقها بالستر ضرر كما فى الزحام أو لحاجة أخرى كاداء الشهادة .

📖 رد المحتار (سعيد) ١/ ٤٠٦ : تمنع من الكشف لخوف أن يرى الرجال وجهها فتقع الفتنة لأنه مع الكشف قد يقع النظر إليها بشهوة.

📖 خیر الفتاوی (زکریا) ۴/ ۲۴۰ : الجواب- جوان عورت کو پردہ کرنا واجب ہے ... ...ضرورت کے درجہ میں کوئی چیز مثلاً لکڑی یا جالی وغیرہ چہرے سے مس کرے تو قدرے گنجائش ہے۔

চেহারা ও হাত-পায়ের পর্দার বিধান

প্রশ্ন : মহিলাদের মুখ ঢাকা কি ফরয? এবং এ ব্যাপারে শরীয়তের কী অভিমত? এবং হাত ও পায়ের ব্যাপারে শরীয়তের কী অভিমত?

উত্তর : চেহারা ও হাত-পা পর্দার বিধানের অন্তর্ভুক্ত। (১৯/৭০৩/৮৪০৩)

Scanned by CamScanner

📖 سورة الأحزاب الآية ٥٩ : ﴿يَاأَيُّهَا النَّبِيُّ قُلْ لِأَزْوَاجِكَ وَبَنَاتِكَ وَنِسَاءِ الْمُؤْمِنِينَ يُدْنِينَ عَلَيْهِنَّ مِنْ جَلَابِيبِهِنَّ﴾

📖 سورة النور الآية ٣١ : ﴿وَقُلْ لِلْمُؤْمِنَاتِ يَغْضُضْنَ مِنْ أَبْصَارِهِنَّ وَيَحْفَظْنَ فُرُوجَهُنَّ وَلَا يُبْدِينَ زِينَتَهُنَّ إِلَّا مَا ظَهَرَ مِنْهَا وَلْيَضْرِبْنَ بِخُمُرِهِنَّ عَلَى جُيُوبِهِنَّ وَلَا يُبْدِينَ زِينَتَهُنَّ إِلَّا لِبُعُولَتِهِنَّ أَوْ آبَائِهِنَّ أَوْ آبَاءِ بُعُولَتِهِنَّ أَوْ أَبْنَائِهِنَّ أَوْ أَبْنَاءِ بُعُولَتِهِنَّ أَوْ إِخْوَانِهِنَّ أَوْ بَنِي إِخْوَانِهِنَّ أَوْ بَنِي أَخَوَاتِهِنَّ أَوْ نِسَائِهِنَّ أَوْ مَا مَلَكَتْ أَيْمَانُهُنَّ أَوِ التَّابِعِينَ غَيْرِ أُولِي الْإِرْبَةِ مِنَ الرِّجَالِ أَوِ الطِّفْلِ الَّذِينَ لَمْ يَظْهَرُوا عَلَى عَوْرَاتِ النِّسَاءِ وَلَا يَضْرِبْنَ بِأَرْجُلِهِنَّ لِيُعْلَمَ مَا يُخْفِينَ مِنْ زِينَتِهِنَّ وَتُوبُوا إِلَى اللهِ جَمِيعًا أَيُّهَ الْمُؤْمِنُونَ لَعَلَّكُمْ تُفْلِحُونَ﴾

📖 تفسير ابن كثير (دار المعرفة) ٣/ ٥٢٦ : عن ابن عباس: أمر الله نساء المؤمنين إذا خرجن من بيوتهن في حاجة أن يغطين وجوههن من فوق رءوسهن بالجلابيب ويبدين عينا واحدة.

📖 سنن أبي داود (دار الحديث) ٢/ ٧٩١ (١٨٣٣) : عن عائشة، قالت: «كان الركبان يمرون بنا ونحن مع رسول الله صلى الله عليه وسلم محرمات، فإذا حاذوا بنا سدلت إحدانا جلبابها من رأسها على وجهها فإذا جاوزونا كشفناه»

📖 فيه أيضا ٣/ ١٠٧٦ (٢٤٨٨) : عن عبد الخبير بن ثابت بن قيس بن شماس، عن أبيه، عن جده، قال: جاءت امرأة إلى النبي صلى الله عليه وسلم يقال لها أم خلاد وهي منتقبة، تسأل عن ابنها، وهو مقتول، فقال لها بعض أصحاب النبي صلى الله عليه وسلم: جئت تسألين عن ابنك وأنت منتقبة؟ فقالت: إن أرزأ ابني فلن أرزأ حيائي، فقال رسول الله صلى الله عليه وسلم: «ابنك له أجر شهيدين»، قالت: ولم ذاك يا رسول الله؟ قال: «لأنه قتله أهل الكتاب».

📖 رد المحتار (سعيد) ١/ ٤٠٦ : تمنع من الكشف لخوف أن يرى الرجال وجهها فتقع الفتنة لأنه مع الكشف قد يقع النظر إليها بشهوة.

Scanned by CamScanner

চেহারা ও হাত খোলা রাখা

প্রশ্ন : জনৈক ব্যক্তি বলে, মহিলাদের চেহারা ও হাত খোলা রাখা আল্লাহ তা'আলা জায়েয করেছেন। তার কথা কতটুকু সঠিক?

উত্তর : কোরআন-হাদীসের আলোকে সকল মাযহাবের সম্মানিত ইমামগণ বর্তমানে চেহারা ও হাতের পর্দা জরুরি বলে একমত বিধায় এ ব্যাপারে ভিন্ন কথা বলা মূর্খতার পরিচায়ক। (১৯/৪১৩/৮১৯৫)

📖 أحكام القرآن للمفتى شفيعؒ (إدارة القرآن) ٣/ ٤١٦ : ﴿يَأَيُّهَا النَّبِيُّ قُلْ لِأَزْوَاجِكَ وَبَنَاتِكَ وَنِسَاءَ الْمُؤْمِنِينَ يُدْنِينَ عَلَيْهِنَّ مِنْ جَلابِيبِهِنَّ﴾ دلت الآية على مسائل :

الأول: وجوب التجليب أو البرقع للنساء بحيث يستر جميع البدن اذا مست الحاجة الى الخروج من البيت-

الثانية : وجوب ستر الوجه للنساء اذا خيف الفتنة، كما هو مصرح فى تفسير الحبر ابن عباسؓ، ومثله عن عبيدة السلمانى فيما مر آنفا-

الثالثة : جواز الخروج من البيت للنساء عند الضرورات الطبعية أو الشرعية كما دلت عليه إشارة الكتاب والآثار الواردة فيه -

📖 الدر المختار (سعيد) ١/ ٤٠٦ : (وتمنع) المرأة الشابة (من كشف الوجه بين رجال) لا لأنه عورة بل (لخوف الفتنة) كمسه وإن أمن الشهوة لأنه أغلظ، ولذا ثبت به حرمة المصاهرة كما يأتي -

📖 رد المحتار (سعيد) ١ / ٤٠٦ : (قوله كمسه) أي كما يمنع الرجل من مس وجهها وكفها وإن أمن الشهوة إلخ. قال الشارح في الحظر والإباحة: وهذا في الشابة، أما العجوز التي لا تشتهى فلا بأس بمصافحتها ومس يدها إن أمن. اهـ

ثم كان المناسب في التعبير ذكر مسألة المس بعد مسألة النظر، بأن يقول: ولا يجوز النظر إليه بشهوة كمسه وإن أمن الشهوة إلخ لأن كلا من النظر والمس مما يمنع الرجل عنه، والكلام فيما تمنع هي عنه -

📖 معارف القرآن (المكتبة المتحدة) ٧/ ٢١٧ : تیسرا درجہ پردۂ شرعی کا جس میں فقہاء کا اختلاف ہے یہ ہے کہ سر سے پیر تک سارا بدن مستور ہو، مگر چہرہ اور ہتھیلیاں کھلی ہوں

Scanned by CamScanner

،جن حضرات نے إلا ما ظهر کی تفسیر چہرے اور ہتھیلیوں سے کی ہے، ان کے نزدیک چونکہ چہرہ اور ہتھیلیاں حجاب سے مستثنیٰ ہو گئیں، اس لئے ان کو کھلا رکھنا جائز ہوگیا کماروی عن ابن عباس ؓ اور جن حضرات نے ماظھر سے برقع، جلباب وغیرہ مراد لی ہے وہ اس کو ناجائز کہتے ہیں۔ کماروی عن ابن مسعود ؓ جنہوں نے جائز کہا ہے ان کے نزدیک بھی یہ شرط ہے کہ فتنہ کا خطرہ نہ ہو، مگر چونکہ عورت کی زینت کا سارا مرکز اس کا چہرہ ہے اس لئے اس کو کھولنے میں فتنہ کا خطرہ نہ ہونا شاذ و نادر ہے، اس لئے انجام کار عام حالات میں ان کے نزدیک بھی چہرہ وغیرہ کھولنا جائز نہیں، ائمہ اربعہ میں سے امام مالکؒ، شافعیؒ، احمد بن حنبلؒ تین اماموں نے تو پہلا مذہب اختیار کر کے چہرہ اور ہتھیلیاں کھولنے کی مطلقاً اجازت نہیں دی، خواہ فتنہ کا خوف ہو یا نہ ہو، امام اعظم ابو حنیفہؒ نے اگرچہ دوسرا مسلک ختیار فرمایا مگر خوف فتنہ کا نہ ہونا شرط قرار دیا، اور چونکہ عادۃً یہ شرط مفقود ہے اس لئے فقہاء حنفیہ نے بھی غیر محرموں کے سامنے چہرہ اور ہتھیلیاں کھولنے کی اجازت نہیں دی۔

পরপুরুষের সামনে মুখমণ্ডল, হাত, পা, কবজি ও টাখনু পর্যন্ত খোলা রাখা

প্রশ্ন : মহিলাদের মুখমণ্ডল, হাতের কবজি ও পায়ের টাখনু পর্যন্ত গায়রে মাহরামের সামনে খোলা জায়েয কি না?

উত্তর : মহিলাদের নামায আদায় করতে পুরো শরীর ঢেকে নিতে হয়, অন্যথায় নামায আদায় হবে না। তবে প্রশ্নে বর্ণিত অংশগুলো খোলা রাখতে পারবে। কিন্তু গায়েরে মাহরামের সামনে খোলা রাখতে পারবে না। (৪/২০২/৬৫৮)

📖 الدر المختار مع الرد (سعيد) ١/ ٤٠٦ : (وتمنع) المرأة الشابة (من كشف الوجه بين رجال) لا لأنه عورة بل (لخوف الفتنة) كمسه.

📖 رد المحتار (سعيد) ١/ ٤٠٦ : (قوله وتمنع المرأة إلخ) أي تنهى عنه وإن لم يكن عورة (قوله بل لخوف الفتنة) أي الفجور بها قاموس أو الشهوة. والمعنى تمنع من الكشف لخوف أن يرى الرجال وجهها فتقع الفتنة لأنه مع الكشف قد يقع النظر إليها بشهوة.

Scanned by CamScanner

📖 كفايت المفتى (امداديه) ٥/ ٣٨٨ : جواب- عورت کا چہرہ نماز میں پردے کا حکم نہیں رکھتا، مگر غیر محرموں کے سامنے آنے جانے میں پردہ کا حکم رکھتا ہے، کیونکہ چہرہ ہی اصل شئ ہے جو جاذب نظر اور مہیج جذبات ہے۔

বোরকা না পরে চাদর পরা

প্রশ্ন : আমার স্বামী আমাকে বোরকা পরতে ও মুখমণ্ডল ঢাকতে নিষেধ করেন। তিনি বলেন, কোরআন শরীফে কোথাও বোরকা পরার কথা নেই। আছে বড় চাদর পড়ার কথা। এখন আমার জন্য স্বামীর হুকুম মানা যাবে কি না?

উত্তর : প্রশ্নের বিবরণ দ্বারা বোঝা যাচ্ছে যে আপনার স্বামী আপনাকে একেবারে পর্দাহীন চলতে বাধ্য করে না, নির্দেশও দেয় না। মতপার্থক্য হয়েছে পূর্ণরূপে পর্দা পালন বা লঙ্ঘন নিয়ে। অন্যদিকে পর্দার পরিধি কতটুকু এতে ফকীহগণের মাঝে মতনৈক্য থাকলেও পরিপূর্ণ পর্দা পালন করাই নারী সমাজের আসল বিধান। তবে তা স্বামীর সাথে সুসম্পর্ক রেখে তাকে মানিয়ে নেওয়ার পদ্ধতিতে এবং হিকমত ও কৌশলের পন্থা অবলম্বন করে। এর জন্য সময় নিতে পারেন। স্বামীর কথার কারণে যতটুকু পর্দা পালনে ব্যর্থ হচ্ছেন, এর জন্য আল্লাহর কাছে মাফ চাওয়া ও স্বামীর হেদায়েতের জন্য দু'আ করা উচিত। (১১/৪৪১/৩৬২৫)

📖 أحكام القرآن للمفتى شفيعؒ (إدارة القرآن) ٣/ ٤١٦ : ﴿يَاأَيُّهَا النَّبِيُّ قُلْ لِأَزْوَاجِكَ وَبَنَاتِكَ وَنِسَاءِ الْمُؤْمِنِينَ يُدْنِينَ عَلَيْهِنَّ مِنْ جَلَابِيبِهِنَّ﴾ دلت الآية على مسائل :

الأول: وجوب التجليب أو البرقع للنساء بحيث يستر جميع البدن اذا مست الحاجة الى الخروج من البيت-

الثانية : وجوب ستر الوجه للنساء اذا خيف الفتنة، كما هو مصرح فى تفسير الحبر ابن عباسؓ، ومثله عن عبيدة السلمانى فيما مر آنفا-

الثالثة : جواز الخروج من البيت للنساء عند الضرورات الطبعية أو الشرعية كما دلت عليه إشارة الكتاب والآثار الواردة فيه -

📖 صحيح البخاري (دار الحديث) ٤/ ٣٩٣ (٧٢٥٧) : عن علي رضي الله عنه: أن النبي صلى الله عليه وسلم بعث جيشا، وأمر عليهم

Scanned by CamScanner

والوقوع في الفتنة يؤيده المروي عن عبد الله بن مسعود - رضي الله عنهما - أنه قال في قوله تبارك وتعالى {إلا ما ظهر منها} [النور:٣١] أنه الرداء والثياب فكان غض البصر وترك النظر أزكى وأطهر وذلك قوله عز وجل {قل للمؤمنين يغضوا من أبصارهم ويحفظوا فروجهم ذلك أزكى لهم} [النور: ٣٠] وروي «أن أعميين دخلا على رسول الله - صلى الله عليه وسلم - وعنده بعض أزواجه سيدتنا عائشة - رضي الله تعالى عنها - وأخرى فقال لهما قوما فقالتا إنهما أعميان يا رسول الله فقال لهما أعمياوان أنتما» إلا إذا لم يكونا من أهل الشهوة بأن كانا شيخين كبيرين لعدم احتمال حدوث الشهوة فيهما.

📖 معارف القرآن ۶/ ۴۰۶ : مزین برقع پہن کر نکالنا بھی ناجائز ہے، امام جصاصؒ نے فرمایا کہ جب زیور کی اواز تک کو قرآن کریم نے اظہار زینت میں داخل قرار دیکر ممنوع کیا ہے تو مزین رنگوں کے کامدار برقعے پہن کر نکالنا بدرجۂ اولی ممنوع ہوگا۔

সৎ শাশুড়ির সাথে পর্দা করা জরুরি

প্রশ্ন : আমার শ্বশুর দুই বিবাহ করেছেন। এখন স্ত্রীর সৎমায়ের সাথে আমার দেখা দেওয়া জায়েয হবে কি না? যদি জায়েয না হয় তবে দেখা দেওয়ার শরীয়তসম্মত পন্থা কী?

উত্তর : কোরআনে কারীমের বর্ণনানুযায়ী যে সমস্ত মহিলাকে বিবাহ করা হারাম, সৎ শাশুড়ি ওই মহিলাদের অন্তর্ভুক্ত নয়। তাই সৎ শাশুড়ির সঙ্গে দেখা দেওয়া জায়েয নেই। (১/৩১২)

📖 سورة النساء الآية ٢٤ : ﴿وَأُحِلَّ لَكُمْ مَا وَرَاءَ ذٰلِكُمْ﴾

📖 الدر المختار (ايچ ايم سعيد) ٣ / ٣٩ : (فجاز الجمع بين امرأة وبنت زوجها) أو امرأة ابنها أو أمة ثم سيدتها لأنه لو فرضت المرأة أو امرأة الابن أو السيدة ذكرا لم يحرم بخلاف عكسه.

Scanned by CamScanner

رجلا فأوقد نارا وقال: ادخلوها، فأرادوا أن يدخلوها، وقال آخرون: إنما فررنا منها، فذكروا للنبي صلى الله عليه وسلم، فقال للذين أرادوا أن يدخلوها: «لو دخلوها لم يزالوا فيها إلى يوم القيامة»، وقال للآخرين: «لا طاعة في معصية، إنما الطاعة في المعروف»۔

বোরকার ধরন, প্রচলিত বোরকা ও চোখ-কপাল খোলা রাখা

প্রশ্ন : মহিলাদের বোরকার হুকুম কী? বোরকা কিরূপ হওয়া উচিত? বর্তমানে প্রচলিত বোরকা সম্পর্কে শরীয়তের মতামত কী? বা মহিলারা চশমা পরে বা এমনিতেই পুরুষদের দেখা বা শুধু নিকাব পরে ও চোখ-কপাল খোলা রাখা, এর হুকুম কী?

উত্তর : বিশেষ প্রয়োজনে মহিলাদের ঘরের বাইরে যেতে হলে আপাদমস্তক বোরকা বা বড় চাদর দিয়ে ঢেকে যাওয়ার অনুমতি আছে। কিন্তু বোরকার উদ্দেশ্য যেহেতু সৌন্দর্য লুকিয়ে রাখা, তাই বোরকা ঢিলেঢালা হওয়া এবং বেশি পাতলা এবং আকর্ষণীয় কাপড়ের না হওয়া বাঞ্ছনীয়। চশমা পরে বা নেকাব পরে দুই চোখ এবং কপাল খোলা রাখা জায়েয নেই। বরং কপালসহ সমস্ত মুখমণ্ডল ঢেকে রাখতে হবে। রাস্তা দেখার জন্য এক চোখ খোলা রাখতে পারবে। পুরুষের জন্য যেমন বেগানা মহিলা দেখা নাজায়েয, তেমনি মহিলাদের জন্যও ফেতনার আশঙ্কা থাকলে বেগানা পুরুষ দেখা জায়েয নেই। ফেতনার আশঙ্কা না থাকলেও না দেখাটাই উত্তম। (১১/৮৭০/৩৭২৭)

📖 تفسير ابن كثير (دار المعرفة) ٣ / ٥٢٦ : قال علي بن أبي طلحة عن ابن عباس أمر الله نساء المؤمنين إذا خرجن من بيوتهن في حاجة أن يغطين وجوههن من فوق رؤوسهن بالجلابيب ويبدين عينا واحدة، وقال محمد بن سيرين سألت عبيدة السلماني عن قول الله عز وجل: يدنين عليهن من جلابيبهن فغطى وجهه ورأسه وأبرز عينه اليسرى وقال عكرمة تغطي ثغرة نحرها بجلبابها تدنيه عليها.

📖 بدائع الصنائع (سعيد) ٥/ ١٢٢ : (وأما) المرأة فلا يحل لها النظر من الرجل الأجنبي ما بين السرة إلى الركبة ولا بأس أن تنظر إلى ما سوى ذلك إذا كانت تأمن على نفسها والأفضل للشاب غض البصر عن وجه الأجنبية وكذا الشابة لما فيه من خوف حدوث الشهوة

Scanned by CamScanner

সৎ শাশুড়ির সাথে দেখা-সাক্ষাৎ নিষেধ

প্রশ্ন : কোনো ব্যক্তির দুই স্ত্রী থাকলে উভয় পক্ষের জামাতাগণ অন্য স্ত্রীকে বা সৎ শাশুড়িকে আপন শাশুড়ির ন্যায় দেখা-সাক্ষাৎ করতে পারবে কি না? দলিলসহ জানতে চাই।

উত্তর : শরীয়ত যে সমস্ত মাহরাম তথা যার সাথে বিবাহ বন্ধন সহীহ নয়, তাদের সাথে দেখা-সাক্ষাৎ করার অনুমতি দিয়েছে। সৎ শাশুড়ি তার অন্তর্ভুক্ত নয় বিধায় প্রশ্নে বর্ণিত পদ্ধতিতে উভয় পক্ষের জামাতাগণ সৎ শাশুড়ির সাথে দেখা-সাক্ষাৎ করা শরীয়তের দৃষ্টিতে বৈধ হবে না। (১৯/৫৯২/৮৩৩১)

📖 الدر المختار (ايچ ايم سعيد) ١ / ١٨٨ : (فجاز الجمع بين امرأة وبنت زوجها) أو امرأة ابنها أو أمة ثم سيدتها لأنه لو فرضت المرأة أو امرأة الابن أو السيدة ذكرا لم يحرم بخلاف عكسه.

📖 رد المحتار (ايچ ايم سعيد) ٣ / ٣٩ : (قوله: لم يحرم) أي التزوج في الصور الثلاث؛ لأن الذكر المفروض في الأولى يصير متزوجا بنت الزوج وهي بنت رجل أجنبي.

📖 فتاوی رحیمیہ (دار الاشاعت) ٨ / ٣٠٨ : سوتیلا داماد محرم نہیں لہذا سوتیلی ساس اس کے ساتھ سفر حج نہیں کر سکتی۔

সৎ নানি শাশুড়ির সাথে পর্দা করা ফরয

প্রশ্ন : হযরত ফাতেমা (রা.)-এর মেয়েকে হযরত উমর (রা.) বিবাহ করেন তাহলে আয়েশা (রা.) হযরত উমর (রা.)-এর সৎ নানি শাশুড়ি হন। যেহেতু সৎ নানি শাশুড়িকে বিবাহ করা যাবে না, তাই হযরত আয়েশা (রা.)-এর ঘরে উমর (রা.) কে কবর দেওয়ার পর পর্দাহীন ওই ঘরে প্রবেশ করেননি কেন?

উত্তর : হযরত ফাতেমা (রা.) হযরত মা আয়েশা সিদ্দীকা (রা.)-এর কন্যা নন। তিনি হযরত উমর (রা.)-এর সৎ নানি শাশুড়ি ছিলেন এবং সৎ নানি শাশুড়ির সাথে পর্দা করা ফরয, তদ্রূপভাবে সৎ শাশুড়ির সাথেও পর্দা করা ফরয। (১১/৪৫৫/৩৬০৩)

📖 سورة الأحزاب الآية ٦ : ﴿النَّبِيُّ أَوْلَى بِالْمُؤْمِنِينَ مِنْ أَنْفُسِهِمْ وَأَزْوَاجُهُ أُمَّهَاتُهُمْ وَأُولُو الْأَرْحَامِ بَعْضُهُمْ أَوْلَى بِبَعْضٍ فِي كِتَابِ اللهِ مِنَ

Scanned by CamScanner

الْمُؤْمِنِينَ وَالْمُهَاجِرِينَ إِلَّا أَنْ تَفْعَلُوا إِلَى أَوْلِيَائِكُمْ مَعْرُوفًا كَانَ ذٰلِكَ فِي الْكِتَابِ مَسْطُورًا﴾

📖 فتاوی دار العلوم (مکتبۂ دار العلوم) ۷ /۳۰۴ : سوال- ان رجلا نكح ضرة أم أم الزوجة هل صح نكاحه أم لا ؟

الجواب : يصح نكاحه، بدليل قوله تعالى : احل لكم ما وراء ذلكم -

স্বামী-স্ত্রী যেসব আত্মীয়ের সাথে দেখা-সাক্ষাৎ করতে পারবে ও সৎ শাশুড়িকে বিবাহ প্রসঙ্গ

প্রশ্ন : স্বামী তার স্ত্রীর আত্মীয়স্বজনের মধ্যে কাদের সাথে দেখা দিতে পারবে এবং তারা কতজন? কে কে? অনুরূপভাবে স্ত্রী স্বামীর আত্মীয়স্বজনের মধ্যে কাদের সাথে দেখা দিতে পারবে এবং তারা কতজন ও কে কে? বিস্তারিত দলিলসহ জানানোর জন্য বিশেষ আবেদন রইল।

উত্তর : স্বামী-স্ত্রী উভয়ে একে-অপরের শুধুমাত্র বরাবর উর্ধ্বের ও নিম্নের আত্মীয়ের সাথে দেখা করতে পারবে। অর্থাৎ স্বামী তার স্ত্রীর মাতা ও উর্ধ্বতন সকল দাদি ও নানি শাশুড়ি এবং স্ত্রীর মেয়ে ও তার নিম্নস্তরের নাতনিরা ছাড়া অন্য কারো সাথে দেখা করতে পারবে না। অনুরূপভাবে স্ত্রী ও তার স্বামীর অন্য ঘরের ছেলে ও তার নিম্নস্তরের নাতিরা ছাড়া অন্য কারো সাথে দেখা করতে পারবে না। (১০/৬০৪/৩১৮৯)

📖 الدر المختار (ايچ ايم سعيد) ۳ / ۳۰ : (و) حرم المصاهرة (بنت زوجته الموطوءة وأم زوجته) وجداتها مطلقا بمجرد العقد الصحيح (وإن لم توطأ) الزوجة لما تقرر أن وطء الأمهات يحرم البنات ونكاح البنات يحرم الأمهات، ويدخل بنات الربيبة والربيب. وفي الكشاف واللمس ونحوه كالدخول عند أبي حنيفة وأقره المصنف (وزوجة أصله وفرعه مطلقا) ولو بعيدا دخل بها أو لا.

📖 رد المحتار (ايچ ايم سعيد) ۳ / ۳۰ : (قوله: وجداتها مطلقا) أي من قبل أبيها وأمها، وإن علون بحر.

📖 رد المحتار (ايچ ايم سعيد) ۳ / ۳۱ : (قوله: وزوجة أصله وفرعه) لقوله تعالى {ولا تنكحوا ما نكح آباؤكم} وقوله تعالى {وحلائل أبنائكم الذين من أصلابكم} والحليلة الزوجة وأما حرمة

Scanned by CamScanner

الموطوءة بغير عقد فبدليل آخر وذكر الأصلاب لإسقاط حليلة الابن المتبنى لا لإحلال حليلة الابن رضاعا فإنها تحرم كالنسب بحر وغيره. (قوله: ولو بعيدا إلخ) بيان للإطلاق أي ولو كان الأصل أو الفرع بعيدا كالجد، وإن علا وابن وإن سفل. وتحرم زوجة الأصل والفرع بمجرد العقد دخل بها أو لا.

সৎ মা-বাবার বোনদের সাথে দেখা-সাক্ষাৎ নিষিদ্ধ

প্রশ্ন : একজন মহিলার দুই বিয়ে হয়, প্রথম স্বামীর ছেলে দ্বিতীয় স্বামীর বোনদের সাথে দেখা করতে পারবে কি না? তদ্রূপ বৈমাত্রিক খালা, অর্থাৎ বাবা দুই বিয়ে করলে ওই দ্বিতীয় মায়ের বোনের সাথে দেখা করা যাবে কি না?

উত্তর : শরীয়তের বিধান অনুযায়ী কোনো মহিলার প্রথম স্বামীর ছেলে জন্য দ্বিতীয় স্বামীর বোন তদ্রূপ কোনো পুরুষের জন্য তার সৎ মায়ের বোন মুহার্‌রামাতের অন্তর্ভুক্ত নয়। তাই তাদের সাথে পর্দাহীনভাবে দেখা-সাক্ষাৎ জায়েয হবে না। (১৯/২৯৬/৮১৫৭)

📖 سورة النساء الآية ٢٣ : ﴿حُرِّمَتْ عَلَيْكُمْ أُمَّهَاتُكُمْ وَبَنَاتُكُمْ وَأَخَوَاتُكُمْ وَعَمَّاتُكُمْ وَخَالَاتُكُمْ وَبَنَاتُ الْأَخِ وَبَنَاتُ الْأُخْتِ وَأُمَّهَاتُكُمُ اللَّاتِي أَرْضَعْنَكُمْ وَأَخَوَاتُكُمْ مِنَ الرَّضَاعَةِ وَأُمَّهَاتُ نِسَائِكُمْ وَرَبَائِبُكُمُ اللَّاتِي فِي حُجُورِكُمْ مِنْ نِسَائِكُمُ اللَّاتِي دَخَلْتُمْ بِهِنَّ فَإِنْ لَمْ تَكُونُوا دَخَلْتُمْ بِهِنَّ فَلَا جُنَاحَ عَلَيْكُمْ وَحَلَائِلُ أَبْنَائِكُمُ الَّذِينَ مِنْ أَصْلَابِكُمْ وَأَنْ تَجْمَعُوا بَيْنَ الْأُخْتَيْنِ إِلَّا مَا قَدْ سَلَفَ إِنَّ اللهَ كَانَ غَفُورًا رَحِيمًا﴾

📖 معارف القرآن (المكتبة المتحدة) ٢ / ٣٥٨ : حرمت عليكم أمهاتكم وبناتكم وأخواتكم وعماتكم اپنے باپ کے حقیقی بہن علاتی یا اخیافی بہن تینوں سے نکاح حرام ہے۔... ... اپنی والدہ کی بہن حقیقی ہو یا علاتی ہو یا اخیافی ہو ہر ایک سے نکاح حرام ہے۔

📖 فيه ايضا ٢/ ٣٦٤ : وأحل لكم ما وراء ذٰلكم یعنی جو محرمات اب تک مذکر ہوئیں ان کے علاوہ دوسری عورتیں تمہارے لئے حلال ہیں مثلاً چچا کی لڑکی خالہ کی لڑکی ماموزاد بہن ماموں، چچا کی بیوی ان کی وفات یا طلاق دینے کے بعد بشرطیکہ یہ مذکورہ اقسام اور کسی رشتہ سے محرم نہ ہو اور منہ بولے بیٹے کی بیوی جب وہ طلاق دیدے یا وفات

Scanned by CamScanner

پاجائے بیوی مر جائے تو اس کی بہن کے ساتھ وغیرہ بے شمار صورتیں بنتی ہے سب ان کو ماوراء ذٰلکم کے عموم میں داخل فرمادیا۔

📖 فتاوی حقانیہ (مکتبۂ سید احمد) ۴ / ۳۳۲ : جواب—سوتیلی ماں کی بہن سے اور اس مرد کے درمیان کوئی ایسا رشتہ نہیں ہے جس کی وجہ سے ان دونوں کے درمیان نکاح جائز نہ ہو۔

মামির সাথে অবশ্যই পর্দা করতে হবে

প্রশ্ন : আমার ভাগিনা ছোটকাল থেকেই আমার কাছে বড় হয়েছে। তার মামি তাকে দীর্ঘদিন লালন-পালন করেছে। তার মামিও তাকে ছেলের মতো মনে করে। আর আমার ভাগিনাও তার মামিকে তার মায়ের মতো মনে করে। এখন বালেগ হওয়ার পর আমি তার মামির সাথে তাকে পর্দা করতে বলি। এমতাবস্থায় তাদের পরস্পরের সাক্ষাৎ জায়েয হবে কি না?

উত্তর : ভাগিনা মামার গৃহে প্রতিপালন হওয়ায় মামিকে মায়ের মতো মনে করলেও ভাগিনা বালেগ হওয়ার পর তার সঙ্গে মামির পর্দা করা ফরয। (১৩/৬৯১/৫৪০৫)

📖 الدر المختار (سعيد) ١/ ٤٠٦ : (وتمنع) المرأة الشابة (من كشف الوجه بين رجال) لا لأنه عورة بل (لخوف الفتنة) كمسه.

📖 فتاوی محمودیہ (زکریا) ۸/ ۲۸۹ : سوال- چچی اور ممانی سے پردہ کرنا ضروری ہے یا دیگر محارم کی طرح ہیں؟

الجواب - یہ دونوں سوتیلی ہوں یا سگی شرعاً اجنبی ہیں ان سے پردہ ایسا ہی ضروری ہے جیسا کہ غیروں سے۔

একজন নারীর নিজেকে হেবার ঘটনা পর্দার বিধানের আগের না পরের?

প্রশ্ন : বোখারী শরীফের দ্বিতীয় খণ্ড ৭৬৮ পৃষ্ঠায় বিয়ের পূর্বে মেয়ে দেখার অধ্যায়ে একটি হাদীস আছে, এক মহিলা এসে নিজেকে হুজুর (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর কাছে হেবা করেন। আল্লাহর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তাঁর দিকে দৃষ্টি নিক্ষেপ করে কোনো উত্তর দেননি। মজলিশে উপস্থিত এক সাহাবী

Scanned by CamScanner

দাঁড়িয়ে বললেন, হে আল্লাহর রাসূল! যদি আপনার কোনো প্রয়োজন না থাকে তবে ওই মহিলার সাথে আমার বিয়ে দিয়ে দিন। এটি পর্দা ফরয হওয়ার পূর্বের নাকি পরের?

উত্তর : প্রশ্নে বর্ণিত মহিলাটির আগমন পর্দার হুকুম আসার পূর্বের কি না এ ব্যাপারে হাদীস বিশারদগণের মতানৈক্য রয়েছে। উল্লেখ্য যে উক্ত মহিলাটি কাপড়ে আচ্ছন্ন হয়ে শরয়ী পর্দা সহকারে এসেছিলেন। (৮/৩৯২/২১৬৯)

📖 فتح الباری (دار الریان) ٩ / ١١٨ : وسلك بن العربي في الجواب مسلكا آخر فقال يحتمل أن ذلك قبل الحجاب أو بعده لكنها كانت متلففة.

একই কামরায় মা ও যুবক ছেলের শয়ন করা

প্রশ্ন : যয়নবের বয়স ৪২। দুই ছেলে, এক মেয়ে ও মা নিয়ে সংসার করেন। তিন কামরাবিশিষ্ট বাসায় তাঁদের বসবাস। বড় ছেলের বয়স ২৫। ছোট ছেলের বয়স ২০। মেয়েটিকে বিয়ে দিয়েছেন। জামাই দূর দেশে থাকেন। জামাই যখন বেড়াতে আসেন তখন এক কামরায় জামাই-মেয়ে থাকেন। দ্বিতীয় কামরায় ছোট ছেলে একা থাকে ও পড়াশোনা করে। তৃতীয় কামরায় যয়নব, বৃদ্ধা মা ও বড় ছেলেসহ তিনজন থাকে। এ তৃতীয় কামরাটিতে বড় ছেলে আলাদা খাটে থাকে। এমতাবস্থায় যয়নব, যয়নবের বড় ছেলে ও যয়নবের মা একই কামরায় রাতে থাকাটা শরীয়তে কতটুকু অনুমতি আছে? দলিলসহ জানতে ইচ্ছুক।

উল্লেখ্য, যদিও মা ও ছেলে আলাদা খাটে থাকে; কিন্তু মাঝে কোনো পর্দা নেই। মা ও ছেলে উভয়েই খুব দ্বীনদার। সে হিসেবে ফেতনার কোনো কল্পনাই করা যায় না। কেউ কেউ বলে থাকে, যুবতী মা ও যুবক ছেলে একই ঘরে থাকা একেবারেই নাজায়েয ও হারাম–ইহা কতটুকু সঠিক? বিস্তারিত জানতে চাই।

উত্তর : মাহরাম নারী-পুরুষের খাট ভিন্ন হওয়া সত্ত্বেও নিজের ওপর পূর্ণ আস্থাশীল হওয়া অবস্থায়ও ভিন্ন রুমে থাকা উচিত। বিশেষ করে যদি মাহরাম যুবক-যুবতী হয়। তদুপরি বিশেষ প্রয়োজনে পর্দা দিয়ে থাকবে। (৪/৮৪/৫৮৯)

📖 صحيح مسلم (دار الغد الجديد) ١٤/ ١٣٥ (٢١٧١) : عن جابر، قال: قال رسول الله صلى الله عليه وسلم: «ألا لا يبيتن رجل عند امرأة ثيب، إلا أن يكون ناكحا أو ذا محرم».

Scanned by CamScanner

📖 شرح النووى على مسلم (دار الغد الجديد) ١٤/ ١٥٣ : وفي هذا الحديث والأحاديث بعده تحريم الخلوة بالأجنبية وإباحة الخلوة بمحارمها وهذان الأمران مجمع عليهما.

📖 الدر المختار (سعيد) ٦/ ٣٨٢ : وإذا بلغ الصبي أو الصبية عشر سنين يجب التفريق بينهما بين أخيه وأخته وأمه وأبيه في المضجع لقوله - عليه الصلاة والسلام - «وفرقوا بينهم في المضاجع وهم أبناء عشر» وفي النتف إذا بلغوا ستا كذا في المجتبى.

📖 الفتاوى الهندية (زكريا) ٥/ ٣٤٨ : قال محمد - رحمه الله تعالى -: ويجوز له أن يسافر بها ويخلو بها يعني بمحارمه إذا أمن على نفسه، فإن علم أنه يشتهيها أو تشتهيه إن سافر بها أو خلا بها أو كان أكبر رأيه ذلك أو شك فلا يباح له ذلك، وإن احتاج إلى حملها وإنزالها في السفر فلا بأس بأن يأخذ بطنها وظهرها من وراء الثياب، فإن خاف الشهوة على نفسه أو عليها فليجتنب بجهده وذلك بأن يجتنب أصلا متى أمكنها الركوب والنزول بنفسها، وإن لم يمكنها ذلك تكلف المحرم في ذلك زيادة تكلف بالثياب حتى لا يصل إليه حرارة بدنها، وإن لم يمكنه ذلك تكلف المحرم لدفع الشهوة عن قلبه يعني لا يقصد بها فعل قضاء الشهوة، كذا في الذخيرة.

জিনের সাথে পর্দার বিধান

প্রশ্ন : জিনের (নারী হোক বা পুরুষ) সাথে মানুষের পর্দা করা জরুরি কি না?

উত্তর : সাধারণত পর্দার সম্পর্ক চোখের সাথে। জিন দেখা যায় না, তাই তাদের সাথে পর্দার প্রশ্নই আসে না। (১২/৫২০/৩৯৯৯)

Scanned by CamScanner

মহিলাদের শরীরের মাপ নেওয়া ও অবৈধ পোশাক তৈরি করা

প্রশ্ন : আমি একজন টেইলারিং মাস্টার। আমার দোকানে বাচ্চাসহ পুরুষ ও মহিলাদের পোশাক তৈরি করা হয়। মহিলা কর্মী না থাকায় অনেক সময় আমাকেই মহিলাদের মাপ নিতে হয়। যথাসাধ্য আমি হাত না লাগাতে চেষ্টা করি। আবার অনেক সময় তাদের অর্ডার মতো শরীয়তপরিপন্থী পোশাক যেমন : আঁটসাঁট, হাতকাটা, ডিভাইডেড ইত্যাদি বানিয়ে থাকি। এখন জানার বিষয় হলো, আমার জন্য মহিলাদের মাপ নেওয়া ও তাদের কথামতো শরীয়তপরিপন্থী পোশাক বানানো জায়েয হবে কি? এমতাবস্থায় এ পেশার উপার্জন হালাল হবে কি?

উত্তর : প্রশ্নে বর্ণিত অবস্থায় কোনো কাটিং মাস্টার বা টেইলার্স মাস্টারের জন্য মহিলা কর্মী না থাকার অজুহাতে শরীয়তের গুরুত্বপূর্ণ বিধান পর্দা লঙ্ঘন করে কোনো বেগানা মহিলার শরীর স্পর্শ করা এবং তাদের মাপ নেওয়া শরীয়তের দৃষ্টিতে হারাম ও মারাত্মক গোনাহ। তাই এ ধরনের কাজ থেকে বিরত থাকা জরুরি। একান্ত প্রয়োজনে শরীয়তের বিধান লঙ্ঘন না হয় মতো অন্য কোনো পন্থায় মাপ নিয়ে নেবে।

শরীয়তের দৃষ্টিতে যে সমস্ত পোশাক স্বাভাবিক অবস্থায় ব্যবহার করা নাজায়েয ও হারাম, এ ধরনের পোশাক কোনো টেইলারের জন্য তৈরি করার অনুমতি নেই। তবে এ ধরনের পোশাক তৈরি করার বিনিময় বা মজুরি হারাম বলা না গেলেও এ ধরনের পোশাক তৈরি করা থেকে সম্পূর্ণ বিরত থাকা একান্ত প্রয়োজন। কেনেনা এতে অন্যকে গোনাহের কাজে সহযোগিতা করার দরুন উক্ত টেইলারও গোনাহগার বলে বিবেচিত হবে। (১৩/৯০০/৫৬৫৫)

📖 الدر المختار (سعيد) ١/ ٤٠٦ : (وتمنع) المرأة الشابة (من كشف الوجه بين رجال) لا لأنه عورة بل (لخوف الفتنة) كمسه وإن أمن الشهوة لأنه أغلظ، ولذا ثبت به حرمة المصاهرة كما يأتي -

📖 رد المحتار (سعيد) ١ / ٤٠٦ : (قوله كمسه) أي كما يمنع الرجل من مس وجهها وكفها وإن أمن الشهوة إلخ. قال الشارح في الحظر والإباحة: وهذا في الشابة، أما العجوز التي لا تشتهى فلا بأس بمصافحتها ومس يدها إن أمن. اهـ

ثم كان المناسب في التعبير ذكر مسألة المس بعد مسألة النظر، بأن يقول: ولا يجوز النظر إليه بشهوة كمسه وإن أمن الشهوة إلخ لأن كلا من النظر والمس مما يمنع الرجل عنه، والكلام فيما تمنع هي عنه (قوله لأنه أغلظ) أي من النظر وهو علة لمنع المس عند أمن الشهوة أي بخلاف النظر فإنه عند الأمن لا يمنع ط.

Scanned by CamScanner

📖 قاضيخان مع الهندية (زكريا) ٣ / ٤٠٤ : وكذا أن الإسكاف أو الخياط إذا استؤجر على خياطة شئ من زى الفساق ويعطى له فى ذلك كثير أجر لا يستحب له أن يعمل؛ لأنه إعانة على المعصية .

📖 تبيين الحقائق (امداديه) ٦ / ٢٩ : وبيع المكعب المفضض للرجال أن يشتريه ليلبسه يكره؛ لأنه إعانة له على لبس الحرام، ولو أن إسكافا أمره إنسان أن يتخذ له خفا على زي المجوس أو الفسقة أو خياطا أمره إنسان أن يخيط له ثوبا على زي الفساق يكره له أن يفعل له ذلك؛ لأن هذا تسبيب في التشبه بالمجوس والفسقة.

📖 البحر الرائق (سعيد) ٨ / ٢٠٢ : وبيع المكعب المفضض للرجال إذا علم أنه يشتريه ليلبسه يكره؛ لأنه إعانة له على لبس الحرام ولو أن إسكافيا أمره إنسان أن يتخذ له خفا على زي المجوس أو الفسقة، أو خياطا أمره إنسان أن يخيط له قميصا على زي الفساق يكره له أن يفعل ذلك كذا في المحيط.

📖 فتاوی محمودیہ (زکریا) ۵ / ۱۴۵ : سوال—ڈاڑھی بنانے والا نائی بھی مؤاخذہ دار ہوگا یا نہیں؟ کیونکہ اس کا پیسہ یہی ہے جیسا کہ عوام حکم دیتے ہیں ویسا ہی بناتا ہے اسی طرح کپڑا سینے والا انگریزی کوٹ یا نیکر یا پتلون وغیرہ سیتے ہیں یہ کس حکم میں ہے؟

الجواب—ایسا نائی اور درزی بھی گنہگار ہے۔

বৃদ্ধের সেবা-যত্নের জন্য যুবতী নারী রাখা

প্রশ্ন: জনৈক বৃদ্ধলোক বয়স আনুমানিক ৮০-৮২ বছর। অনেক দিন পূর্বে তার স্ত্রী মারা যায়। বর্তমানে সে নিজে নিজে চলতে অক্ষম। তাই তার সেবার জন্য দুজন যুবতী রাখা হয়েছে। যাদের ওপর ভর করে সে বাথরুম ইত্যাদিতে যায়। উল্লেখ্য যে উক্ত যুবতীদ্বয় তার গায়রে মাহরাম। প্রশ্ন হলো, উল্লিখিত বৃদ্ধ লোকটির এ আচরণ শরীয়তের দৃষ্টিতে কতটুকু বৈধ?

উত্তর : পুরুষ লোক যুবক হোক বা বৃদ্ধ শারীরিক সেবার প্রয়োজন হলে তার জন্য পুরুষ সেবকই রাখা উচিত। যুবতী পরনারী রাখা এবং তাদের দিকে নজর করা বা তাদের ধরাছোঁয়া ও কাঁধে ভর করে বাথরুম ইত্যাদিতে যাওয়া শরীয়তের দৃষ্টিতে সম্পূর্ণ অবৈধ ও হারাম। (১৭/৬১)

Scanned by CamScanner

📖 بدائع الصنائع (سعيد) ٤/ ١٨٩ : قال أبو حنيفة: أكره أن يستأجر الرجل امرأة حرة يستخدمها ويخلو بها وكذلك الأمة وهو قول أبي يوسف ومحمد أما الخلوة فلأن الخلوة بالمرأة الأجنبية معصية.

📖 رد المحتار (سعيد) ٦/ ٣٦٧ : فلا يحل مس وجهها وكفها وإن أمن الشهوة؛ لأنه أغلظ ولذا تثبت به حرمة المصاهرة وهذا في الشابة.

📖 الموسوعة الفقهية الكويتية ٣١/ ٥٥ : ذهب المالكية والشافعية والحنابلة إلى عدم جواز مس الرجل شيئا من جسد المرأة الأجنبية الحية، سواء أكانت شابة أم عجوزا، لما ورد أن رسول الله صلى الله عليه وسلم لم تمس يده يد امرأة قط. ولأن المس أبلغ من النظر في اللذة وإثارة الشهوة.

📖 آپ کے مسائل اور ان کا حل (امدادیہ) ٨/ ٦٦ : بیمار کی تیمارداری تو بہت اچھی بات ہے لیکن نامحرم مردوں سے بے حجابی اس سے بڑھ کر وبال ہے عورتوں کے ذمہ خواتین کی تیمارداری کا کام ہونا چاہئے مردوں کی تیمارداری کی خدمت عورتوں کے ذمہ صحیح نہیں۔

আত্মীয়তা রক্ষার্থে পর্দার বিধান লঙ্ঘন করা

প্রশ্ন : ১. আমার শ্বশুরবাড়িতে পর্দার পরিবেশ নেই। কিন্তু আমি আমার স্ত্রীর ভাবি ও বোনদের সাথে পর্দা করে চলি। এ কারণে তারা আমাকে বেশি ভালো নজরে দেখে না। তাই আমি তাদের শর্ত দিয়েছি যে যত দিন আপনারা শরয়ী পর্দা না করবেন আমি আপনাদের বাড়িতে আসব না। এখন আমার জানতে ইচ্ছা করছে, শ্বশুরবাড়িতে যাওয়ার হুকুম কী? এবং আমার জন্য কী করা ভালো হবে?

২. শরয়ী পর্দা করতে গেলে আত্মীয়স্বজন নারাজ হয়, এমনকি আত্মীয়তার সম্পর্কই যেন ছিন্ন হয়ে যায় এমন পরিস্থিতি তৈরি হয়। এ অবস্থায় কোনটা করা উত্তম হবে? পর্দা করা, না আত্মীয়দের নারাজ করা?

উত্তর : পর্দা করা আল্লাহ তা'আলার অকাট্য বিধান। আত্মীয়স্বজন নারাজ হলেও এ বিধান মেনে চলতে হবে। আত্মীয়তা বজায় রাখতে গিয়ে শরীয়তের বিধান লঙ্ঘন করা বৈধ হবে না। বলাবাহুল্য, না মাহরাম আত্মীয়দের সাথে পর্দা করেও আত্মীয়তা রক্ষা করা অসম্ভব কিছু নয়। তাই শ্বশুরবাড়িতে যদি পর্দার বিধান চালু না থাকে তাহলে তাদের বোঝাতে হবে। এর পরও যদি তারা না মানে তাহলে সংশোধনের জন্য তাদের

Scanned by CamScanner

বাড়িতে যাতায়াত বন্ধ করা শরীয়তসম্মত হবে। তবে শ্বশুর-শাশুড়ির সাথে দেখা করা, কথাবার্তা বলা, তাঁদের সম্মান-মর্যাদা দান করা ও মাঝেমধ্যে হাদিয়া-তোহফা প্রদানের মাধ্যমে তাঁদের প্রাপ্য হক আদায়ের যথাযথ প্রচেষ্টা চালিয়ে যাওয়া জরুরি। (১১/৫০১/৩৫৯৯)

📖 صحيح البخاري (دار الحديث) ٤/ ٣٩٣ (٧٢٥٧) : عن علي رضي الله عنه: أن النبي صلى الله عليه وسلم بعث جيشا، وأمر عليهم رجلا فأوقد نارا وقال: ادخلوها، فأرادوا أن يدخلوها، وقال آخرون: إنما فررنا منها، فذكروا للنبي صلى الله عليه وسلم، فقال للذين أرادوا أن يدخلوها: «لو دخلوها لم يزالوا فيها إلى يوم القيامة»، وقال للآخرين: «لا طاعة في معصية، إنما الطاعة في المعروف» -

📖 آپ کے مسائل اور ان کا حل (امدادیہ) ۷ /۲۳۳ :سوال- میرے والدین پردہ کرنے کے خلاف ہیں میں کیا کروں؟

جواب- اللہ اور اس کے رسول ﷺ بے پردگی کے خلاف ہیں آپ کے والدین کا اللہ اور رسول ﷺ سے مقابلہ ہے آپ کو چاہئے کہ اس مقابلہ میں اللہ اور اس کے رسول ﷺ کا ساتھ دیں، والدین اگر اللہ اور رسول کی مخالفت کرکے جہنم میں جانا چاہے ہیں تو آپ ان کے ساتھ نہ جائیں۔

📖 فیہ ایضا ۸/ ۵۹ : ج: عورت اپنے دیور جیٹھ کیساتھ تنہائی میں نہ بیٹھے چہرہ کا پردہ کرے۔ بے تکلفی کیساتھ باتیں نہ کرے ہنسی، مذاق نہ کرے۔ بس اتنا کافی ہے اس پر اپنی بیوی کو سمجھا لیجئے۔ آج کل چونکہ پردہ کا رواج نہیں اس لئے معیوب سمجھا جاتا ہے۔ والدین کی بے ادبی تو نہ کی جائے، لیکن خدا اور سول اللہ ﷺ کے خلاف کوئی بات کہیں تو ان کے حکم کی تعمیل نہ کی جائے۔

দেবরের সাথে দেখা করতে বাধ্য করা

প্রশ্ন : আমার স্বামী শরীয়তমতো পর্দা করতে বাধা দিচ্ছে। অর্থাৎ তিন-চারজন পূর্ণ যুবক দেবরের সাথে দেখা ও কথাবার্তা বলতে হয় এবং তাদের রান্নার কাজ ইত্যাদিও করতে হয়। স্বামীর আত্মীয় যারা গায়রে মাহরাম তাদের সাথেও বাধ্যতামূলক সাক্ষাৎ করতে হয়। আমি যদি স্বামীর কথামতো দেবরদের সাথে সাক্ষাৎ করি তাহলে আমি গোনাহগার হব, নাকি আমার স্বামী গোনাহগার হবে?

Scanned by CamScanner

উত্তর : গোনাহের কাজে স্বামীর নির্দেশ মানার অনুমতি নেই। দেবর-ভাশুরের সাথে দেখা-সাক্ষাৎ গোনাহ। হাদীস শরীফে দেবর-ভাশুরকে মৃত্যুর সাথে তুলনা করা হয়েছে। অতএব আল্লাহর নির্দেশ অমান্য করে স্বামীর নির্দেশ মানার অনুমতি নেই, নচেৎ উভয়েই গোনাহগার হবেন। (৬/৫৬৭/১৩৩৬)

📖 صحيح مسلم (٢١٧٢) : عن عقبة بن عامر، أن رسول الله صلى الله عليه وسلم قال: «إياكم والدخول على النساء» فقال: رجل من الأنصار: يا رسول الله أفرأيت الحمو؟ قال: «الحمو الموت».

📖 صحيح البخاري (٧٢٥٧) : عن علي رضي الله عنه: أن النبي صلى الله عليه وسلم بعث جيشا، وأمر عليهم رجلا فأوقد نارا وقال: ادخلوها، فأرادوا أن يدخلوها، وقال آخرون: إنما فررنا منها، فذكروا للنبي صلى الله عليه وسلم، فقال للذين أرادوا أن يدخلوها: «لو دخلوها لم يزالوا فيها إلى يوم القيامة»، وقال للآخرين: «لا طاعة في معصية، إنما الطاعة في المعروف».

দেবর-ভাশুরের হুকুম এক ও অভিন্ন

প্রশ্ন : দেবর তথা স্বামীর ছোট ভাই, ভাশুর তথা স্বামীর বড় ভাই উভয়ের ক্ষেত্রে মহিলাদের জন্য সমান হুকুম হবে, নাকি সামান্য পার্থক্য আছে?

উত্তর : পর্দার ব্যাপারে দেবর এবং ভাশুর উভয়ের একই হুকুম। (১৬/১৮৯/৬৪৩৪)

📖 صحيح البخارى (دار الحديث) ٣/ ٣٩٦ (٥٢٣٢) : عن عقبة بن عامر: أن رسول الله صلى الله عليه وسلم قال: «إياكم والدخول على النساء» فقال رجل من الأنصار: يا رسول الله، أفرأيت الحمو؟ قال: «الحمو الموت».

📖 عمدة القاري (دار إحياء التراث) ٢٠/ ٢١٣ : وفي رواية ابن وهب عند مسلم: وسمعت الليث يقول: الحمو أخو الزوج وما أشبهه من أقارب الزوج ابن العم ونحوه، وقال النووي: المراد من الحمو في الحديث أقارب الزوج غير آبائه وأبنائه لأنهم محارم للزوجة يجوز لهم الخلوة بها، ولا يوصفون بالموت. قال: وإنما المراد: الأخ وابن الأخ والعم وابن العم وابن

Scanned by CamScanner

الأخت ونحوهم ممن يحل لها تزوجيه لو لم تكن متزوجة، وجرت العادة بالتساهل فيه، فيخلو الأخ بامرأة أخيه فشبهه بالموت.

স্বামীর সাথে পর্দা নিয়ে মতপার্থক্য ও বনিবনা না হওয়া

প্রশ্ন : আমার অবস্থা আপনি কিছুটা হলেও জানেন। পর্দার ব্যাপারে এর আগে অনেকবার আপনার কাছে মাসআলা নিয়েছি। আপনি বলেছেন যে মুখ খোলা যাবে না, চোখও খোলা যাবে না। কিন্তু অনেক কষ্ট করে আজ ১২ বছর ধরে এ পর্দাকে আল্লাহ পাকের হুকুম ফরয জেনে হালকা করতে পারিনি। কিছুদিন পরপরই স্বামী পর্দার ব্যাপারে খুবই রাগ করে। সে বলে, আমি তোমাকে বেপর্দা হতে বলি না, তুমি বেশি বাড়াবাড়ি করো, ইসলাম অত কঠিন না। এসব কারণে বর্তমানে সে আমার সাথে কথা বলে না। প্রায় এক মাস হলো সে বলে, তুমি আমার জীবনটা নষ্ট করে দিলে, জীবনের সাধ দিলে না। তার ইচ্ছা আমাকে বাইরে নিয়ে যাবে ও ঘুরবে। বাইরে যেসব পর্দা দেখে তা-ই ঠিক মনে করে এ পর্দাকে সে বেশি বাড়াবাড়ি মনে করে। এখন সংসার ভাঙার মতো অবস্থা। তার খিদমত করতে দেয় না পুরোপুরি। সে বলে, স্বামীর মনোরঞ্জন করা তো ফরয। সে বলে, যদি আমার কথামতো চলো তাহলে আছি, আর যদি না চলো আমি তোমার ব্যাপারে কোনো চিন্তা-ভাবনা করব না, তোমার মতো তুমি থাকো আর আমার মতো আমি থাকি। কোনো দিন আমার কাছে এসে আমাকে ডিস্টার্ব করবে না। এই হলো বর্তমান অবস্থা। এখন আমার করণীয় কী?

উত্তর : প্রশ্নের বিবরণে বোঝা যায়, আপনার স্বামী আপনাকে সম্পূর্ণ বেপর্দায় চলতে বাধ্য করে না, নির্দেশও দেয় না। মতপার্থক্য হয়েছে পূর্ণরূপে পর্দা পালন বা লঙ্ঘন নিয়ে। অন্যদিকে পর্দার পরিধি কতটুকু এতে ফকীহগণের মধ্যে মতনৈক্য রয়েছে বিধায় পরিপূর্ণ পর্দা পালন করাই নারী সমাজের জন্য আসল বিধান। তবে করতে হবে স্বামীর সাথে সুসম্পর্ক রেখে ও তাকে মানিয়ে নেওয়ার পদ্ধতিতে। অতি কড়াকড়ি করে স্বামীর অবাধ্য হয়ে পূর্ণাঙ্গ পর্দার জন্য ঘর-সংসার ভেঙে ফেলা উচিত নয়। তাই আপনার করণীয় হলো, স্বামীকে নম্রতা-ভদ্রতা, হিকমত ও কৌশলে বুঝিয়ে নেবেন। এতে সময় লাগতে পারে, ধৈর্য, সবর, হিকমত সব পন্থায় প্রচেষ্টা চালাতে হবে। যতটুকু স্বামীর কথায় পর্দার আংশিক পালনে ব্যর্থ হচ্ছেন তার জন্য আল্লাহর নিকট একাগ্রতায় গোনাহ মাফ চাওয়া ও স্বামীর হেদায়েতের জন্য দু'আ করা। ঘর ভাঙনের পরিস্থিতি না হওয়ার মতো পন্থা গ্রহণ করাই আপনার কর্তব্য। (১০/৭৭৪/৩৩২০)

📖 الهداية (الأشرفيه) ٤/ ٤٥٨ : قال : "ولا يجوز أن ينظر الرجل إلى الأجنبية إلا وجهها وكفيها" لقوله تعالى: {ولا يبدين زينتهن إلا ما

Scanned by CamScanner

ظهر منها} [النور: ٣١] قال علي وابن عباس رضي الله عنهما؛ ما ظهر منها الكحل والخاتم، والمراد موضعهما وهو الوجه والكف، كما أن المراد بالزينة المذكورة موضعها، ولأن في إبداء الوجه والكف ضرورة لحاجتها إلى المعاملة مع الرجال أخذا وإعطاء وغير ذلك، وهذا تنصيص على أنه لا يباح النظر إلى قدمها. وعن أبي حنيفة أنه يباح؛ لأن فيه بعض الضرورة. وعن أبي يوسف أنه يباح النظر إلى ذراعها أيضا؛ لأنه قد يبدو منها عادة.

📖 الخانية مع الهندية (زكريا) ١/ ٤٤٣ : وسئل بعض العلماء عن امرأة لها زوج لا يصلى والمرأة تأبى أن تكون معه، قال : ليس لها ذلك كرجل عليه دين لرجل وعلى رب الدين حقوق الله تعالى من الزكاة والحج والعشر وهو لا يؤدى حقوق الشرع ليس للمديون أن يمتنع عن قضاء الدين ويقول انه لا يؤدى حقوق الشرع فلا أؤدى حقه.

অসহায় মহিলাদের পর্দা ও প্রয়োজনে বাজারে যাওয়ার হুকুম

প্রশ্ন : ১) শরীয়তের দৃষ্টিতে যে পর্দার নির্দেশ রয়েছে তা ইরানি, সৌদিয়ান বা এজাতীয় বোরকা পরিধান করে স্বামীর বড় ভাই অথবা ছোট ভাইয়ের সাথে দেখা দেওয়া কথা বলা। এমন ওড়না পরিধান করা, যা দ্বারা শরীরের গঠন বা সৌন্দর্য প্রকাশ পায় না। গায়রে মাহরাম আত্মীয়স্বজনদের সাথে সাক্ষাৎ করা পরিচয় করা কতটুকু শরীয়তসম্মত? যদি এমন না করে তাহলে ফেতনা হওয়ার আশঙ্কা রয়েছে, তাতে কী করণীয়? বা কোন পন্থা অবলম্বন করবে?

২) গরিব ও অসহায় মহিলা, যার পক্ষে দেয়াল, টিনের বেড়া বা মুলির বেড়া দেওয়া সম্ভব হয় না। রাস্তার পাশে বাইরের লোকজন যাতায়াত করা অবস্থায় মহিলাকে রান্না ইত্যাদি কাজ করতে দেখে এবং মহিলারাও তাদের দেখে। এখন তার কী করণীয়। সে কি পর্দার বাইরে থাকার অন্তর্ভুক্ত হবে?

৩) মহিলার স্বামী মারা গেছে। বড় ছেলে আছে। সে বিদেশে থাকে। এখন হাট-বাজারে ইত্যাদি বর্তমানে যে বোরকা রয়েছে, তা পরিধান করে মার্কেটে যাওয়া বা গায়রে মাহরামের সাথে দেখা দিয়ে কথা বলা বা বাজার করানো জায়েয হবে কি না? সেও কি লঙ্ঘনকারীর অন্তর্ভুক্ত হবে? এবং শরীয়তে কোন ধরনের পর্দার নির্দেশ দিয়েছে?

Scanned by CamScanner

উত্তর : প্রথমত, মাথা থেকে পা পর্যন্ত সম্পূর্ণ শরীরকে এমনভাবে আবৃত করা, যাতে মহিলার শরীরের গঠন ও সৌন্দর্য কোনোটিই প্রকাশ না পায়–এটাকেই পর্দা বলে। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর যুগে বড় বড় চাদর ও ওড়না জাতীয় কাপড় দ্বারা পর্দার কাজ নেওয়া হতো। পরবর্তীতে তা বোরকার আকারে প্রকাশ পায়।
দ্বিতীয়ত, কোরআন-হাদীসের আলোকে পর্দার বিভিন্ন স্তর পরিলক্ষিত হয়।
ক) মহিলা ঘরের মধ্যে পূর্ণ পর্দার সাথে থাকা, যাতে কেউ তার আকার-আকৃতিও দেখতে না পায়। আসল ও প্রকৃত পর্দা এটাই, যা সকলের জন্য উত্তম পন্থা।
খ) অনিবার্য প্রয়োজনে পরপুরুষের সামনে শরয়ী বোরকা নিয়ে হাত ও মুখমণ্ডল সম্পূর্ণ আবৃত করে বের হওয়া, অতি প্রয়োজনে ঘর থেকে এভাবে বের হওয়া যেতে পারে।
গ) যেসব ক্ষেত্রে ফেতনা ও কুদৃষ্টির আশঙ্কা নেই, শুধু সেখানে পুরো বোরকাসহ হাত ও মুখমণ্ডল খোলা রেখেও প্রকাশ হওয়া, এটা পর্দার শেষ স্তর হলেও মুখমণ্ডল সাধারণত ফেতনার মূল কারণ হওয়া বিজ্ঞ মুফতিয়ানে কেরাম হাত ও মুখমণ্ডল খোলা রেখে পরপুরুষদের সামনে প্রকাশ হতে নিষেধ করেছেন।
উপরোল্লিখিত নীতিমালার পরিপ্রেক্ষিতে :

১) প্রশ্নে বর্ণিত অবস্থায় গায়রে মাহরাম নিকট আত্মীয়ের সামনে বোরকা পরে দেখা নিষ্প্রয়োজন বিধায় এটা পর্দার পরিপন্থী হওয়ায় অবৈধ। হ্যাঁ, প্রয়োজনীয় কথাবার্তা পর্দার আড়ালে থেকে বলা যেতে পারে। তবে বিশেষ কোনো প্রয়োজন ছাড়া গায়রে মাহরামের সাথে সাক্ষাৎ-পরিচয় শরয়ী অনুমতির আওতায় পড়ে না।
২) যেসব গরিব মহিলা পর্দার সুব্যবস্থা করতে পারে না তাদের জন্য নিজ শরীরকে বড় ওড়না বা কাপড় দ্বারা সম্পূর্ণ আবৃত করে রান্নার কাজ করা বৈধ। এটা পর্দার দ্বিতীয় স্তরে পড়ে বিধায় গোনাহ হবে না।
৩) তেমনিভাবে পুরুষ না থাকায় মহিলা নিজেই জরুরি বাজার খরচ করার জন্য পূর্ণ পর্দার সাথে হাত ও মুখমণ্ডল সম্পূর্ণ আবৃত করে সাজগোজ সম্পূর্ণ পরিহার করে ঘর থেকে বের হতে পারবে। এটা পর্দার দ্বিতীয় স্তরে পড়ে বিধায় অনুমতি দেওয়া যায়। (৮/২৭১/২১০৩)

📖 أحكام القرآن للمفتي شفيع رحمه الله (إدارة القرآن) ٣/ ٤١٦ : ﴿يَأَيُّهَا النَّبِيُّ قُلْ لِأَزْوَاجِكَ وَبَنَاتِكَ وَنِسَاءِ الْمُؤْمِنِينَ يُدْنِينَ عَلَيْهِنَّ مِنْ جَلَابِيبِهِنَّ﴾ دلت الآية على مسائل :
الأول: وجوب التجليب أو البرقع للنساء بحيث يستر جميع البدن اذا مست الحاجة الى الخروج من البيت-

Scanned by CamScanner

الثانية : وجوب ستر الوجه للنساء اذا خيف الفتنة، كما هو مصرح فى تفسير الحبر ابن عباس ؓ، ومثله عن عبيدة السلمانى فيما مر آنفا-

الثالثة : جواز الخروج من البيت للنساء عند الضرورات الطبعية أو الشرعية كما دلت عليه إشارة الكتاب والآثار الواردة فيه -

📖 الهداية (الأشرفيه) ٤/ ٤٥٨ : قال: "ولا يجوز أن ينظر الرجل إلى الأجنبية إلا وجهها وكفيها" لقوله تعالى: {وَلاَ يُبْدِينَ زِينَتَهُنَّ إِلاَّ مَا ظَهَرَ مِنْهَا} قال علي وابن عباس رضي الله عنهما؛ ما ظهر منها الكحل والخاتم، والمراد موضعهما وهو الوجه والكف، كما أن المراد بالزينة المذكورة موضعها، ولأن في إبداء الوجه والكف ضرورة لحاجتها إلى المعاملة مع الرجال أخذا وإعطاء وغير ذلك، وهذا تنصيص على أنه لا يباح النظر إلى قدمها. وعن أبي حنيفة أنه يباح؛ لأن فيه بعض الضرورة. وعن أبي يوسف أنه يباح النظر إلى ذراعها أيضا؛ لأنه قد يبدو منها عادة. قال: "فإن كان لا يأمن الشهوة لا ينظر إلى وجهها إلا لحاجة.

📖 البحر الرائق (سعيد) ١ / ٢٧٠ : قال مشايخنا تمنع المرأة الشابة من كشف وجهها بين الرجال في زماننا للفتنة وشمل كلامه الشعر المترسل وفيه روايتان وفي المحيط والأصح أنه عورة.

📖 تكملة فتح الملهم ٤ /٢٦١

দ্বিতলবিশিষ্ট ঘরে পরিবার নিয়ে বসবাস করা

প্রশ্ন : দ্বিতলবিশিষ্ট বিল্ডিংয়ে পরিবারসহ বসবাস করা জায়েয হবে কি না? এবং এতে শরয়ী পর্দার কোনো প্রকার ত্রুটি হয় কি না?

উত্তর : দ্বিতলবিশিষ্ট ঘরে এবং যেকোনো প্রকার ঘরে পরিবারসহ বসবাস করতে কোনো শরয়ী বাধা নেই, যদি তাতে শরয়ী পর্দার লঙ্ঘন না হয়। (১/১২৫/১০৩)

Scanned by CamScanner

📖 سورة الأحزاب الآية ٣٣ : ﴿وَقَرْنَ فِي بُيُوتِكُنَّ وَلَا تَبَرَّجْنَ تَبَرُّجَ الْجَاهِلِيَّةِ الْأُولَى وَأَقِمْنَ الصَّلَاةَ وَآتِينَ الزَّكَاةَ وَأَطِعْنَ اللهَ وَرَسُولَهُ إِنَّمَا يُرِيدُ اللهُ لِيُذْهِبَ عَنْكُمُ الرِّجْسَ أَهْلَ الْبَيْتِ وَيُطَهِّرَكُمْ تَطْهِيرًا﴾

📖 سورة النور الآية ٣١ : ﴿وَقُلْ لِلْمُؤْمِنَاتِ يَغْضُضْنَ مِنْ أَبْصَارِهِنَّ وَيَحْفَظْنَ فُرُوجَهُنَّ وَلَا يُبْدِينَ زِينَتَهُنَّ إِلَّا مَا ظَهَرَ مِنْهَا وَلْيَضْرِبْنَ بِخُمُرِهِنَّ عَلَى جُيُوبِهِنَّ وَلَا يُبْدِينَ زِينَتَهُنَّ إِلَّا لِبُعُولَتِهِنَّ أَوْ آبَائِهِنَّ أَوْ آبَاءِ بُعُولَتِهِنَّ أَوْ أَبْنَائِهِنَّ أَوْ أَبْنَاءِ بُعُولَتِهِنَّ أَوْ إِخْوَانِهِنَّ أَوْ بَنِي إِخْوَانِهِنَّ أَوْ بَنِي أَخَوَاتِهِنَّ أَوْ نِسَائِهِنَّ أَوْ مَا مَلَكَتْ أَيْمَانُهُنَّ أَوِ التَّابِعِينَ غَيْرِ أُولِي الْإِرْبَةِ مِنَ الرِّجَالِ أَوِ الطِّفْلِ الَّذِينَ لَمْ يَظْهَرُوا عَلَى عَوْرَاتِ النِّسَاءِ وَلَا يَضْرِبْنَ بِأَرْجُلِهِنَّ لِيُعْلَمَ مَا يُخْفِينَ مِنْ زِينَتِهِنَّ وَتُوبُوا إِلَى اللهِ جَمِيعًا أَيُّهَ الْمُؤْمِنُونَ لَعَلَّكُمْ تُفْلِحُونَ﴾

📖 سورة الأحزاب ٥٣ : ﴿يَاأَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَدْخُلُوا بُيُوتَ النَّبِيِّ إِلَّا أَنْ يُؤْذَنَ لَكُمْ إِلَى طَعَامٍ غَيْرَ نَاظِرِينَ إِنَاهُ وَلَكِنْ إِذَا دُعِيتُمْ فَادْخُلُوا فَإِذَا طَعِمْتُمْ فَانْتَشِرُوا وَلَا مُسْتَأْنِسِينَ لِحَدِيثٍ إِنَّ ذٰلِكُمْ كَانَ يُؤْذِي النَّبِيَّ فَيَسْتَحْيِي مِنْكُمْ وَاللهُ لَا يَسْتَحْيِي مِنَ الْحَقِّ وَإِذَا سَأَلْتُمُوهُنَّ مَتَاعًا فَاسْأَلُوهُنَّ مِنْ وَرَاءِ حِجَابٍ ذٰلِكُمْ أَطْهَرُ لِقُلُوبِكُمْ وَقُلُوبِهِنَّ وَمَا كَانَ لَكُمْ أَنْ تُؤْذُوا رَسُولَ اللهِ وَلَا أَنْ تَنْكِحُوا أَزْوَاجَهُ مِنْ بَعْدِهِ أَبَدًا إِنَّ ذٰلِكُمْ كَانَ عِنْدَ اللهِ عَظِيمًا﴾

📖 الأشباه والنظائر (دار الكتب العلمية) ص ٦٠ : وفي شرح المنار للمصنف: الأشياء في الأصل على الإباحة عند بعض الحنفية، ومنهم الكرخي -

অভাবের কারণে পুরুষ ডাক্তারের শরণাপন্ন হওয়া

প্রশ্ন : আমার এক আত্মীয় আছে তার আর্থিক অবস্থা খুবই খারাপ। চিকিৎসার জন্য হাসপাতালে যেতে হচ্ছে। এখন সে যদি আমার পরিচিত ডাক্তারের নিকট যায় তাহলে অল্প খরচে ভালো চিকিৎসা নিতে পারে। তবে পরিচিত ডাক্তারের ওখানে পুরুষ-মহিলাদের জন্য পৃথক কোনো ব্যবস্থা নেই। ফলে বেপর্দার ছড়াছড়ি। আর যদি অপরিচিত ডাক্তারের নিকট যায় তাহলে তার চিকিৎসার খরচ অনেক বেশি লেগে যাবে,

Scanned by CamScanner

তবে সেখানে পর্দার সুব্যবস্থা আছে। এখন জানার বিষয় হলো, এই অসহায়-গরিব আত্মীয় কোন ডাক্তারের চিকিৎসা গ্রহণ করবে?

উত্তর : পর্দা শরীয়তের একটি গুরুত্বপূর্ণ বিধান। চিকিৎসার ক্ষেত্রেও এ বিধানের ওপর যথাসাধ্য আমল করতে হবে। হাসপাতালের পরিবেশে পর্দার ব্যবস্থা থাকা না থাকা মৌলিক কোনো বিষয় নয়। নিজের পর্দার ব্যবস্থা নিজেকেই করে নিতে হবে। তাই অসহায়-গরিব নারী কম খরচে ভালো চিকিৎসা যেখানে করা যায়, সেখানে করবে এবং সেখানে পর্দার সুব্যবস্থা না থাকলে সাধ্যমতো নিজের পর্দার ব্যবস্থা নিজে করে নেবে। (১৫/৮০৪)

📖 قواعد الفقه (الأشرفيه) ص ٨٩ : قاعدة ١٧٠ : الضرورات تبيح المحظورات.

📖 الدر المختار (سعيد) ٦/ ٣٧٠ : (وشرائها ومداواتها ينظر) الطبيب (إلى موضع مرضها بقدر الضرورة) إذ الضرورات تتقدر بقدرها وكذا نظر قابلة وختان وينبغي أن يعلم امرأة تداويها لأن نظر الجنس إلى الجنس أخف.

📖 تبيين الحقائق (امداديه) ٦ /١٧ : وفي نظر الطبيب إلى موضع المرض ضرورة فيرخص لهم إحياء لحقوق الناس ودفعا لحاجتهم فصار كنظر الختان والخافضة-

📖 الفتاوى الهندية (زكريا) ٥/ ٣٣٠ : امرأة أصابتها قرحة في موضع لا يحل للرجل أن ينظر إليه لا يحل أن ينظر إليها لكن تعلم امرأة تداويها، فإن لم يجدوا امرأة تداويها، ولا امرأة تتعلم ذلك إذا علمت وخيف عليها البلاء أو الوجع أو الهلاك، فإنه يستر منها كل شيء إلا موضع تلك القرحة، ثم يداويها الرجل ويغض بصره ما استطاع إلا عن ذلك الموضع.

📖 احسن الفتاوی (سعید) ۸ /۴۳ : الجواب-ایسی ضرورت کے موقع پر حتی الامکان مسلمان عورت ڈاکٹر سے رابطہ کرنے کی کوشش کرنا لازم ہے، اگر بروقت عورت ڈاکٹر نہ مل رہی ہو اور ضرورت شدیدہ ہو تو مرد ڈاکٹر کیلئے بھی ایسا کرنا جائز ہے۔

Scanned by CamScanner

রোগীর সেবা করার জন্য ভাবির শয়নকক্ষে আসা-যাওয়া করা

প্রশ্ন : আমার বড় পুত্র তিন বছর যাবৎ প্যারালাইসেসে আক্রান্ত। আমার ছোট ছেলের জন্য গভীর রাতে ভাইয়ের খিদমত করার জন্য ভাবি ও ভাই যে রুমে থাকে সেখানে যাওয়া শরীয়তমতে জায়েয হবে কি না?

উত্তর : শরয়ী পর্দা ইসলামের গুরুত্বপূর্ণ ফরয, যা পালন করা সবার জন্য জরুরি। অন্যথায় ফরয লঙ্ঘন করার গোনাহ হবে। অসুস্থ বড় ভাইয়ের খিদমত করা ছোট ভাইয়ের জন্য অত্যন্ত সৌভাগ্যের ব্যাপার। কিন্তু তা হতে হবে শরীয়তের সীমারেখার ভেতরে। শরীয়তের সীমা লঙ্ঘন করে তা করার কখনো অনুমতি নেই। ভাবির সাথে পর্দা করা দেবরের জন্য ফরয। এ ফরয লঙ্ঘন করে ভাবির উপস্থিতিতে ভাইয়ের খিদমত করা, বিশেষ করে গভীর রাতে অত্যন্ত গর্হিত ও মারাত্মক গোনাহের কাজ। এ ধরনের গোনাহের কাজ পরিহার করা জরুরি। পর্দার বিধান বজায় রেখে ভাইয়ের খিদমত করবে অথবা মাহরাম ব্যক্তি তার খিদমত করবে। (১২/৫৩)

📖 سنن الترمذى (دار الحديث) ٤/ ٥١٧ (٢٧٧٨) : عن نبهان، مولى أم سلمة، أنه حدثه أن أم سلمة، حدثته أنها كانت عند رسول الله صلى الله عليه وسلم وميمونة قالت: فبينا نحن عنده أقبل ابن أم مكتوم فدخل عليه وذلك بعد ما أمرنا بالحجاب، فقال رسول الله صلى الله عليه وسلم: «احتجبا منه»، فقلت: يا رسول الله أليس هو أعمى لا يبصرنا ولا يعرفنا؟ فقال رسول الله صلى الله عليه وسلم: «أفعمياوان أنتما ألستما تبصرانه»-

📖 الدر المختار (سعيد) ١/ ٤٠٦ : (وتمنع) المرأة الشابة (من كشف الوجه بين رجال) لا لأنه عورة بل (لخوف الفتنة) كمسه.

📖 آپ کے مسائل اور ان کا حل (امدادیہ) ٨/ ٥٩ : ج: عورت اپنے دیور جیٹھ کیساتھ تنہائی میں نہ بیٹھے چہرہ کا پردہ کرے۔ بے تکلفی کیساتھ باتیں نہ کرے ہنسی، مذاق نہ کرے ۔بس اتنا کافی ہے اس پر اپنی بیوی کو سمجھا لیجئے۔

Scanned by CamScanner

মহিলা রোগীদের চিকিৎসা করা

প্রশ্ন : আমি একজন সরকারি স্বাস্থ্য কর্মকর্তা। আমার কাজ হলো, মহিলা ও শিশু বাচ্চাদের চিকিৎসা করা। এ অবস্থায় আমার দ্বারা পর্দা করা সম্ভবপর নয়। এখন আমি কি ওই চাকরিতে বহাল থাকব, নাকি চাকরি ছেড়ে দেব? যদি চাকরি ছেড়ে দিই তাহলে আমার জন্য সন্তানদের শিক্ষিত করে গড়ে তুলতে কঠিন হয়ে যাবে।

উত্তর : ডাক্তারদের জন্য জরুরি বা জরুরত সাপেক্ষে মহিলা রোগীর যতটুকু অঙ্গ দেখার প্রয়োজন ততটুকু দেখার অনুমতি আছে, এর চেয়ে বেশি নয়। তাই যে অঙ্গ না দেখলে বা স্পর্শ না করলে চিকিৎসা করা সম্ভব নয়, সেই অঙ্গ দেখা বা স্পর্শ করা শরীয়তের দৃষ্টিতে জায়েয, এর চেয়ে বেশি নয়। সুতরাং আপনার জন্য শরয়ী পর্দা সম্পূর্ণ বজায় রেখে মহিলা রোগীদের চিকিৎসা করতে শরীয়তের দৃষ্টিতে কোনো আপত্তি নেই। (১০/৫২৬)

📖 رد المحتار (سعيد) ٦/ ٣٧١ : وقال في الجوهرة: إذا كان المرض في سائر بدنها غير الفرج يجوز النظر إليه عند الدواء، لأنه موضع ضرورة، وإن كان في موضع الفرج، فينبغي أن يعلم امرأة تداويها فإن لم توجد وخافوا عليها أن تهلك أو يصيبها وجع لا تحتمله يستروا منها كل شيء إلا موضع العلة ثم يداويها الرجل ويغض بصره ما استطاع إلا عن موضع الجرح اهـ فتأمل والظاهر أن "ينبغي" هنا للوجوب.

📖 فتاوی محمودیہ (زکریا) ۱۰/ ۳۵۹ : جس حصۂ جسم کو چھپانا فرض ہے اگر اس میں کوئی تکلیف زخم وغیرہ ہو کہ بغیر معالج کی سامنے کھولے علاج نہ ہو سکتا ہو تو صرف اتنا حصہ شدت ضرورت کے وقت کھولنا شرعاً درست ہے اس سے زیادہ نامحرم کے سامنے کھولنا جائز نہیں۔

বেপর্দা নারীর সাথে পর্দানশিল নারীর পর্দা করা

